**৩. বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ কোনটি?**

ক. ভারত
খ. ভুটান
গ. সুইডেন
ঘ. রাশিয়া
উঃ খ

**ব্যাখ্যা:** বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ ভুটান। ১৯৭১ সালের ৬ই আগস্ট ভূটান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী দ্বিতীয় দেশ ভারত।

**৪. What is the synonym of the word 'refusal'?**

a. denial b. Acceptance
c. acknowledgment d. consent
ans. a

**ব্যাখ্যা:** Refusal → অস্বীকার, Denial → অস্বীকার, Acceptance → গ্রহণযোগ্যতা, Acknowledgement → স্বীকৃতি, Conset → সম্মতি

৫. **Choose the correct spelling-**
a. Competation b. Competision
c. Competition d. Compitition
ans. c
ব্যাখ্যা: Competition → প্রতিযোগিতা

৬. **২৬ মার্চ ১৯৭১ সনে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা জারি করেন কোন মাধ্যমে?**
ক. ওয়্যারলেস খ. রেডিও
গ. টেলিফোন গ. টেলিগ্রাম
উঃ ক
ব্যাখ্যা: ২৬ মার্চ, ১৯৭১ সনে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা জারি করেন ওয়্যারলেস মাধ্যমে। বঙ্গবন্ধুকে গ্রেফতারের আগে ২৬ মার্চ প্রথম প্রহরে ওয়্যারলেসের মাধ্যমে সারাদেশে একযোগে স্বাধীনতার ঘোষণা দেন। পরবর্তীতে ২৭ মার্চ বঙ্গবন্ধুর পক্ষ হতে চট্টগ্রাম কালুরঘাট বেতার কেন্দ্র থেকে রেডিওতে সম্প্রচার করা হয়।

৭. **বাংলাদেশের সবচেয়ে দক্ষিণের জেলা কোনটি?**
ক. ভোলা খ. চট্টগ্রাম
গ. পটুয়াখালী ঘ. কক্সবাজার
উঃ ঘ
ব্যাখ্যা: বাংলাদেশের সর্বদক্ষিণের জেলা কক্সবাজার। আর সর্বদক্ষিণের স্থান ছেড়াদ্বীপ। সর্ব উত্তরের জেলা পঞ্চগড়। সর্বপূর্বের জেলা বান্দরবান। সর্বপশ্চিমের জেলা চাঁপাইনবাবগঞ্জ

৮. **'He never tells a lie'-Affirmative form of the sentence is-**
a. He speaks the truth b. He always speaks the truth
c. He tell a lie d. He never speaks the truth
ans. b
ব্যাখ্যা: 'He never tells a lie' এই sentece এর Affirmative form 'He always speaks the truth'

৯. **একটি ত্রিভুজের দুইটি অন্তঃস্থ কোণ যথাক্রমে ৩৫° ও ৭৫° হলে তৃতীয় কোণটির মান কত?**
ক. ৭৫° **খ. ৯০°**
**গ. ৭০°** **ঘ. ৩৫°**
**উঃ গ**
ব্যাখ্যা: আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°।
দেওয়া আছে,
একটি কোণ ৩৫০°
অপর কোণ ৭৫°
মনে করি, ৩য় কোনটি = ক
প্রশ্নমতে, ক + ৩৫০ + ৭৫ = ১৮০
বা, ক + ১১০ = ১৮০
বা, ক = ১৮০ - ১১০
∴ ক = ৭০
ত্রিভুজের তৃতীয় কোণটি ৭০°

১০. **একটি কাজ ৮ জন লোক ৩ দিনে করতে পারে। ১ জন লোক ঐ কাজটি কত দিনে করতে পারবে?**
ক. ৮ **খ. ২৪**
গ. ১২ **ঘ. ১০**
উঃ খ
ব্যাখ্যা: ৮ জন লোক করতে পারে ৩ দিনে
∴ ১ " " " " $\frac{৮\times৩}{১}$ দিনে
= ২৪ দিনে
শর্টকার্ট: *প্রথম লাইনের লোকের সংখ্যা এবং দিনের সংখ্যা গুণ করতে হবে। এরপর নিচে যত লোক বা দিন উল্লেখ থাকবে তা দিয়ে ভাগ করতে হবে।*

১১. **'আমাদের সংগ্রাম চলবেই' গানটি কোন সময়ে রচিত হয়?**
ক. বঙ্গভঙ্গ খ. ভাষা আন্দোলন
গ. গণ অভ্যুত্থান ঘ. মুক্তিযুদ্ধ
উঃ ঘ
ব্যাখ্যা: 'আমাদের সংগ্রাম চলবেই'- গানটি মুক্তিযুদ্ধের সময়ে রচিত হয়। গানটির রচয়িতা ও গীতিকার সিকানদার আবু জাফর।

১২. **'নুরলদীনের সারাজীবন' কবিতার লেখক কে?**
ক. সৈয়দ শাসসুল হক খ. শামসুর রহমান
গ. আসাদ চৌধুরী গ. সৈয়দ হাসান ইমান
উঃ ক
ব্যাখ্যা: 'নূরলদীনের সারাজীবন'- কবিতাটি সৈয়দ শামসুল হকের একটি উল্লেখযোগ্য কবিতা।

১৩. **'অগ্নি' শব্দের সামর্থক শব্দ কোনটি?**
ক.পূর্ণ খ. নাশহীন
গ. রজ: ঘ. অনল
উঃ ঘ
ব্যাখ্যা: 'অগ্নি' শব্দের সমার্থক শব্দ-অনল। 'অগ্নি' শব্দের আরও কিছু সমার্থক শব্দ হলো- আগুন, বহ্নি, পাবক, দাহন, সর্বভুক, শিখা, সর্বশুচি, হুতাশন ইত্যাদি।

১৪. **কোন প্রাকৃতির দুর্যোগ শুধুমাত্র সমুদ্রে সংঘটিত হতে পারে?**
ক. কালবৈশাখী খ. ভূমিকম্প
গ. সুনামি ঘ. বন্যা
উঃ গ
ব্যাখ্যা: সমুদ্র তলদেশে শক্তিশালী ভূমিকম্প হলে সমুদ্রে যে বড় বড় ঢেউ সৃষ্টি হয় এবং উপকূলে আঘাত হানে তাকে সুনামি বলে। সমুদ্রে সৃষ্ট আরেকটি প্রাকৃতিক দুর্যোগ হলো- জলোচ্ছ্বাস।

১৫. **কক্সবাজারে কিসের জন্য প্রসিদ্ধ?**
ক. কৃষি পায় খ. হস্তশিল্প
গ. পর্যটন ঘ. শুটকী মাছ
উঃ গ
ব্যাখ্যা: কক্সবাজার জেলা পর্যটনের জন্য প্রসিদ্ধ। এখানে অনেক পর্যটন কেন্দ্র রয়েছে। চট্টগ্রাম ও কক্সবাজার শুটকি মাছের জন্যও বিখ্যাত।

১৬. **নিচের কোন আলোটির তরঙ্গদৈর্ঘ্য বেশি?**
ক. হলুদ খ. বেগুনী
গ. কমলা ঘ. সবুজ
উঃ গ
ব্যাখ্যা: সূর্যের আলোকে প্রিজমের মাধ্যমে বিশ্লেষণ করলে সাতটি রং পাওয়া যায়। এর মধ্যে সবচেয়ে বেশি তরঙ্গদৈর্ঘেল আলো হলো লাল এবং সবচেয়ে কম তরঙ্গদৈর্ঘ্যের বেগুনী।

**১৭. Fill in the blank with appropriate word- 'Students should be attentive ___ their lessons.**

a. over b. on
c. to d. at
ans. c

**ব্যাখ্যা:** Attentive এর পরে সাধারণ to বসে। এটি একটি Appropriate preposition, Attentive to অর্থ মনোযোগী হওয়া।

**১৮. দেহের ক্ষয়পুরণ ও বৃদ্ধিসাধানের জন্য কোন কোন উপাদানটি দরকার?**

ক. স্নেহ খ. আমিষ
গ. ভিটামিন ঘ. শর্করা
উঃ খ

**ব্যাখ্যা:** দেহের ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধনের জন্য আমিষের প্রয়োজন। শর্করা ও স্নেহ জাতীয় খাবার আমাদের দেহে শক্তি যোগায়। আর ভিটামিন রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।

**১৯. বরফ পানিতে ভাসে কারণ বরফের তুলনায় পানির-**

ক. দ্রবণীয়তা বেশি খ. সান্দ্রতা বেশি
গ. ঘনত্ব কম ঘ. ঘনত্ব বেশি
উঃ ঘ

**ব্যাখ্যা:** বরফ পানিতে ভাসে কারণ বরফের তুলনায় পানির ঘনত্ব বেশি। অতি নিম্ন তাপমাত্রায় পানি যখন বরফে পরিণত হয় তখন পানির অণুসমূহের আন্ত:আণবিক দূরত্ব বেড়ে যায় এবং ঘনত্ব কমে যায়। ফলে বরফ পানিতে ভাসে।

**২০. 'He is better then any other boy in the class. Negative form of the sentence is-**

a. No other boy in the class is better than he.
b. No other boy in the class is the best than him
c. No boy is better in the class
d. No other boy in the class is as good as him
ans. d

**ব্যাখ্যা:** Affirmative : He is better than any other boy in the class.
Negative : No other boy in the class is as good as him.
Rules: Comparative setnence than any other / than all other থাকলে positive করার নিয়ম: No other + than any other এর পরের অংশ + auxiliary verb + as + comparative degree এর positive form + as + sub

**২১. 'সততা মহৎ গুণ-Translate into English-**

a. Honesty is the best policy
b. Honesty is a noble virtue
c. Honesty is a bood virtue.
d. Honesty is a better policy
ans. a

**ব্যাখ্যা:** সততা মহৎ গুণ→ Honesty is the best policy.

**২২. কাপ্তাই লেক কিসের জন্য পরিচিত?**

ক. জলজ উদ্ভিদ উদ্যান খ. মৎস্য প্রজনন কেন্দ্র
গ. প্রাকৃতিক হ্রদ ঘ. জলবিদ্যুৎ কেন্দ্র
উঃ ঘ

**ব্যাখ্যা:** কাপ্তাই লেক জলবিদ্যুৎ কেন্দ্রের জন্য বিখ্যাত। এখানে বাঁধের সঞ্চিত পানি ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদন করা হয়। এটি বাংলাদেশের একমাত্র জলবিদ্যুৎ কেন্দ্র।

**২৩. বয়ঃসন্ধিকালে মানসিক পরিবর্তনের উদাহরণ কোনটি?**

ক. গলার স্বর পরিবর্তন খ. আবেগ দ্বারা পরিচালিত হওয়ার প্রবণতা
গ. শরীরে লোম গজানো ঘ. দ্রুত লম্বা হওয়া
উঃ খ

**ব্যাখ্যা:** বয়:সন্ধিকালে কিছু শারীরিক ও মানসিক পরিবর্তন হয়ে থাকে। শারীরিক পরিবর্তনসমূহ হলো: (১) গলার স্বর পরিবর্তন হওয়া (২) শারীরিক গঠন পরিবর্তন হওয়া (৩) শরীরে লোম গজানো ইত্যাদি।
মানসিক পরিবর্তনসমূহ হলো : (১) নিজের মত প্রকাশের প্রবণতা বৃদ্ধি পাওয়া (২) আবেগ দ্বারা পরিচালিত হওয়ার প্রবণতা।

**২৪. নীচের কোনটি অপ্রকৃত ভগ্নাংশ?**

ক. ৩/২ **খ. ১/৩**
গ. ২/৩ **ঘ. ১/৫**
উঃ ক

**ব্যাখ্যা:** যে ভগ্নাংশের লব বড় এবং হর ছোট হয় তাকে অপ্রকৃত ভগ্নাংশ বলে। যেমন $\frac{৩}{২}, \frac{৮}{৩}, \frac{৫}{২}$ ইত্যাদি।

**২৫. $(a+b)^2$ এর সূত্র কোনটি**

a. $a^2-2ab+b^2$ b. $a^2+2ab+b^2$
c. $a^2+b^2$ d. $(a+b)(a-b)$
ans. b

**ব্যাখ্যা:** $(a+b)^2 = a^2 + 2ab + b^2$
$(a-b)^2 = a^2 - 2ab + b^2$
$a^2 - b^2 = (a+b)(a-b)$

**২৬. 'He is going to buy a car'-passive form of the sentence.**

a. A car is going to be bought by him
b. A car is bought by him
c. He was bought a car
d. He is buying a car
ans. a

**ব্যাখ্যা:** May/might/can/could/must/ought to/ going to যুক্ত বাক্যকে Passive করার নিয়ম:
Object আরে Subject + উক্ত verb + be + verb এর past participle form + by + subject এর object.
Active : He is going to buy a car.
Passive : A car is going to be bought by him.

**২৭. 'তোরা সব জয়ধ্বনি কর' এখানে 'জয়ধ্বনি' কোন সমাসের উদাহরণ?**
ক. তৎপুরুষ  খ. কর্মধারয়
গ. দ্বন্দ্ব  ঘ. অব্যয়ীভাব
উঃ ক
**ব্যাখ্যা:** জয়ধ্বনি ⟶ জয়সূচক ধ্বনি
এটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস। এর সমাসে ব্যাসবাক্যের মধ্যপদ লোপ পায় এবং পরপদের অর্থই প্রধান তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে।

**২৮. 'লালসালু' উপন্যাসের মাজারটি দেখতে কিসের মতো?**
ক. উইটিভি  খ. দ্বিতীয় চাঁদ
গ. মাছের পিঠ  ঘ. গারো পাহাড়
উঃ গ
**ব্যাখ্যা:** 'লালসালু' সৈয়দ ওয়ালিউল্লাহর একটি উল্লেখযোগ্য উপন্যাস। এই উপন্যাসে দেখানো দেখানো মাজারটি দেখতে মাছের পিঠের মতো।

**২৯. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন পাস করলে পাসের হার কত?**
ক. ৫০%  খ. ৬০%
গ. ৮০%  ঘ. ৭০%
উঃ ঘ
**ব্যাখ্যা:** পাসের হার বলতে ১০০ জনের মধ্যে কতজন পাস করছে সেই সংখ্যাকে বোঝায়?
৬০ জন ছাত্রের মধ্যে পাস করে ৪২ জন
১ " " " " " $\frac{৪২}{৬০}$ "
১০০ " " " " " $\frac{৪২\times১০০}{৬০}$ "
= ৭০ জন
সুতরাং পাসের হার ৭০%

**৩০. কোন বাঙ্গলি প্রথম বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন?**
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর  খ. ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ. মুহাম্মদ শহীদুল্লাহ  ঘ. রাজা রামমোহন রায়
উঃ ঘ
**ব্যাখ্যা:** বাংলা ভাষার প্রথম ব্যাকরণ রচনা করেন মনোএল দ্যা আসসুম্পসাঁও। প্রথম বাঙ্গালি হিসেবে বাংলা ভাষার ব্যাকরণ রচনা করেন রাজা রামমোহন রায়।

**৩১. দেশের সবচেয়ে বড় সেতু কোনটি?**
ক. পদ্মা সেতু  খ. হার্ডিঞ্জ সেতু
গ. বঙ্গবন্ধু সেতু  ঘ. মেঘনা সেতু
উঃ ক
**ব্যাখ্যা:** দেশের সবচেয়ে বড় সেতু পদ্মা সেতু। এটি দক্ষিণ এশিয়ায় দ্বিতীয় দীর্ঘতম সেতু। এটির দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার। সেতুটিতে ৪২টি পিলার ও ৪১টি স্প্যান রয়েছে। পদ্মা সেতুর ভূমিকম্প সহনশীল মাত্রা ৯ (রিখটার স্কেলে)। এটি উদ্বোধন করেন মানবীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৫ জুন, ২০২২ সনে।

**৩২. কোন সংক্রামক ব্যাধি পৃথিবী হতে নির্মূল হয়েছে?**
ক. গুটি বসন্ত  খ. ম্যালেরিয়া
গ. কলেরা  ঘ. প্লেগ
উঃ ক
**ব্যাখ্যা:** গুটি ব সন্ত পৃথিবীর ইতিহাসে প্রথম নির্মুল হওয়া সংক্রামক ব্যাধি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ১৯৮০ সালে পৃথিবী দুটি বসন্তমুক্ত ঘোষণা করেন। গুটি বসন্তনের টিকা আবিষ্কার করেন ড. এডওয়ার্ড জেনার।

**৩৩. নিচের কোনটি প্রাকৃতিক তন্তু?**
ক. সিল্ক  খ. পলিস্টার
গ. রেয়ন  ঘ. নাইলন
উঃ ক
**ব্যাখ্যা:** সিল্ক একটি প্রাকৃতিক তন্তু। এটি সর্বাধিক শক্তিশালী প্রাকৃতিক তন্তু। আরও কিছু প্রাকৃতিক তন্তু হলো- তুলা, রেশম, উল ইত্যাদি। পলিস্টার, রেয়ন, নাইলন ইত্যাদি কৃত্রিম তন্তু।

**৩৪. আরিফ ও আসলামের বর্তমান বয়সের ৫:৩। আরিফের বয়স ২৫ বছর হলে আসলামের বয়স কত বছর?**
ক. ১৫  খ. ১০
গ. ৭৫  ঘ. ৩০
উঃ ক
**ব্যাখ্যা:** মনে করি, আসলামের বয়স 'ক' বছর।
প্রশ্নমতে, ৫ ঃ ৩ = ২৫ ঃ ক
বা, $\frac{৫}{৩} = \frac{২৫}{ক}$
বা, ৫ক = ৭৫
বা, ক = $\frac{৭৫}{৫}$
বা, ক = ১৫ বছর
সুতরাং, আসলামের বয়স ১৫ বছর।

**৩৬. 'He woke up when it was raining' Transform it to simple sentence.**
a. He woke up after the rain
b. He woke up at the time of raining
c. He woke up and it was raining
d. He woke up after the rain had stopped
ans. b
**ব্যাখ্যা:** Complex : He woke up when it was raining.
Simple : He woke up at the time of raining.

**৩৭. সমাস শব্দের অর্থ কোনটি?**
ক. বিভাজন  খ. সংক্ষেপ
গ. বিস্তার  ঘ. বিশ্বাস
উঃ খ
**ব্যাখ্যা:** 'সমাস' শব্দের অর্থ - সংক্ষেপ, সমর্থন, সংগ্রহ। বাংলা ভাষায় ব্যবহৃত অর্থসম্বন্ধও একাধিকক পদের একটি পদে পরিণত হওয়ার প্রক্রিয়াকে সমাস বলে।

**৩৮. হেপারিন নিঃসরণ হয় কোন রক্ত কণিকা থেকে?**
ক. ইওসিনোফিল  খ. বেসোফিল
গ. মনোসাইট  ঘ. নিউট্রোফিল
উঃ খ
**ব্যাখ্যা:** হেপরিন নি:সরণ হয় বেসোফিল থেকে। হেপারিন রক্ত নালির ভিতরে রক্ত জমাট বাঁধতে সাহায্য করে।

**৩৯. 'কনফুসিয়াস' কোথাকার দার্শনিক?**
ক. চীন  খ. মথুরা
গ. ভারত  ঘ. ইরান
উঃ ক
**ব্যাখ্যা:** কনফুসিয়াস একজন চীনের দার্শনিক ছিলেন। তিনি একজন নীতিবাদী দার্শনিক ছিলেন। তার দর্শন ও রচনাবলী পূর্ব

এশিয়ার জীবন দর্শনে বিভিন্ন সময়ে, বিভিন্ন ক্ষেত্রে গভীর প্রভাব বিস্তার করে।

৪০. **English is spoken all over the world'-Active form of the sentence is-**
a. English is spoken by people all over the world
b. All over the English is spoked
c. People speak English all over the world
d. People speak English
ans. c
ব্যাখ্যা: Active : English is spoken all over the worlds.
Passive : People speak English all over the world.
Rules : Object এর subject + be verb তুলে দিয়ে মূল verb এর present form + sub এর obj.

৪১. **সাহিত্যের কোন মাধ্যম নাটকের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত?**
ক. ছোট গল্প খ. উপন্যাস
গ. কবিতা ঘ. প্রবন্ধ
উঃ গ
ব্যাখ্যা: সাহিত্যের অনেক মাধ্যম রয়েছে। যেমন- ছোটগল্প, কবিতা, উপন্যাস, প্রবন্ধ ইত্যাদি। এর মধ্যে নাটকের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত হলো কবিতা।

৪২. **'অপরাজেয় বাংলা' কি?**
ক. একটি প্রোগ্রাম খ. একটি চলচিত্র
গ. একটি ভাস্কর্য ঘ. একটি ইতিহাস গ্রন্থ
উঃ গ
ব্যাখ্যা: 'অপরাজেয় বাংলা' একটি ভাস্কর্য। এটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের সামনে অবস্থিত। এটির স্থপতি সৈয়দ আব্দুল্লাহ হামিদ।

৪৩. **জাতীয় সংসদের স্পিকারের নাম কি?**
ক. মেহের আফরোজ খ. সৈয়দা সাজেদা চৌধুরী
গ. মতিয়া চৌধুরী ঘ. ড: শিরীন শারমিন চৌধুরী
উঃ ঘ
ব্যাখ্যা: জাতীয় সংসদের স্পিকারের নাম ড. শিরীন শারমিন চৌধুরি। তিনি বাংলাদেশের ১৩তম স্পিকার। ২০১৩ সালের ৩০ এপ্রিল বাংলাদেশের প্রথম নারী স্পিকার নিযুক্ত হন।

৪৪. **মুক্তিযুদ্ধ জাদুঘর কোথায় অবস্থিত?**
ক. রাজশাহী খ. খুলনা
গ. চট্টগ্রাম ঘ. ঢাকা
উঃ ঘ
ব্যাখ্যা: বাংলাদেশের মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত। ১৯৯৬ সালের ২ শে মার্চ এটি উদ্বোধন করা হয়। মুক্তিযুদ্ধের অনেক দুর্লভ বস্তু এখানে সংরক্ষিত আছে।

৪৫. **'পিত্রালয়' এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**
ক. পিতা+আলয় খ. পিত্রা+আলয়
গ. পিত্রা+লয় ঘ. পিতৃ+আলয়
উঃ ঘ
ব্যাখ্যা: পিত্রালয় এর সঠিক সন্ধি বিচ্ছেদ : পিতৃ + আলয়। অ-কার কিংবা আ-কার এর পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয় ডমিলে আ-কার হয়।

৪৬. **'রাজপথ' শব্দের ব্যাসবাক্য কোনটি?**
ক. রাজ যে পথ খ. রাজ রূপ পথ
গ. পথের রাজা ঘ. রাজার পথ
উঃ গ
ব্যাখ্যা: 'রাজপথ' শব্দের ব্যাসবাক্য- পথের রাজা। এটি ষষ্ঠী তৎপুরুষ সমাস। পূর্ববর্তী পদের পর বিভক্তি লোপ পেয়েছে এবং পরপদের অর্থই প্রধান। তাই এটি ষষ্ঠী তৎপুরুষ সমাস।

৪৭. **The man is extremely tired' Here 'extremely' is-**
a. noun b. verb
c. adjective d. adverb
ans. d
ব্যাখ্যা: The man extremely tired. এখানে extremely শব্দটি adverb। কারণ tried একটি adjective এবং adjective এর আগে সাধারণত adverb বসে।

৪৮. **It is a beautiful bird.' Here 'beautiful' is-**
a. Numeral adjective b. Quantitative adjective
c. Qualitative adjective d. Pronominal adjective
ans. c
ব্যাখ্যা: "It is a beautiful" এখানে beautiful একটি Qualitative adjective. 'beautiful word টি দ্বারা bird কে qualify করা হয়েছে।

৪৯. **'হামিং বার্ড' সম্পর্কে কোনটি সঠিক?**
ক. পোকা খায়না খ. এশিয়ার পাওয়া যায়
গ. ক্ষুদ্রতম পাখি ঘ. ধীর গতিতে উড়ে
উঃ গ
ব্যাখ্যা: 'হার্মিং বার্ড' পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রতম পাখি। এটি আমেরিকায় পাওয়া যায়।

৫০. **কোনটি বিদেশি শব্দ?**
ক. খবর খ. আনারস
গ. দোয়েল ঘ. চাউল
উঃ খ
ব্যাখ্যা: 'আনারস' একটি পর্তুগিজ ভাষার শব্দ। বাংলা ভাষায় ব্যবহৃত আরও কিছু পর্তুগিজ শব্দ হলো - কেদারা, জানালা, চাবি, আলমারি, গির্জা, আলপিন, পাউরুটি, আলকাতরা ইত্যাদি।

৫১. **'শহীদ বুদ্ধিজীবী দিবস' কবে পালন করা হয়?**
ক. ১৪ ডিসেম্বর খ. ২৫ মার্চ
গ. ১৬ ডিসেম্বর ঘ. ২৬ মার্চ
উঃ ক
ব্যাখ্যা: 'শহীদ বুদ্ধিজীবি দিবস' পালন করা হয় ১৪ই ডিসেম্বর। ১৯৭১ সালের ১০ই ডিসেম্বর থেকে ১৪ই ডিসেম্বর পর্যন্ত এদেশের শ্রেষ্ঠ সন্তান বুদ্ধিজীবিদের পরিকল্পিতভাবে হত্যা করে। তাই বুদ্ধিজীবিদের স্মরণে প্রতি বছর ১৪ই ডিসেম্বর 'শহীদ বুদ্ধিজীবি দিবস' পালন করা হয়।

**৫২. বৃত্তের যে কোন ব্যাস সমান কয়টি অংশে বিভক্ত করে?**

ক. ৪টি    **খ. ২টি**
গ. ৬টি    ঘ. ৫টি

উঃ খ

**ব্যাখ্যা:** যে জ্যা বৃত্তের কেন্দ্র অতিক্রম করে তাকে ঐ বৃত্তের ব্যাস বলে। এটি বৃত্তের বৃহত্তম জ্যা। ব্যাস প্রতিটি বৃত্তকে দুটি ভাগে বিভক্ত করে।

**৫৩. They did not allow a drunken man is the meeting.' Here 'drunken' is-**

a. adjective    b. adverb
c. verb    d. noun

ans. a

**ব্যাখ্যা:** 'They did not allow a durken man is the meeting' এই বাক্যে durken শব্দটি Adjective। কারণ বাক্যে noun এর আগে Adjective বসে। man শব্দটি noun এবং man এর পূর্বে অবস্থিত 'durken' শব্দটি Adjective.

**৫৪. ক্ষীণ দৃষ্টির কারণ নিচের কোনটি?**

ক. অক্ষিগোলকের ব্যাসার্ধ কমে যাওয়া
খ. চোখের লেন্সের ফোকাস দুরত্ব বেড়ে যাওয়া
গ. চোখের লেন্সের ফোকাস দুরত্ব কমে যাওয়া
ঘ. চোখের লেন্সের অভিসারী ক্ষমতা হ্রাস পাওয়া

উঃ গ

**ব্যাখ্যা:** মানুষের চোখে দুই ধরনের সমস্যা হয়। যথা: (ক) ক্ষীণদৃষ্টি (খ) দীর্ঘদৃষ্টি
চোখের লেন্সের ফোকাস দূরত্ব কমে গেলে তাকে ক্ষীণদৃষ্টি বলে। এতে দূরের জিনিস দেখতে সমস্যা হয়। অবতল লেন্সের চশমা ব্যবহার করে এই সমস্যার সমাধান হয়।

**৫৫. নিচের কোনটি ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করে?**

ক. রূপতত্ত্ব    খ. অর্থতত্ত্ব
গ. ব্যাকরণ    ঘ. বাক্যতত্ত্ব

উঃ গ

**ব্যাখ্যা:** ব্যাকরণে ভাষার প্রকৃতি নিয়ে আলোচনা করা হয়। যে শাস্ত্রের সাহায্যে ভাষার স্বরূপ ও গঠনপ্রকৃতি নির্ণয় করে সুবিন্যস্ত করা যায় তাকে ব্যাকরণ বলে।

**৫৬. আধানের অস্তিত্ব নির্ণয়ের যন্ত্র কোনটি?**

ক. অনুবীক্ষণ যন্ত্র    খ. অ্যামিটার
গ. তড়িৎবীক্ষণ যন্ত্র    ঘ. ভোল্টমিটার

উঃ গ

**ব্যাখ্যা:** আধানের অস্তিত্ব নির্ণয়ের যন্ত্র- তড়িৎবীক্ষণ যন্ত্র। তড়িৎ এর অস্তিত্বের নির্ণয়ের যন্ত্র- অ্যামিটার
বিভব পরিমাপের যন্ত্র- ভোল্টমিটার

**৫৭. 'জাহানারা ইমাম' কে ছিলেন?**

ক. ইতিহাসবিদ    খ. শহীদ জননী
গ. বিজ্ঞানী    ঘ. রন্ধনশিল্পী

উঃ খ

**ব্যাখ্যা:** 'জাহানারা ইমাম' একজন শহীদ জননী। আমাদের মহান মুক্তিযুদ্ধের শহীদ শাফি ইমাম রুমির জননী হলেন জাহানারা ইমাম। তিনি একজন কথাসাহিত্যিক, শিক্ষাবিদ এবং একাত্তরের ঘাতক দালাল বিরোধী আন্দোলনের নেত্রী।

**৫৮. ৬৫° কোণের পৃথক কোণ কোনটি?**

ক. ১১৫°    খ. ২৫°
গ. ১২৫°    ঘ. ৬৫°

**উঃ খ**

**ব্যাখ্যা:** যখন দুটি কোণের সমষ্টি ৯০° হয় তখন তাদের একটিকে অপরটির পূরক কোণ বলে। দুটি পূরক কোণের একটি ৬৫° হলে অপরটি (৯০° – ৬৫°) = ২৫° হবে।

**৫৯. 'ফজিলাতুন্নেছা মুজিব' কে কি উপাধি দেওয়া হয়েছে?**

ক. বঙ্গমাতা    খ. বিদ্রোহী মাতা
গ. আদর্শ মাতা    ঘ. মহীয়ষী

উঃ ক

**ব্যাখ্যা:** শেখ ফজিলাতুন্নেসা ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্ত্রী। তিনি সবসময় বঙ্গবন্ধুর পাশে থেকে তাকে সাহস জুগিয়েছেন। তাই তাকে 'বঙ্গমাতা' উপাধি দেয়া হয়।

**৬০. অপাদান কারকের উদাহরণ কোনটি?**

ক. অসহায়কে সাহায্য করো    খ. কাপটা উঁচু টেবিল থেকে পড়ে গেল
গ. ফুলের গন্ধে ঘুম আসে না    ঘ. বাবা বাড়িতে আছেন

উঃ খ

**ব্যাখ্যা:** যে কারক দ্বারা কোনো কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত, ভীত ইত্যাদি বোঝায় তাকে অপাদান কারক বলে। যেমন: কাপ উঁচু টেবিল থেকে পড়ে গেল। এখানে বিচ্যুত বোঝাচ্ছে তাই এটি অপাদান কারকের উদাহরণ।

**৬১. নিচের কোনটি যৌগিক সংখ্যা?**

ক. ৪৩    খ. ৬৯
গ. ১১    ঘ. ৭৯

উঃ খ

**ব্যাখ্যা:** যেসব সংখ্যাকে ১ বা ঐ সংখ্যা ছাড়াও অন্য কোন সংখ্যা দ্বারা ভাগ করা যায় তাকে যৌগিক সংখ্যা বলে। ৬৯ একটি যৌগিক সংখ্যা। কারণ ১ এবং ৬৯ ছাড়াও ৩ ও ২৩ দ্বারা ভাগ করা যায়।

**৬২. বাংলাদেশে কোন খাতে বেশি কর্মসংস্থান হয়?**

ক. সেবা    খ. কৃষি
গ. শিল্প কারখানা    ঘ. নির্মাণ

উঃ গ

**ব্যাখ্যা:** বাংলাদেশে সবচেয়ে বেশি কর্মসংস্থান হয় কৃষিখাতে। অর্থনৈতিক সমীক্ষা ২০২০ অনুযায়ী অর্থনৈতিক সেক্টরগুলোর মধ্যে কৃষিখাতে ৪০.৬%, শিল্পখাতে ২০.৪%, সেবাখাতে ৩৯% কর্মসংস্থান হয়।

**৬৩. 'Every mother loves her child'-Negative form of the sentence is-**

a. No mother does not lover her child
b. There is no mother but loves her child
c. No mother loves her child
d. Every mother do not love her child

ans. b

**ব্যাখ্যা:** Every যুক্ত Affirmative বাক্যকে Negative করার নিয়ম : Every এর স্থানে There is no + noun + but + বাকী অংশ।

Affirmative : Every mother loves her child.
Negative : There is no mother but love her child.

৬৪. **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর ঘোষণা কবে করা হয়েছিল?**
ক. **২৫ মার্চ, ১৯৭১** খ. **১১ এপ্রিল, ১৯৭১**
গ. **১৭ এপ্রিল, ১৯৭১** ঘ. **১৬ ডিসেম্বর, ১৯৭১**
উঃ গ
**ব্যাখ্যা:** ১৭ এপ্রিল, ১৯৭১ সালে মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে এবং ঐ দিন আমাদের দেশের নাম 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' ঘোষণা করা হয়।

৬৫. **'সিরাজউদ্দৌলা' চলচ্চিত্রে সিরাজউদ্দৌলার ভূমিকায় অভিনয় করেছিলেন কে?**
ক. খলিলুর রহমান খ. আনোয়ার হোসেন
গ. উত্তম কুমার ঘ. রাজ্জাক
উঃ খ
**ব্যাখ্যা:** নবাব সিরাজউদৌলার শাসন আমলকে কেন্দ্র করে নির্মিত চলচ্চিত্র 'সিরাজউদ্দৌলা'। এই চলচ্চিত্রে নবাবের চরিত্রে অভিনয় করেছেন আনোয়ার হোসেন। চলচ্চিত্রটি মুক্তি পায় ১৯৬৭ সালে।

৬৬. **What is the feminine gender of 'Drone'?**
a. Doe b. Hen
c. Bee d. Ewe
and. c
**ব্যাখ্যা:**

| <u>Masculine</u> | <u>Faminine</u> |
|---|---|
| Drone (মৌমাছি) | - Bee |
| Duck (পাতিহাঁস) | - Hen |
| Deer (হরিণ) | - Doe |
| Ram (ভেড়া) | - Ewe |

৬৭. **বাংলাদেশে বার্ষিক গড় তাপমাত্রা কত?**
ক. **২৭**°C খ. **৩০**°C
গ. **২৫**°C ঘ. **২৬**°C
**উঃ গ**
**ব্যাখ্যা:** বাংলাদেশের বার্ষিক গড় তাপমাত্রা ২৬.০১° C। শীতকালীন তাপমাত্রা ২৯° সেলসিয়াস। গ্রীষ্মকালীন তাপমাত্রা ৩৪° সেলসিয়াস। বার্ষিক গড় বৃষ্টিপাত ২০৩ সেন্টিমিটার।

৬৮. **Fill in the blank with appropriate word. 'The man died___ over eating.'**
a. for b. of
c. from d. by
ans. c
**ব্যাখ্যা:** The man died <u>from</u> over eating.
1. রোগে মারা গেলে die of.
2. দুর্ঘটনায় মারা গেলে die by
3. আকস্মিক মৃত্যু হলে die from
4. আত্মত্যাগে মৃত্যু হলে die for

৬৯. **'কারাগারের রোজনামচা' বইটি কার রচিত?**
ক. কাজী নজরুল ইসলাম খ. তাজউদ্দিন আহমেদ
গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঘ. মাওলানা আবদুল হামিদ খান ভাসানী
উঃ গ
**ব্যাখ্যা:** 'ককারাগারের রোজনামচ' বইটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা। তার লেখা আরও দুটি উল্লেখযোগ্য বই হলো অসমাপ্ত আত্মজীবনী, আমার দেখা নয়াচীন।

৭০. **'আ+ও=ঔ' এই নিয়মে সাধিত সন্ধিবদ্ধ শব্দ কোনটি?**
ক. মহৌষধি খ. বনসৌধি
গ. পরমৌষধ ঘ. মহৌষধ
উঃ ক
**ব্যাখ্যা:** 'মহৌষধি' এটি একটি স্বরসন্ধির উদাহরণ।
মহা + ঔষধি = মহৌষধি
এটি আ + ও = ঔ এই নিয়মে সাধিত হয়েছে।

৭১. **নিচের কোনটি থেকে পেনিসিলিন পাওয়া যায়?**
ক. ব্যাকটেরিয়া খ. ছত্রাক
গ. ভাইরাস ঘ. শৈবাল
উঃ খ
**ব্যাখ্যা:** ছত্রাক থেকে পেনিসিলিন তৈরি হয়। পেনিসিলিন আবিষ্কার করেন আলেকজান্ডার ফ্লেমিং। পেনিসিলিন এক প্রকার অ্যান্টিবায়োটিক।

৭২. **করোনা ভাইরাস টিকার নিবন্ধনের জন্য ব্যবহৃত অ্যাপের নাম কী?**
ক. কোভিড বিডি খ. স্বাস্থ্য সেবা
গ. স্বাস্থ্য সুখ ঘ. সুরক্ষা
উঃ ঘ
**ব্যাখ্যা:** করোনা ভাইরাস টিকার নিবন্ধের জন্য ব্যবহৃত অ্যাপের নাম সুরক্ষা। এই অ্যাপের মাধ্যমে করোনা ভ্যাকসিনের জন্য নিবন্ধন করা হয়।

৭৩. **'বধ্যভূমি' কিসের প্রতীক?**
ক. গণ হত্যার খ. গণ বিপ্লবের
গ. ধ্বংসযজ্ঞের ঘ. গণ নির্যাতনের
উঃ ক
**ব্যাখ্যা:** 'বধ্যভূমি' গণহত্যার প্রতীক। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় পাক হানাদার বাহিনী সাধারণ নাগরিক, মুক্তিযোদ্ধা, চাকুরীজীবি ও সশস্ত্র বাহিনীর সদস্যদের ধরে নিয়ে একসাথে হত্যার জন্য নির্দিষ্ট স্থান ব্যবহার করতো যেগুলোকে বদ্ধভূমি বলা হয়।

৭৪. **মাটির প্রাপ্ত ধাতব পদার্থ নয় কোনটি?**
ক. তামা খ. লোহা
গ. আর্সেনিক ঘ. সোনা
উঃ খ
**ব্যাখ্যা:** মাটি থেকে আমরা অনেক ধাতব পদার্থ পাই। এর মধ্যে তামা, সোনা অন্যতম। লোহা প্রকৃতিতে মুক্ত অবস্থায় পাওয়া যায় না। লোহা আকরিক থেকে উৎপন্ন হয়।

৭৫. **বডি মাস ইডেক্স (BMI) কত হলে তাকে স্থূলকায় হিসেবে বিবেচনা করা হয়?**
ক. >25 খ. >20
গ. >30 ঘ. >35
উঃ ক

**ব্যাখ্যা:** বডিমাস ইনডেক্স (BMI) অনুযায়ী স্থূলতা নির্ণয়:
১. BMI (18-24) হলে স্বাভাবিক ওজন
২. BMI 18 এর নিচে হলে ওজন কম।
৩. BMI 24 থেকে বেশি হলে স্থূলকায় হিসেবে বিবেচনা করা হয়।

৭৬. **নিচের কোনটি প্লাস্টিকের বৈশিষ্ট্য নয়?**
ক. গলিত অবস্থায় আকার পরিবর্তনশীল
খ. তাপ পরিবাহী
গ. বিদ্যুৎ অপরিবাহী
ঘ. পানিতে অদ্রবণীয়
উঃ খ
**ব্যাখ্যা:** প্লাস্টিকের বৈশিষ্ট্যসমূহ হলো:
১. গলিত অবস্থায় আকার পরিবর্তনশীল
২. তাপ অপরিবাহী
৩. বিদ্যুৎ অপরিবাহী
৪. পচনশীল নয়।

৭৭. **'আমরা নদীর ঘাট থেকে রিক্সা নিয়েছিলাম' বাক্যটিতে 'আমরা' কোন কারক?**
ক. কর্ম খ. কর্তা
গ. অপাদান ঘ. করণ
উঃ খ
**ব্যাখ্যা:** কে বা কারা দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায় তাকে কর্তা কারক বলে।
আমরা নদীর ঘাট থেকে রিক্সা নিয়েছিলাম।' এই বাক্যে 'কারা রিক্সা নিয়েছিলে' প্রশ্ন করলে উত্তর আসে 'আমরা' তাই 'আমরা' কর্তা কারক।

৭৮. **'সবকটা জানালা খুলে দাও না' গানটির মুল শিল্পী কে?**
ক. সামিনা চৌধুরী খ. রুনা লায়লা
গ. শাহনাজ রহমত উল্লাহ ঘ. সাবিনা ইয়াসমীন
উঃ ঘ
**ব্যাখ্যা:** 'সবকটা জানালা খুলে দাওনা'- গানটির মূল শিল্পী সাবিনা ইয়াসমিন এবং রচয়িতা ও সুরকার নজরুল ইসলাম বাবু।

৭৯. **নিচের কোনটি দেশি শব্দ?**
ক. খোকা খ. টেবিল
গ. লুঙ্গি ঘ. কলম
উঃ ক
**ব্যাখ্যা:** 'খোকা' একটি দেশি শব্দ। আরও কিছু দেশি শব্দ হলো: কোল, মুক্তা, কুলা, গঞ্জ, ডাব, ডাগর, টোপর ইত্যাদি।

৮০. **ত্রিভুজের তিন বাহুর দৈর্ঘ্যের সমষ্টিকে কি বলে?**
ক. পরিসীমা খ. উচ্চতা
গ. ক্ষেত্রফল ঘ. ত্রিতুজক্ষেত্র
উঃ ক
**ব্যাখ্যা:** ত্রিভুজেজর তিন বাহুর দৈর্ঘ্যের সমষ্টিকে পরিসীমা বলে। ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০°।

৮১. **বৃহত্তম মহাদেশ কোনটি?**
ক. উত্তম আমেরিকা খ. এশিয়া
গ. অস্ট্রেলিয়া ঘ. আফ্রিকা
উঃ খ
**ব্যাখ্যা:** পৃথিবীতে ৭টি মহাদেশ আছে। সেগুলো হলো এশিয়া, ইউরোপ, আফ্রিকা, উত্তর আমেরিকা, দক্ষিণ আমেরিকা, ওশেনিয়া, এ্যান্টার্কটিকা। সবচেয়ে বড় মহাদেশের নাম এশিয়া। সবচেয়ে ছোট মহাদেশের নাম অ্যান্টার্কটিকা।

৮২. **He is Bangladesh ___ birth.' Fill in the blank with appropriate preposition.**
a. by b. at
c. in d. from
ans. a
**ব্যাখ্যা:** He is Bangladesh —— birth. এই বাক্যে Bangladesh এর পরে by বসবে।

৮৩. **বৈশ্বিক উষ্ণতার কারণ কোনটি?**
ক. সিএফসি কমে যাওয়া খ. মিথেন গ্যাস কমে যাওয়া
গ. ওজোন স্তর বেড়ে যাওয়া ঘ. কার্বন মনোঅক্সাইড বেড়ে যাওয়া
উঃ ঘ
**ব্যাখ্যা:** পৃথিবীর তাপমাত্রা ক্রমান্বয়ে বাড়তেছে। একে বৈশ্বিক উষ্ণতা বলে। বৈশ্বিক উষ্ণতার কারণসমূহ লো-
১. বায়ুমণ্ডলে মিথেন, কার্বণ ডাই অক্সাইড, সিএসসি ইত্যাদি গ্যাস বেড়ে যাওয়া।
২. ওজোন স্তর ছিদ্র হয়ে সূর্যের তাপ সরাসরি পৃথিবীতে আসা।

৮৪. **'অগ্রজ' শব্দের বিপরীততার্থক শব্দ কোনটি?**
ক. অনুজ খ. সামনে
গ. অঙ্গ ঘ. পশ্চৎ
উঃ ক
**ব্যাখ্যা:**

| শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| অনুজ | - অগ্রজ |
| সামনে | - পিছনে |
| অগ্র | - পশ্চাৎ |

৮৫. **রক্তশূণ্যতা বলতে কি বুঝায়?**
ক. রক্তের পরিমাণ কমে যাওয়া
খ. রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ হ্রাস পাওয়া
গ. রক্তে অনুচক্রিকার পরিমাণ কমে যাওয়া
ঘ. রক্তেরসের পরিমাণ কমে যাওয়া
উঃ খ
**ব্যাখ্যা:** রক্তে কোনো কারণে হিমোগ্লোবিনের পরিমাণ কমে গেলে রক্তশূন্যতা দেখা দেয়। সাধারণত আয়রনের অভাবে আমাদের দেহে রক্তশূন্যতা তৈরি হয়।

৮৬. **The called___ a doctor,' Fill in the blank with appropriate preposition.**
a. for b. at
c. in d. of
ans. c
**ব্যাখ্যা:** They called in a doctor. এখানে called in অর্থ ডাকা। এটি একটিappropriate preposition

**৮৭. শরীরে বিলিরুবিনের মাত্রা বেড়ে গেলে তাকে কি বলা হয়?**
ক. অ্যামিনিয়া খ. জন্ডিস
গ. রিকেটস ঘ. ডায়াবেটিস
উঃ খ
**ব্যাখ্যা:** অ্যানিমিয়া → রক্তে হিমোগ্লোবিনের মাত্রা কমে যাওয়া।
জন্ডিস → শরীরে বিলিরুবিনের মাত্রা বেড়ে যাওয়া।
রিকেটস → ভিটামিন ডি এর অভাবে হাড় বেঁকে যাওয়া।
ডায়াবেটিস → শরীরে ইনসুলিনের পরিমাণ কমে যাওয়া।

**৮৮. বিশ্ব স্বাস্থ্য দিবস কবে?**
**ক. ১০ এপ্রিল খ. ১৪ এপ্রিল**
**গ. ৭ মে ঘ. ৭ এপ্রিল**
উঃ ঘ
**ব্যাখ্যা:** গুরুত্বপূর্ণ কিছু নিয়ম :
১. বিশ্ব স্বাস্থ্য দিবস- ৭ এপ্রিল
২. আন্তর্জাতিক নার্স দিবস- ১২ মে
৩. আন্তর্জাতিক নারী দিবস- ৮ মার্চ
৪. বিশ্ব হিমোফিলিয়া সচেতনতা দিবস- ১৭ এপ্রিল
৫. বিশ্ব তামাকমুক্ত দিবস - ৩১ মে

**৮৯. ক্ষারের সংস্পর্শে লিটমাস কাগজের নিচের কোন পরিবর্তনটি দেখা যায়?**
ক. লাল লিটমাস বেগুনী লিটমাসে পরিনত হয়
খ. কোনো পরিবর্তন হয়না
গ. লাল লিটমাস নীল লিটমাসে পরিণত হয়
ঘ. নীল লিটমাস লাল লিটমাসে পরিণত হয়
উঃ গ
**ব্যাখ্যা:** লিটমাস পেপারের বর্ণ পরিবর্তনের মাধ্যমে আমরা অম্ল-ক্ষা্র শনাক্ত করতে পারি। অম্লের সংস্পর্শে আসলে নীল লিটমাস লাল লিটমাসে পরিণত হয়। ক্ষারের সংস্পর্শে আসলে লাল লিটমাস নীল লিটমাসে পরিণত হয়।

**৯০. পানি বিশুদ্ধকরণ প্রক্রিয়া নয় কোনটি?**
ক. সোডিয়াম ক্লেরিইড ব্যবহারকরণ
খ. পাতন
গ. সোডিয়াম হাইপোক্লোইট ব্যবহারকারণ
ঘ. পরিস্রাবণ
উঃ ক
**ব্যাখ্যা:** অবিশুদ্ধ পানি বিশুদ্ধ করার জন্য কয়েকটি পদ্ধতি ব্যবহার করা হয়। যেমন:
১. পাতন ২. সোডিয়াম হাইপোক্লারাইট ব্যবহারকরণ ৩. পরিস্রাবণ ৪. ছাঁকন ইত্যাদি

**৯১. 'অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট'-Which following phrase is appropriate?**
a. Many cooks spoil the food
b. Too many cooks spoil the broth
c. Too many minks destroy the gas
d. Many monks misuse the gas
ans. b
**ব্যাখ্যা:** অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট -Too many cooks spoil the broth.

**৯২. 'সকাল থেকে মুষলধারে বৃষ্টি হচ্ছে-Translate into English**
a. It has been raining cats and dogs morning
b. It has started raining from morning
c. It is raining cats and dogs from morning
d. It has been raining cats and dogs in the morning
ans. a
**ব্যাখ্যা: 'সকাল থেকে মুষলধারে বৃষ্টি হচ্ছে- It has been raining cats and dogs morning.**

**৯৩. নিচের কোনটি মৌলিক বলের উদাহরণ নয়?**
ক. মহাকর্ষ বল খ. নিউক্লিও বল
গ. তড়িৎচৌম্বক ঘ. ঘর্ষণ বল
উঃ ঘ
**ব্যাখ্যা:** মৌলিক বল ৪টি। যথা: (১) মহাকর্ষ বল (২) তাড়িৎ চৌম্বক বল (৩) সবল নিউক্লিয় বল (৪) দুর্বল নিউক্লিয় বল।

**৯৪. ভাষার ক্ষুদ্রতম উপাদান কোনটি?**
ক. ধ্বনি খ. বাক্য
গ. অক্ষর ঘ. শব্দ
উঃ ক
**ব্যাখ্যা:** ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি।
ভাষার ইট বলা হয় বর্ণকে।
ভাষার ছাদ বলা হয় বাক্যকে।
ভাষার স্বর বলা হয় ধ্বনিকে।

**৯৫. নিচের কোনটি অসংক্রামক ব্যাধি?**
ক. কুষ্ঠ খ. স্ক্যাবিস
গ. ডায়বেটিস ঘ. যক্ষ্ম
উঃ গ
**ব্যাখ্যা:** যেসব রোগ একজনের থেকে আরেকজনের কাছে ছড়িয়ে পড়ে তাকে সংক্রামক ব্যাধি বলে। যেমন- যক্ষা, ইনফ্লুয়েঞ্জা, বসন্ত, হাম, স্কেবিস ইত্যাদি। ইনসুলিনের অভাবজনিত কারণে ডায়াবেটিস হয়। এটি একটি অসংক্রামক ব্যাধি।

**৯৬. কুমিল্লার ময়নমতিতে কোন প্রাচীন সভ্যতার নিদর্শন পাওয়া যায়?**
ক. মৌর্য খ. বৌদ্ধ বিহার
গ. পুন্ড্র ঘ. আর্য
উঃ খ
**ব্যাখ্যা:** ১. কুমিল্লার ময়নামতিতে প্রাচীণ বৌদ্ধ সভ্যতার নিদর্শন পাওয়া যায়।
২. বগুড়ার মহাস্থানগড়ে প্রাচীণ পুন্ড্র সভ্যতার নিদর্শন পাওয়া যায়।

**৯৭. নিচের কোন ক্ষেত্রে আইসোটোপের ব্যবহার হয় না?**
ক. অঙ্গপ্রতঙ্গের কর্মপদ্ধতি বের করায় খ. রোগ নির্ণয়ে
গ. রোগ প্রতিরোধে ঘ. রোগের চিকিৎসায়
উঃ ক
**ব্যাখ্যা:** আইসোটোপের ব্যবহার :
১. বিভিন্ন রোগ নির্ণয় ও নিরাময়ে
২. কৃষিক্ষেত্রে পতঙ্গ নিয়ন্ত্রনে
৩. খাদ্য দ্রব্য সংরক্ষণে ও ভূ-তাত্ত্বিক গবেষণার কাজে

৯৮. **নিচের কোনটি রাসায়নিক পরিবর্তন?**
ক. লবণ পানিতে দ্রবীভূত হওয়া খ. লোহার মরিচা ধরা
গ. তাপ দ্বারা মোম গলানো ঘ. বরফ গলে পানি হওয়া
উঃ খ
ব্যাখ্যা: যে পরিবর্তনের মাধ্যমে পদার্থের ধর্ম ও ভৌত অবস্থার পরিবর্তন হয় তাকে রাসায়নিক পরিবর্তন বলে। যেমন: লোহায় মরিচা ধরা। যে পরিবর্তনে শুধু পদার্থের অবস্থার পরিবর্তন হয় কিন্তু ধর্মের পরিবর্তন হয় না তাকে ভৌত পরিবর্তন বলে। যেমন: বরফ গলে পানি হওয়া, তাপ দ্বারা মোম গলানো ইত্যাদি।

৯৯. **They came home after the rain____. Fill in the blank from below.**
a. stop b. stopped
c. had stopped d. has stopped
ans. c
ব্যাখ্যা: কোনো বাক্যে after থাকলে, after এর পূর্বের অংশ past indefinite এবং after এর পরের অংশ past perfect tense হয়। যেমন: They came home after the rain had stopped.

১০০. **মানুষের হাতে তৈরি পৃথিবীর সবচেয়ে বড় স্থাপত্য কোনটি?**
ক. বার্লিন প্রাচীন খ. আইফেল টাওয়ার
গ. স্ট্যাচু অব লিবার্টি ঘ. চীনের মহাপ্রাচীর
উঃ ঘ
ব্যাখ্যা: পৃথিবীর ৭টি আশ্চর্যের মধ্যে একটি হলো চীনের মহাপ্রাচীর। এটি মানুষের হাতে তৈরি সবচেয়ে বড় স্থাপত্য। এটির দৈর্ঘ্য ৮৮৫১.৮ কিলোমিটার এবং উচ্চতা ৫-৮ মিটার।

## নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি পরীক্ষা ২০২১-২২

**পরীক্ষার তারিখ: ২০.০৫.২০২২, সময়: ১ ঘণ্টা, পূর্ণমান: ১০০**

১. **নিচের কোনটি সঠিক আবেগ?**
ক আহ - অলংকার আবেগ
খ আরে - করুণা আবেগ
গ বেশ - সিদ্ধান্ত আবেগ
ঘ যাক - বিস্ময় আবেগ
উ: গ
☑ ব্যাখ্যা: মানুষের মনের নানা অনুভূতি বোঝানোর জন্য বিভিন্ন ধরনের আবেগ প্রকাশিত হয়। যেমন- বেশ আমি কাজটা করব-সিদ্ধান্ত আবেগ।

২. **The synonym for 'Ambition' is**
ক Purposelessness খ Aimlessness
গ Indifference ঘ Desire
উ: ঘ
☑ ব্যাখ্যা: Ambition অর্থ- উচ্চাকাঙ্ক্ষা, desire- আকাঙ্ক্ষা, অভিলাষ, Indifference উদাসীনতা, Aimlessness- লক্ষ্যহীনতা, Purposelessness- উদ্দেশ্যহীনতা।

৩. **Which is synonym of 'Modern"?**
ক Fashionable খ Ancient
গ Past ঘ Outdated
উ: ক
☑ ব্যাখ্যা: Modern- আধুনিক; Past, Outdated, Ancient-এর অর্থ যথাক্রমে- অতীত, সেকেলে ও পুরাতন।

৪. **তাড়িতচৌম্বক বল কোন কণার পারস্পরিক বিনিময়ের জন্য কার্যকর হয়?**
ক গ্রাভিটন খ মেসন
গ ফোটন ঘ প্রোটন
উ: গ
☑ ব্যাখ্যা: দুইটি আহিত বা চার্জিত কণা বা বস্তু তাদের আধানের কারণে একে অপরের ওপর যে বল প্রয়োগ করে তাকে তাড়িতচৌম্বক বল বলে। ফোটন কণার পারস্পরিক বিনিময়ের জন্য এ বল কার্যকর হয়।

৫. **Choose the correct spelling-**
ক Assesment খ Asessment
গ Assessment ঘ Asesment
উ: গ
☑ ব্যাখ্যা: Assessment - মূল্যনির্ধারণ, নিরূপণ।

৬. **নিচের কোনটিকে "কার্বলিক এসিড" বলা হয়?**
ক ফিনাইল অ্যাসিটেট খ বেনজাইল অ্যালকোহল
গ ফেনল ঘ অ্যামিনো বেনজিন
উ: গ
☑ ব্যাখ্যা: : ফেনলকে 'কার্বলিক এসিড' বলা হয়। এটি একটি অ্যারোমেটিক যৌগ।

৭. **ABCD আয়তক্ষেত্রের দৈঘ্য a, প্রস্থ b, কর্ণ d আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল কত?**
ক bd খ ad
গ 2ab ঘ ab
উ: ঘ
☑ ব্যাখ্যা: আমরা জানি, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল
= (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক
= $a \times b$ বর্গ একক
= ab বর্গ একক

৮. **কোন ভিটামিন রক্তপাত বন্ধ করতে সাহায্য করে?**
ক ভিটামিন কে খ ভিটামিন ডি
গ ভিটামিন এ ঘ ভিটামিন বি
উ: ক
☑ ব্যাখ্যা: ভিটামিন কে রক্তপাত বন্ধ করতে সাহায্য করে। শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় ভিটামিন এ। ভিটামিন বি খাদ্য থেকে দেহের জন্য শক্তি উৎপন্ন করে। শরীরের ক্যালসিয়াম ও ফসফরাসের মাত্রার ভারসাম্য বজায় রাখে ভিটামিন ডি।

৯. **বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?**
ক এপ্রিল খ অক্টোবর
গ জানুয়ারী ঘ মার্চ
উ: ক

☑ ব্যাখ্যা: বাংলাদেশে আবহাওয়া অধিদপ্তরের পরিসংখ্যান অনুযায়ী এপ্রিল- মে মাস হলো উষ্ণতম। এসময় তাপমাত্রা 36°-40° পর্যন্ত থাকতে পারে। এই মাসে মৃদু বা মাঝারি তাপপ্রবাহ দেখা যায়। আবার শিলাবৃষ্টিসহ কালবৈশাখী ঝড়ের প্রকোপও বাড়ে।

**১০. অসংরক্ষনশীল বল কোনটি?**

ক ঘর্ষণ বল খ বৈদ্যুতিক বল
গ অভিকর্ষ বল ঘ চুম্বক বল উ:ক

☑ ব্যাখ্যা: ঘর্ষণ বল, সান্দ্র বল, সবল ও দুর্বল নিউক্লিয় বল হলো অসংরক্ষণশীল বল।

**১১. "বিশ্ব ম্যালেরিয়া দিবস" পালিত হয় -**

ক ১৩ এপ্রিল খ ১৮ এপ্রিল
গ ২৫ এপ্রিল ঘ ১৫ এপ্রিল উ:গ

☑ ব্যাখ্যা: বিশ্ব ম্যালেরিয়া দিবস প্রতিবছর এপ্রিল মাসের ২৫ তারিখে সমগ্র বিশ্বে পালন করা একটি সচেতনতামূলক দিবস।

**১২. পিতা-পুত্রের বয়সের সমষ্টি ৫০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৯ গুন হলে পুত্রের বয়স কত বছর?**

ক 17 খ 10
গ 15 ঘ 5 উ:ঘ

☑ ব্যাখ্যা: ধরি, পুত্রের বয়স x বছর

∴ পিতার বয়স 9x বছর

প্রশ্নমতে, $x + 9x = 50$

$\Rightarrow 10x = 50$

$\therefore x = 5$

**১৩. ১ থেকে ৫০ পর্যন্ত সংখ্যাগুলোর যোগফল কত?**

ক ১৩৫০ খ ১১৭৫
গ ১১৯০ ঘ ১২৭৫ উ:ঘ

☑ ব্যাখ্যা:

n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল = $\frac{n(n+1)}{2}$

∴ 1 থেকে 50 পর্যন্ত স্বাভাবিক সংখ্যার যোগফল = $\frac{50(50+1)}{2}$

= 1275

**১৪. ইউনেস্কো কর্তৃক ৭ মার্চের ভাষনকে "ওয়ার্ল্ডস ডকুমেন্টারী হেরিটেজ বা বিশ্ব প্রামান্য ঐতিহ্য" হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়-**

ক ২০১৬ সালে গ ২০১৮ সালে
খ ২০১৯ সালে ঘ ২০১৭ সালে উ:ঘ

☑ ব্যাখ্যা: ১৯৭১ সালের ৭ মার্চের ভাষণ বাঙ্গালি জাতির মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রেরণা ও শক্তির উৎস। ২০১৭ সালের ৩০ শে অক্টোবর ইউনেস্কো ৭ মার্চের ভাষণকে মেমোরি অব্য দ্যা ওয়ার্ল্ড এর স্বীকৃতি দিয়েছে।

**১৫. নিচের কোন বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে**

ক রবীন্দ্র রচনাবলী ত্রিশ খন্ডে পাওয়া যায়।
খ ছাত্ররা এসে জড়ো হয়েছে।
গ সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করছেন।
ঘ মাঝিরা নৌকা চালায়। উ:গ

☑ ব্যাখ্যা: সমাজে নারীর ক্ষমতায়ন নিয়ে তিনি গবেষণা করেছেন-বাক্যে বহুবচন ব্যবহৃত না হয়েও বহুবচন বোঝাচ্ছে। ব্যাকরণে বিশেষ্য বা সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বলে বচন। বচন দুই প্রকার। যথা : একচন ও বহুবচন।

**১৬. রোগ সৃষ্টিকারী অনুজীবকে বলা হয়-**

ক অ্যান্টিজেন খ টক্সিন
গ অ্যান্টিবডি ঘ প্যাথজেন উ:ঘ

☑ ব্যাখ্যা: যে অনুজীব রোগ সৃষ্টি করে তাকে প্যাথোজেন বলে।

**১৭. আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স মানবদেহের কোন অঙ্গে থাকে?**

ক অগ্ন্যাশয় খ বৃক
গ ক্ষুদ্রান্ত্র ঘ পাকস্থলি উ:ক

☑ ব্যাখ্যা: আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স মানবদেহের অগ্ন্যাশয়ে থাকে।

**১৮. নিচের কোনটি দুর্বল অ্যাসিড?**

ক $H_2SO4$ খ HNO,
গ $CH_3COOH$ ঘ HCI spelled word উ:গ

☑ ব্যাখ্যা: $CH_3COOH$ বা অ্যাসিটিক এসিড একটি দুর্বল এসিড কারণ এটি পানিতে আংশিকভাবে বিয়োজিত হয়।

**১৯. রঞ্জন রশ্মি কে আবিস্কার করেন?**

ক আইজাক নিউটন খ হেনরি বেকেরেল
গ উইলহেম রন্টজেন ঘ মেরী কুরি উ:গ

☑ ব্যাখ্যা: জার্মান বিজ্ঞানী উইলহেম রন্টজেন ১৮৯৫ সালে রঞ্জন রশ্মি আবিষ্কার করেন। এটি চিকিৎসা বিজ্ঞানে ব্যাপকভাবে ব্যবহৃত হয়।

**২০. "May you live long."- Which kind of sentence is this?**

ক Optative খ Assertive
গ Interrogative ঘ Imperative উ:ক

☑ ব্যাখ্যা: যে বাক্য দ্বারা ইচ্ছা, আশীর্বাদ, প্রার্থনা, বোঝায়, তাকে Optative sentence বলে। May you live long- তুমি দীর্ঘজীবী হও।

**২১. মানবদেহের রক্ত পরিসঞ্চালন প্রক্রিয়া কে আবিস্কার করেছেন? -**

ক আলেকজান্ডার ফ্লেমিং খ লুই পাস্তুর
গ উইলিয়াম হার্ভে ঘ এডওয়ার্ড জেনার উ:গ

☑ ব্যাখ্যা: উইলিয়াম হার্ভে মানবদেহের রক্ত পরিসঞ্চালন প্রক্রিয়া আবিষ্কার করেন। আলেকজান্ডার ফ্লেমিং পেনিসিলিন/এন্টিবায়োটিক, লুই পাস্তুর পাস্তুরাইজেশন এবং এডওয়ার্ড জেনার বসন্তের টীকা আবিষ্কার করেন।

**২২. Fill in the blank with appropriate word: Slow and steady...the race.**

ⓚ has won ⓚh win
ⓖ won ⓖh wins উ:ⓖh

☑ ব্যাখ্যা: একইরকম দুটি singular subject, 'and' দ্বারা যুক্ত হলে verb টি singular হয়। সেক্ষেত্রে অপশন (খ)-ই সঠিক।

**২৩. "আন্তোনিও গুতেরেস এর বিষয়ে নিচের কোনটি সঠিক নয়?**

ⓚ জাতিসংঘের মহাসচিব
ⓚh জাতিসংঘের প্রাক্তন শরনার্থী বিষয়ক উপদেষ্টা
ⓖ পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী
ⓖh বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাসচিব উ:ⓖh

☑ ব্যাখ্যা: জাতিসংঘের বর্তমান মহাসচিব অ্যান্তেনিও গুতেরেস পূর্বে জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনার ছিলেন। তিনি পর্তুগালের সাবেক প্রধানমন্ত্রী। কিন্তু তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থার কেনো পদে ছিলেন না।

**২৪. নিচের কোনটি সরল বাক্য?**

ⓚ পরিশ্রমীরা জীবনে সফল হয়।
ⓚh সে এখানে এলো এবং বসে পড়ল।
ⓖ লোকটি নিরক্ষর, কিন্তু অভদ্র নয়।
ⓖh বিপদ ও দুঃখ একসাথে আসে। উ:ⓚ

**২৫. $a = 3$ হলে $a^2 + 1/a$ এর মান কত?**

ⓚ 6 ⓚh 7
ⓖ 9 ⓖh 11 উ:ⓚh

☑ ব্যাখ্যা: দেওয়া আছে, $a + \frac{1}{a} = 3$

এখন, $a^2 + \frac{1}{a^2} = \left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}$
$= (3)^2 = 2.1$
$= 9 - 2$
$= 7$

**২৬. "জব্বারের বলিখেলা" কোন এলাকার ঐতিহ্যবাহী খেলা?**

ⓚ চট্টগ্রাম ⓚh ময়মনসিংহ
ⓖ রংপুর ⓖh বরিশাল উ:ⓚ

☑ ব্যাখ্যা: জব্বারের বলীখেলা এক বিশেষ ধরনের কুস্তি খেলা। চট্টগ্রামের লালদিঘী ময়দানে প্রতিবছর ১২ বৈশাখে অনুষ্ঠিত হয়। চট্টগ্রামের আঞ্চলিক ভাষায় একে কুস্তি বলীখেলা বলে এবং খেলায় অংশগ্রহনকারীদেরকে বলা হয় 'বলী'। ১৯০৯ সালে চট্টগ্রামের বদরপতি এলাকার ধনাঢ্য ব্যবসায়ী আবদুল জব্বার সওদাগর এই প্রতিযোগিতার সূচনা করেন। তার মৃত্যুর পর এই খেলাটি বলীখেলা নামে পরিচিতি লাভ করে।

**২৭. Which one is the correct spelling?**

ⓚ Redius ⓚh Radius
ⓖ Redious ⓖh Radious উ:ⓚh

☑ ব্যাখ্যা: Radius- ব্যাসার্ধ, এটি singular। Plural হলো- Radii।

**২৮. নিচের কোনটি যৌগিক ক্রিয়ার উদাহরণ?**

ⓚ হেসে উঠা ⓚh মার খাওয়া
ⓖ গান করা ⓖh লজ্জা পাওয়া উ:ⓚ

☑ ব্যাখ্যা: একটি সমাপিকা ক্রিয়া ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে তবে তাকে যৌগিক ক্রিয়া বলে । যেমন- হেসে উঠা, সাইরেন বেজে উঠল।

**২৯. পাকস্থলি প্রাচীরের কোন কোষ হাইড্রোক্লোরিক এসিড (HCl) নিঃসরন করে?**

ⓚ গবলেট কোষ ⓚh মিউকাস নেক কোষ
ⓖ চিফ কোষ ⓖh প্যারাইটাল কোষ উ:ⓖh

☑ ব্যাখ্যা: খাদ্য পরিপাকের সময় পাকস্থলী হতে গ্যাস্ট্রিক গ্রন্থির রস নিঃসৃত হয়ে খাদ্য পরিপাক করে। গ্যাস্ট্রিক গ্রন্থিগুলোর একটি হলো প্যারাইটাল কোষ যা হতে HCl নিঃসরিত হয়।

**৩০. "মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি" গানের গীতিকার কে?**

ⓚ মোহাম্মদ রফিকুজ্জামান ⓚh গোবিন্দ হালদার
ⓖ আপেল মাহমুদ ⓖh সলিল চৌধুরী উ:ⓚh

☑ ব্যাখ্যা: গানটির গীতিকার গোবিন্দ হালদার। অন্যদিকে, গানটির সুরকার আপেল মাহমুদ।

**৩১. 'জ্ঞাতিবধবেদনা' শব্দটির অর্থ কোনটি?**

ⓚ বিচ্ছেদ বা দূরত্ব তৈরী হওয়ার জন্য বেদনা
ⓚh কারো মৃত্যুর কারনে তৈরী হওয়া যন্ত্রণা
ⓖ আত্মীয় হত্যার যন্ত্রণা
ⓖh আঘাত প্রাপ্ত হলে যে বেদনা উ:ⓖ

☑ ব্যাখ্যা: জ্ঞাতিবধবেদনা শব্দটি বিশ্লেষণ করলে দেখা যায়- জ্ঞাতি অর্থ স্বগোত্র, বধ-হত্যা এবং বেদনা-যন্ত্রণা। সুতরাং জ্ঞাতিবধবেদনা শব্দটির অর্থ আত্মীয় হত্যার যন্ত্রণা।

**৩২. In a nutshell means -**

ⓚ large description ⓚh elaborately
ⓖ briefly ⓖh in details উ:ⓖ

☑ ব্যাখ্যা: In a nutshell অর্থ- সংক্ষেপে, briefly-সংক্ষেপে, elaborately-বিশদভাবে।

**৩৩. তাপমাত্রা 40° সেলসিয়াস হলে ফারেনহাইটে কত?**

ক 104°F খ 72°F
গ 40°F ঘ 213° F উ:ক

☑ ব্যাখ্যা: $\frac{C}{5} = \frac{f-32}{9}$

$\Rightarrow 8 = \frac{f-32}{9}$

$\Rightarrow f - 32 = 9 \times 8$

$\Rightarrow f = 72 + 32$

$\Rightarrow f = 104°$

**৩৪. দুটি বস্তুর ঘর্ষনের ফলে যে তাপ উৎপন্ন হয়, এটি কোন ধরনের প্রক্রিয়া?**

ক রুদ্ধতাপীয় প্রক্রিয়া খ প্রত্যাবর্তী প্রক্রিয়া
গ অপ্রত্যাবর্তী প্রক্রিয়া ঘ সমোষ্ণ প্রক্রিয়া উ:গ

☑ ব্যাখ্যা: যে প্রক্রিয়া সম্মুখগামী হওয়ার পর বিপরীতমুখী হয়ে প্রত্যাবর্তন করতে পারে না, তাকে অপ্রত্যাবর্তী প্রক্রিয়া বলে। দুটি বস্তুর ঘর্ষণে তাপ উৎপাদন অপ্রত্যাবর্তী প্রক্রিয়া।

**৩৫. William Shakespeare was -**

ক Philosopher খ Scientist
গ Politician ঘ Playwriter উ:ঘ

☑ ব্যাখ্যা: William Shakespeare ছিলেন নাট্যকার (Playwriter)। তাকে বলা হয় ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ সাহিত্যিক। তিনি ইংল্যান্ডের জাতীয় কবি।

**৩৬. Choose the correct sentence-**

ক Smoking is injurious with health.
খ Smoking is injurious on health.
গ Smoking is injurious to health.
ঘ Smoking is injurious for health. উ:গ

☑ ব্যাখ্যা: injurious to-ক্ষতিকর। injurious-এর সাথে appropriate preposition 'to' সবসময় বসবে।

**৩৭. The correct translation of "রবিবার হইতে বৃষ্টি হইতেছিল" is -**

ক It rained since Sunday.
খ It was raining from Sunday.
গ It had been raining since Sunday.
ঘ It has been raining from Sunday. উ:গ

☑ ব্যাখ্যা: বাংলা বাক্যটি অতীতকাল নির্দেশ করে এবং রবিবার দ্বারা নির্দিষ্ট সময় বোঝাচ্ছে, সেহেতু since হবে। বাক্যটি present perfect continuous না হয়ে past perfect continuous হবে। সুতরাং সঠিক উত্তর অপশন (গ)

**৩৮. 'ছাড়পত্র' কাব্যগ্রন্থটির কবি কে?**

ক নির্মলেন্দু গুণ খ সুকান্ত ভট্টাচার্য
গ ঈশ্বরচন্দ্র গুপ্ত ঘ জীবনানন্দ দাশ উ:খ

☑ ব্যাখ্যা: কিশোর কবি সুকান্ত ভট্টাচার্য রচিত কাব্যগ্রন্থ 'ছাড়পত্র' তার রচিত আরও কিছু কাব্যগ্রন্থ- ঘুম নেই (১৯৫০), পূর্বাভাস (১৯৫০), অভিযান (১৯৫৩), হরতাল (১৯৬২)।

**৩৯. বাম দিকের শব্দের সঠিক বিপরীত শব্দ নয় কোনটি?**

ক ইস্তফা নিবৃত্ত খ নিশ্চেষ্ট সচেষ্ট
গ বিশেষ - সামান্য ঘ রিক্ত পূর্ণ উ:ক

**৪০. বাংলাদেশের প্রথম নারী এভারেস্ট পর্বতারোহী কে?**

ক সাদিয়া শারমিন খ নিশাত মজুমদার
গ মারিয়া নুর ঘ ওয়াজফিয়া নাজরিন উ:খ

☑ ব্যাখ্যা: নিশাত মজুমদার প্রথম বাংলাদেশী হিসেবে ২০১২ সালের ১৯ মে শনিবার সকাল নয়টা ৩০ মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেন।

**৪১. নিচের কোনটি এডিস (Aedes) মশা বাহিত রোগ নয়?**

ক ডেঙ্গু খ ম্যালেরিয়া
গ চিকুনগুনিয়া ঘ জিকা উ:খ

☑ ব্যাখ্যা: ম্যালেরিয়া রোগের জীবাণু ছড়ায় স্ত্রী অ্যানোফিলিস মশা। অপরদিকে চিকুনগুনিয়া, জিকা ও ডেঙ্গু এডিস মশাবাহিত রোগ।

**৪২. Choose the correctly**

ক Nominee খ Nominy
গ Nomeeni ঘ Nomini উ:ক

☑ ব্যাখ্যা: Nominee- মনোনীত ব্যক্তি, এর verb হলো nominate - মনোনীত করা।

**৪৩. বায়ুমন্ডলের তাপমাত্রা বৃদ্ধিতে কোন গ্যাসটির ভূমিকা সবচেয়ে বেশী?**

ক নাইট্রাস অক্সাইড খ কার্বন ডাই অক্সাইড
গ মিথেন
ঘ অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড উ:খ

☑ ব্যাখ্যা: সূর্য থেকে বিকীর্ণ তাপ ভূ-পৃষ্ঠে আটকে রাখে কার্বন ডাই-অক্সাইড। তাই বায়ুমণ্ডলের তাপমাত্রা বৃদ্ধিতে কার্বন ডাই- অক্সাইড গ্যাসের ভূমিকা সবচেয়ে বেশি ।

**৪৪. কোনটি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস নয়?**

ক চোখের বালি খ দেবদাস
গ গৃহদাহ ঘ দত্তা উ:ক

☑ ব্যাখ্যা: 'চোখের বালি' (১৯০৩), রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বাংলা সাহিত্যের প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস। মহেন্দ্র, আশা, বিহারী, বিনোদিনী এ উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র।

**৪৫. নিচের কোনটি লিভারের গ্লাইকোজেনকে ভেঙ্গে রক্তে গ্লুকোজের পরিমান বৃদ্ধি করে?**

ক ইনসুলিন খ বেনিন
গ থাইরোক্সিন ঘ গ্লুকাগন উ:ঘ

☑ **ব্যাখ্যা:** গ্লুকাগন হলো অগ্ন্যাশয়ের আলফা কোষ দ্বারা উৎপাদিত পেপ্টাইড হরমোন যা লিভারের গ্লাইকোজেনকে ভেঙ্গে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে।

**৪৬. ডিনামাইট তৈরীতে কোন যৌগটি ব্যবহৃত হয়?**

ক নাইট্রোফেনল খ নাইট্রোটলুইন
গ নাইট্রোগ্লিসারিন ঘ নাইট্রোবেনজিন উ:গ

☑ **ব্যাখ্যা:** ডিনামাইট একটি বিস্ফোরক যা নাইট্রোগ্লিসারিন, সরবেন্ট এবং স্টেবিলাইজার দিয়ে তৈরি।

**৪৭. নিচের পদ্ধতিসমূহের মধ্যে সার্জিক্যাল ইন্সট্রুমেন্ট জীবানুমুক্ত করার জন্যে সর্বোত্তম কোনটি?**

ক অটোক্লেভ খ ফুটানো
গ হট এয়ার ওভেন ঘ ফরমালডিহাইড উ:ক

☑ **ব্যাখ্যা:** অটোক্লেভ হলো কোনো বস্তু বা যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার একটি যন্ত্র। 121°C তাপমাত্রা ও 15 Ib/rg.inch চাপে ২০ মিনিট কোনো বস্তুকে রেখে জীবাণুমুক্ত করা হয়। সার্জিক্যাল ইন্সট্রুমেন্ট জীবানুমুক্ত করার জন্য সর্বোত্তম হলো অটোক্লেভ।

**৪৮. কোনটি রূপান্তরিত শিলা?**

ক গ্রানাইট খ বেলেপাথর
গ কয়লা ঘ গ্যারেনা উ:ক

☑ **ব্যাখ্যা:** প্রবল ভূ-আন্দোলন বা অন্য কোনো প্রাকৃতিক শক্তির প্রভাবে ভূ- পৃষ্ঠের শিলাসমূহ ভূ-গর্ভে চাপা পড়ে এবং উচ্চতাপ ও চাপে পরিবর্তিত হয়ে নতুন শিলায় পরিণত হয় যা হলো রূপান্তরিত শিলা। গ্রানাইট থেকে গ্রানাইট নিস, ব্যাসল্ট থেকে অ্যাম্ফিবোলাইট, অগনাইট থেকে হর্নব্লেন্ড, বেলেপাথর থেকে কোয়ার্টজাইট, কাদাপাথর বা শেল থেকে প্লেট, চুনাপাথর থেকে মার্বেল। অঙ্গারময় পিট কয়লা থেকে গ্রাফাইট প্রভৃতি হলো রূপান্তরিত শিলা।

**৪৯. বাক্যে সাধু ও চলিত রীতির মিশ্রণকে বলে-**

ক গুরুচন্ডালী দোষ খ বাহুল্য দোষ
গ আঞ্চলিক দোষ ঘ উপমার দোষ উ:ক

☑ **ব্যাখ্যা:** বাক্যে সাধু ও চলিত রীতির মিশ্রণকে গুরুচণ্ডালী দোষ বলে। বাংলা সাহিত্যে চলিত রীতির রূপকার, স্রষ্ঠা ও প্রথম ব্যবহাকারী প্রমথ চৌধুরী।

**৫০. নিচের কোনটি ফেরোচৌম্বক পদার্থ নয়?**

ক সীসা খ কোবাল্ট
গ লোহা ঘ নিকেল উ:গ

☑ **ব্যাখ্যা:** কোনো চৌম্বক পদার্থ চৌম্বকক্ষেত্রে ছাড়াই স্বতঃস্ফূর্তভাবে বিন্যস্ত হয়ে শক্তিশালী চুম্বকে পরিণত হলে তাকে ফেরোচৌম্বক পদার্থ বলে। নিকেল, কোবাল্ট, লোহা ইত্যাদি ফেরোচৌম্বক পদার্থ।

**৫১. কোন পদ্ধতিতে ধানের তুষ থেকে ভোজ্য তেল নিষ্কাশন করা হয়?**

ক স্টিম পাতন খ আংশিক পাতন
গ দ্রাবক নিষ্কাশন
ঘ কলাম ক্রোমাটোগ্রাফি উ:গ

☑ **ব্যাখ্যা:** যে পদ্ধতিতে কোনো দ্রাবকে দ্রবীভূত একাধিক যৌগের মিশ্রণ থেকে সুনির্দিষ্ট উপযোগী দ্রাবক দ্বারা নির্দিষ্ট দ্রবকে মিশ্রণ থেকে পৃথক করা হয় তাকে দ্রাবক নিষ্কাশন বলে। এ পদ্ধতিতে ধানের তুষ থেকে ভোজ্য তেল নিষ্কাশন করা হয়।

**৫২. মুক্তিযুদ্ধভিত্তিক গ্রন্থগুলোর পাশে উল্লেখিত লেখকের নাম কোনটি**

ক জো ও জননীর গল্প হুমায়ুন আহমেদ
খ একাত্তরের দিনগুলি- জাহানারা ইমাম
গ একাত্তরের ডাইরী বেগম সুফিয়া কামাল
ঘ একাত্তরের চিঠি আনিসুল হক উ:ঘ

☑ **ব্যাখ্যা:** একাত্তরের চিঠি ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে লেখা ৮৬টি চিঠির একটি সংকলন। ইতিহাসবিদ অধ্যাপক সালাউদ্দীন আহমদ ছিলেন সম্পাদনা পরিষদের সভাপতি।

**৫৩. 'সমুদ্র' এর প্রতিশব্দ নয় কোনটি?**

ক মহীষর খ পারাবার
গ রত্নাকর ঘ অর্ণব উ:ক

☑ **ব্যাখ্যা:** 'সমুদ্র' শব্দের প্রতিশব্দ নয় মহীষর। অন্যদিকে- সমুদ্র শব্দের কিছু প্রতিশব্দ-সাগর, সিন্ধু, অর্ণব, রত্নাকর, পারাবার, জলনিধি, পাথার।

**৫৪. নিচের কোন সংখ্যাটি মৌলিক সংখ্যা নয়?**

ক ৩ খ ১
গ ২ ঘ ৪ উ:খ,ঘ

☑ **ব্যাখ্যা:** 1 এর চেয়ে বড় যে সকল সংখ্যার 1 এবং ঐ সংখ্যা ব্যতীত অন্য কোনো উৎপাদক নেই তাকে মৌলিক সংখ্যা বলে। এখানে $4 = 2 \times 2$। অর্থাৎ, 1 ও 4 কোনো মৌলিক সংখ্যা নয়।

**৫৫. নিচের কোনটি অদাহ্য পদার্থ?**

ক ইথার খ হিলিয়াম
গ পেট্রোলিয়াম ঘ বেনজিন উ:খ

☑ **ব্যাখ্যা:** যে সকল পদার্থে আগুন ধরে না তাদের অদাহ্য পদার্থ বলে। যেমন : পানি, বালু, কাঁচ, তামা, দস্তা, হিলিয়াম, সোনা ইত্যাদি।

**৫৬. "দেশ" একটি?**

ক মিষ্টির নাম খ ধানের নাম
গ পত্রিকার নাম ঘ ফলের নাম উ:গ

☑ ব্যাখ্যা: পশ্চিমবঙ্গের সাহিত্য বিষয়ক বাংলা পাক্ষিক পত্রিকা হলো দেশ। আনন্দবাজার পত্রিকা গ্রুপ কর্তৃক প্রতি মাসের ২ এবং ১৭ তারিখে এটি প্রকাশিত হয় ১৯৩৩ সাল থেকে। বর্তমানে সুমন সেনগুপ্ত সম্পাদিত দেশ পত্রিকাটি সাহিত্য ছাড়াও রাজনীতি, খেলা, সিনেমা ও সাম্প্রতিক বিষয় ইত্যাদি সব নিয়ে ছাপা হয়।

**৫৭. Choose the correct sentence –**
ⓚ The train is running by time.
ⓛ The train is running in time.
ⓜ The train is running on time.
ⓝ The train is running with time. উ:ⓜ
☑ ব্যাখ্যা: সঠিক সময় বোঝাতে 'on time' হবে।

**৫৮. ওয়েবসাইটের ঠিকানায় ব্যবহৃত 'HTTP' এর পূর্ণরূপ কি?**
ⓚ Hyper Text Transition Protocol
ⓛ Hyper Text Transmission Protocol
ⓜ High Texture Transcription Protocol
ⓝ HyperText Transfer Protocol উ:ⓝ
☑ ব্যাখ্যা: HTTP একটি প্রটোকল, যা HTML ডকুমেন্টে প্রবেশ করা বা ওয়েব সার্ভার ও ক্লায়েন্ট এর মধ্যে তথ্য আদান-প্রদানের জন্য ব্যবহার করা হয়।

**৫৯. নিচের কোন তরঙ্গটির তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশী?**
ⓚ অবলোহিত ⓛ গামা
ⓜ বেতার ⓝ অতিবেগুনি উ:ⓜ
☑ ব্যাখ্যা: বেতার তরঙ্গের কম্পাঙ্ক সবচেয়ে কম এবং তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি। অপরদিকে গামা রশ্মির কম্পাঙ্ক সবচেয়ে বেশি এবং তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম।

**৬০. নিচের কোন উদাহরণে ভাববাচক বিশেষণ রয়েছে:**
ⓚ পাথুরে মূর্তি ⓛ খুব সুন্দর ছবি
ⓜ এক টন রড ⓝ লোকটা ধার্মিক উ:ⓛ
☑ ব্যাখ্যা: যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে তাই ভাব বিশেষণ। যেমন- খুব সুন্দর ছবি।

**৬১. Full form of CGPA is –**
ⓚ Certificate Grade Point Average
ⓛ Current Grade Point Average
ⓜ Complete Grade Point Average
ⓝ Cumulative Grade Point Average উ:ⓝ

**৬২. কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা কোনটি?**
ⓚ সমকাল ⓛ ধূমকেতু
ⓜ সমাচার দর্পণ ⓝ সবুজপত্র উ:ⓛ
☑ ব্যাখ্যা: কাজী নজরুল ইসলাম সম্পাদিত ধূমকেতু একটি অর্ধ-সাপ্তাহিক পত্রিকা। এর প্রথম সংখ্যায় (১৩২৯ সালের ২৬ শ্রাবণ) নজরুলের কবিতা ধূমকেতু প্রকাশিত হয়। এই পত্রিকার সর্বশেষ সংস্করণ ১৯২৩ সালের মার্চ মাসে প্রকাশিত হয়েছিল।

**৬৩. কোন রংয়ের আলোর বেগ সবচেয়ে কম?**
ⓚ লাল ⓛ বেগুনী
ⓜ নীল ⓝ সবুজ উ:ⓛ
☑ ব্যাখ্যা: ব্যাখ্যা: দৃশ্যমান বর্ণালীর মধ্যে বেগুনি রংয়ের আলোর বেগ সবচেয়ে কম এবং লাল রংয়ের আলোর বেগ সবচেয়ে বেশি।

**৬৪. নিচের কোনটি বিভাগীয় শহর।**
ⓚ দিনাজপুর ⓛ রংপুর
ⓜ নাটোর ⓝ বগুড়া উ:ⓛ
☑ ব্যাখ্যা: রাজশাহী বিভাগের অন্তর্গত উত্তরাঞ্চলের ৮টি জেলা (রংপুর, দিনাজপুর, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, ঠাকুরগাঁও, কুড়িগ্রাম ও পঞ্চগড়) নিয়ে ৯ মার্চ ২০১০ সালে গঠিত হয় রংপুর বিভাগ। এখন দেশে মোট বিভাগ সংখ্যা ৮টি।

**৬৫. Choose the correct sentence from the following:**
ⓚ One should obey once parents.
ⓛ One should obey their parents.
ⓜ One should obey one's parents.
ⓝ One should obey the parents. উ:ⓜ
☑ ব্যাখ্যা: one-এর possessive form হিসেবে one's বসবে; his/her নয়।

**৬৬. টেকনাফ ও তেতুলিয়া কোন দুটি জেলায় অবস্থিত?**
ⓚ বান্দরবান ও নীলফামারী
ⓛ চট্টগ্রাম ও কুড়িগ্রাম
ⓜ কক্সবাজার ও দিনাজপুর ⓝ কক্সবাজার ও পঞ্চগড় উ:ⓝ
☑ ব্যাখ্যা: চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার একটি উপজেলা হলো টেকনাফ। এটি বাংলাদেশের সর্বদক্ষিণে অবস্থিত অপরদিকে বাংলাদেশের সর্বউত্তরে অবস্থিত তেঁতুলিয়া উপজেলাটি রংপুর বিভাগের পঞ্চগড় জেলায় অবস্থিত।

**৬৭. The correct translation of "ট্রেনটি ঢাকা যাবে" is -**
ⓚ The train is leaving for Dhakⓚ
ⓛ The train went to Dhaka.
ⓜ The train is going to Dhakⓚ
ⓝ The train is bound for Dhakⓚ উ:ⓝ
☑ ব্যাখ্যা: কোথাও যেতে প্রস্তুত, গমনোদ্যত বোঝাতে bound for বসে।

**৬৮. একুশে ফেব্রুয়ারিকে "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" ঘোষণা করে কোন সংস্থা?**
ⓚ জাতিসংঘ ⓛ ইউনিসেফ
ⓜ ইউনেস্কো ⓝবিশ্বব্যাংক উ:ⓜ

☑ ব্যাখ্যা: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর অধিবেশনে ১৮৮টি দেশের সমর্থনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়। ২০০০ সাল থেকে জাতিসংঘের অন্তর্ভুক্ত সকল সদস্য দেশ এই দিবসটি যথাযথ মর্যাদায় পালন করছে।

**৬৯. "Don't judge a book by its cover." বাক্যটির সঠিক বাংলা কোনটি?**

ⓚ চক চক করলেই সোনা হয় না
ⓚ গাছে কাঠাল গোঁফে তেল
ⓖ নিজের ভালো পাগলেও বোঝে
ⓖ বলা সহজ করা কঠিন
উ: ⓚ

☑ ব্যাখ্যা: বাহ্যিক রং/আকৃতি দেখে কোনো বিষয়ে মতামত না দেওয়া কিংবা কোনকিছু নির্ধারণ না করা বোঝাতে উপযুক্ত প্রবাদ বাক্যটি ব্যবহৃত হয়। চকচক (বাইরের রূপ) করলেই সোনা হয় না। (দেখেই তাকে সোনা মনে করা উচিত নয়)।

**৭০. $(a + b)^2 = 2ab = ?$**

ⓚ $a + b$ ⓚ $a - b$
ⓖ $a^2 - b^2$ ⓖ $a^2 + b^2$
উ: ⓖ

☑ ব্যাখ্যা: (a + b)2 – 2ab

$= a^2 + 2ab + b^2 - 2ab$

$= a^2 + b^2$

**৭১. নিচের কোন অর্থটি 'তালকানা' শব্দটির সঠিক অর্থ প্রকাশ করে?**

ⓚ কপট ⓚ সুযোগসন্ধানী
ⓖ কান্ডজ্ঞানহীন ⓖ নীচুমনা
উ: ⓖ

☑ ব্যাখ্যা: 'তালকানা' বাগধারার সঠিক অর্থ কাণ্ডজ্ঞানহীন। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা- ছিচকাঁদুনে-অল্পতেই কাঁদে এমন, কালে ভদ্রে -কদাচিৎ, গৌরচন্দ্রিকা- ভূমিকা, খয়ের খাঁ-চাটুকার।

**৭২. পেপটাইজেশন পদ্ধতিতে নিচের কোনটি তৈরী করা যায়?**

ⓚ কোয়্যাগুলেশন ⓚ ইমালশন
ⓖ কলয়েড ⓖ সাসপেনশ
উ: ⓖ

☑ ব্যাখ্যা: কোনো সদ্য প্রস্তুত অধঃক্ষেপের বড় কণাগুলোর সাথে অন্য কোনো পদার্থ যোগ করে অধঃক্ষেপটি কলয়েড কণায় রূপান্তরিত করার পদ্ধতিকে পেপটাইজেশন বা অপলয়ন বলে।

**৭৩. Which one is the correct sentence?**

ⓚ The lady died from cancer.
ⓚ The lady died due to cancer.
ⓖ The lady died of cancer.
ⓖ The lady died by cancer.
উ: ⓚ

☑ ব্যাখ্যা: রোগে মারা যাওয়া বোঝালে die of হয়, accident-এ মারা গেলে die by হয়, কোনো কারণে (অতিরিক্ত খাওয়া) মারা গেলে die from হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (ক)।

**৭৪. তারা সাগরের তীরে ঝিনুক কুড়াত" বাক্যটি কোন কালের?**

ⓚ সাধারণ অতীত ⓚ ঘটমান অতীত
ⓖ পুরাঘটিত বর্তমান ⓖ নিত্য অতীত
উ: ⓖ

☑ ব্যাখ্যা: বাক্যটি নিত্য অতীতকালের। অতীতকালের যে ক্রিয়া সাধারণ অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীতকাল বলে। যেমন- আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম।

**৭৫. দুটি গতিশীল বস্তুর একটির সাপেক্ষে অপরটির গতিকে কি বলে?**

ⓚ আপেক্ষিক স্থিতি ⓚ পরম গতি
ⓖ আপেক্ষিক গতি ⓖ পরম স্থিতি
উ: ⓖ

☑ ব্যাখ্যা: আপেক্ষিক বেগ বা আপেক্ষিক গতি বলতে দুটি বস্তুর পরস্পরের সাপেক্ষে বস্তু দুটির বেগ বা অবস্থানের পরিবর্তন নির্দেশ করে।

**৭৬. বাংলাদেশের একমাত্র প্রবাল দ্বীপ কোনটি?**

ⓚ মনপুরা ⓚ ভাষানচর
ⓖ হাতিয়া ⓖ সেন্ট মার্টিন
উ: ⓖ

☑ ব্যাখ্যা: সেন্টমার্টিন দ্বীপ বাংলাদেশের সর্ব দক্ষিণে বঙ্গোপসাগরের উত্তর-পূর্বাংশে অবস্থিত একটি ছোট (৮ বর্গ কি.মি.) দ্বীপ। এটি দেশের একমাত্র প্রবাল দ্বীপ। প্রচুর নারিকেল গাছ থাকায় এর অপর নাম নারিকেল জিঞ্জিরা।

**৭৭. $\Delta ABC$ এ $\angle A = 90°$ হলে ত্রিভুজটি কি ধরনের?**

ⓚ সমদ্বিবাহু ⓚ বিসমবাহু
ⓖ সমকোণী ⓖ সমবাহু
উ: ⓖ

☑ ব্যাখ্যা: যে ত্রিভুজের একটি কোণ সমকোণ বা 90° তাকে সমকোণী ত্রিভুজ বলে।

**৭৮. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ৫ সে.মি ও এক বাহুর দৈর্ঘ্য ৪ সে.মি। ত্রিভুজটির অপর বাহুর দৈর্ঘ্য কত সে.মি.?**

ⓚ ৪ ⓚ ২
ⓖ ৩ ⓖ ৫
উ: ⓖ

☑ ব্যাখ্যা: মনে করি, অপর বাহুর দৈর্ঘ্য x সে. মি.। পীথাগোরাসের সূত্র অনুযায়ী,

$x^2 + 4^2 = 5^2$

$\Rightarrow x^2 = 25 - 16$

$\Rightarrow x^2 = 9$

$\therefore x = 3$

**৭৯. নিচের কোনগুলি সমষ্টি-বিশেষ্যের উদাহরণ?**

ⓚ নদী ও সাগর ⓚ পরিবার ও মিছিল
ⓖ আকাশ ও পাহাড় ⓖ যুগান্তর ও গণদেবতা
উ: ⓚ

☑ ব্যাখ্যা: যে বিশেষ্য পদ দ্বারা এক জাতীয় ব্যক্তি, বস্তু বা প্রাণীর সমষ্টি বোঝায়, তাকে সমষ্টিবাচক বিশেষ্য বলে। যেমন- পরিবার, মিছিল, জনতা, সমিতি, দল, সারি।

**৮০. নিচের কৃত্রিম খাদ্য সংরক্ষকগুলোর মধ্যে কোনটি সবচেয়ে নিরাপদ?**

ক ক্যালসিয়াম কার্বাইড খ সোডিয়াম বেনজোয়েট
গ সরবিটল ঘ সোডিয়াম নাইট্রাইট উ:খ

☑ **ব্যাখ্যা:** কৃত্রিম খাদ্য সংরক্ষকগুলোর মধ্যে সোডিয়াম বেনজোয়েট সবচেয়ে নিরাপদ। বেনজোয়েট যুক্ত খাদ্যে অনুজীব জীবনধারণ ও বংশবিস্তার করতে পারে না।

**৮১. Noun form of the word 'long' হল-**

ক longer খ lengthen
গ longest ঘ length উ:ঘ

☑ **ব্যাখ্যা:** long- দীর্ঘ (adj), noun form হলো- length- দৈর্ঘ্য, lengthen (verb)- দীর্ঘায়িত করা, long-এর comparative ও superlative form যথাক্রমে longer, longest।

**৮২. একই সমতলে দুইটি রশ্মির প্রান্তবিন্দু একই হলে কি তৈরী হয়?**

ক বিন্দু খ কোণ
গ রেখা ঘ তল উ:খ

☑ **ব্যাখ্যা:** কেনো সমতলে দুইটি রশ্মি একই বিন্দুতে মিলিত হলে অর্থাৎ দুইটি রশ্মির প্রান্তবিন্দু এক হলে কোণ উৎপন্ন হয়।

**৮৩. এপিকালচার (Apiculture) বলতে কি বুঝায়?**

ক হাস মুরগী পালন খ রেশম চাষ
গ মৎস্য চাষ ঘ মৌমাছি পালন উ:ঘ

☑ **ব্যাখ্যা:** এপিকালচার হলো মৌমাছি পালনসংক্রান্ত বিদ্যা। মৎস্য চাষকে পিসিকালচার, রেশম চাষকে সেরিকালচার এবং হাঁস-মুরগি পালনকে পোলট্রি বলে।

**৮৪. BIRDEM হাসপাতালের প্রতিষ্ঠাতা কে?**

ক অধ্যাপক মোহাম্মদ ইব্রাহীম
খ অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান
গ অধ্যাপক নুরুল ইসলাম
ঘ অধ্যাপক এম আর খান উ:ক

☑ **ব্যাখ্যা:** জাতীয় অধ্যাপক ডা. মোহাম্মদ ইব্রাহিম BIRDEM এর প্রতিষ্ঠাতা। ঢাকার শাহবাগে অবস্থিত এই বেসরকারী হাসপাতালটি ডায়বেটিস ছাড়াও অন্যান্য রোগের চিকিৎসা দিয়ে থাকে। বর্তমানে এটি বাংলাদেশের ডায়বেটিক সমিতির তত্ত্বাবধানে পরিচালিত হয়।

**৮৫. মেঘ' শব্দটির সঠিক প্রতিশব্দ কোনটি?**

ক বারি খ সিন্ধু
গ অদ্র ঘ অভ্র উ:ঘ

☑ **ব্যাখ্যা:** 'মেঘ' শব্দের প্রতিশব্দ অভ্র। এরূপ আরও কিছু সমার্থক শব্দ- জলদ, জীমূত, নীরদ, তোয়াধর।

**৮৬. দৃষ্টি প্রতিবন্ধী মানুষেরা কোন পদ্ধতিতে পড়ালেখা করে।**

ক শ্রবণ পদ্ধতি খ ইশারা পদ্ধতি
গ শব্দ পদ্ধতি ঘ ব্রেইল পদ্ধতি উ:ঘ

☑ **ব্যাখ্যা:** ব্রেইল পদ্ধতি হলো কাগজের ওপর ছয়টি বিন্দুকে ফুটিয়ে তুলে লিখবার একটি পদ্ধতি। দৃষ্টিহীন ব্যক্তিরা উত্তল বা উন্নীত বিন্দুর সংখ্যা ও অবস্থান স্পর্শ করে কোনটি কোন অক্ষর তা অনুধাবন করতে সক্ষম হন। ফরাসি আবিষ্কারক ও শিক্ষক লুই ব্রেইল এই পদ্ধতিটি উদ্ভাবন করেন।

**৮৭. Fill in the blank with appropriate word:**
I read ......... Daily Star every day.

ক the খ of
গ a ঘ an উ:ক

☑ **ব্যাখ্যা:** পত্রিকার নামের আগে definite article 'the' বসে।

**৮৮. The word 'ecological' is related to.**

ক environment খ demography
গ pollution ঘ atmosphere উ:ক

☑ **ব্যাখ্যা:** Ecology বাস্তুবিদ্যা, যে বিদ্যায় পরিবেশের সাথে প্রাণীজগতের সম্পর্ক আলোচিত হয়। সুতরাং ecological (বাস্তুবিদ্যা সংক্রান্ত) শব্দটি environment এর সাথে সম্পর্কিত। demography- জনসংখ্যাতত্ত্ব, Pollution দূষণ, atmosphere- বায়ুমণ্ডল।

**৮৯. মুজিব বর্ষের সময়কাল ছিল -**

ক ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২২ সালের ৩১ মার্চ
খ ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২০ সালের ১৬ ডিসেম্বর
গ ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ
ঘ ২০২০ সালের ১৭ মার্চ থেকে ২০২১ সালের ১৬ ডিসেম্বর
উ:ক

☑ **ব্যাখ্যা:** প্রথমবার সরকার মুজিবর্ষের সময়কাল ২০২০ সালের ১ মার্চ থেকে ২০২১ সালের ২৬ মার্চ পর্যন্ত ঘোষণা করলেও কোভিড-১৯ মহামারীর কারণে সময়কাল পিছিয়ে প্রথম ২০২১ সালের ১৬ ডিসেম্বর এবং শেষে ২০২২ সালের ৩১ মার্চ পর্যন্ত বর্ধিত করে।

**৯০. বল ও সরনের মধ্যবর্তী কোণ কত হলে কোন কাজই হবে না?**

ক 120° খ 180°
গ 90° ঘ 60° উ:গ

☑ **ব্যাখ্যা:** বল ও সরণের মধ্যবর্তী কোণ 90° হলে কোনো কাজই হবে না এবং 90° এর বেশি হলে বলের বিরুদ্ধে কাজ হবে।

**৯১. কোন শিল্পে অ্যানিলিং একটি গুরুত্বপূর্ণ ধাপ?**

ক চামড়া খ সিরামিক শিল্প
গ কাঁচ শিল্প ঘ কাগজ শিল্প উ:গ

☑ ব্যাখ্যা: কাঁচ বা ধাতুর তৈরি যন্ত্রাংশ তৈরির পর অভ্যন্তরীণ পীড়ন অপ্রয়োজনীয় ও অসম স্টেট্স এবং স্ট্রেইন সৃষ্টি হলে এগুলো দূর করতে গঠন প্রকৃতি সমভাবে পরিবর্তন করে কাজ করার উপযোগী নরম করাকেই এনিলিং বলে। এনিলিং বস্তুর হার্ডনেস কমায়।

**৯২. Fill in the blank with appropriate word: He has been ill... last Friday**

ক for    খ to
গ since    ঘ with    উ:গ

☑ ব্যাখ্যা: নির্দিষ্ট সময় বোঝাতে since ব্যবহৃত হয় কারণ, Friday দ্বারা নির্দিষ্ট দিনই বোঝায়।

**৯৩. নিচের কোন শব্দটি 'উয়া' প্রত্যয় যোগে গঠিত?**

ক পড়ুয়া    খ লাগোয়া
গ বেহায়া    ঘ ঘরোয়া    উ:ক

☑ ব্যাখ্যা: উয়া প্রত্যয়যোগে গঠিত শব্দ- √পড় + উয়া = পড়ুয়া > পড়ো, √ড় + উয়া = উড়ুয়া > উড়ো।

**৯৪. স্বপ্ন সেটা নয় যেটা ঘুমিয়ে দেখো, স্বপ্ন হলো সেটাই যা তোমাকে ঘুমাতে দিবে না"- উক্তিটি কার?**

ক এ পি জে আবদুল কালাম    খ রবীন্দ্রনাথ ঠাকুর
গ বিল গেটস    ঘ সক্রেটিস    উ:ক

☑ ব্যাখ্যা: ভারতের পরমাণু বিজ্ঞানী, সাবেক রাষ্ট্রপতি, শিক্ষক, গবেষক ও লেখক এ.পি.জে. আবদুল কালাম তাঁর জীবদ্দশায় অনেকগুলো গুরুত্বপূর্ণ শিক্ষামূলক এবং জ্ঞানগর্ভ উক্তি প্রদান করেন। স্বপ্ন নিয়ে তাঁর এই উক্তিটি ব্যাপক জনপ্রিয়।

**৯৫. নিচের কোন ভগ্নাংশটি অসীম দশমিক ভগ্নাংশ?**

ক $\frac{1}{5}$    খ $\frac{1}{4}$
গ $\frac{1}{3}$    ঘ $\frac{1}{2}$    উ:গ

১. ☑ ব্যাখ্যা: এখানে, $\frac{1}{2} = 0.5$

$$\frac{1}{2} = 0.33333333\ldots.$$

$$\frac{1}{2} = 0.25$$

$$\frac{1}{2} = 0.2$$

**৯৬. নিচের কোনটি মৌলিক শব্দ নয়?**

ক গাছ    খ শাপলা
গ গরমিল    ঘ পাখি    উ:গ

☑ ব্যাখ্যা: 'গরমিল' মৌলিক শব্দ নয়। যে শব্দকে বিশ্লেষণ করা যায় না এবং স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশে সক্ষম তাকে মৌলিক শব্দ বলে। যেমন : হাত, ফুল, বই, মুখ, বোন।

**৯৭. বাংলাদেশের সীমান্তবর্তী কোন জেলার সাথে ভারতের সীমান্ত সংযোগ নেই?**

ক পঞ্চগড়    খ বান্দরবান
গ সাতক্ষীরা    ঘ কুষ্টিয়া    উ:খ

☑ ব্যাখ্যা: বাংলাদেশের সীমান্তবর্তী বান্দরবান জেলাটি কেবল মিয়ানমারের সাথে সংযুক্ত, ভারতের সাথে নয়। এই জেলাটি রাঙ্গামাটি জেলা দ্বারা উত্তর ও পূর্ব দিক থেকে আবৃত এবং উত্তরের কিছু অংশ ও দক্ষিণ-পশ্চিমে রয়েছে কক্সবাজার ও চট্টগ্রাম জেলা।

**৯৮. বাংলাদেশের একমাত্র পাহাড় বিশিষ্ট দ্বীপ -**

ক পাহাড়পুর    খ কুতুবদিয়া
গ নিঝুমদ্বীপ    ঘ মহেশখালি    উ:ঘ

☑ ব্যাখ্যা: বাংলাদেশের চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার অন্তর্গত একটি উপজেলা হলো মহেশখালী। তিনটি ছোট ছোট দ্বীপ সোনাদিয়া, মাতারবাড়ি ও ধলঘাটা নিয়ে মহেশখালী দ্বীপ গঠিত। এই দ্বীপে পাহাড় থাকায় এটি দেশের একমাত্র পাহাড়ি দ্বীপ।

**৯৯. শূন্যস্থান পূরণ করুন :**
**যদি পূর্ণবয়স্ক নবজাতকের ওজন .............. এর কম হয়, তবে তাকে LBW (Low Birth Weight) বলা হয়ে থাকে?**

ক ৩.০ কেজি    খ ২.০ কেজি
গ ২.৫ কেজি    ঘ ১.৫ কেজি    উ:গ

☑ ব্যাখ্যা: যদি পূর্ণবয়স্ক নবজাতকের ওজন ২.৫ কেজি এর কম হয় তবে তাকে LBW (Low Birth Weight) বলে। ১.৫ কেজির কম হলে VLBW (Very low Birth Weight) বলে। নবজাতকের গড় ওজন ২.৫-৩.৫ কেজির মধ্যে হয়।

**১০০. বাংলা সাহিত্যে অসামান্য অবদানের জন্য বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কি উপাধিতে ভূষিত হন?**

ক পদ্মশ্রী    খ সাহিত্য সম্রাট
গ ভারতরত্ন    ঘ জ্ঞানপীঠ পুরস্কার    উ:খ

☑ ব্যাখ্যা: বাংলা সাহিত্যে অসামান্য অবদানের জন্য বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কে 'সাহিত্য সম্রাট' উপাধিতে ভূষিত করা হয়। তাঁর অন্য একটি উপাধি 'বাংলার ওয়াল্টার স্কট' এবং কমলাকান্ত তার ছদ্মনাম।

# ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২১-২২

সময় : ১ ঘণ্টা; পূর্ণমান: ১০০

**১. জীবের বৈজ্ঞানিক নামকরন করা হয় কোন ভাষায়?**

ক গ্রীক ভাষায় খ ল্যাটিন ভাষায়
গ ইংরেজী ভাষায় ঘ ফরাসী ভাষায় উ:খ

☑ **ব্যাখ্যা:** ICBN (ICN)-এর নীতিমালা অনুযায়ী জীবের বৈজ্ঞানিক নামকরণ ল্যাটিন ভাষায় হবে। তবে ২০২২ থেকে ইংরেজি ভাষা ব্যবহারের ও নিয়ম প্রবর্তিত হয়।

**২. 'www' এর পূর্ণরূপ কি?**

ক write world web
খ written word web
গ world wide web
ঘ word wide web উ:গ

☑ **ব্যাখ্যা:** www-এর পূর্ণরূপ world wide web। এর মাধ্যমে ইন্টারনেট ব্যবহারকারীগণ পৃথিবীর বিভিন্ন স্থানে যে তথ্য ভান্ডার রয়েছে তার যেকোনোটিতে পৌঁছে যেতে পারে। এর জনক হলেন টিম বার্নাস লি।

**৩. কোন জেলার মধ্যে সুন্দরবন নাই?**

ক সাতক্ষীরা খ পটুয়াখালী
গ বাগেরহাট ঘ বরিশাল উ:ঘ

☑ **ব্যাখ্যা:** সুন্দরবন বাংলাদেশের খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট এবং পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশ পরগণা জেলাজুড়ে বিস্তৃত। এই বনভূমির মোট আয়তন ১০,০০০ বর্গ কি.মি. যার মধ্যে বাংলাদেশ অংশে পড়েছে ৬,০১৭ বর্গ কি.মি.।

**৪. নিচের কোনটি সাধুরীতির ক্রিয়া পদ?**

ক চলিতেছে খ চলছে
গ চলবে ঘ চললাম উ:ক

☑ **ব্যাখ্যা:** চলিত শব্দ, 'চলছে' এর সাধুরীতির ক্রিয়াপদ 'চলিতেছে'। আরও কিছু সাধু ও চলিত শব্দ- আসিও-এসো, করিয়া-করে, দেখিয়া- দেখে।

**৫. একটি বই ২০০ টাকায় ক্রয় করা হল। সেই বইটি ২০% লাভে বিক্রয় করলে বইটির বিক্রয়মূল্য কত টাকা হবে?**

ক ২৩০ খ ২৪০
গ ২৫০ ঘ ২২০ উ:খ

☑ **ব্যাখ্যা:** বইটির ক্রয়মূল্য ১০০ টাকা হলে ২০% লাভে বিক্রয়মূল্য (১০০ + ২০) বা ১২০ টাকা

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

∴ " ১ " " " $\frac{১২০}{১০০}$ "

∴ " ২০০ " " " $\frac{১২০ \times ২০০}{১০০}$ "

= ২৪০ টাকা

**৬. শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে বলে**

ক পদ খ বাক্যাংশ
গ উপসর্গ ঘ প্রকৃতি উ:ক

☑ **ব্যাখ্যা:** শব্দ যখন বাক্যে ব্যবহৃত হয় তখন তাকে পদ বলে। অর্থাৎ শব্দের সাথে বিভক্তি যুক্ত হলে তা পদ হয়। যেমন- 'মানুষের মধ্যে মানবতা লোপ পেয়েছে'- বাক্যে 'মানুষ' শব্দের সাথে 'এর' বিভক্তি যুক্ত হয়ে 'মানুষের' পদটি গঠিত হয়েছে।

**৭. বৃত্তের দুইটি ভিন্ন বিন্দুর 'সংযোজক রেখাংশ' এর নাম কি?**

ক ব্যাসার্ধ খ কোণ
গ জ্যা ঘ পরিধি উ:গ

☑ **ব্যাখ্যা:** বৃত্তের যেকোনো দুই বিন্দুর সংযোজন রেখাংশকে জ্যা বলে এবং কেন্দ্রগামী জ্যা কে ব্যাস বলা হয়। কেন্দ্র ও পরিধির যেকোনো বিন্দুর সংযোজন রেখাংশ হচ্ছে ব্যাসার্ধ। বৃত্তের চারদিকে সীমান্ত বরাবর দুরত্বকে পরিধি বলে।

**৮. এক সমকোণ সমান কত ডিগ্রি?**

ক 100° খ 180°
গ 90° ঘ 120° উ:গ

☑ **ব্যাখ্যা:** ১ সমকোণ = ৯০° এবং ২ সমকোণ বা ১ সরলকোণ = ১৮০°

**৯. ত্রিভুজের ক্ষেত্রফল এর মান কত?**

ক $\frac{1}{2}$ × ভূমি × উচ্চতা খ ভূমি × উচ্চতা
গ $\frac{1}{4}$ × ভূমি × উচ্চতা ঘ $\frac{1}{3}$ × ভূমি × উচ্চতা উ:ক

☑ **ব্যাখ্যা:** ত্রিভুজের ক্ষেত্রফল = ২ × ভূমি × উচ্চতা।

**১০. বাংলাদেশের ডেল্টা পরিকল্পনার সময়সীমা কত সাল নাগাদ?**

ক ২২০০ সাল খ ২০৫০ সাল
গ ২১৫০ সাল ঘ ২১০০ সাল উ:ঘ

☑ **ব্যাখ্যা:** ইউরোপের দেশ নেদারল্যান্ডসের আদলে গ্রহণ করা শতবর্ষী ডেল্টা প্ল্যান তথা ব-দ্বীপ পরিকল্পনার সময়সীমা ২১০০ সাল। বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক পরিষদ ২০১৮ সালের ৪ সেপ্টেম্বর এই ডেল্টা পরিকল্পনার অনুমোদন দেয়।

**১১. শব্দ, বর্গ ও অধীন বাক্যকে আলাদা করতে ব্যবহৃত হয় -**

ক বিন্দু খ কোলন
গ কমা ঘ দাঁড়ি উ:গ

☑ ব্যাখ্যা: শব্দ, বর্গ ও অধীন বাক্যকে আলাদা করতে ব্যবহৃত হয় কমা। যেমন- সুখ, দুঃখ, আশা, নৈরাশ্য একই মালিকার পুষ্প।

**১২. তাপমাত্রার সাথে অবস্থার পরিবর্তন হলেও নিচের কোনটি পরিবর্তিত হয় না।**

ক ঘনমাত্র খ নিজস্ব বৈশিষ্ট্য
গ আন্তঃআনবিক দূরত্ব ঘ অনুর গঠন
উ:ঘ

☑ ব্যাখ্যা: তাপমাত্রার পরিবর্তন হলে পদার্থের অবস্থার পরিবর্তন হয় কিন্তু অণুর গঠনের পরিবর্তন হয় না।

**১৩. নিচের কোনটি পটাসিয়াম মৌলের প্রতীক?**

ক P খ K
গ Po ঘ Na উ:খ

☑ ব্যাখ্যা: প্রতীক হলো কোনো মৌলের পূর্ণ নামের সংক্ষিপ্ত রূপ যেমন- P, Na ও K হলো যথাক্রমে ফসফরাস, সোডিয়াম পটাশিয়ামের প্রতীক।

**১৪. মৌমাছি কামড়ের ক্ষতস্থান চিকিৎসায় নিচের কোনটি ব্যবহার করা যেতে পারে?**

ক ভিনেগার খ পানি
গ কলিচুন ঘ খাবার লবন উ:গ

☑ ব্যাখ্যা: মৌমাছির কামড়ের ক্ষত স্থানে ফরমিক এসিড থাকে ক্ষতস্থান চিকিৎসায় কলিচুন ব্যবহার করলে এটি এসিডের সাথে প্রশমন বিক্রিয়া করে ব্যথা কমিয়ে দেয়।

**১৫. নিচের কোনটির ঘনত্ব সবচেয়ে বেশী?**

ক পারদ খ রূপা
গ লোহা ঘ সোনা উ:ক

☑ ব্যাখ্যা: পারদের ঘনত্ব সবচেয়ে বেশি। পারদ একমাত্র ধাতু যা আদর্শ তাপমাত্রায় এবং চাপে তরল অবস্থায় থাকে।

**১৬. কোন গতিশীল বস্তুর ভর দ্বিগুণ হলে বেগ কত গুণ হবে?**

ক দ্বিগুণ খ চারগুণ
গ সমান ঘ অর্ধেক উ:ঘ

☑ ব্যাখ্যা: কোনো বস্তুর ভর ও বেগ একে অপরের ব্যস্তানুপাতিক অর্থাৎ বস্তুর ভর দ্বিগুণ হলে বেগ অর্ধেক হবে।

**১৭. নিচের কোনটি "অন্ধের যষ্টি" অর্থ প্রকাশ করে?**

ক রাত কানা খ গভীর সম্পর্ক
গ ভাগ্যের খেলা ঘ একমাত্র অবলম্বন উ:ঘ

☑ ব্যাখ্যা: 'অন্ধের যষ্টি' বাগধারার অর্থ একমাত্র অবলম্বন। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা কুল কাঠের আগুন- তীব্র জ্বালা, উনিশ বিশ-সামান্য তফাত, তাসের ঘর-ক্ষণস্থায়ী।

**১৮. নিচের কোনটি 'সূর্য' শব্দের প্রতিশব্দ নয়?**

ক সবিতা খ মেদিনী
গ বিভাবসু ঘ ভাস্কর উ:খ

☑ ব্যাখ্যা: মেদিনী শব্দের অর্থ পৃথিবী। অন্যদিকে, ভাস্কর, সবিতা এবং বিভাবসু শব্দের প্রতিশব্দ সূর্য।

**১৯. "As you sow so you reap" বাক্যটির সঠিক বাংলা কোনটি?**

ক যার নুন খাও তার গুন গাও
খ যেমন কর্ম তেমন ফল
গ যত গর্জে তত বর্ষে না
ঘ লোভে পাপ পাপে মৃত্যু উ:খ

☑ ব্যাখ্যা: এটি একটি প্রবাদ বাক্য। এর অর্থ যেমন কর্ম তেমন ফল। লোভে পাপ, পাপে মৃত্যু-Greed leads to sin and sin to death। যার নুন খাও তার গুণ গাও- Never fall out with your bread and butter। যত গর্জে তত বর্ষে না-A barking dog seldom bites.

**২০. The correct translation of "সকাল থেকে বৃষ্টি হচ্ছে।" –**

ক It is raining since morning.
খ It has been raining from morning.
গ It has been raining for morning.
ঘ It has been raining since morning. উ:ঘ

☑ ব্যাখ্যা: দীর্ঘ সময় ধরে কোনো কাজ হচ্ছে অথবা আগে শুরু হয়ে বর্তমানে চলছে এমন বোঝালে বাক্যটি present perfect continuous tense এর গঠন অনুযায়ী হবে। নিয়মানুযায়ী অপশন ঘ সঠিক উত্তর।

**২১. Fill in the blank with appropriate word: I congratulate you ............ your success.**

ক of খ on
গ for ঘ at উ:খ

☑ ব্যাখ্যা: Congratulate on- অভিনন্দন জানানো।

**২২. "আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি" রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?**

ক গীতাঞ্জলী খ কথা ও কাহিনী
গ গীতবিতান ঘ গীতমাল্য উ:গ

☑ ব্যাখ্যা: চরণটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গানের সংকলন 'গীতবিতান' (১৯৩৯) এর অন্তর্ভুক্ত। তার রচিত গানের সংখ্যা : ২২৩২টি।

**২৩. ইউরিয়া সারে কত শতাংশ নাইট্রোজেন থাকে?**

ক ৫৬% খ ৫০%
গ ৪৬% ঘ ৪০% উ:গ

☑ ব্যাখ্যা: ইউরিয়া হলো নাইট্রোজেনঘটিত সার। ইউরিয়া সারে নাইট্রোজেনের পরিমাণ ৪৪-৪৬%।

**২৪. বিজ্ঞানের কোন শাখায় কীটপতঙ্গ সম্পর্কে অধ্যয়ন করা হয়?**

ক এন্টোমলজি (Entomology)
খ মাইকোলজি (Mycology)

ⓖ অ্যানথ্রোপলজি (Anthropology)
ⓗ প্যারাসাইটোলজি (Parasitology) উ:ⓚ

☑ ব্যাখ্যা: কীটপতঙ্গ সংক্রান্তবিদ্যাকে Entomology (এন্টোমোলজি) পরজীবী সংক্রান্তবিদ্যাকে প্যারাসাইটোলজি, মানুষ সংক্রান্তবিদ্যাকে অ্যানথ্রোপলজি, ছত্রাক সংক্রান্ত বিদ্যাকে মাইকোলজি বলে।

**২৫. 'বীরপ্রতীক' খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কারা?**
ⓚ সুলতানা কামাল ও খুশি কবীর
ⓛ ফেরদৌসী মজুমদার ও শাহীন সামাদ
ⓖ ডাঃ ক্যাপ্টেন সিতারা বেগম ও তারামন বিবি
ⓗ বেগম সুফিয়া কামাল ও জোহরা তাজউদ্দিন উ:ⓖ

☑ ব্যাখ্যা: 'বীর প্রতীক' খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধারা হলেন-ডা: ক্যাপ্টেন সিতারা বেগম ও তারামন বিবি। ডা: সিতারা বেগম ২নং সেক্টরে এবং তারামন বিবি ১১ নং সেক্টরে যুদ্ধ করেছেন।

**২৬. কিসের ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে?**
ⓚ কাল, পরিবেশ ও ব্যক্তিভেদে
ⓛ দেশ ও কালভেদে
ⓖ দেশ, কাল ও পরিবেশভেদে
ⓗ দেশ, কাল ও ব্যক্তিভেদে উ:ⓛ

☑ ব্যাখ্যা: দেশ ও কাল ভেদে ভাষার পার্থক্য ও পরিবর্তন ঘটে। বর্তমানে পৃথিবীতে সাড়ে তিন হাজারের বেশি ভাষা প্রচলিত আছে। জনসংখ্যার দিক দিয়ে বাংলা পৃথিবীর চতুর্থ বৃহৎ মাতৃভাষা।

**২৭. 'মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে, মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।' এই লাইনগুলো যেই কবিতার অংশ, সেই কবিতাটি কে লিখেছেন?**
ⓚ জীবনানন্দ দাশ ⓛ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ যতীন্দ্রনাথ বাগচা ⓗ সত্যেন্দ্রনাথ দত্ত উ:ⓛ

☑ ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যগ্রন্থ 'কড়ি ও কোমল' এর অন্তর্ভুক্ত কবিতা 'প্রাণ'। প্রশ্নে উল্লিখিত চরণ দুটি এ কবিতার অন্তর্ভুক্ত।

**২৮. 'ইলামতি' এক জাতের -**
ⓚ কলা ⓛ আম
ⓖ ধান ⓗ মাছ উ:ⓛ

☑ ব্যাখ্যা: তেভাগা আন্দোলনের নেত্রী ইলা মিত্রের নামানুসারে এই নাম রাখা হয়। এই জাতের আমের গড় ওজন ৪০০-৪৫০ গ্রাম। এই জাতের আম সেপ্টেম্বরের মধ্যে পাওয়া যায়।

**২৯. লেন্টিকুলার প্রস্বেদন উদ্ভিদের কোন অংশে হয়?**
ⓚ কান্ড ⓛ পাতা
ⓖ মূল ⓗ ফুল উ:ⓚ

☑ ব্যাখ্যা: লেন্টিকুলার প্রস্বেদন উদ্ভিদের কাণ্ডের লেন্টিসেলের মধ্য দিয়ে হয়। এছাড়া পত্ররন্ধ্রের মধ্য দিয়ে পত্ররন্ধ্রীয় প্রস্বেদন এবং পত্রত্বকের কিউটিকলের মধ্য দিয়ে ত্বকীয় বা কিউটিকুলার প্রস্বেদন হয়।

**৩০. বামের শব্দগুলির কোন বিপরীত শব্দটি সঠিক নয়?**
ⓚ অনুপ্রতি ⓛ আকর্ষণ - বিকর্ষণ
ⓖ আবির্ভাব - তিরোভাব ⓗ অভিজ্ঞ - বিজ্ঞ উ:ⓗ

☑ ব্যাখ্যা: অভিজ্ঞ শব্দের বিপরীত শব্দ অনভিজ্ঞ। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ: অধম-উত্তম, ঔদার্য-কার্পণ্য, নগর-গ্রাম।

**৩১. 'চীর' শব্দের সঠিক অর্থ কি?**
ⓚ ছিন্নবস্ত্র ⓛ নীচুজাত
ⓖ দীর্ঘ ⓗ তিতা বিশেষ উ:ⓚ

☑ ব্যাখ্যা: 'চীর' শব্দের সঠিক অর্থ ছিন্নবস্তু। অন্যদিকে, প্রায় সমোচ্চারিত শব্দ- 'চির' শব্দের অর্থ সদা, সর্বকাল, 'চিড়' অর্থ ফাটল।

**৩২. নিচের কোন কাপড়টি GI (Geographical Indication) নয়?**
ⓚ রাজশাহি সিল্ক ⓛ কুমিল্লা খাদি
ⓖ জামদানি ⓗ ঢাকাই মসলিন উ:ⓛ

☑ ব্যাখ্যা: 'কুমিল্লা খাদি' কাপড়টি GI পণ্য নয়। বর্তমানে বাংলাদেশের মোট ভৌগোলিক নির্দেশক পণ্য ১১টি। সর্বশেষ সনদপ্রাপ্ত GI পণ্য ফজলি আম (সনদ প্রদান ২৪ মে ২০২২)।

**৩৩. জটিল বাক্যের উদাহরণ কোনটি?**
ⓚ দোষীরা শাস্তি পাবে।
ⓛ যেহেতু দোষ করেছ, সেহেতু শাস্তি পাবে।
ⓖ দোষ করেছ; কিন্তু ক্ষমা চাওয়ায় শাস্তি পাবে না।
ⓗ দোষ করেছ; অতএব শাস্তি পাবে। উ:ⓛ

☑ ব্যাখ্যা: একটি পূর্ণ বাক্যে যদি একটি প্রধান খণ্ডবাক্য ও এক বা একাধিক অপ্রধান খণ্ডবাক্য পরস্পর সম্পর্কযুক্ত থাকে তাকে জটিল বাক্য বলে। যেমন- যেহেতু দোষ করেছ, সেহেতু শাস্তি পাবে।

**৩৪. কোন জেলা পদ্মা সেতুর সাথে সরাসরি সম্পৃক্ত নয়?**
ⓚ শরিয়তপুর ⓛ মাদারীপুর
ⓖ পটুয়াখালি ⓗ মুন্সিগঞ্জ উ:ⓖ

☑ ব্যাখ্যা: পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কি.মি. ও প্রস্থ ১৮.১০ মি.। সেতুটি উদ্বোধন করা হয় ২০২২ সালের ২৫ জুন। এই সেতুর সাথে প্রত্যক্ষভাবে জড়িত- মাওয়া (লৌহজং মুন্সিগঞ্জ), শিবচর (মাদারীপুর) ও জাজিরা (শরীয়তপুর)।

**৩৫. Which of the following sentence is correct?**

ক The Padma is largest river in the Bangladesh.
খ Padma is longest river in Bangladesh.
গ The Padma is the longest river in Bangladesh.
ঘ The Padma is longest river in Bangladesh.
উ:গ

☑ **ব্যাখ্যা:** বড় নদীর নামের আগে the বসে, আবার superlative degree- আগেও the বসে। সুতরাং অপশন (গ)-ই সঠিক উত্তর।

**৩৬. কে ভাষা শহীদ নয়?**

ক রফিক উদ্দিন আহমদ　খ নুর হোসেন
গ আবদুল জব্বার　ঘ আবুল বরকত　উ:খ

☑ **ব্যাখ্যা:** রফিকউদ্দিন আহমদ, আবুল বরকত এবং আব্দুল জব্বার ১৯৫২ সালের ভাষা আন্দোলনে নিহত শহিদ। অপরদিকে নূর হোসেন গণতন্ত্র মুক্তি সংগ্রাম আন্দোলনে নিহত শহীদ।

**৩৭. নিচের কোন দেশ জোড়ায় নায়াগ্রা জলপ্রপাত অবস্থিত?**

ক কানাডা ও অস্ট্রেলিয়া　খ যুক্তরাষ্ট্র ও মেক্সিকো
গ যুক্তরাষ্ট্র ও কানাডা　ঘ কানাডা ও ব্রাজিল　উ:গ

☑ **ব্যাখ্যা:** নায়াগ্রা জলপ্রপাত যুক্তরাষ্ট্র-কানাডা এই দুই দেশের মধ্যে অবস্থিত। এর উচ্চতা ১৬৭ ফুট।

**৩৮. জাতীয় স্মৃতিসৌধের স্থপতি কে?**

ক তানভীর কবীর　খ সৈয়দ মইনুল হোসেন
গ হামিদুজ্জামান খান　ঘ রফিকুন নবী　উ:খ

☑ **ব্যাখ্যা:** জাতীয় স্মৃতিসৌধ ঢাকার সাভারের নবীনগরে অবস্থিত। ৮৪ একর আয়তনের ওপর নির্মিত এ স্তম্ভের স্থপতি মাইনুল হোসেন। ৭টি মিনার সম্বলিত এ স্তম্ভটির উচ্চতা ১৫০ ফুট।

**৩৯. $(a + b)(a - b)$ এর মান কত?**

ক $(a + b)^2$　খ $a^2 - b^2$
গ $(a - b)^2$　ঘ $a^2 + b^2$　উ:খ

☑ **ব্যাখ্যা:** $(a + b)(a - b) = a(a - b) + b(a - b)$
$= a^2 - ab + ab - b^2$
$= a^2 - b^2$

**৪০. সার্কভুক্ত দেশের রাজধানী নয় কোনটি?**

ক দিল্লি　খ করাচী
গ থিম্পু　ঘ কাঠমুন্ডু　উ:খ

☑ **ব্যাখ্যা:** ১৯৮৫ সালের ৭ ডিসেম্বর সার্ক গঠিত হয়। সার্কভুক্ত দেশ ৮টি। অপশনগুলোর মধ্যে করাচী পাকিস্তানের রাজধানী নয়। পাকিস্তানের রাজধানী হলো ইসলামাবাদ।

**৪১. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম?**

ক পালি　খ প্রাকৃত
গ অহমিয়া　ঘ সংস্কৃত　উ:খ

☑ **ব্যাখ্যা:** ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও জর্জ গ্রিয়ারসনের মতে মাগধী প্রাকৃত থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে।

**৪২. স্নায়ুবিকাশজনিত সমস্যার একটি বিস্তৃত রুপকে বলা হয় -**

ক হিমোফিলিয়া　খ স্নায়ুরোগ
গ থ্যালাসেমিয়া　ঘ অটিজম　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** অটিজম হলো স্নায়ু বিকাশজনিত সমস্যার একটি বিস্তৃত রূপ। 'থ্যালাসেমিয়া' রক্তের লোহিত রক্ত কণিকার এক অস্বাভাবিক অবস্থাজনিত রোগের নাম।

**৪৩. What is the antonym of 'Apex"?**

ক Pinnacle　খ Peak
গ Top　ঘ Base　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** Apex, Top, Pinnacle, Peak - সবগুলোর অর্থ- শীর্ষ, চূড়া; অন্যদিকে base ভিত্তি, নিম্নাংশ।

**৪৪. 'বাতাস' শব্দের সঠিক প্রতিশব্দ কোনটি?**

ক বিপিন　খ পবন
গ চপলা　ঘ কানন　উ:খ

☑ **ব্যাখ্যা:** বাতাস শব্দের সঠিক প্রতিশব্দ পবন। এরূপ আরও কিছু সমার্থক শব্দ- বায়ু, হাওয়া, সমীরণ, গন্ধবহ।

**৪৫. বিশ্বে জনসংখ্যায় শীর্ষদেশ কোনটি?**

ক যুক্তরাষ্ট্র　খ রাশিয়া
গ চীন　ঘ ভারত　উ:গ

☑ **ব্যাখ্যা:** বিশ্ব জনসংখ্যা প্রতিবেদন অনুযায়ী বিশ্বে জনসংখ্যায় শীর্ষদেশ চীন। ২য় ও ৩য় অবস্থানে রয়েছে যথাক্রমে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র।

**৪৬. নিচের কোনটি অকোষীয়?**

ক ফাংগাস　খ মস
গ ভাইরাস　ঘ ব্যাকটেরিয়া　উ:গ

☑ **ব্যাখ্যা:** ভাইরাসের দেহ অকোষীয় বা কোষহীন। এদের দেহে কোনো নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম থাকে না।

**৪৭. Verb of the word 'apology' is**

ক apologize　খ apological
গ enapology　ঘ apologify　উ:ক

☑ **ব্যাখ্যা:** Apology- ক্ষমা, দুঃখ প্রকাশ; এর verb form হলো apologize- দুঃখ প্রকাশ করা।

**৪৮. নিচের কোনজন "নোবেল শান্তি পুরস্কার" পান নাই?**

ক ইয়াসির আরাফাত　খ ভ্লাদিমির পুতিন
গ বারাক ওবামা　ঘ অং সান সূচি　উ:খ

☑ **ব্যাখ্যা:** অপশনগুলোর মধ্যে বারাক ওবামা ২০০৯ সালে, অং সান সুচি ১৯৯১ সালে এবং ইয়াসির আরাফাত ১৯৯৪ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

**৪৯. ব্যাকটেরিয়া আবিষ্কার করেন কোন বিজ্ঞানী?**

ক রবার্ট হুক　খ রবার্ট কুক
গ লিউয়েন কুক　ঘ লিউয়েন হুক　উ:ঘ

☑ ব্যাখ্যা: অণুজীববিজ্ঞানের জনক এন্টনি ভন লিউয়েন হুক ব্যাকটেরিয়া আবিষ্কার করেন।

**৫০. The antonym of 'Honorary' is**

ⓚ Salaried ⓛ Official
ⓖ Literary ⓘ Honorable উ:ⓚ

☑ ব্যাখ্যা: Honorary- অবৈতনিক। এর বিপরীত শব্দ- salaried - বেতনভুক্ত।

**৫১. 'অঞ্চল' শব্দটি 'শাড়ি পাড়' না বুঝিয়ে 'এলাকা' বোঝালে অর্থের কি ধরনের পরিবর্তন হয়?**

ⓚ অর্থসংকোচন ⓛ অর্থের উন্নতি
ⓖ অর্থপ্রসার ⓘ অর্থবদল উ:ⓖ

☑ ব্যাখ্যা: 'অঞ্চল' শব্দটি শাড়ির পাড় না বুঝিয়ে 'এলাকা' বোঝালে অর্থের অর্থ প্রসার হয়।

**৫২. What kind of noun is 'man'?**

ⓚ Material ⓛ Proper
ⓖ Common ⓘ Collective উ:ⓖ

☑ ব্যাখ্যা: যেসব noun দ্বারা সাধারণভাবে সমজাতীয় সবকিছুকে বোঝায়, নির্দিষ্ট করে কাউকে বোঝায় না সেগুলোকে common noun বলে। যেমন-man, boy, girl, student ইত্যাদি।

**৫৩. আধুনিক শিক্ষার জনক কে?**

ⓚ আলবার্ট আইনস্টাইন ⓛ জর্জ বার্নাড শ
ⓖ সক্রেটিস ⓘ হিপোক্রেটিস উ:ⓖ

☑ ব্যাখ্যা: আধুনিক শিক্ষার জনক প্রাচীন গ্রিক দার্শনিক সক্রেটিস। অপরদিকে হিপোক্রেটিস- প্রাচীন গ্রিক চিকিৎসক, আইনস্টাইন-বিজ্ঞানী ও জর্জ বার্নাড'শ হচ্ছেন ইংলিশ নাট্যকার।

**৫৪. বিপরীত শব্দ একে অন্যের কী?**

ⓚ ভিন্নার্থক ⓛ পরিপূরক
ⓖ সদার্থক ⓘ সমার্থক উ:ⓛ

☑ ব্যাখ্যা: বিপরীত শব্দ একে অন্যের পরিপূরক। কিছু গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দ- ঈষৎ-অধিক, উৎকৃষ্ট-নিকৃষ্ট, ঋজু-বক্র, অমৃত-গরল, আমদানি-রপ্তানি।

**৫৫. What is the full form of BSTI ?**

ⓚ Bangladesh Standard and Testing Intelligence
ⓛ Bangladesh Standard and Testing Institute
ⓖ Bangladesh Standard and Test Institute
ⓘ Bangladesh Standard and Testing Item
উ:ⓛ

**৫৬. Which of the following sentence is correct?**

ⓚ She found the boy cried.
ⓛ She found the boy cries.
ⓖ She found the boy cry.
ⓘ She found the boy crying. উ:ⓘ

☑ ব্যাখ্যা: See, Find, notice ইত্যাদি verb-এর পর object থাকলে এবং তারপর আরো verb থাকলে পরের verb-টির সাথে ing হয়।

**৫৭. বংশগতির ভৌত ভিত্তিকে বলা হয়-**

ⓚ মাইটোকন্ড্রিয়া ⓛ প্রোটোপ্লাজম
ⓖ নিউক্লিয়াস ⓘ ক্রোমোসোম উ:ⓘ

☑ ব্যাখ্যা: বংশগতির ভৌত ভিত্তিকে ক্রোমোসোম বলা হয়। নিউক্লিয়াসকে বলা হয় 'কোষের মস্তিষ্ক বা প্রাণকেন্দ্র' এবং মাইটোকন্ড্রিয়াকে বলা হয় কোষের 'পাওয়ার হাউস'।

**৫৮. গর্ভকালীন সময়ে কোন টিকা নিতে হয়?**

ⓚ পোলিও ⓛ টিটেনাস
ⓖ রুবেলা ⓘ হাম উ:ⓛ

☑ ব্যাখ্যা: গর্ভকালীন সময়ে ধনুষ্টংকার থেকে বাঁচতে টিটেনাস টিকা দেওয়া হয়। যদি আগে কোনো টিকা নেওয়া না হয়, তবে গর্ভবতী অবস্থায় সবগুলোই দিতে হবে।

**৫৯. জাল টাকা সনাক্তকরনে নিচের কোনটি ব্যবহার করা হয়?**

ⓚ আল্ট্রাভায়োলেট-রশ্মি ⓛ গামা-রশ্মি
ⓖ আলফা-রশ্মি ⓘ এক্স-রশ্মি উ:ⓚ

☑ ব্যাখ্যা: জাল টাকা শনাক্তকরণে আল্ট্রাভায়োলেট রশ্মি ব্যবহার করা হয়। এক্স-রশ্মি চিকিৎসা বিজ্ঞানে রোগ শনাক্তকরণে এবং গামা-রশ্মি ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত হয়।

**৬০. বাংলাদেশের আর্থিক বছরের সময়কাল কিভাবে হিসাব করা হয়?**

ⓚ জুন-জুলাই ⓛ জুলাই-জুন
ⓖ জুন-জুন ⓘ জানুয়ারী-ডিসেম্বর
উ:ⓛ

☑ ব্যাখ্যা: বাংলাদেশের আর্থিক বছরের সময়কাল হিসাব করা হয় এক বছরের জুলাই মাস হতে পরবর্তী বছরের জুন মাস পর্যন্ত।

**৬১. ০.২ এর বর্গ কত?**

ⓚ ০.০০৪ ⓛ ০.০৪
ⓖ ০.৪ ⓘ ৪.০ উ:ⓛ

☑ ব্যাখ্যা: $(0.2)^2 = 0.2 \times 0.2 = \frac{2}{10} \times \frac{2}{10} \times \frac{4}{100} = 0.04$

**৬২. এ পি জে আবদুল কালাম কে ছিলেন?**

ⓚ ভারতের শিল্পপতি
ⓛ ভারতের রাষ্ট্রপতি
ⓖ পাকিস্তানের প্রধানমন্ত্রী
ⓘ পাকিস্তানের পরমাণুবিজ্ঞানী উ:ⓛ

☑ **ব্যাখ্যা:** এপিজে আবদুল কালাম ভারতের ১১তম রাষ্ট্রপতি ছিলেন। তিনি ১৯৩১ সালের ১৫ অক্টোবর জন্মগ্রহণ করেন এবং ২০১৫ সালের ২৭ জুলাই মৃত্যুবরণ করেন।

**৬৩. নিচের কোনটি সাধিত শব্দ?**

ক ধ্বনি　খ বাস্তব
গ দুর্মূল্য　ঘ হিংসা　উ:গ

☑ **ব্যাখ্যা:** মৌলিক শব্দ বা ধাতু প্রকৃতির সঙ্গে উপসর্গ বা প্রত্যয় যোগে যেসব শব্দ গঠিত হয় তাদের বলা হয় সাধিত শব্দ। যেমন- দুর্মূল্য।

**৬৪. Fill in the blank with appropriate word: One should be careful about......... duty.**

ক his　খ one's
গ the　ঘ her　উ:খ

☑ **ব্যাখ্যা:** One-এর Possessive form হিসেবে সর্বদা one's বসবে।

**৬৫. নিচের কোনটি যৌগিক রাশি?**

ক তাপমাত্রা　খ ক্ষমতা
গ ভর　ঘ দীপন তীব্রতা　উ:খ

☑ **ব্যাখ্যা:** মৌলিক রাশি থেকে প্রাপ্ত রাশিগুলোকে যৌগিক রাশি বা লব্ধ রাশি বলে। যেমন- ত্বরণ, বেগ, ক্ষমতা ইত্যাদি।

**৬৬. বাংলাদেশকে কবে প্রজাতন্ত্র ঘোষণা করা হয়?**

ক ১৭ এপ্রিল ১৯৭১　খ ৭ মার্চ ১৯৭১
গ ১০ এপ্রিল ১৯৭১　ঘ ২৬ মার্চ ১৯৭১　উ:ক

☑ **ব্যাখ্যা:** ১৯৭১ সালের ১০ এপ্রিল বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়। একই বছর ১৭ এপ্রিল এই সরকার শপথ গ্রহণ করে। এই শপথ অনুষ্ঠানে বাংলাদেশকে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ' রূপে ঘোষণা করা হয়।

**৬৭. ভারতবর্ষে ড: মুহাম্মদ শহীদুল্লাহ ছিলেন অন্যতম সেরা -**

ক সাহিত্যিক　খ পদার্থবিদ
গ গনিত বিশারদ　ঘ ভাষাবিজ্ঞানী　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** ভারতবর্ষে ড. মুহম্মদ শহীদুল্লাহ ছিলেন অন্যতম সেরা ভাষাবিজ্ঞানী। তার মতে গৌড়ি প্রাকৃত থেকে সপ্তম শতাব্দীতে বাংলা ভাষার উৎপত্তি লাভ করেছে।

**৬৮. Choose the correct sentence**

ক He speaks English like the English.
খ He speaks the English like English.
গ He speaks English as English.
ঘ He speaks English like English　উ:ক

☑ **ব্যাখ্যা:** ভাষার নামের আগে article বসে না। যখন বসে তখন উক্ত ভাষাভাষী জাতিকে বোঝায়। অপশনগুলোর মধ্যে অপশন ক এর অর্থ- তিনি ইংরেজদের মতো ইংরেজি বলেন।

**৬৯. কোন ধরনের তরঙ্গ আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায়?**

ক বেতার তরঙ্গ　খ আলোক তরঙ্গ
গ তাড়িতচৌম্বক তরঙ্গ　ঘ যান্ত্রিক তরঙ্গ　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** আমাদের কানে শ্রবণের অনুভূতি জন্মায় যান্ত্রিক তরঙ্গ।

**৭০. নিচের কোনটি চার্জবিহীন?**

ক পজিট্রন　খ নিউট্রন
গ প্রোটন　ঘ ইলেকট্রন　উ:খ

☑ **ব্যাখ্যা:** ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন পরমাণুর ক্ষুদ্রতম কণিকা। এদের মধ্যে ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত, প্রোটন ধনাত্মক চার্জযুক্ত এবং নিউট্রন চার্জ নিরপেক্ষ বা চার্জবিহীন।

**৭১. উপসর্গ সম্পর্কে নিচের কোন বাক্যটি সঠিক নয়?**

ক নতুন গল্প তৈরী করা উপসর্গের কাজ।
খ বাংলা ভাষায় শতাধিক উপসর্গ আছে।
গ উপসর্গ শব্দের অর্থ পরিবর্তন করে।
ঘ উপসর্গের নিজস্ব অর্থ নাই।　উ:ক

☑ **ব্যাখ্যা:** নতুন গল্প তৈরি করা উৎসর্গের কাজ-বাক্যটি সঠিক নয়। যে সকল অব্যয় ধাতুর পূর্বে বসে নতুন শব্দ গঠন করে সেগুলোকে উপসর্গ বলে। (ক) ব্যতীত সকল অপশনই উপসর্গের বৈশিষ্ট্য।

**৭২. The "Merchant of Venice" is written by**

ক William Wordsworth
খ Percy Bysshe Shelly
গ John Milton
ঘ William Shakespeare　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** The Merchant of Venice-এর রচয়িতা William Shakespeare। Shylock নামক একজন ইহুদি সুদখোর মহাজনকে নিয়ে লেখা হয়েছে নাটকটি।

**৭৩. Fill in the blank with appropriate word: She has been ill................ last Friday.**

ক in　খ from
গ on　ঘ since　উ:ঘ

☑ **ব্যাখ্যা:** নির্দিষ্ট সময়ের ক্ষেত্রে since বসে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

**৭৪. Synonym for 'Legendary' is**

ক Fabricated　খ Intelligent
গ Famous　ঘ Legitimate　উ:গ

☑ ব্যাখ্যা: Legendary এবং famous- অর্থ বিখ্যাত, সুপরিচিত। Fabricated- মিথ্যা, নকল, জাল; Legitimate - আইনসম্মত, বৈধ।

৭৫. **The word 'lunar' is related to**
ক Earth খ Mars
গ Moon ঘ Sun উ:গ
☑ ব্যাখ্যা: Lunar- চাঁদ সম্পর্কিত, এটি moon-এর latin adjective.

৭৬. **Fill in the blank with appropriate word: I saw a blindman .........I was walking along the roawd.**
ক while খ when
গ at the time ঘ before উ:ক
☑ ব্যাখ্যা: while-অর্থ- যখন, যে সময়। বাক্যে while থাকলে পরের clause টি সাধারণত past continuous tense হয়। তবে while-এর subject না থাকলে মূল verb-টির সাথে শুধু ing যুক্ত হবে।

৭৭. **$3^3$ এর মান কত?**
ক 81 খ 9
গ 27 ঘ 72 উ:গ
☑ ব্যাখ্যা: $3^2 = 3^{2+1} = 3^2 \times 3^1 = 9 \times 3 = 27$

৭৮. **পিতা ও পুত্রের বয়সের সমষ্টি 45 বছর। পিতার বয়স পুত্রের বয়সের চেয়ে 25 বছর বেশী। পুত্রের বয়স কত বছর?**
ক 5 খ 10
গ 20 ঘ 15 উ:খ
☑ ব্যাখ্যা: ধরি, পুত্রের বয়স x বছর
∴ পিতার বয়স x + 25 বছর
প্রশ্নমতে,
$x + x + 25 = 45$
$\Rightarrow 2x + 45 – 25$
$\Rightarrow 2x = 20$
$\therefore x = 10$

৭৯. **মুক্তিযুদ্ধভিত্তিক পূর্নদৈর্ঘ্য চলচ্চিত্র নয় কোনটি?**
ক দহন খ এখনও অনেক রাত
গ আগুনের পরশমনি ঘ জয়যাত্রা উ:ক
☑ ব্যাখ্যা: অপশনগুলোর মধ্যে আগুনের পরশমনি, জয়যাত্রা এবং এখনও অনেক রাত বাংলাদেশের মুক্তিযুদ্ধোত্তর পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। অপরদিকে দহন মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র নয়।

৮০. **The word 'Genocide' means**
ক Mass grave খ Mass attendance
গ Mass killing ঘ Mass gathering উ:গ
☑ ব্যাখ্যা: 'Genocide' গণহত্যা বা mass killing.

৮১. **"দুর্জন লোক পরিতাজ্য", এটি কোন ধরনের বাক্য?**
ক জটিল বাক্য খ যৌগিক বাক্য
গ মিশ্র বাক্য ঘ সরল বাক্য উ:ঘ
☑ ব্যাখ্যা: যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে তাকে সরল বাক্য বলে। যেমন- দুর্জন লোক পরিতাজ্য।

৮২. **নিচের কোনটি ভাইরাসজনিত রোগ?**
ক প্লেগ খ ম্যালেরিয়া
গ টাইফয়েড ঘ র‌্যাবিস উ:ঘ
☑ ব্যাখ্যা: ভাইরাসজনিত রোগ র‌্যাবিস। এছাড়া ম্যালেরিয়া মশাবাহিত রোগ, টাইফয়েড ও প্লেগ ব্যাকটেরিয়া ঘটিত রোগ।

৮৩. **"লেডি উইথ দ্যা ল্যাম্প" উপাধি কে পেয়েছিলেন?**
ক ফ্লোরেন্স নাইটিঙ্গেল খ মাদার তেরেসা
গ রানী এলিজাবেথ ঘ লেডি ডায়ানা উ:ক
☑ ব্যাখ্যা: আধুনিক নার্সিং সেবার অগ্রদূত, লেখক এবং পরিসংখ্যানবিদ ফ্লোরেন্স নাইটিঙ্গেল সারা বিশ্বে 'দ্যা লেডি উইথ দ্যা ল্যাম্প' নামে পরিচিত।

৮৪. **Fill in the blank with appropriate word: There is a newspaper shop......... my way to the office.**
ক in খ of
গ on ঘ through উ:গ
☑ ব্যাখ্যা: গমনরত বা পথিমধ্যে থাকা বোঝাতে 'on' বসে।

৮৫. **পাহাড়ী রাস্তার বাঁকে নিচের কোনটি ব্যবহার করা হয়?**
ক উত্তল দর্পণ খ অবতল দর্পণ
গ সমতল দর্পণ ঘ উত্তল লেন্স উ:গ
☑ ব্যাখ্যা: সমতল দর্পণ চেহারা দেখা, সরল পেরিস্কোপ তৈরি, পাহাড়ী রাস্তার বাঁক ইত্যাদিতে ব্যবহার করা হয়।

৮৬. **ক্রেস্কোগ্রাফ আবিষ্কার করেন কোন বিজ্ঞানী?**
ক জোহান কেপলার খ আইজাক নিউটন
গ জগদীশ চন্দ্র বসু ঘ রজার বেকন উ:গ
☑ ব্যাখ্যা: উদ্ভিদের বৃদ্ধিমাপক যন্ত্রের নাম ক্রেসকোগ্রাফ। ক্রেসকোগ্রাফ আবিষ্কার করেন বিজ্ঞানী জগদীশ চন্দ্র বসু।

৮৭. **শূন্য থেকে ছোট সকল বাস্তব সংখ্যাকে বলা হয়-**
ক ঋণাত্মক সংখ্যা খ অঋনাত্মক সং
গ ধনাত্মক সংখ্যা ঘ দশমিক ভগ্নাংশ সংখ্যা উ:ক
☑ ব্যাখ্যা: শূন্য থেকে ছোট সংখ্যাগুলোকে বলা হয় ঋণাত্মক সংখ্যা এবং শূন্য থেকে বড় সংখ্যাগুলোকে বলা হয় ধনাত্মক সংখ্যা। ধনাত্মক সংখ্যা, ঋণাত্মক সংখ্যা ও শূন্য সবই বাস্তব সংখ্যার সদস্য।

৮৮. **কোন সালে ইউনেস্কো কর্তৃক "আন্তর্জাতিক মাতৃভাষা দিবস" স্বীকৃত হয়?**
ক ১৯৯৯ সালে খ ১৯৯৮ সালে
গ ১৯৯৫ সালে ঘ ১৯৯৭ সালে উ:ক
☑ ব্যাখ্যা: ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি প্রদান করে। ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি ইউনেস্কোর ১৮৮টি সদস্য রাষ্ট্রে দিবসটি প্রথমবারের মতো পালিত হয়।

**৮৯. Fill in the blank with appropriate word: Fruits are wonderful ........... digestion.**

ⓚ on ⓚh in
ⓖ for ⓖh to উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** কোনোকিছু চমৎকার/অপূর্ব অর্থে wonderful for ব্যবহৃত হয়।

**৯০. ত্রিভুজের তিন কোণের সমষ্টি কত সমকোণ ?**

ⓚ ৩ ⓚh ১
ⓖ ৪ ⓖh ২ উ:ⓖh

☑ **ব্যাখ্যা:** ত্রিভুজের তিন কোণের সমষ্টি ১৮০° বা দুই সমকোণ।

**৯১. টেলিফোন আবিষ্কার করেন কে?**

ⓚ আলোকজান্ডার নিকোলাস
ⓚh আলেকজান্ডার গ্রাহাম বেল
ⓖ আলেকজান্ডার ডাফ
ⓖh আলেকজান্ডার ফ্লেমিং উ:ⓚh

☑ **ব্যাখ্যা:** আলেকজান্ডার গ্রাহাম বেল ১৮৭৬ সালে টেলিফোন আবিষ্কার করেন। অপরদিকে বিশ্বের প্রথম অ্যান্টিবায়োটিক 'পেনিসিলিন' আবিষ্কার করেন আলেকজান্ডার ফ্লেমিং।

**৯২. কতজন বাংলাদেশী এভারেষ্ট জয় করেছেন?**

ⓚ ৫ জন ⓚh ৬ জন
ⓖ ৩ জন ⓖh ৪ জন উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** ২০২২ সাল পর্যন্ত ৫ জন বাংলাদেশী এভারেস্ট জয় করেছেন। প্রথম বাংলাদেশী হিসেবে এভারেস্ট জয় করেন মুসা ইব্রাহিম (২০১০ সালের ২৩ মে) এবং প্রথম নারী হিসেবে এভারেস্ট জয় করেন নিশাত মজুমদার (২০১২ সালের ১৯ মে)।

**৯৩. পেট্রোলের সাথে জ্বালানী হিসাবে কোন পদার্থটি মেশানো হয়?**

ⓚ প্রোপানল ⓚh অ্যাসিটোন
ⓖ মিথানল ⓖh ইথানল উ:ⓖh

☑ **ব্যাখ্যা:** পেট্রোলের সাথে জ্বালানি হিসেবে বিভিন্ন মাত্রায় ইথানল মিশিয়ে পেট্রোলজাত জ্বালানির ব্যবহার কমানো যায়। সেই সঙ্গে বায়ু দূষণের পরিমাণও কমে।

**৯৪. Fill in the blank with appropriate word: Call ........... a doctor.**

ⓚ at ⓚh in
ⓖ for ⓖh by উ:ⓚh

☑ **ব্যাখ্যা:** Call in অর্থ-ডেকে আনা, Call by-অল্প সময়ের জন্য দেখা করা, Call on-গিয়ে দেখা করা, Call for -আবশ্যক হওয়া। Call in a doctor -ডাক্তার ডেকে আনো।

**৯৫. নিচের কোনটি ত্বকে ক্ষত সৃষ্টি করে?**

ⓚ ক্লোরিন ⓚh আয়োডিন
ⓖ নাইট্রোজেন ⓖh পেট্রোলিয়াম উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** ক্লোরিন বিষাক্ত ও ক্ষয়কারক মৌল। এটি হ্যালোজেনসমূহের মধ্যে ২য় বৃহত্তম মৌল। ক্লোরিন ত্বকে ক্ষত সৃষ্টি করে।

**৯৬. তরলে নিমজ্জিত বস্তু ওজন হারায় কেন?**

ⓚ পৃষ্টটানের জন্য ⓚh বায়ুচাপের জন্য
ⓖ নিম্নমূখী বলের জন্য ⓖh উর্দ্ধমূখী বলের জন্য উ:ⓖh

☑ **ব্যাখ্যা:** তরলে নিমজ্জিত বস্তু উর্ধমুখী বলের জন্য ওজন হারায়। এই বলকে প্লবতাও বলে। বস্তুর ওজন ও প্লবতা একই সরলরেখায় বিপরীত দিকে ক্রিয়া করায় তরলে নিমজ্জিত বস্তুর ওজন হারায় বলে মনে হয়।

**৯৭. কোনটি দেশী শব্দের উদাহরণ?**

ⓚ সম্রাট ⓚh লুঙ্গি
ⓖ সাবেক ⓖh খোকা

☑ **ব্যাখ্যা:** বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী প্রদত্ত অপশনের কোনোটিতেই দেশি শব্দ নেই। অপশনের লুঙ্গি-ফরাসি, সাবেক-আরবি, খোকা-তুর্কি ও সম্রাট-সংস্কৃত ভাষার শব্দ।

**৯৮. কোন বইটি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক লিখিত নয়?**

ⓚ কারাগারের রোজনামচা ⓚh একাত্তরের দিনগুলি
ⓖ অসমাপ্ত আত্মজীবনী ⓖh আমার দেখা নয়াচীন উ:ⓚh

☑ **ব্যাখ্যা:** অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা এবং আমার দেখা নয়াচীন গ্রন্থ ৩টি লিখেছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অপরদিকে একাত্তরের দিনগুলো লিখেছেন জাহানারা ইমাম।

**৯৯. বাঙালী জাতির মুক্তি সনদ হলো-**

ⓚ এগারো দফা ⓚh জয় বাংলা শ্লোগান
ⓖ সাত মার্চের ভাষণ ⓖh ছয় দফা উ:ⓖh

☑ **ব্যাখ্যা:** ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলগুলোর এক সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতির মুক্তির সনদ ঐতিহাসিক ছয়দফা কর্মসূচি ঘোষণা করেন। এটিকে 'ম্যাগনাকার্টার' সাথে তুলনা করা হয়।

**১০০. প্রাণীদেহের দীর্ঘতম কোষ কোনটি?**

ⓚ নিউরন ⓚh ত্বককোষ
ⓖ লোহিত রক্তকনিকা ⓖh অণুচক্রিকা উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** নিউরন হলো স্নায়ুতন্ত্রের গঠন ও কার্যকরী একক এবং স্নায়ুবিক কলার মৌলিক একক। এটি প্রাণীদেহের দীর্ঘতম কোষ।

# ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০২০-২১

**১. মানবদেহের হৃৎপিন্ডের প্রকোষ্ঠ কয়টি?**

ক 4 খ 3
গ 5 ঘ 6 উ:ক

☑ **ব্যাখ্যা:** মানবদেহের হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠ বিশিষ্ট ওপরের দিকের দুটি অলিন্দ এবং নিচের দিকে দুটি নিলয় নামক চারটি প্রকোষ্ঠ থাকে। ক্যাটল ফিস ও অক্টোপাসের তিনটি করে হৃৎপিণ্ড আছে।

**২. মুজিববর্ষের সময়কাল কত?**

ক ১৭ মার্চ ২০১৯ - ১৭ মার্চ ২০২০
খ ১৬ ডিসেম্বর ২০২০ - ১৬ ডিসেম্বর ২০২১
গ ১৫ আগস্ট ২০২০ - ১৫ আগস্ট ২০২১
ঘ ১৭ মার্চ ২০২০ - ৩১ ডিসেম্বর ২০২২

☑ **ব্যাখ্যা:** মুজিববর্ষ হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালনের জন্য ঘোষিত বর্ষ। মুজিববর্ষ ঘোষণা করা হয় ২০১৯ সালের ১২ জানুয়ারি। মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ হতে ৩১ মার্চ ২০২২।

**৩. কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি?**

ক বাতাস খ পানি
গ লোহা ঘ শূন্য উ:গ

☑ **ব্যাখ্যা:** শব্দ এক প্রকার যান্ত্রিক তরঙ্গ যা চলাচলের জন্য মাধ্যমের প্রয়োজন হয়। শব্দের বেগ কঠিন পদার্থে সবচেয়ে বেশি, তরলে তার চেয়ে কম এবং বায়বীয় পদার্থে সবচেয়ে কম। শূন্য মাধ্যমে শব্দের বেগ শূন্য।

**৪. বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সে 6 গুণ । 5 বছর ও তাদের বয়সের সমষ্টি হবে 45 বছর। পিতার বর্তমান বয়স কত?**

ক 20 খ 25
গ 45 ঘ 30 উ:ঘ

☑ **ব্যাখ্যা:** মনে করি,
পুত্রের বয়স x বছর
∴ পিতার বয়স 6x বছর
প্রশ্নমতে, $(x + 5) + (6x + 5) = 45$
$\Rightarrow x + 5 + 6x + 5 = 45$
$\Rightarrow 7x + 45 - 10$
$\Rightarrow 7x = 35$
$\therefore x = 5$
∴ পিতার বর্তমান বয়স = $6 \times 5 = 30$ বছর

**৫. রাষ্ট্রপতির সুপারিশ ব্যতিত সংসদে উত্থাপন করা যায়না কোন বিল?**

ক সংবিধান সংশোধন বিল খ বেসরকারি বিল
গ অর্থ বিল ঘ সরকারি বিল উ:গ

☑ **ব্যাখ্যা:** রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত 'অর্থ বিল' সংসদে উত্থাপন করা যায় না। 'অর্থ বিল' সম্পর্কিত বিধানাবলি আমাদের সংবিধানের ৮১ (১) নং অনুচ্ছেদে উল্লেখ আছে।

**৬. মানবদেহের রক্তের pH এর স্বাভাবিক মান কত?**

ক 3.5 খ 9.4
গ 7.4 ঘ 1.5 উ:গ

☑ **ব্যাখ্যা:** মানুষের দেহের ওজনের মোট ৭% রক্ত থাকে। একজন পূর্ণবয়স্ক মানুষের দেহে রক্তের পরিমাণ ৫-৬ লিটার। মানবদেহে রক্তের pH : 7.2 7.4।

**৭. 'এক ঘণ্টা যাবৎ বৃষ্টি হইতেছে'- Translate into English,**

ক It is raining for one hour.
খ It is raining since one hour.
গ It has been raining for one hour.
ঘ It rains for one hours. উ:গ

☑ **ব্যাখ্যা:** প্রশ্নোক্ত বাক্যটি present perfect continuous tense-এর। কোনো বাক্য আগে থেকে শুরু হয়ে বর্তমানেও চলছে এমন বোঝালে present perfect continuous হয়। অনির্দিষ্ট সময় বোঝালে for বসে, নির্দিষ্ট সময় বোঝাতে since বসে।

**৮. নিচের কোন জ্যামিতিক আকৃতিগুলির প্রত্যেকটি কোণ সমকোণ?**

ক রম্বস ও সামন্তরিক খ আয়ত ও রম্বস
গ বর্গ ও আয়ত ঘ বর্গ ও রম্বস উ:গ

☑ **ব্যাখ্যা:** যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল এবং প্রতিটি কোন সমকোণ তাকে আয়ত বলে।
**সামান্তরিক:** যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল কিন্তু কোনো কোণই সমান নয় তাকে সামান্তরিক বলে।
**বর্গ:** চতুর্ভুজের চারটি বাহু সমান ও প্রতিটি কোনো সমকোণ হলে তাকে বর্গ বলে।
**রম্বস:** চতুর্ভুজের চারটি বাহু সমান কিন্তু কোনো কোণই সমকোণ না হলে তাকে রম্বস বলে।
অর্থাৎ এক্ষেত্রে বর্গ ও আয়ত হবে নির্ণেয় উত্তর।

**৯. 'বৃষ্টি' এর সন্ধি-বিচ্ছেদ-**

ক বৃষ্ + তি খ বৃষঃ + টি
গ বৃষ + টি ঘ বৃশ + টি উ:ক

☑ **ব্যাখ্যা:** বৃষ + তি = বৃষ্টি। ব্যঞ্জন ধ্বনির ক্ষেত্রে ষ্-এর পরে ত্ বা থ্ থাকলে, ত্ ও থ্ এর স্থানে যথাক্রমে ট ও ঠ হয়। যেমন: কৃষ + তি = কৃষ্টি, ষষ্ + থ্ = ষষ্ঠ।

**১০. মানবশরীরে অক্সিজেনের মাত্রা মাপার যন্ত্র কোনটি?**

ক গ্লুকোমিটার খ থার্মোমিটার
গ পাল্‌স অক্সিমিটার ঘ হিমোমিটার উ:গ

☑ **ব্যাখ্যা:** পালস্ অক্সিমিটারের সাহায্যে মানব শরীরের রক্তে অক্সিজেনের মাত্রা ও হৃদস্পন্দনের গতি নির্ণয় করা হয়। রক্তে অক্সিজেনের স্বাভাবিক মাত্রা হলো ৯৫ থেকে ১০০ শতাংশ।

**১১. a + b = 5 এবং ab = 12 হলে $a^2 + b^2$ কত?**

ক 2 খ 3
গ 4 ঘ 1 উ:ঘ

☑ **ব্যাখ্যা:** দেওয়া আছে, a + b = 5; ab = 12
এখন, $a^2 + b^2 = (a + b) – 2ab$
$= (5)^2 – 2 \times 12$
$= 25 – 24$
$= 1$

**১২. WHO এর সদর দপ্তর কোথায়?**

ক জেনেভা খ লন্ডন
গ নিউইয়র্ক ঘ রোম উ:ক

☑ **ব্যাখ্যা:** বিশ্বস্বাস্থ্য সংস্থা (WHO) প্রতিষ্ঠিত হয় ১৯৪৮ সালের ৭ এপ্রিল। ১৯৪৮ সালের ১০ জুলাই সংস্থাটি জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে। এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত।

**১৩. কোন সংখ্যার সাথে 2 যোগ করলে তা 12, 18 ও 24দ্বারা বিভাজ্য হবে?**

ক 89 খ 170
গ 70 ঘ 142 উ:গ

☑ **ব্যাখ্যা:**

২ | ১২, ১৮, ২৪
২ | ৬, ৯, ১২
৩ | ৩, ৯, ৬
  | ১, ৩, ২

১২, ১৮ ও ২৪ এর ল.সা.গু. = ২ × ২ × ২ × ৩ × ৩ = ৭২
∴ নির্ণেয় সংখ্যা = ৭২ – ২ = ৭০

**১৪. বাংলা কাব্যে ‘অমিত্রাক্ষর ছন্দ’ প্রবর্তন করেন কে?**

ক মাইকেল মধুসূদন দত্ত খ কাজী নজরুল ইসলাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ কায়কোবাদ উ:ক

☑ **ব্যাখ্যা:** বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দ ও সনেটের প্রবর্তক মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-১৮৭৩)। তিনি তার ‘পদ্মাবতী’ নাটকে প্রথম এ ছন্দের প্রয়োগ ঘটান। তবে আমিত্রাক্ষর ছন্দের সফল প্রয়োগ ঘটে ‘তিলোত্তমাসম্ভব’ কাব্যে। এছাড়া বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক ‘শর্মিষ্ঠা’ এবং সার্থক ট্র্যাজেডি নাটক ‘কৃষ্ণকুমারী’র রচয়িতাও মাইকেল মধুসূদন দত্ত।

**১৫. “You will be helped by me” change into active form.**

ক I shall help you
খ I shall have helped you
গ I should help you
ঘ I must help you উ:ক

☑ **ব্যাখ্যা:** Passive কে active করতে হলে বাক্যের object টির subject form, tense অনুযায়ী auxiliary verb + মূল verb + (passive sentence এর) subject টির object form বসবে। By থাকবে না। Future indefinite tense কে passive করতে Shall be/will be বসে। আবার passive কে active করতে shall/will বসবে। সুতরাং অপশন ক সঠিক উত্তর।

**১৬. কোনটির লিঙ্গান্তর হয় না?**

ক সাহেব খ বেয়াই
গ কবিরাজ ঘ ছাত্র উ:গ

☑ **ব্যাখ্যা:** নিত্য পুরুষবাচক শব্দ কবিরাজ, এর কোনো স্ত্রীবাচক শব্দ নেই। আরও কয়েকটি নিত্য পুরুষবাচক শব্দ- রাষ্ট্রপতি, কাজী, পুরোহিত, জামাতা, বিচারপতি, সেনাবাহিনী।

**১৭. ‘দশে মিলে করি কাজ’ কোন কারকে কোন বিভক্তি?**

ক কর্তৃকারকে সপ্তমী খ কর্তৃকারকে চতুর্থী
গ সম্প্রদান কারকে সপ্তমী ঘ কর্তৃকারকে দ্বিতীয়া উ:ক

☑ **ব্যাখ্যা:** ‘দশে মিলে করি কাজ’ কর্তৃকারকে সপ্তমী। বাক্যের কর্তাকেই বলা হয় কর্তৃকারক। যেমন- অসীম বাড়ি যায়।

**১৮. Which one of the following is correct sentence?**

ক We write by ink খ We write under ink
গ We write in ink
ঘ We write with ink উ:গ

☑ **ব্যাখ্যা:** সাধারণত কালি দিয়ে লেখার ক্ষেত্রে ‘in’ বসে কিন্তু যন্ত্র বোঝালে ‘with’ বসে। যেমন- with pen, with pencil ইত্যাদি।

**১৯. খাদ্য লবণের রাসায়নিক সংকেত কী?**

ক $NaHCO_3$ খ KCl
গ NaCl ঘ $CaCl_2$ উ:গ

☑ **ব্যাখ্যা:** খাবার লবণের রাসায়নিক নাম সোডিয়াম ক্লোরাইড। এর সংকেত হচ্ছে NaCl।

**২০. বাংলাদেশের বর্তমান টি-২০ ক্রিকেট দলের অধিনায়কের নাম কি?**

ক মুশফিকুর রহিম খ মাশরাফী বিন মোর্তজা

ⓖ সাকিব আল হাসান ⓘ মাহমুদুল্লাহ রিয়াদ উ:ⓖ

☑ ব্যাখ্যা: বাংলাদেশের বর্তমান T-20 এবং টেস্ট ক্রিকেট দলের অধিনায়ক সাকিব আল হাসান। অপরদিকে ওয়ানডে ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক তামিম ইকবাল।

**২১. 'তিনটি বছর' এখানে 'তিনটি' কোন পদ?**

ⓚ বিশেষণ ⓙ বিশেষ্য

ⓖ অব্যয় ⓘ ক্রিয়া উ:ⓚ

☑ ব্যাখ্যা: যে বিশেষণ বিশেষিত পদের সংখ্যা নির্দেশ করে তাকে সংখ্যাবাচক বিশেষণ বলে। যেমন- 'তিনটি বছর' এখানে বিশেষণ পদ।

**২২. সম্প্রতি আবিষ্কৃত বাংলাদেশের ২৮তম গ্যাসক্ষেত্র কোথায় অবস্থিত?**

ⓚ জকিগঞ্জ ⓙ ছাতক

ⓖ রশিদপুর ⓘ তিতাস উ:ⓚ

☑ ব্যাখ্যা: বর্তমানে বাংলাদেশে গ্যাসক্ষেত্রের সংখ্যা ২৮টি। সর্বশেষ ২০২১ সালে আবিষ্কৃত গ্যাসক্ষেত্রটি হলো সিলেটের জকিগঞ্জ। উল্লেখ্য বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র তিতাস।

**২৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ খেতাব কোনটি?**

ⓚ বীর প্রতীক ⓙ বীর উত্তম

ⓖ বীরশ্রেষ্ঠ ⓘ বীর বিক্রম উ:ⓖ

☑ ব্যাখ্যা: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য সর্বোচ্চ খেতাব বীরশ্রেষ্ঠ (৭জন)। ২য়, ৩য় এবং ৪র্থ খেতাব হলো- বীরউত্তম (৬৮), বীরবিক্রম (১৭৫) এবং বীরপ্রতিক (৪২৬)।

**২৪. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কি দিয়ে?**

ⓚ প্লাস্টিক ⓙ অ্যালুমিনিয়াম

ⓖ আয়রন ⓘ সিলিকন উ:ⓘ

**২৫. Select the correct sentence.**

ⓚ He reads Ittefaq regularly.

ⓙ He regularly reads Ittefaq.

ⓖ He reads the Ittefaq regularly.

ⓘ He read the Ittefaq regularly. উ:ⓖ

☑ ব্যাখ্যা: Simple present tense এর বেলায় subject 3rd person singular হলে verb এর সাথে s/es হয়। তাছাড়া পত্রিকার নামের আগে 'The' বসে। সুতরাং অপশন ⓖ সঠিক।

**২৬. পদ্মা সেতুর অফিসিয়াল নাম কি?**

ⓚ পদ্মা সড়ক ও রেল সেতু ⓙ বঙ্গবন্ধু সেতু

ⓖ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু ⓘ পদ্মা বহুমুখী সেতু উ:ⓘ

☑ ব্যাখ্যা: পদ্মা সেতুর অফিসিয়াল নাম 'পদ্মা বহুমুখী সেতু'। এই সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কি.মি. ও প্রস্থ ১৮.১০ মি.। ২০২২ সালের ২৫ জুন এই সেতু উদ্বোধন করা হয়।

**২৭. Fill in the blank with appropriate worⓓ He — here yesterday.**

ⓚ was coming ⓙ had come

ⓖ came ⓘ has come উ:ⓖ

☑ ব্যাখ্যা: প্রশ্নে অতীত নির্দেশক শব্দ yesterday থাকায় বাক্যটি past indefinite tense-এর হবে। সেক্ষেত্রে অপশন (গ) সঠিক। উল্লেখ্য, বাক্যে yesterday, last, ago ইত্যাদি থাকলে বাক্যটি past indefinite হয়।

**২৮. $1\frac{2}{5}$এবং $1\frac{1}{20}$এর অনুপাত নিচের কোনটি?**

ⓚ 8:3 ⓙ 9:2

ⓖ 4:3 ⓘ 7:4 উ:ⓖ

☑ ব্যাখ্যা: $1\frac{2}{5} : 1\frac{1}{20}$

$= \frac{7}{5} : \frac{21}{20}$

$= \frac{\frac{7}{5}}{\frac{21}{20}}$

$= \frac{7}{5} \times \frac{21}{20}$

$= \frac{4}{3}$

$= 4 : 3$

**২৯. সম্প্রতি অনুষ্ঠিত টোকিও অলিম্পিকে সর্বোচ্চ পদক পেয়েছে কোন দেশ?**

ⓚ চীন ⓙ জাপান

ⓖ গ্রেট ব্রিটেন ⓘ যুক্তরাষ্ট্র উ:ⓘ

☑ ব্যাখ্যা: ৩২তম টোকিও অলিম্পিকে সর্বোচ্চ পদক পেয়েছে যুক্তরাষ্ট্র (মোট ১১৩টি)। ২০২৪ সালে ৩৩ তম অনুষ্ঠিত হবে ফ্রান্সের প্যারিসে।

**৩০. 'অলীক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ⓚ অলৌকিক ⓙ অবাস্তব

ⓖ বাস্তব ⓘ লৌকিক উ:ⓖ

☑ ব্যাখ্যা: 'অলীক' এর বিপরীতার্থক শব্দ বাস্তব। আরও কিছু গুরুত্বপূর্ণ বিপরীতার্থক শব্দ- অলস-পরিশ্রমী, অব্যক্ত-ব্যক্ত, প্রসারণ-সংকোচন, শহিদ-গাজি।

**৩১. বাংলাদেশ নিচের কোন আঞ্চলিক জোটের সদস্য নয়?**

ⓚ কমনওয়েলথ ⓙ বিমসটেক

ⓖ আসিয়ান ⓘ সার্ক উ:ⓖ

☑ ব্যাখ্যা: দক্ষিণ পূর্ব এশিয়ার ১০টি রাষ্ট্র নিয়ে ১৯৬৭ সালের ৮ আগস্ট প্রতিষ্ঠিত হয় আঞ্চলিক অর্থনৈতিক জোট 'আসিয়ান'। বাংলাদেশ এই সংস্থার সদস্য না হলেও আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)-এর সদস্য।

**৩২. নিচের কোন অ্যাসিডের কারণে পিঁপড়ার কামড়ে জ্বালা করে?**

ক) ফরমিক অ্যাসিড খ) অক্সালিক অ্যাসিড
গ) কার্বলিক অ্যাসিড ঘ) সাইট্রিক অ্যাসিড উ: ক

☑ ব্যাখ্যা: পিঁপড়ার কামড়ে ফরমিক এসিড (H-COOH) নিঃসৃত হয় যার কারণে ক্ষতস্থানে জ্বালা করে। একে মিথানয়িক এসিডও বলা হয়।

**৩৩. কোন বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে?**

ক) মেটে কলসি খ) সে গুণবান
গ) ধীরে চলে ঘ) ঘোড়া খুব দ্রুত চলে উ: ঘ

☑ ব্যাখ্যা: 'ঘোড়া খুব দ্রুত চলে' এ বাক্যে বিশেষণের বিশেষণ রয়েছে। যা কোনো কিছুকে বিশিষ্ট করে তাকে বলে বিশেষণ। বিশেষণ প্রধানত দুই ভাগে বিভক্ত। যথা: নাম বিশেষণ ও ভাব বিশেষণ।

**৩৪. 'যা বলা হয়নি' এক কথায় হবে-**

ক) অউক্ত খ) অব্যক্ত
গ) অনুক্ত ঘ) অব্যাক্ত উ: গ

☑ ব্যাখ্যা: 'যা বলা হয়নি'-অনুক্ত। আরও কিছু গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ- যা দেখা যায় না-অদৃশ্য, যা পূর্বে ছিল এখন নেই-ভূতপূর্ব, যা উর্বর নয়-অনুর্বর, জয়ের ইচ্ছা-জিগীষা।

**৩৫. সার্কের বর্তমান সদস্য রাষ্ট্রের সংখ্যা কত?**

ক) 6 খ) 9
গ) 7 ঘ) 8 উ: ঘ

☑ ব্যাখ্যা: দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতা সংস্থা 'সার্ক' ১৯৮৫ সালের ৮ ডিসেম্বর ৭টি সদস্য দেশ নিয়ে ঢাকায় প্রতিষ্ঠিত হয়। এর বর্তমান সদস্য দেশ ৮টি এবং সদর দপ্তর নেপালের রাজধানী কাঠমুণ্ডুতে।

**৩৬. What is the plural form of the word 'louse'?**

ক) Louses খ) Licess
গ) Lices ঘ) Lice উ: ঘ

☑ ব্যাখ্যা: Louse (উকুন), এর বহুবচন হলো Lice। Mouse (ইঁদুর) এর বহুবচন হলো mice।

**৩৭. ভূ-পৃষ্ঠে কোনো বস্তুর ভর 50 কেজি হলে চাঁদে কত?**

ক) 50 kg খ) 980 kg
গ) 9.8 kg ঘ) 98 kg উ: ক

☑ ব্যাখ্যা: কোনো বস্তুর ভর বলতে বোঝায় ঐ বস্তুর মোট পদার্থের পরিমাণ। বস্তুর ভর সব জায়গায় একই থাকে। ভূ-পৃষ্ঠ, পৃথিবীর কেন্দ্র, চন্দ্রপৃষ্ঠ সর্বত্র কোনো বস্তুর ভর একই থাকবে।

**৩৮. What is the antonym of 'gentle'?**

ক) Rude খ) Harsh
গ) Modest ঘ) Clever উ: ক

☑ ব্যাখ্যা: Gentle- অমায়িক, মৃদু, শান্ত। এর antonym হলো- rude।

**৩৯. একটি ঘড়ি 150 টাকায় বিক্রয় করলে 25% ক্ষতি হলো। ঘড়িটির ক্রয়মূল্য কত?**

ক) 200 খ) 175
গ) 250 ঘ) 220 উ: ক

☑ ব্যাখ্যা: ক্রয়মূল্য ১০০ টাকা হলে, ২৫% ক্ষতিতে বিক্রয় মূল্য
= (১০০ – ২৫) = ৭৫
৭৫ টাকা বিক্রয়মূল্য হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ১ " " " " $\frac{১০০}{৭৫}$ "
∴ ১৫০ " " " " $\frac{১০০ \times ১৫০}{৭৫}$ "
= ২০০ টাকা

**৪০. তামার সাথে কোন ধাতুর মিশ্রণে ব্রোঞ্জ তৈরি করা হয়?**

ক) জিংক খ) টিন
গ) লোহা ঘ) সীসা উ: খ

☑ ব্যাখ্যা: ব্রোঞ্জ বা কাঁসা এক প্রকারের সংকর ধাতু। কপার বা তামা (৭৫-৯০%) এবং টিন (২৫-১০%) মিলে ব্রোঞ্জ তৈরি হয়।

**৪১. নিচের কোনটি দেহে রোগ সংক্রমণ প্রতিরোধ করে?**

ক) হিমোগ্লোবিন খ) গ্লুকোজ
গ) অ্যান্টিজেন ঘ) অ্যান্টিবডি উ: ঘ

☑ ব্যাখ্যা: মানবদেহে অনুপ্রবেশকারী জীবাণু বা কোনো অবাঞ্ছিত বহিরাগত পদার্থকে নিষ্ক্রিয় করার জন্য রক্তে সিরামে উৎপন্ন বিশেষ এক ধরনের প্রোটিনই হলো অ্যান্টিবডি।

**৪২. 'আমি ভর্তি পরীক্ষা দিচ্ছি'- Translate into English.**

ক) I am taking part in the admission test
খ) I have been appearing at the admission test
গ) I shall appear at the admission test
ঘ) I took part in the admission text উ: ক

☑ ব্যাখ্যা: বাক্যটি present continuous tense এর হওয়ায় সঠিক উত্তর অপশন (ক)। Take part-অংশগ্রহণ করা।

**৪৩. সিরামিক শিল্পে প্রধান কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়-**

ক) বোরাক্স খ) ক্রায়োলাইট
গ) চুনাপাথর ঘ) চায়না ক্লে উ: গ

☑ **ব্যাখ্যা:** চুনাপাথর এক ধরনের পাললিক শিলা যা প্রধানত ক্যালসিয়াম কার্বনেট দ্বারা গঠিত। সিরামিক শিল্প, সিমেন্ট, কাগজ, স্টিল, কাঁচ ইত্যাদি তৈরিতে চুনাপাথর ব্যবহৃত হয়।

**৪৪. কোনো বর্গাকার জমির দৈর্ঘ্য 5 মিটার হলে জমির ক্ষেত্রফল কত?**

ক 25 বর্গমিটার খ 5 বর্গমিটার

গ 10 বর্গমিটার ঘ 125 বর্গমিটার **উ:ক**

☑ **ব্যাখ্যা:** আমরা জানি, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহুর দৈর্ঘ্য)² বর্গ একক

∴ নির্ণেয় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $(5)^2$ বর্গমিটার

= 25 বর্গ মিটার

**৪৫. 'তাল পাতার সেপাই' কথাটির অর্থ কী?**

ক খুব চালাক খ পক্ষপাতদুষ্ট

গ অতিশয় দুর্বল ঘ অত্যন্ত আদুরে **উ:গ**

☑ **ব্যাখ্যা:** 'তালপাতার সেপাই'-অতিশয় দুর্বল। আরো কিছু গুরুত্বপূর্ণ বাগধারা- ধামাধরা-তোষামোদকারী, শিরে সংক্রান্তি-সামনেই বিপদ, শরতের শিশির-সুসময়ের বন্ধু।

**৪৬. 'আলোকবর্ষ' ব্যবহার করে কী পরিমাপ করা হয়?**

ক সময় খ দূরত্ব

গ বেগ ঘ ত্বরণ **উ:খ**

☑ **ব্যাখ্যা:** শূন্যস্থানে এক বছরে আলোর অতিক্রান্ত দূরত্বকে এক আলোকবর্ষ বলে। আলোকবর্ষ হলো দৈর্ঘ্য বা দূরত্ব পরিমাপের একক, যা দিয়ে সাধারণত জ্যোতির্বিদ্যা সম্পর্কিত দূরত্ব মাপা হয়।

**৪৭. আয়রনের অভাবে কোন রোগ হয়?**

ক রাতকানা খ বেরিবেরি

গ গলগন্ড ঘ রক্তশূন্যতা **উ:ঘ**

☑ **ব্যাখ্যা:** আয়রনের অভাবে অ্যানিমিয়া বা রক্তশূন্যতা দেখা দেয়। এতে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়।

**৪৮. 'ডেঙ্গু' রোগ ছড়ায় কোনটি?**

ক ইয়োলো মশা খ এনোফিলিস মশা

গ কিউলেক্স মশা ঘ এডিস মশা **উ:ঘ**

☑ **ব্যাখ্যা:** 'ডেঙ্গু' ভাইরাসজনিত মশাবাহিত একটি মারাত্মক রোগ। এডিস মশার কামড়ে বিশেষ করে এডিস এজিপটাই প্রজাতির মাধ্যমে এটা ছড়িয়ে পড়ে। এনোফিলিস মশার কামড়ে ম্যালেরিয়া রোগ হয়।

**৪৯. বৈদ্যুতিক বাতির মধ্যে কোন নিষ্ক্রিয় গ্যাস থাকে?**

ক অক্সিজেন খ নাইট্রোজেন

গ হাইড্রোজেন ঘ আর্গন **উ:ঘ**

☑ **ব্যাখ্যা:** বৈদ্যুতিক বাতির মধ্যে রাসায়নিকভাবে নাইট্রোজেন বা নিষ্ক্রিয় গ্যাস আর্গন থাকে। প্রশ্নে নিষ্ক্রিয় গ্যাস বলতে সঠিক উত্তর হবে আর্গন।

**৫০. Synonym of the word 'depressed' is-**

ক sad খ happy

গ cry ঘ angry **উ:ক**

**৫১. বাংলাদেশের জাতীয় শিশু দিবস কবে?**

ক মার্চ খ অক্টোবর

গ জানুয়ারি ঘ ফেব্রুয়ারি **উ:ক**

☑ **ব্যাখ্যা:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ জন্মগ্রহণ করেন। তার জন্মদিনে অর্থাৎ, ১৭ মার্চকে জাতীয় শিশু দিবস হিসেবে পালনের ঘোষণা করা হয় ১৯৯৬ সালে।

**৫২. যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট এর নাম কি?**

ক ডোনাল্ড ট্রাম্প খ জো বাইডেন

গ কমলা হ্যারিস ঘ বারাক ওবামা **উ:খ**

☑ **ব্যাখ্যা:** মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম এবং বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি ২০২১ সালের ২০ জানুয়ারি শপথ গ্রহণ করেন।

**৫৩. পরমশূন্য তাপমাত্রার মান কত?**

ক 273°C খ -273°F

গ -100°C ঘ 0°C **উ:ক**

☑ **ব্যাখ্যা:** - ২৭৩°C বা Ok তাপমাত্রাকে পরমশূন্য তাপমাত্রা বলে।

**৫৪. মুক্তিযুদ্ধ চলাকালীন বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়েছিল?**

ক 12 খ 9

গ 10 ঘ 11 **উ:ঘ**

☑ **ব্যাখ্যা:** মুক্তিযুদ্ধের সুবিধার জন্য সমগ্র বাংলাদেশকে ১১টি সেক্টরে এবং ৬৪টি সাব-সেক্টরে ভাগ করা হয়।

**৫৫.** $a^m \div a^n = ?$

ক $a^{m+n}$ খ $a^{mn}$

গ $a^{m-n}$ ঘ $a^{n-m}$ **উ:গ**

☑ **ব্যাখ্যা:** $a^m + a^n = \frac{a^m}{a^n} = a^{m-n}$

**৫৬. কোন সালে রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যে নোবেল পুরস্কার পান?**

ক 1914 খ 1915

গ 1913 ঘ 1813 **উ:গ**

☑ **ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত কাব্যগ্রন্থ 'গীতাঞ্জলি' (১৯১০) এবং অন্যান্য কাব্যের কিছু কবিতার ইংরেজি

অনুবাদ গ্রন্থ 'Song offering' (১৯১২)-এর জন্য ১৯১৩ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। গ্রন্থটির ভূমিকা লিখেন ইংরেজ কবি W.B yeats.

**৫৭. "We can do the work" interrogative form is –**

ⓚ Can we not do the work?
ⓛ Do we can the work?
ⓜ Cannot we do the work?
ⓝ Can we do the work? উ:ⓚ

☑ ব্যাখ্যা: Affirmative বাক্যকে দুইভাবে interrogative করা যায়-
(i) auxiliary verb + not-এর সংক্ষিপ্ত রূপ যা subject এর আগে বসে। যেমন- Cannot/Can't do not/don't
(ii) auxiliary verb + subject + not বসিয়ে। ১ম নিয়মানুযায়ী কোনো অপশন নাই। কিন্তু অপশন (ক)-তে হয় নিয়মটি অনুসৃত হয়েছে । সেজন্য অপশন (ক)-ই সঠিক উত্তর।

**৫৮. 'Both are honest'–Transform the sentence into negative.**

ⓚ Both are dishonest
ⓛ Neither is honest
ⓜ Neither is dishonest
ⓝ Both are not honest উ:ⓜ

☑ ব্যাখ্যা: Sentence transformation-এ অর্থ ঠিক রেখে গঠন পরিবর্তন করতে হয়। Both are honest অর্থ- উভয়ই সৎ (কেউ-ই অসৎ নয়)। সুতরাং Neither is dishonest সঠিক উত্তর। উল্লেখ্য, affirmative বাক্যে adjective থাকলে negative করার সময় auxiliary verb এর সাথে not বসে এবং adjective টির বিপরীত শব্দ বসে।

**৫৯. কর্মসূচি ঘোষিত হয়?**

ⓚ 1966 ⓛ 1968
ⓜ 1969 ⓝ 1962 উ:ⓚ

☑ ব্যাখ্যা: ১৯৬৬ সালের ৫ ফেব্রুয়ারি পাকিস্তানের লাহোরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐতিহাসিক ৬ দফা কর্মসূচি ঘোষণা করেন। এটি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয় ১৯৬৬ সালের ২৩ মার্চ।

**৬০. কোন সালে ঐতিহাসিক 'ছয় দফা' Change the verb 'lose' into noun.**

ⓚ Lost ⓛ Loss
ⓜ Loose ⓝ Losing উ:ⓛ

☑ ব্যাখ্যা: Lose হারিয়ে ফেলা, মৃত্যু হওয়া। এর noun form হলো loss -ক্ষতি, অপচয়, হানি।

**৬১. নিচের কোনটি সংক্রামক ব্যাধি?**

ⓚ উচ্চ রক্তচাপ ⓛ যক্ষ্মা
ⓜ ব্রেইন স্ট্রোক ⓝ ডায়াবেটিস উ:ⓛ

☑ ব্যাখ্যা: যক্ষ্মা একটি সংক্রামক ব্যাধি যা প্রধানত ফুসফুসকে আক্রান্ত করে।

**৬২. 'রক্তকরবী' কোন জাতীয় গ্রন্থ?**

ⓚ কাব্য ⓛ উপন্যাস
ⓜ নাটক ⓝ গল্পগ্রন্থ উ:ⓜ

☑ ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর রচিত সাংকেতিক নাটক 'রক্তকরবী' (১৯২৬)। তার রচিত আরও কিছু উল্লেখযোগ্য নাটক-প্রায়শ্চিত্ত (১৯০৯), ডাকঘর (১৯১২), তাসের দেশ (১৯৩৩), অচলায়তন (১৯১২), বৈকুণ্ঠের খাতা (১৮৯৭), চিত্রাঙ্গদা (১৮৯২)।

**৬৩. 'গোঁফ খেজুরে' অর্থ কী?**

ⓚ গোঁফের বিশেষ আকৃত্ব ⓛ চতুর
ⓜ পেটুক ⓝ অলস উ:ⓝ

☑ ব্যাখ্যা: 'গোঁফ খেজুরে' বাগধারার অর্থ- অলস। আরও কিছু গুরুত্বপূর্ণ বাগধারা- শিব রাত্রির সলতে-একমাত্র সন্তান, পটল তোলা-মারা যাওয়া, সোনায় সোহাগা-সুন্দর মিল, হাতটান-চুরির অভ্যাস।

**৬৪. কোনটি ঠিক শব্দ?**

ⓚ আপদমস্ত ⓛ আপাদমস্তক
ⓜ আপদমস্তক ⓝ অপাদমস্তক উ:ⓛ

☑ ব্যাখ্যা: 'আপাদমস্তক' বানাটি ঠিক। আরও কিছু গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- অন্ত্যেষ্টিক্রিয়া, অপরাহ্ন, গীতাঞ্জলি, কল্যাণীয়েষু, নিশিথিনী, বাল্মীকি।

**৬৫. বাংলাদেশে 'কোভিড-১৯' এর কোন টিকা প্রথম প্রয়োগ করা হয়?**

ⓚ ফাইজার ⓛ সিনেফার্ম
ⓜ মডার্না ⓝ কোভিশিল্ড উ:ⓝ

☑ ব্যাখ্যা: বাংলাদেশে 'কোভিড-১৯'-এর প্রথম প্রয়োগকৃত টিকা কোভিশিল্ড, যা ঢাকা কুর্মিটোলা জেনারেল হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স রুনু ভেরোনিকা কস্তাকে দেওয়া হয়।

**৬৬. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন?**

ⓚ ২৪ ডিসেম্বর ⓛ ১৮ ডিসেম্বর
ⓜ ১৭ মার্চ ⓝ ১০ জানুয়ারি উ:ⓝ

☑ ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালের ৮ জানুয়ারি পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হন এবং ১০ জানুয়ারি স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন।

**৬৭. 'রিকসা' শব্দটি কোন ভাষা থেকে আগত?**

ⓚ তুর্কি ⓛ জাপানি
ⓜ ফরাসি ⓝ চীনা উ:ⓛ

☑ ব্যাখ্যা: 'রিক্সা' শব্দটি জাপানি। আরও কিছু জাপানি শব্দ হারিকিরি, ক্যারেটে, সুনামি, জুডো, হাসনুহানা।

**৬৮. ড্রাইভিং লাইসেন্স প্রদান করে কোন সংস্থা?**
ক BRTA খ BRTC
গ BSTI ঘ BTRC উ:ক
☑ ব্যাখ্যা: BRTA-Bangladesh Road Transport Authority| বাংলাদেশের সড়ক পথের উন্নয়নের জন্য এই সংস্থা বর্তমানে কাজ করছে। এই সংস্থা ড্রাইভিং লাইসেন্স প্রদান করে।

**৬৯. 'চন্দ্র' এর সমার্থক শব্দ কোনটি?**
ক মিহির খ হিরণ
গ রবি ঘ শশী উ:ঘ
☑ ব্যাখ্যা: চন্দ্র শব্দের সমার্থক শব্দ শশী। এরূপ আরও কিছু সমার্থক শব্দ-শশধর, নিশাকর, শীতাংশু, বিধু, সোম, দ্বিজরাজ, ইন্দু।

**৭০. 'বসুমতি' শব্দটির সমার্থক শব্দ কোনটি?**
ক ধরিত্রী খ গিরি
গ কানন ঘ ফুল উ:ক
☑ ব্যাখ্যা: বসুমতি শব্দের অর্থ ধরিত্রী। এর আরও কিছু সমার্থক শব্দ- ধরা, মহি, মেদিনী, দুনিয়া, উর্বী, সংসার।

**৭১. 'গ্রিনহাউস' প্রভাবের জন্য কোন গ্যাসটি অধিক দায়ী?**
ক $SO_2$ খ CO
গ $NO_2$ ঘ $CO_2$ উ:ঘ
☑ ব্যাখ্যা: গ্রিনহাউস গ্যাসগুলো হলো- $CO_2$, $CH_4$, CFC, জলীয়বাষ্প, ওজোন ইত্যাদি। এগুলোর মধ্যে $CO_2$ অধিক দায়ী।

**৭২. জীবাণুমুক্ত করতে ন্যূনতম কতক্ষণ সাবান দিয়ে হাত ধুতে হয়?**
ক ০২ সেকেন্ড খ ২০ সেকেন্ড
গ ০৫ সেকেন্ড ঘ ৬০ সেকেন্ড উ:খ
☑ ব্যাখ্যা: রোগ জীবাণু ছড়ানো প্রতিরোধের সবচেয়ে কার্যকর উপায়গুলোর মধ্যে অন্যতম হলো হাত ধোয়া। জীবাণুমুক্ত করতে ন্যূনতম ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হয়।

**৭৩. This is — unique case.**
ক the খ only
গ an ঘ a উ:ঘ
☑ ব্যাখ্যা: সাধারণত vowel এর আগে 'an' বসে কিন্তু vowel এর উচ্চারণ 'ইউ' বা 'ওয়া' এর মতে হলে 'a' হয়। যেমন- a unique, a university, a ewe, a one taka note ইত্যাদি।

**৭৪. এক গ্রাম স্নেহপদার্থ থেকে আনুমানিক কী পরিমাণ তাপশক্তি উৎপন্ন হয়?**
ক 9.2 কিলোক্যালরি খ 5.8 কিলোক্যালরি
গ 3.2 কিলোক্যালরি ঘ 4.2 কিলোক্যালরি উ:ক
☑ ব্যাখ্যা: এক গ্রাম স্নেহপদার্থ থেকে প্রায় ৯.৩ কিলোক্যালরি তাপশক্তি উৎপন্ন হয়।

**৭৫. কোনটি পানিবাহিত রোগ?**
ক লেপ্রোসি খ ম্যালেরিয়া
গ টাইফয়েড ঘ ডেঙ্গু উ:গ
☑ ব্যাখ্যা: যে সকল রোগের জীবাণু পানির মাধ্যমে ছড়ায় তাদের পানিবাহিত রোগ বলে। যেমন: ডায়রিয়া, টাইফয়েড, জন্ডিস ইত্যাদি।

**৭৬. 'জীবন থেকে নেয়া' কার লেখা?**
ক মুনীর চৌধুরী খ শামসুর রাহমান
গ সৈয়দ মুজতবা আলী ঘ জহির রায়হান উ:ঘ
☑ ব্যাখ্যা: কথাশিল্পী ও চলচ্চিত্র পরিচালক জহির রায়হান পরিচালিত ভাষা আন্দোলনভিত্তিক চলচ্চিত্র 'জীবন থেকে নেয়া' (১৯৭০)। তাঁর পরিচালিত কিছু উল্লেখযোগ্য চলচ্চিত্র- কাঁচের দেয়াল, বাহানা, আনোয়ারা, সোনার কাজল।

**৭৭. No man can — alone.**
ক live খ lived
গ lives ঘ living উ:ক
☑ ব্যাখ্যা: বাক্যে model auxiliary 'can' থাকায় verb এর base form হবে।

**৭৮. One third of our work —— finisheঘ**
ক had খ has been
গ were ঘ have been উ:খ
☑ ব্যাখ্যা: ভগ্নাংশ যুক্ত (one third, two fourth) বাক্যে ভগ্নাংশের পরের noun টি uncountable/sigular হলে verb টিও singular হয়। আবার noun টি plural হলে verb টি plural হয়। প্রশ্নে 'work' noun টি singular হওয়ায় 'has been' বসবে।

**৭৯. Which is the superlative degree of 'bad'?**
ক Worst খ Baddest
গ Most bad ঘ Worse উ:ক
☑ ব্যাখ্যা: Bad-এর comparative ও superlative যথাক্রমে worse ও worst.

**৮০. কোন হরপমানের ঘাটতির কারণে ডায়াবিটিস হয়?**
ক থাইরক্সিন খ প্রোল্যাকটিন
গ গ্লুকাগন ঘ ইনসুলিন উ:ঘ
☑ ব্যাখ্যা: ডায়াবেটিস বা বহুমূত্র হলো ইনসুলিন নামক হরমোনের অভাবজনিত রোগ।

**৮১. 'ধনধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা' পঙ্‌ক্তিটির লেখক কে?**
ক দীনবন্ধু মিত্র খ কাজী নজরুল ইসলাম
গ রবীন্দ্রনাথ ঠাকুর ঘ দ্বিজেন্দ্রলাল রায় উ:ঘ
☑ ব্যাখ্যা: উল্লিখিত পক্তিটির লেখক দ্বিজেন্দ্রলাল রায়। অন্যদিকে- বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা কাজী নজরুল ইসলাম এবং জাতীয় সঙ্গীতের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

**৮২. Rahim has been ill —— Saturday last.**
ⓚ since ⓛ on
ⓜ from ⓝ in উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** নির্দিষ্ট সময় বোঝাতে since ব্যবহৃত হয়। প্রশ্নে 'Saturday' দ্বারা নির্দিষ্ট দিন বোঝাচ্ছে।

**৮৩. Which one is the correct spelling?**
ⓚ Pnumonia ⓛ Newmonia
ⓜ Pneumonia ⓝ Numonia উ:ⓜ
☑ **ব্যাখ্যা:** কিছু কিছু শব্দের first letter উচ্চারণে উহ্য থাকে। যেমন- Tsunami (সুনামি), Pnnow penh (নেমপেন, কম্পোডিয়ার রাজধানী), Psychology ইত্যাদি।

**৮৪. ফরমালিনে শতকরা কত ভাগ মিথানল থাকে?**
ⓚ 8% ⓛ 40%
ⓜ 52% ⓝ 20% উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** ফরমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণকে ফরমালিন বলে। এছাড়াও এতে ১০-১৫% মিথানল থাকে।

**৮৫. কোন রোগটির প্রতিষেধক 'ডিপিটি' ভ্যাকসিন নয়?**
ⓚ নিউমোনিয়া ⓛ ডিপথেরিয়া
ⓜ টিটেনাস ⓝ হুপিং কফ উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** ডিপিটি টিকা তিনটি রোগ যথা- ডিপথেরিয়া, হুপিং কাশি ও ধনুষ্টংকার এর প্রতিষেধক হিসেবে দেওয়া হয়।

**৮৬. করোনায় আক্রান্ত হয়ে বিশ্বে সর্বাধিক মৃত্যু হয়েছে কোন দেশে?**
ⓚ যুক্তরাষ্ট্র ⓛ ভারত
ⓜ ইটালি ⓝ ব্রাজিল উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** উইকিপিডিয়ার সর্বশেষ তথ্য অনুযায়ী করোনায় আক্রান্ত হয়ে বিশ্বে সর্বাধিক মৃত্যু হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রে। উল্লেখ্য, চীনে প্রথম করোনা আক্রান্ত রোগী মারা যায় ২০২০ সালের ৯ জানুয়ারি।

**৮৭. 1, 4, 9, 16, ........... শূন্যস্থানে কোন সংখ্যা হবে?**
ⓚ 35 (b)25
ⓜ 20 ⓝ 40 উ:ⓛ
☑ **ব্যাখ্যা:** $1^1 = 1$
$2^2 = 4$
$3^3 = 9$
$4^2 = 16$
$5^2 = 25$

**৮৮. 0.01 এর বর্গমূল কত?**
ⓚ 0.1 ⓛ 0.01
ⓜ 0.2 ⓝ 1 উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** $\sqrt{0.01} = \sqrt{\frac{1}{100}} = \frac{1}{10} = 0.1$

**৮৯. কোষের 'পাওয়ার হাউস' বলা হয় কাকে?**
ⓚ সেন্ট্রোসোম ⓛ নিউক্লিয়াস
ⓜ রাইবোসোম ⓝ মাইটোকন্ড্রিয়া উ:ⓝ
☑ **ব্যাখ্যা:** কোষের শক্তি উৎপাদনের সাথে জড়িত সকল কার্যকলাপ মাইটোকান্ড্রিয়ায় সংগঠিত হয় বলে একে কোষের 'পাওয়ার হাউস' বলা হয়।

**৯০. কে বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহবান করেন?**
ⓚ রাষ্ট্রপতি ⓛ চিফ হুইপ
ⓜ প্রধানমন্ত্রী ⓝ স্পীকার উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন মহামান্য রাষ্ট্রপতি। জাতীয় সংসদের সভাপতি হলেন স্পিকার। মাননীয় প্রধানমন্ত্রী হলেন জাতীয় সংসদের নেতা।

**৯১. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০২০ সালের হালনাগাদ জরিপ অনুযায়ী বাংলাদেশের মানুষের গড় আয়ু কত?**
ⓚ 78.2 বছর ⓛ 72.8 বছর
ⓜ 68.2 বছর ⓝ 76.8 বছর উ:ⓛ
☑ **ব্যাখ্যা:** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও অর্থনৈতিক সমীক্ষা-২০২২ অনুযায়ী, বাংলাদেশের মানুষের গড় আয়ু ৭২.৮ বছর।

**৯২. বাংলাদেশে সিটি কর্পোরেশনের সংখ্যা কতটি?**
ⓚ ১২ ⓛ ৬
ⓜ ৮ ⓝ ১০ উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** বাংলাদেশে সিটি কর্পোরেশনের সংখ্যা ১২টি। ১২তম সিটি কর্পোরেশন হলো ময়মনসিংহ।

**৯৩. 'দশ আনন যাহার = দশানন' এটি কোন সমাস?**
ⓚ বহুব্রীহি সমাস ⓛ কর্মধারয় সমাস
ⓜ অব্যয়ীভাব সমাস ⓝ দ্বন্দ্ব সমাস উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** দশ আনন যার = দশানন। এটি বহুব্রীহি সমাস। যে সমাসের পূর্বপদ ও পর পদের কোনটির অর্থ না বুঝিয়ে অন্য একটি পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন- নীল কণ্ঠ যার = নীলকণ্ঠ।

**৯৪. বাংলাদেশের কোন বিজ্ঞানী 2021 সালে 'র‍্যামন ম্যাগসেসে' পুরস্কার লাভ করেন?**
ⓚ ড. ফেরদৌসী কাদরী ⓛ ড. সমীর কুমার সাহা
ⓜ ড. জামাল নজরুল ইসলাম
ⓝ ড. মুহম্মদ জাফর ইকবাল উ:ⓚ
☑ **ব্যাখ্যা:** র‍্যামন ম্যাগসেসে পুরস্কার-২০২১ লাভ করেন বাংলাদেশের বিজ্ঞানী ড. ফেরদৌসী কাদরী। উল্লেখ্য ২০২২

সালে উক্ত পুরস্কার লাভ করেন কম্বোডিয়া, জাপান, ফিলিপাইন ও ইন্দোনেশিয়ার ৪ জন ব্যক্তি।

**৯৫. নবায়নযোগ্য শক্তি নিচের কোনটি?**

ক সৌরশক্তি খ কয়লা
গ গ্যাস ঘ তেল উ:ক

☑ **ব্যাখ্যা:** নবায়নযোগ্য শক্তির উৎস হলো সূর্য (সৌরশক্তি) বায়ু, সমুদ্র স্রোত ইত্যাদি।

**৯৬. নিচের কোনটির পৃষ্ঠের মহাকর্ষ প্রাবল্য সবচেয়ে বেশি?**

ক পৃথিবী খ বৃহস্পতি
গ চন্দ্র ঘ বুধ উ:খ

☑ **ব্যাখ্যা:** মহাকর্ষীয় ক্ষেত্রের কোনো বিন্দুতে একক ভরের একটি বস্তু স্থাপন করলে, বস্তুটি যে আকর্ষণ বল অনুভব করে, তাকে ঐ ক্ষেত্রের দরুন ঐ বিন্দুর মহাকর্ষীয় তীব্রতা বা প্রকাশ্য বলে। প্রদত্ত অপশনগুলোর মধ্যে বৃহস্পতি গ্রহের পৃষ্ঠের মহাকর্ষ প্রবাল সবচেয়ে বেশি।

**৯৭. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি?**

ক ধ্বনি খ বর্ণ
গ চিহ্ন ঘ শব্দ উ:ঘ

☑ **ব্যাখ্যা:** বাক্যের ক্ষুদ্রতম একক শব্দ। অন্যদিকে ভাষার মূল উপাদান ধ্বনি, ধ্বনির লিখিত রূপকে বলা হয় বর্ণ।

**৯৮. আফগানিস্তানে সম্প্রতি কোন দল ক্ষমতায় এসেছে।**

ক মুসলিম ব্রাদারহুড খ হামাস
গ তেহরিক ই ইসলাম ঘ তালেবান উ:ঘ

☑ **ব্যাখ্যা:** তালেবান আফগানিস্তানের ক্ষমতা দখল করে ২০২১ সালের ১৫ আগস্ট এবং একই বছরের ৭ সেপ্টেম্বর তালেবান সরকার গঠন করে।

**৯৯. Which one is the correct spelling?**

ক Synonymous
খ Sienonimous
গ Synonimous
ঘ Sinonymous উ:ক

☑ **ব্যাখ্যা:** Synonymous - সমার্থবোধক।

**১০০. He died — hunger.**

ক for খ at
গ of ঘ on উ:গ

☑ **ব্যাখ্যা:** রোগে ক্ষুধায় মারা গেলে die of বসে।

## নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি পরীক্ষা ২০২০-২১

**১. 'অরণ্যে রোদন' বাগ্‌ধারাটির অর্থ কী?**

ক ডুমুরের ফুল খ আকাশকুসুম
গ ঘোড়ার ডিম ঘ নিষ্ফল আর্জি উ:ঘ

☑ **ব্যাখ্যা:** 'অরণ্যে রোদন' বাগধারার অর্থ নিষ্ফল আর্জি বা নিষ্ফল আবেদন। অন্যদিকে 'আকাশকুসুম' 'ঘোড়ার ডিম' ও 'ডুমুরের ফুল' বাগধারার অর্থ যথাক্রমে অসম্ভব কল্পনা, অবাস্তব ও দুর্লভ বস্তু।

**২. Which one is correct spelling?**

ক Tubercolosis খ Tubarculosis
গ Tuberculosis ঘ Tuberculisis উ:গ

☑ **ব্যাখ্যা:** শুদ্ধ বানান হবে Tuberculosis, যার অর্থ হচ্ছে যক্ষ্মারোগ।

**৩. মি. রেজা তার সম্পদের 12% স্ত্রীকে, 58% ছেলেকে এবং অবশিষ্ট 3,00,000 টাকা মেয়েকে দিলেন। তার সম্পদের মোট মূল্য কত?**

ক 20,00,000 খ 10,00,000
গ 6,00,000 ঘ 9,00,000 উ:খ

☑ **ব্যাখ্যা:** মনে করি, মি. রেজার মোট সম্পদ x টাকা।

স্ত্রীকে প্রদত্ত সম্পদ = (x এর 12%) টাকা

$$= \frac{12x}{100} \text{ টাকা} = \frac{3x}{25} \text{ টাকা}$$

ছেলেকে প্রদত্ত সম্পদ = (x এর 58%) টাকা

$$= \frac{58x}{100} \text{ টাকা} \quad = \frac{29x}{50} \text{ টাকা}$$

∴ অবশিষ্ট সম্পদ যা মেয়েকে দিলেন

$$= \left(x - \frac{3x}{25} - \frac{29x}{50}\right) \text{ টাকা}$$

$$= \left(\frac{50x - 6x - 29x}{50}\right) \text{ টাকা}$$

$$= \frac{3x}{10} \text{ টাকা}$$

প্রশ্নমতে, $\frac{3x}{10} = 300000$

$\therefore x = 10,00,000$

**৪. কোনটি ইথানল- এর অপর নাম?**

ক ইথাইল অ্যালকোহল খ ইথাইল নাইট্রেট
গ ইথাইল সালফেট ঘ মিথাইল অ্যালকোহল উ:ক

☑ **ব্যাখ্যা:** ইথানল ($CH_3CH_2OH$) একটি জৈব যৌগ যার অপর নাম ইথাইল অ্যালকোহল। মদ তৈরিতে, জ্বালানী হিসেবে এটি ব্যবহৃত হয়। রেক্টিফাইড স্পিরিট-এ 95.6% ইথানল থাকে।

**৫. নিচের কোনটি খাদ্য সংরক্ষণে ব্যবহৃত হয়?**

ক বেনজিন খ সোডিয়াম মেটাঅ্যালুমিনেট
গ টলুইন ঘ সোডিয়াম বেনজোয়েড উ:ঘ

☑ **ব্যাখ্যা:** সোডিয়াম বেনজোয়েট খাদ্য সংরক্ষণে বহুল ব্যবহৃত হয়। এটি মার্জারিন, ম্যালাসস, ম্যাপেল সিরাপ,

জ্যাম এবং জেলিতে ব্যবহৃত হয়। খাবার সংরক্ষণ ছাড়াও এটি এন্টি সেপটিক ওষুধ ও মরিচারোধী হিসেবে ব্যবহৃত হয়।

**৬. 'সমুদ্র হতে হিমালয় পর্যন্ত' এককথায় প্রকাশ-**

ক অসমুদ্রহিমাচল খ হিমালয় পর্যন্ত
গ আসমুদ্র ঘ আসমুদ্রহিমাচল উ:ঘ

☑ **ব্যাখ্যা:** সমুদ্র হতে হিমালয় পর্যন্ত- আসমুদ্রহিমাচল। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ: পা থেকে মাথা পর্যন্ত-আপাদমস্তক, এক থেকে শুরু করে ক্রমাগত- একাদিক্রমে, যা দীপ্তি পাচ্ছে- দেদীপ্যমান, যা বার বার দুলছে- দোদুল্যমান।

**৭. বাংলাদেশের মেট্রোরেল প্রকল্পের প্রধান সহায়তাকারী দেশ কোনটি?**

ক চীন খ ভারত
গ রাশিয়া ঘ জাপান উ:ঘ

☑ **ব্যাখ্যা:** মেট্রোরেল বা MRT Line-6 নামে খ্যাত এ উড়াল ট্রেন সেবা বাংলাদেশের মেগা প্রজেক্টগুলোর মধ্যে অন্যতম। উত্তরা থেকে আঁগারগাও হয়ে মতিঝিল পর্যন্ত এ রেলপথের দৈর্ঘ্য ২০.১ কিমি। জাপানের JICA-এর সহযোগিতায় তৈরি হচ্ছে মেট্রোরেল।

**৮. 'এক্সক্লুসিভ ব্রেস্ট ফিডিং' বলতে বাচ্চার জন্মের পর কত সময় পর্যন্ত বুকের দুধ খাওয়ানো বুঝায়?**

ক 10 মাস খ 2 বছর
গ 6 মাস ঘ 1 বছর উ:গ

☑ **ব্যাখ্যা:** 'এক্সক্লুসিভ ব্রেস্ট ফিডিং' বলতে বোঝায় শিশু জন্মের পর থেকে ৬ মাস পর্যন্ত কেবলমাত্র বুকের দুধ খাওয়ানো। এ সময় বুকের দুধ ব্যতীত অন্য খাবার খাওয়ালে শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল হয় এবং অসুস্থ হবার ঝুঁকি বেড়ে যায়।

**৯. প্রাথমিক বর্ণ নয় কোনটি?**

ক নীল খ সবুজ
গ লাল ঘ বেগুনি উ:ঘ

☑ **ব্যাখ্যা:** দৃশ্যমান আলোক বর্ণের মধ্যে প্রাথমিক বা মুখ্য বর্ণ তিনটি। এ তিনটি বর্ণ পরিমাণমত মিশিয়ে অন্য রঙ পাওয়া যায়। তাই এরা মৌলিক বা প্রাথমিক রঙ। লাল, নীল ও সবুজ হলো প্রাথমিক বর্ণ। অর্থাৎ বেগুনি প্রাথমিক বর্ণ নয়।

**১০. ইসরায়েলের তৈরি শক্তিশালী ফোন হ্যাকিং স্পাইওয়্যার কোনটি?**

ক প্রমিথিউস খ প্যারাডাইস
গ প্যাপিরাস ঘ পেগাসাস উ:ঘ

☑ **ব্যাখ্যা:** ইসরাইলের সাইবার আর্মস সংস্থা (এনএসও) গ্রুপ দ্বারা নির্মিত স্পাইওয়্যার পেগাসাস, যা গোপনে মোবাইল ফোনে ইন্সটল করে বিভিন্ন গুপ্তচরবৃত্তি করার কাজে ব্যবহৃত হয়।

**১১. 'পার্থিব' বিশেষণের বিশেষ্য রূপ কোনটি?**

ক পৃথিবী খ প্রার্থী
গ পার্থক্য ঘ পার্থ উ:ক

☑ **ব্যাখ্যা:** 'পার্থিব' সংস্কৃত শব্দ, যার বিশেষ্য রূপ পৃথিবী।

**১২. সম্প্রতি কোন দেশে সামরিক শাসন জারি হয়?**

ক মালয়েশিয়া খ মিয়ানমার
গ তাইওয়ান ঘ ভিয়েতনাম উ:খ

☑ **ব্যাখ্যা:** ২০২১ সালের ১ ফেব্রুয়ারি দক্ষিণ পূর্ব এশিয়ার দে মিয়ানমারে সেনা অভ্যুত্থান ঘটান সশস্ত্র বাহিনীর প্রধান জেনারেল মিন অং হাইং। এসময় ক্ষমতাসীন দলের প্রধান অং সান সুচি এবং রাষ্ট্রপতি উইন মিন্টকে গ্রেফতার করে সামরিক জান্তা বাহিনী।

**১৩. Fill in the blank with appropriate word. The Headmaster and the secretary – present at the last meeting.**

ক is খ are
গ were ঘ was উ:গ

☑ **ব্যাখ্যা:** প্রদত্ত sentence-এ headmaster এবং secretary-এর পূর্বে the আছে। সুতরাং পৃথক ব্যক্তিকে বোঝানো হয়েছে। তাই পরবর্তী verbটি plural হবে।

**১৪. ভিনেগারে নিচের কোন এসিডটি উপস্থিত থাকে?**

ক এসিটিক এসিড খ টারটারিক এসিড
গ এসকরবিক এসিড ঘ সাইট্রিক এসিড উ:ক

☑ **ব্যাখ্যা:** এসিটিক এসিড বা ইথানোয়িক এসিড ($CH_3COOH$)-এর 6-10% জলীয় দ্রবণকে ভিনেগার বলে। খাদ্যদ্রব্য তৈরিতে, ত্বক পরিচর্যায় এটি ব্যবহৃত হয়।

**১৫. 'তার ধন আছে কিন্তু বিদ্যা নেই' বাক্যটি কোন শ্রেণীর?**

ক মিশ্র খ যৌগিক
গ সরল ঘ জটিল উ:খ

☑ **ব্যাখ্যা:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যৌগিক বাক্যের অন্তর্গত নিরপেক্ষ বাক্যগুলো কিন্তু, এবং, ও, অথবা, কিংবা, বরং পভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমন- তার ধন আছে কিন্তু বিদ্যা নেই। তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।

**১৬. 'মানুষ মরণশীল' Translate into English-**

ক Men Are mortals
খ The Man is mortal
গ The man are mortal
ঘ Man is Mortal উ:ঘ

☑ ব্যাখ্যা: Common noun 'man' বলতে এখানে সমগ্র মানবজাতিকে বোঝানো হয়েছে এবং এটি singular subject। এর আগে তাই কোনো article যুক্ত হবে না এবং verb singular হবে।

**১৭. শব্দের প্রতিধ্বনি সৃষ্টি হওয়ার কারণ কী?**

ক অপবর্তন খ শোষণ
গ প্রতিসরণ ঘ প্রতিফলন **উ:ঘ**

☑ ব্যাখ্যা: শব্দের প্রতিধ্বনি সৃষ্টির প্রধান কারণ শব্দের প্রতিফলন। শব্দের প্রতিধ্বনি শোনার জন্য উৎস এবং প্রতিফলকের মধ্যবর্তী ন্যূনতম দূরত্ব হতে হবে ১৬.৬ মিটার।

**১৮. করোনা সংক্রমণ রোধে নূন্যততম কত দূরত্ব থাকা উচিত?**

ক ১০ সেন্টিমিটার খ ১ ফুট
গ ৪ মিটার ঘ ১ মিটার **উ:ঘ**

☑ ব্যাখ্যা: করোনা সংক্রমণ রোধে ন্যূনতম ৩ ফুট বা ১ মিটার দূরত্ব বজায় রাখা উচিত।

**১৯. 'তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা' কার রচনা?**

ক শামসুর রাহমান খ জীবনানন্দ দাশ
গ কাজী নজরুল ইসলাম
ঘ মুনীর চৌধুরী **উ:ক**

☑ ব্যাখ্যা: 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার রচয়িতা শামসুর রাহমান। এ কবিতাটি তার মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যগ্রন্থ 'বন্দী শিবির থেকে'-এর অন্তর্ভুক্ত। এ কাব্যগ্রন্থের উল্লেখযোগ্য আরও কয়েকটি কবিতা- স্বাধীনতা তুমি, মধুস্মৃতি, রক্তাক্ত প্রান্তরে, গেরিলা।

**২০. ধাতুর সঙ্গে কী যুক্ত হয়ে ক্রিয়া গঠিত হয়?**

ক প্রত্যয় খ বিভক্তি
গ অনুসর্গ ঘ উপসর্গ **উ:খ**

☑ ব্যাখ্যা: ক্রিয়া পদের মূল অংশকে বলা হয় ধাতু। আর ধাতুর সঙ্গে পুরুষ ও কালবাচক বিভক্তি যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠিত হয়।

**২১. Fill in the blank with appropriate worঘ The thief broke ___ the house.**

ক into খ in
গ up ঘ at **উ:ক**

☑ ব্যাখ্যা: 'Break into' অর্থ ভেঙে প্রবেশ করা। প্রদত্ত বাক্যে অর্থসঙ্গতি রক্ষার্থে 'broke into' ব্যবহৃত হবে।

**২২. 'মহাশ্মশান' মহাকাব্যটি কার রচিত?**

ক কাজী নজরুল ইসলাম খ মহাকবি আরাওল
গ কায়কোবাদ ঘ রবীন্দ্রনাথ ঠাকুর **উ:গ**

☑ ব্যাখ্যা: মুসলিম মহাকবি কায়কোবাদের শ্রেষ্ঠ মহাকাব্য 'মহাশ্মশান' (১৯০৪)। কাব্যটির ঐতিহাসিক পটভূমি হলো পানিপথের তৃতীয় যুদ্ধ (১৭৬১)। এ যুদ্ধে মহারাষ্ট্রীয়দের পরাজয় এবং আহমদ শাহ আবদালীর বিজয় বর্ণনা কাব্যটির বিষয়বস্তু। কাব্যটি তিনটি খণ্ডে উপস্থাপন করা হয়েছে। এর মধ্যে প্রথম খণ্ডে ২৯ সর্গ, দ্বিতীয় খণ্ডে ২৪ সর্গ এবং তৃতীয় খণ্ডে ৭ সর্গ রয়েছে।

**২৩. তৎসম শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?**

ক মিশ্র রীতি খ সাধু রীতি
গ আঞ্চলিক রীতি ঘ চলিত রীতি **উ:খ**

☑ ব্যাখ্যা: : সাধু রীতি. সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল। নাটকের সংলাপ ও বক্তৃতায় এ রীতি অনুপযোগী। চলিত রীতি তদ্ভব শব্দবহুল।

**২৪. ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত?**

ক ৫০৫০ খ ৫০০১
গ ৫৫০১ ঘ ৪৯৯৯ **উ:ক**

☑ ব্যাখ্যা: ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল

$= \frac{১০০ \times (১০০ + ১)}{২}$

$= ৫০ \times ১০১$

$= ৫০৫০$

**২৫. Which one is the correct spelling?**

ক Occasion খ Occassion
গ Ocasssion ঘ Ocesion **উ:ক**

☑ ব্যাখ্যা: শুদ্ধ বানান হচ্ছে 'Occasion'। Occasion অর্থ উপলক্ষ্য।

**২৬. নির্মীয়মান পদ্ম সেতুর রিখটার থেকে স্কেলে ভূমিকম্প সহনীয় মাত্রা কত?**

ক 7 খ 9
গ 3 ঘ 5 **উ:খ**

☑ ব্যাখ্যা: নির্মীয়মাণ পদ্মা সেতুর ভূমিকম্প সহনীয় মাত্রা রিখটার স্কেলে ৯। অর্থাৎ ৯ মাত্রার ভূমিকম্পতেও এ সেতু অক্ষত থাকবে।

**২৭. দুইটি সংখ্যার পার্থক্য 16। যদি ছোট সংখ্যাটি বড়টির $\frac{3}{5}$ অংশ হয়, তবে ছোট সংখ্যাটি কত?**

ক 24 খ 30
গ 33 ঘ 18 **উ:ক**

☑ ব্যাখ্যা: ধরি, বড় সংখ্যা x এবং ছোট সংখ্যা y

১ম শর্তমতে, $x - y = 16$ .................... (i)

২য় শর্তমতে, $y = \frac{3}{5}x$ .................... (ii)

সমীকরণ (i) নং এ $y = \frac{3}{5}x$ বসিয়ে পাই, $x - \frac{3}{5}x = 16$

$$\Rightarrow \frac{5x - 3x}{5} = 16$$

$$\Rightarrow \frac{2x}{5} = 16$$

$$\Rightarrow x = \frac{16 \times 5}{2}$$

$$\therefore x = 40$$

সুতরাং ছোট সংখ্যাটি $y = \frac{3}{5} \times 40 = 24$

**২৮. বাংলাদেশ ও ভারতের মধ্যে অভিন্ন নদীর সংখ্যা কতটি?**

ক 48 খ 44
গ 50 ঘ 54 উ:ঘ

☑ **ব্যাখ্যা:** একটি দেশের রাজনৈতিক সীমানা অতিক্রম করে কোনো নদী যদি অন্য দেশে প্রবেশ করে তাহলে সেই নদীকে আন্তঃসীমান্ত নদী বলে। বাংলাদেশের ৫৭টি আন্তঃসীমান্ত নদী থাকলেও ভারতের সাথে অভিন্ন নদী ৫৪টি।

**২৯. পানীয় জলে আর্সেনিকের সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা কত?**

ক 0.1-0.4 ppm খ 0.01-0.04 ppm
গ 0.01-0.05 ppm ঘ 1.05-0.1 ppm উ:গ

☑ **ব্যাখ্যা:** পানীয় জলে আর্সেনিকের সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা 0.01 – 0.05 ppm অথবা 0.01 – 0.05 mg /L.

**৩০. দুইটি সংখ্যার যোগফল 12 এবং গুণফল 32 হলে, বড় সংখ্যাটি কত?**

ক 5 খ 8
গ 6 ঘ 10 উ:খ

☑ **ব্যাখ্যা:** মনে করি, বড় সংখ্যাটি x এবং ছোট সংখ্যাটি y
১ম শর্তমতে, $x + y = 12$ .................... (i)
২য় শর্তমতে, $xy = 32$ .................... (ii)
আমরা জানি, $(x - y)^2$
$= (x + y)^2 - 4xy$
$= (12)^2 - 4 \times 32$
$= 144 - 125$
$= 16$
$\therefore x - y = 4$ .................... (iii)
সমীকরণ (i) ও (ii) নং হতে পাই,
$x + y = 12$
$x - y = 4$
যোগ করে, $2x = 16$
$\therefore x = 8$

**৩১. 'নামাজ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

ক ওলন্দাজ খ গ্রিক
গ ফারসি ঘ পর্তুগিজ উ:গ

☑ **ব্যাখ্যা:** 'নামাজ' ফারসি শব্দ। আরও কয়েকটি ফারসি শব্দ রোজা, রসদ, হাঙ্গামা, নমুনা, জিন্দা, নালিশ, চশমা, জবানবন্দি, বাদশাহ, বেহেশত, আমদানি, রফতানি।

**৩২. বাংলদেশে করোনা ভাইরাসের টিকা গ্রহনের নিবন্ধন অ্যাপ কোনটি?**

ক মায়া খ স্বাস্থ্য বাতায়ন
গ কোভেক্স ঘ সুরক্ষা উ:ঘ

☑ **ব্যাখ্যা:** বাংলাদেশের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নিজস্ব তত্ত্বাবধানে নির্মিত করোনা ভাইরাসের টিকা গ্রহণের অ্যাপ 'সুরক্ষা'। এর ওয়েবসাইটের ঠিকানা www.surokkha.gov.bd

**৩৩. ইউরোপীয় উইনিয়নের মুদ্রার নাম কী?**

ক ডলার খ পেসো
গ ইউরো ঘ পাউন্ড উ:গ

☑ **ব্যাখ্যা:** ইউরোপীয় ইউনিয়নের দেশসমূহের নিজস্ব মুদ্রা ইউরো। ১৯৯৯ সালে ১৪টি দেশ এ মুদ্রা ব্যবহার শুরু করে। পাউন্ড ব্রিটিশ মুদ্রা, পেসো ফিলিপাইনসহ দক্ষিণ আমেরিকার দেশসমূহের মুদ্রা। আর ডলার মার্কিন যুক্তরাষ্ট্র, জিম্বাবুয়ে, পূর্ব তিমুরসহ বেশ কয়েকটি দেশের ব্যবহৃত মুদ্রা।

**৩৪. নিচের কোনটি সবচেয়ে কম সক্রিয় ধাতু?**

ক সিলভার খ গোল্ড
গ ক্রোমিয়াম ঘ প্লাটিনাম উ:খ

☑ **ব্যাখ্যা:** ধাতুর সক্রিয়তা সিরিজে Ag > Pt > Au
∴ কম সক্রিয় ধাতু গোল্ড বা স্বর্ণ (Aurum)।

**৩৫. The synonym of the word 'encounter' is-**

ক harmony খ battle
গ concord ঘ part উ:খ

☑ **ব্যাখ্যা:** 'Encounter' অর্থ সম্মুখীন বা লড়াই। অপশনগুলোর মাঝে battle অর্থ লড়াই, harmony অর্থ মিল বা সাদৃশ্য, concord অর্থ ঐক্য, part অর্থ খণ্ড বা ভাগ। সুতরাং encounter synonym battle.

**৩৬. Fill in the blank with appropriate word. I have no appretite--food.**

ক for খ at
গ in ঘ abut উ:ক

☑ **ব্যাখ্যা:** 'Appetite for' অর্থ ক্ষুধা। অর্থসঙ্গতি রক্ষার্থে appropriate preposition হিসেবে 'appetite for' বসবে।

**৩৭. 2021 সালে বিশ্বের দ্বিতীয় দেশ হিসেবে মঙ্গলগ্রহে সফলভাবে মহাকাশযান অবতরণ করায় কোন দেশ?**

ক ভারত খ জাপান
গ চীন ঘ রাশিয়া উ:গ

☑ ব্যাখ্যা: ২০২১ সালে বিশ্বের দ্বিতীয় দেশ হিসেবে মঙ্গলগ্রহে সফলভাবে মহাকাশযান অবতরণ করায় চীন।

**৩৮. 'ভিখারিকে ভিক্ষা দাও' কোন কারকে কোন বিভক্তি?**

ⓚ করণে ৪র্থী ⓛ কর্মে ৪র্থী
ⓜ সম্প্রদানে ৪র্থী ⓝ অপাদানে ৪র্থী **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে (সংস্কৃত ব্যাকরণ অনুযায়ী) সম্প্রদান কারক বলে। যেমন- ভিখারিকে ভিক্ষা দাও। সমিতিতে চাঁদা দাও। এই দুই বাক্যে 'ভিখারিকে' ৪র্থী বিভক্তি এবং 'সমিতিতে' ৭মী বিভক্তি।

**৩৯. ডেঙ্গুজ্বর হলে রক্তের কোন উপাদানটি সাধারণত কমে যায়?**

ⓚ অনুচক্রিকা ⓛ লোহিত কণিকা
ⓜ হিমোগ্লোবিন ⓝ অক্সিজেন **উ:ⓚ**

☑ ব্যাখ্যা: ডেঙ্গুজ্বর হলে রক্তের প্লাটিলেট বা অণুচক্রিকা কমে যায়। অণুচক্রিকা রক্ত জমাট বাঁধতে সাহায্য করে।

**৪০. MRI যন্ত্রের সাহায্যে রোগ নির্ণয়ে কোন মৌলের ভূমিকা প্রধান?**

ⓚ সিলিকন ⓛ অক্সিজেন
ⓜ হাইড্রোজেন ⓝ নিয়ন **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: MRI হলো (Magnetic Resonance Imaging) সর্বাধুনিক রোগ নির্ণয়কারী পরীক্ষা, যার মাধ্যমে শরীরের অভ্যন্তরীণ অঙ্গের স্পষ্ট ছবি নেওয়া হয়। এর দ্বারা শক্তিশালী চৌম্বকক্ষেত্র এবং রেডিও তরঙ্গ ব্যবহার করা হয়। হাইড্রোজেন উচ্চ জাইরোম্যাগনেটিক অনুপাতে একটি শক্তিশালী সংকেত দেয় তাই MRI-তে-এর ব্যবহার বেশি।

**৪১. নিচের কোনটি লব্ধ রাশি?**

ⓚ তাপ ⓛ দীপন তীব্রতা
ⓜ সময় ⓝ দৈর্ঘ্য **উ:ⓚ**

☑ ব্যাখ্যা: যেসব রাশি মৌলিক রাশির উপর নির্ভর করে তারা লব্ধ রাশি। মৌলিক রাশি ৭টি। যথা- দৈর্ঘ্য, ভর, সময়, তাপমাত্রা, বৈদ্যুতিক প্রবাহ, দীপন তীব্রতা ও পদার্থের পরিমাপ।

**৪২. Fill in the blank with appropriate worⓓ He has given--smoking.**

ⓚ by ⓛ up
ⓜ against ⓝ away **উ:ⓛ**

☑ ব্যাখ্যা: 'Give up' phrasal verb টির অর্থ ছেড়ে দেওয়া বা পরিত্যাগ করা । তাই সঠিক উত্তর হবে অপশন (d)

**৪৩. $x+\frac{1}{x}=4$ হলে, $\frac{x}{x^2-3x+1}$ হলে মান কত?**

ⓚ $-1$ ⓛ $\frac{1}{2}$
ⓜ $1$ ⓝ $0$ **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: দেওয়া আছে, $x+\frac{1}{x}=4$

$$\Rightarrow \frac{x^2+1}{x}=4$$

$$\therefore x^2+1=4x \text{ .................... (i)}$$

$$\therefore \frac{x}{x^2-3x+1}=\frac{x}{x^2+1-3x}=\frac{x}{4x-3x}=\frac{x}{x}=1$$

**৪৪. Which one of the following is the correct sentence?**

ⓚ Open 10 page ⓛ Open at page 10
ⓜ Open page at 10 ⓝ Open page 10 **উ:ⓛ**

☑ ব্যাখ্যা: কোনো বইয়ের পৃষ্ঠা উল্লেখ করতে open-এর পরে preposition 'at' বসে। সুতরাং সঠিক বাক্যটি হবে Open at page 10.

**৪৫. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের সময়কাল কত?**

ⓚ 2012-2022 ⓛ 2010-2030
ⓜ 2016-2030 ⓝ 2010-2025 **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: জাতিসংঘের ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর সময়কাল ২০১৬-২০৩০। এর লক্ষ্যমাত্রা ১৭টি, সুনির্দিষ্ট লক্ষ্য ১৬৯টি।

**৪৬. The antonym of the word 'transparent' is —**

ⓚ Opaque ⓛ Lucid
ⓜ Clean ⓝ Crystalline **উ:ⓚ**

☑ ব্যাখ্যা: 'Transparent' শব্দের অর্থ স্বচ্ছ। অপশনগুলোর মাঝে clean অর্থ পরিষ্কার, lucid অর্থ স্বচ্ছ, opique অর্থ অস্বচ্ছ, crystallite অর্থ মূল্যবান, স্বচ্ছ পাথরবিশেষ। সুতরাং transparent-এর antonym হবে opaque.

**৪৭. সোডিয়ামে আয়নে কতগুলো ইলেকট্রন থাকে?**

ⓚ 15 ⓛ 5
ⓜ 10 ⓝ 11 **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: সোডিয়ামে ($^{23}_{11}Na$) ইলেক্ট্রন সংখ্যা ১১টি। তবে সোডিয়াম আয়নে ($^{23}_{11}Na+$) ইলেক্ট্রন সংখ্যা (১১ - ১) বা ১০টি।

**৪৮. Fill in the blank with appropriate word. Millions of People across the world —— Corona.**

ⓚ died by ⓛ die for
ⓜ died of ⓝ died from **উ:ⓜ**

☑ ব্যাখ্যা: কোনো রোগে মারা গেলে die-এর সাথে preposition of' বসে। যেহেতু প্রদত্ত বাক্যে রোগে মারা যাওয়া উল্লেখ আছে সেহেতু died of' সঠিক উত্তর হবে।

**৪৯. $4(a+b), 10(a-b)$এবং $12(a^2-b^2)$ এর গ.সা.গু কত?**

ⓚ $a+b$ ⓖ $a-b$
ⓖ 2 ⓘ 12 $(a^2-b^2)$ উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** ১ম রাশি = 4(a + b) = 2 × 2 × (a + b)
২য় রাশি = 10(a – b) = 2 × 5 × (a – b)
৩য় রাশি = $12(a^2 - b^2)$ = 2 × 2 × 3 × (a + b) (a – b)
∴ নির্ণেয় গ.সা.গু. = 2।

**৫০. দুই ব্যাক্তি একটি কাজ একত্রে ৪ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একা কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি ঐ কাজটি একা কতদিনে করতে পারবে?**

ⓚ 30 দিন ⓖ 24 দিন
ⓖ 20 দিন ⓘ 10 দিন উ:ⓖ

☑ **ব্যাখ্যা:**

দ্বিতীয় ব্যক্তিটি 1 দিনে করতে পারবে = $\left(\frac{1}{8}-\frac{1}{12}\right)$ অংশ

= $\left(\frac{3-2}{24}\right)$ অংশ

= $\frac{1}{24}$ অংশ

∴দ্বিতীয় ব্যক্তি কাজটি সম্পূর্ণ করে 24 দিনে।

**৫১. সাইকেলের বেগ ও চাকার ঘর্ষণের মধ্যবর্তী কোণ কত?**

ⓚ 90° ⓖ 180°
ⓖ 360° ⓘ 0° উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** ঘর্ষণ সবসময় বস্তুর বেগের বিপরীতে ক্রিয়া করে। রাস্তার তলের উপর দিয়ে যখন সাইকেলের চাকা চলে, সেসময় বিপরীত ঘর্ষণ বলটি সাইকেলটিকে ঠিক উল্টোদিক অর্থাৎ ১৮০ ডিগ্রি কোণে বাধা প্রদান করে।

**৫২. কোন বানানটি ঠিক?**

ⓚ ষোড়শ ⓖ শোরশ
ⓖ শোরষ ⓘ সোড়শ উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** শুদ্ধ বানান ষোড়শ। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- আনুষঙ্গিক, অতিথি, রীতিনীতি, রুগ্‌ণ, ধুলিসাৎ, বিদ্বান, আষাঢ়, সংশপ্তক, দুর্বিষহ, মূর্ধন্য।

**৫৩. পানিতে দ্রবণীয় ভিটামিন কোনটি?**

ⓚ ভিটামিন কে ⓖ ভিটামিন এ
ⓖ ভিটামিন ডি ⓘ ভিটামিন বি উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** ভিটামিন বি ও ভিটামিন সি পানিতে দ্রবণীয় তাই ভিটামিন সি যুক্ত ফল কাটার পর না ধোয়ার পরামর্শ দেয়া হয়। ভিটামিন A, D, E ও K স্নেহ দ্রবণে দ্রবণীয়।

**৫৪. Which one is Abstract Noun?**

ⓚ Honesty ⓖ Public
ⓖ Tiger ⓘ Milk উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** যে সকল noun দ্বারা দোষ, গুণ অবস্থা বা কাজের নাম বোঝায় এবং যা পঞ্চইন্দ্রিয় দ্বারা শনাক্ত করা যায় না সেগুলো abstract noun। সাধারণত এসব word-এর শেষে ty, ness, ment, sion ইত্যাদি যুক্ত থাকে। সঠিক উত্তর হবে (b)।

**৫৫. ঐতিহাসিক 07 মার্চ বঙ্গবন্ধুর ভাষণ আনুমানিক কত মিনিটের ছিলো?**

ⓚ 19 মিনিটের ⓖ 10 মিনিটের
ⓖ 30 মিনিটের ⓘ 5 মিনিটের উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ শুরু হয়েছিল বিকাল ৩.২০ মিনিটে, যার সময়কাল ছিল ১৯ মিনিট।

**৫৬. 'সমীর' শব্দের অর্থ কী?**

ⓚ বাতাস ⓖ কুয়াশা
ⓖ সমুদ্র ⓘ রোদ উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** 'সমীর' সংস্কৃত শব্দ, বিশেষ্য পদ। যার অর্থ বাতাস, বায়ু, পবন।

**৫৭. কোনটি বংশগত রোগ?**

ⓚ সিফিলিস ⓖ যক্ষ্মা
ⓖ হিমোফিলিয়া ⓘ ম্যালেরিয়া উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** জিনের সংক্রমণের মাধ্যমে পিতা-মাতা থেকে সন্তানের কাছে সংক্রমিত হলে তাকে বংশগত রোগ বলে। যেমন: থ্যালাসেমিয়া, হিমোফিলিয়া ইত্যাদি। যক্ষ্মা জীবাণু দ্বারা সংক্রামক রোগ, সিফিলিস যৌনবাহিত রোগ এবং ম্যালেরিয়া মশকীর কামড়ে সৃষ্ট রোগ।

**৫৮. Which one is the correct spelling?**

ⓚ Committe ⓖ Committee
ⓖ Comittee ⓘ Commitee উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** সঠিক বানান Committee, যার অর্থ সমিতি বা পরিষদ।

**৫৯. 'উদার' এর বিপরীতার্থক শব্দ কোনটি?**

ⓚ সংকীর্ণ ⓖ মহান
ⓖ অসৎ ⓘ সাবশীল উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** উদার-এর বিপরীত শব্দ সংকীর্ণ। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ: অসৎ-সৎ, আবিল-অনাবিল, আকুঞ্চন-প্রসারণ, আবির্ভাব-তিরোভাব, খাতক-মহাজন।

**৬০. ভূ-স্থির উপগ্রহের আবর্তনকাল কত?**

ক 24 ঘণ্টা খ 30 দিন
গ 365 দিন ঘ 12 ঘণ্টা উ:ক

☑ **ব্যাখ্যা:** পৃথিবীর আবর্তন গতির সমান গতিসম্পন্ন উপগ্রহকে ভূ-স্থির উপগ্রহ বলে। এর আবর্তনকাল পৃথিবীর আবর্তনের সমান বা ২৪ ঘণ্টা।

**৬১. Passive form of the sentence-"You must do the work" is –**

ক You will do the work
খ The work will be done by you
গ The work must be done by you
ঘ The work has been done by you উ:গ

☑ **ব্যাখ্যা:** প্রদত্ত বাক্যটি Modal auxiliary দ্বারা যুক্ত হওয়ায় subject-এর পর গঠনটি হবে, modal + verb-এর base form + main verb-past participle + by + object.

**৬২. Who is the author of 'Man and Supermen'?**

ক G.B Shaw খ Thomas Hardy
গ Charles Dickens
ঘ Ernest Hemingway উ:ক

☑ **ব্যাখ্যা:** 'Man and Superman' একটি four act drama, যার author হচ্ছেন George Bernard Shaw এবং এটি প্রকাশিত হয় ১৯০৩ সালে।

**৬৩. ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?**

ক থাইরয়েড খ বৃক্ক
গ পিটুইটারি ঘ অগ্ন্যাশয় উ:ঘ

☑ **ব্যাখ্যা:** ইনসুলিন অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহেন্সের বিটা কোষ থেকে নিঃসৃত হয়।

**৬৪. রূপসী বাংলার কবি হিসেবে খ্যাতিমান কে?**

ক জীবনানন্দ দাশ খ কবি জসীমউদ্‌দীন
গ কবি গোলাম মোস্তফা ঘ মাইকেল মধুসূদন দত্ত উ:ক

☑ **ব্যাখ্যা:** রূপসী বাংলার কবি হিসেবে খ্যাত জীবনানন্দ দাশ। এছাড়াও তাকে নির্জনতার কবি, তিমির হননের কবি ও ধূসরতার কবি হিসেবে অভিহিত করা হয়। অন্যদিকে জসীমউদদীনকে বলা হয় 'পল্লীকবি' এবং গোলাম মোস্তফাকে বলা হয় 'কাব্যে সুধাকর'। মধুসূদন দত্তের উপাধি 'মাইকেল' এবং ছদ্মনাম 'এ নেটিভ'।

**৬৫. লেন্সের ক্ষমতার একক কোনটি?**

ক ডায়প্টার খ ওয়াট
গ অশ্ব ক্ষমতা ঘ কিলোওয়াট ঘন্টা উ:ক

☑ **ব্যাখ্যা:** এক মিটার ফোকাস দূরত্বের লেন্সের ক্ষমতাকে এক ডায়াপ্টার বলে। লেন্সের ক্ষমতার একক ডায়প্টার। ক্ষমতার একক ওয়াট বা অশ্ব ক্ষমতা। কিলোওয়াট ঘণ্টা শক্তির একক।

**৬৬. বাংলা ভাষার প্রথম সংবাদপত্রের নাম কী?**

ক সমাচার দর্পণ খ জমিদার দর্পণ
গ বেঙ্গল গেজেট ঘ আজাদ

☑ **ব্যাখ্যা:** জন ক্লার্ক মার্শম্যান সম্পাদিত বাংলা ভাষার প্রথম সংবাদপত্র 'দিগদর্শন' ১৮১৮ সালের এপ্রিল মাসে প্রকাশিত হয়। তারই সম্পাদনায় ১৮১৮ সালের মে মাসে 'সমাচার দর্পণ' পত্রিকা প্রকাশিত হয়। জেমস অগাস্টাস হিকি সম্পাদিত 'বেঙ্গল গেজেট' (১৭৮০) ইংরেজি ভাষায় রচিত ভারতবর্ষের প্রথম সংবাদপত্র। 'দৈনিক আজাদ' (১৯৩৫) পত্রিকার সম্পাদক মোহাম্মদ আকরম খাঁ। 'জমিদার দর্পণ' মীর মোশাররফ হোসেন রচিত নাটক।

**৬৭. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন ভারতের প্রধানমন্ত্রী কে ছিলেন?**

ক ইন্দিরা গান্ধী খ জ্যোতিবসু
গ জওহরলাল নেহেরু
ঘ অটল বিহারী বাজপেয়ী উ:ক

☑ **ব্যাখ্যা:** বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদান রাখা এক অকৃত্রিম বন্ধু ছিলেন তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী। বাংলাদেশ সরকার বিদেশি নাগরিকদের জন্য সর্বোচ্চ সম্মাননা 'বাংলাদেশ স্বাধীনতা সম্মাননা' প্রদান করেন ইন্দিরা গান্ধীকে।

**৬৮. Which one of the following is Adjective?**

ক Beautifying খ Beauty
গ Beautiful ঘ Beautification উ:গ

☑ **ব্যাখ্যা:** 'Beautiful' শব্দটি adjective, যার অর্থ সুন্দর বা চমৎকার। অন্যদিকে beautyfying (verb); beauty (noun)।

**৬৯. কোন তাপমাত্রায় সেলসিয়াস এবং ফারেনহাইট স্কেল সমান?**

ক $-50°$ খ $-20°$
গ $-40°$ ঘ $-10°$ উ:গ

☑ **ব্যাখ্যা:** $\frac{C}{5} = \frac{F-32}{9}$

$\Rightarrow \frac{x}{5} = \frac{x-32}{9}$ [C = F = x (ধরি)]

$\Rightarrow 9x = 5x - 160$

$\Rightarrow x = \frac{-160}{4} = -40°$

**৭০. মৌলিক শব্দ কোনটি?**

ক মানব খ শীতল
গ গোলাপ ঘ গৌরব উ:গ

☑ **ব্যাখ্যা**: যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন- গোলাপ, নাক, সাল, তিন, হাত, ফুল, গাছ ইত্যাদি। অন্যদিকে মানব, শীতল ও গৌরব-তৎসম শব্দ।

**৭১. কোন তারিখে বাংলাদেশেল সংবিধান কার্যকর হয়?**

ক 26 মার্চ, 1972 খ 17 এপ্রিল, 1971
গ 16 ডিসেম্বর, 1972 ঘ 26 মার্চ, 1973 **উ:গ**

☑ **ব্যাখ্যা**: বাংলাদেশের সংবিধান ৪ নভেম্বর ১৯৭২ গৃহীত হয় এবং ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর কার্যকর হয়।

**৭২. 'স্বাস্থ্য বাতায়ন' এর জরুরি সেবা নম্বর হল-**

ক 16263 খ 333
গ 111 ঘ 16060 **উ:ক**

☑ **ব্যাখ্যা**: জরুরি সেবা ৯৯৯, কৃষি তথ্য ১৬১২৩, স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩, তথ্য সেবা ৩৩৩।

**৭৩. কোন রক্তকণিকা দেহে অ্যান্টিবডি তৈরি করে?**

ক লিম্ফোসাইট খ অস্টিওসাইট
গ ইরাইথ্রোসাইট ঘ অণুচক্রিকা **উ:ক**

☑ **ব্যাখ্যা**: রক্তের লসিকাকোষ বা বি লিম্ফোসাইট নামক বিশেষ ধরনের শ্বেত রক্তকণিকা অ্যান্টিবডিসহ দেহের প্রতিরক্ষা হরমোন উৎপাদন করে থাকে।

**৭৪. 'ধনীরা সব সময় সুখী নয়' Translate into English-**

ক The rice are not always happy
খ Rice is not always happy
গ The rice is not always happy
ঘ Rice are not always happy **উ:ক**

☑ **ব্যাখ্যা**: Adjcetive-এর পূর্বে 'the' বসিয়ে plural common noun গঠন করতে হয় এবং পরবর্তী verbও plural হয়। সুতরাং সঠিক উত্তর অপশন (a)।

**৭৫. UNHCR এর সদর দপ্তর কোথায়?**

ক লন্ডন খ জেনেভা
গ নিউইয়র্ক ঘ রোম **উ:খ**

☑ **ব্যাখ্যা**: UNHCR (United Nations High Commissioner for Refugees)-এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। আন্তর্জাতিক শরণার্থীদের নিয়ে কাজ করা এ প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয় ১৯৫০ সালে। এর বর্তমান হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্ডি।

**৭৬. ২০২২ সালে ২২তম ফিফা বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে কোথায়?**

ক ব্রাজিল খ কাতার
গ ইতালি ঘ দক্ষিণ কোরিয়া **উ:খ**

☑ **ব্যাখ্যা**: বিশ্বকাপ ফুটবলের ২২তম আসর অনুষ্ঠিত হয় ২০২২ সালের ২১ নভেম্বর থেকে ১৮ ডিসেম্বর কাতারের দোহাসহ বিভিন্ন শহরে।

**৭৭. ড্রাইসেলের অ্যানোড হিসেবে নিচের কোনটি ব্যবহার করা হয়।**

ক $NH_4Cl$ খ Cu
গ $MnO_2$ ঘ Zn **উ:ঘ**

☑ **ব্যাখ্যা**: ড্রাইসেলে কার্বন দণ্ড ধনাত্মক পাত এবং দস্তার কৌটা ঋণাত্মক পাত হিসেবে ব্যবহৃত হয়। ড্রাইসেলের অ্যানোড হিসেবে Zn ব্যবহার করা হয়।

**৭৮. বাংলাদেশে বর্তমানে উপজেলা কতটি?**

ক 478 খ 495
গ 462 ঘ 415 **উ:খ**

☑ **ব্যাখ্যা**: বাংলাদেশের বর্তমান উপজেলা ৪৯৫টি। সর্বশেষ উপজেলাগুলো মাদারীপুরের ডাসার, কক্সবাজারের ঈদগাঁও, সুনামগঞ্জের মধ্যনগর।

**৭৯. নিচের কোনটি পরিমাপে রিখটার স্কেল ব্যহৃত হয়?**

ক সুনামী খ বাতাসের গতি
গ নদীর স্রোত ঘ ভূমিকম্প **উ:ঘ**

☑ **ব্যাখ্যা**: ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করতে রিখটার স্কেল ব্যবহৃত হয়। এছাড়া ভূত্বকের কম্পন পরিমাপক যন্ত্র সিসমোগ্রাফ।

**৮০. 'যে উপকারীর অপকার করে' এককথায় প্রকাশ-**

ক অকৃতজ্ঞ খ কৃতঘ্ন
গ অকৃতঘ্ন ঘ কৃতজ্ঞতা **উ:খ**

☑ **ব্যাখ্যা**: এককথায় প্রকাশ: যে উপকারীর অপকার করে- কৃতঘ্ন। উপকারীর উপকার স্বীকার করে যে-কৃতজ্ঞ। উপকারীর উপকার স্বীকার করে না যে-অকৃতজ্ঞ।

**৮১. বায়ুচাপ পরিমাপের যন্ত্রের নাম কী?**

ক ম্যানোমিটার খ থার্মোমিটার
গ স্পাইরোমিটার ঘ ব্যারোমিটার **উ:ঘ**

☑ **ব্যাখ্যা**: বায়ুরচাপ পরিমাপক যন্ত্র ব্যারোমিটার, গ্যাসের চাপ পরিমাপক যন্ত্র ম্যানোমিটার, থার্মোমিটার হলো তাপমাত্রা পরিমাপক যন্ত্র। স্পাইরোমিটার ফুসফুসে বাতাস প্রবেশ ও নির্গমনের পরিমাপক যন্ত্র।

**৮২. নিচের কোনটি স্তণ্যপায়ী নয় প্রাণী?**

ক বাদুড় খ তিমি
গ হাতি ঘ কুমির **উ:ঘ**

☑ **ব্যাখ্যা**: যেসব প্রাণী মাতৃপ্রাণীয় স্তন্যদুগ্ধ পান করে জীবনধারণ করে তাদেরকে স্তন্যপায়ী প্রাণী বলে। যেমন তিমি, হাতি, মানুষ ইত্যাদি। অপরদিকে কুমির হলো সরীসৃপ প্রাণী।

**৮৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে কোন প্রতিষ্ঠান 'বঙ্গবন্ধু চেয়ার' স্থাপন করেন?**

ক ঢাকা বিশ্ববিদ্যালয় খ বাংলা একাডেমি
গ জাতীয় জাদুঘর

ঘ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র উ:ঘ

☑ ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) 'বঙ্গবন্ধু চেয়ার' স্থাপন করা হয়। প্রখ্যাত ঔপন্যাসিক ও কথা সাহিত্যিক সেলিনা হোসেনকে ১ মার্চ থেকে ৩০ জুন ২০২১ মেয়াদে বঙ্গবন্ধু চেয়ার হিসেবে নিয়োগ করা হয়।

**৮৪. 'অবাক সূর্যোদয়' কবিতাটি করা লেখা?**

ক সৈয়দ শামসুল হক খ আল মাহমুদ

গ রাফিক আজাদ

ঘ হাসান হাফিজুর রহমান উ:ঘ

☑ ব্যাখ্যা: 'অবাক সূর্যোদয়' কবিতার রচয়িতা হাসান হাফিজুর রহমান। তাঁর রচিত বিখ্যাত আরেকটি কবিতা 'অমর একুশে'। আল মাহমুদ রচিত কবিতা- সোনালি কাবিন, তিতাস, লোক-লোকান্তর। সৈয়দ শামসুল হক রচিত বিখ্যাত কবিতা 'আমার পরিচয়'। রফিক আজাদের উল্লেখযোগ্য কবিতা- চুনিয়া আমার আর্কেডিয়া, ভাত দে হারামজাদা, তোমার কথা ভেবে।

**৮৫. Fill in the blank with appropriate word. He said that he- be unable to come.**

ক should খ shall

গ will ঘ would উ:ঘ

☑ ব্যাখ্যা: বাক্যের principal clause (he said) যেহেতু past tense-এ আছে সুতরাং subordinate clause টি অবশ্যই past tense-এ হবে। will-এর past form would। তাই সঠিক উত্তর (ঘ) হবে।

**৮৬. পর্যায়কাল দ্বিগুণ করতে সরল দোলকের দৈর্ঘ্য কত গুণ করতে হবে?**

ক 4 খ 3

গ 5 ঘ 2 উ:ক

☑ ব্যাখ্যা: $T = 2\pi\sqrt{\frac{1}{8}}$

$\frac{T_1}{T_2} = \sqrt{\frac{l_2}{l_1}}$

$\Rightarrow \frac{T}{2T} = \sqrt{\frac{l_2}{l_1}}$

$\Rightarrow \frac{1}{4} = \frac{l_2}{l_1}$

$\Rightarrow l_1 = 4l_2$

∴ দৈর্ঘ্য 4 গুণ করলে পর্যায়কাল দ্বিগুণ হবে।

**৮৭. কোনটি শিখা পরীক্ষায় সবুজ বর্ণ দেখায়?**

ক কপার খ ক্যালসিয়াম

গ পটাসিয়াম ঘ বেরিয়াম উ:ঘ

☑ ব্যাখ্যা: শিখা পরীক্ষায় ক্যালসিয়াম ইটের ন্যায় বর্ণ, পটাশিয়াম বেগুনি, কপার নীলাভ সবুজ এবং বেরিয়াম সবুজ বর্ণ দেখায়।

**৮৮. নিচের কোন সংস্থাটির সচিবালয় বাংলাদেশে অবস্থিত?**

ক NAM খ SAARC

গ BIMSTEC ঘ OIC উ:গ

☑ ব্যাখ্যা: BIMSTEC-এর সদর দপ্তর ঢাকায় অবস্থিত। SAARC-এর সদর দপ্তর নেপালের কাঠমান্ডুতে, OIC-এর সদর দপ্তর জেদ্দায় অবস্থিত এবং NAM-এর সদর দপ্তর নেই।

**৮৯. মানব শরীরে ভিটামিন বি-12 এর ঘাটতি হলে কী হয়?**

ক রিকেট খ স্কার্ভি

গ রক্ত-শূন্যতা ঘ উচ্চ রক্তচাপ উ:গ

☑ ব্যাখ্যা: ভিটামিন বি-১২ এর ঘাটতি হলে এনিমিয়া বা রক্তশূন্যতা দেখা দেয়। ভিটামিন-সি এর অভাবে স্কার্ভি এবং ভিটামিন ডি-এর অভাবে রিকেটস রোগ হয়।

**৯০. লালাগ্রন্থি থেকেক নিঃসৃত এনজাইম কোনটি?**

ক অ্যামাইলেজ খ লাইপেজ

গ টায়ালিন ঘ ট্রিপসিন উ:গ

☑ ব্যাখ্যা: মানুষের লালা রসের টায়ালিন এনজাইম খাদ্য পরিপাকে সহায়তা করে। ট্রিপসিন অগ্ন্যাশয় এবং অ্যামাইলেজ ক্ষুদ্রান্ত্রের তান্ত্রিক গ্রন্থি থেকে নিঃসৃত হয়।

**৯১. $\Delta ABC$ এ $\angle A = 70°, \angle B = 20°$ হলে ত্রিভুজটি কি ধরনের?**

ক সূক্ষকোণী খ সমকোণী

গ সমবাহু ঘ সমদ্বিবাহু উ:খ

☑ ব্যাখ্যা: আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 180°।

এখানে, $\Delta ABC$ G $\angle A = 70°, \angle B = 20°$

∴ অপর কোণটি হবে = $180° - 70° - 20° = 90°$

সুতরাং $\Delta ABC$ একটি সমকোণী ত্রিভুজ।

**৯২. যদি তেলের মূল্য 25% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকার কত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না**

ক 20% খ 16%

গ 24% ঘ 25% উ:ক

☑ ব্যাখ্যা: তেলের মূল্য 25% বৃদ্ধিতে শতকরা যত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না তা হলো = $\frac{25}{125} \times 100\%$

= 20%

**৯৩. বাংলাদেশের সীমান্ত রক্ষা বাহিনীর বর্তমান নাম কি?**

ক বিজিবি খ বিএসএস

গ বিএসএফ ঘ বিডিআর উ:ক

☑ **ব্যাখ্যা:** বাংলাদেশের সীমান্ত রক্ষা বাহিনীর বর্তমান নাম বিজিবি বা Border Guard Bangladesh। সর্বপ্রথম নাম ছিল রামগড় লোকাল ব্যাটালিয়ন-এর পর ইপিআর এবং বিডিআর। ২০০৯ সালে নাম পরিবর্তন করে বিজিবি রাখা হয়। এর সদর দপ্তর ঢাকার পিলখানায় অবস্থিত।

**৯৪. মুক্তিযুদ্ধ বিষয়ক উপন্যাস কোনটি?**

ⓚ নূরলদীনের সারাজীবন ⓚ রক্তাক্ত প্রান্তর

ⓖ দেয়াল ⓘ লালসালু উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** আবু জাফর শামসুদ্দীন রচিত মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস 'দেয়াল'। মুক্তিযুদ্ধভিত্তিক আরও কয়েকটি উপন্যাস নিষিদ্ধ লোবান, নীল দংশন (সৈয়দ শামসুল হক); জলাংগী, নেকড়ে অরণ্য, জাহান্নাম হইতে বিদায় (শওকত ওসমান)। পানিপথের তৃতীয় যুদ্ধের কাহিনি অবলম্বনে রচিত 'রক্তাক্ত প্রান্তর' নাটকের রচয়িতা মুনীর চৌধুরী। 'নূরলদীনের সারাজীবন' সৈয়দ শামসুল হক রচিত কাব্যনাট্য। 'লালসালু' সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত সামাজিক সমস্যামূলক উপন্যাস।

**৯৫. নিচের কোনটির যোগাযোগের দূরত্ব সবচেয়ে কম?**

ⓚ Wi-Max ⓚ Wif-Fi

ⓖ Cellular Network

ⓘ Bluetooth উ:ⓘ

☑ **ব্যাখ্যা:** Blutooth Personal Area Network PAN কাজ করে। এর রেঞ্জ 10-100 মিটারের মধ্যে।

**৯৬. নিচের কোনটি ক্ষার?**

ⓚ NaCl ⓚ HCl

ⓖ $H_2SO_4$ ⓘ NaOH উ:ⓘ

☑ **ব্যাখ্যা:** NaOH বা কস্টিক সোডা হলো ক্ষার। $H_2SO_4$ ও HCl তীব্র এসিড এবং NaCl হলো লবণ।

**৯৭. Fill in the blank with appropriate worⓚ Slow and steady —— the race.**

ⓚ has won ⓚ won

ⓖ win ⓘ wins উ:ⓘ

☑ **ব্যাখ্যা:** 'Slow and steady wins the race' একটি proverb এবং এখানে 'slow and steady' singular subject কে নির্দেশ করায় verb singular হবে।

**৯৮. কোন সমকোণী ত্রিভুজের অতিভূজ 13 সেমি ও ভূমি 5 সেমি হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত?**

ⓚ 40 বর্গসেমি ⓚ 60 সেন্টিমিটার

ⓖ 30 বর্গসেমি ⓘ 20 বর্গসেমি উ:ⓖ

☑ **ব্যাখ্যা:** আমরা জানি,

ত্রিভূজের ক্ষেত্রফল = $\left(\frac{১}{২} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}\right)$ বর্গএকক

আবার,

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে, (অকিভূজ)$^২$ = (ভূমি)$^২$ + (উচ্চতা)$^২$

এখানে, অতিভূজ = 13 সে.মি.

ভূমি = 5 সে.মি.

$\therefore (13)^2 = (5)^2 +$ (উচ্চতা)$^২$

$\Rightarrow$ (উচ্চতা)$^২$ = $169 - 25 = 144 = 12^2$

$\Rightarrow$ উচ্চতা = 12 সে.মি.।

$\therefore$ নির্ণেয় সমকোণী ত্রিভুজটির ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times 5 \times 12$ বর্গসেমি।

**৯৯. 'দিগন্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?**

ⓚ দিক্ + অন্ত ⓚ দি + গন্ত

ⓖ দিগ + অন্ত ⓘ দিহ্ + অন্ত উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** ক, চ, ট, ত, প-এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্, দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। যেমন- দিক্ + অন্ত দিগন্ত, নিচ্ + অন্ত = নিজন্ত, সুপ্ + অন্ত = সুবন্ত ইত্যাদি।

**১০০. The Plural form of 'knife' is —.**

ⓚ Knifes ⓚ Knives

ⓖ Kniphe ⓘ Knief উ:ⓚ

☑ **ব্যাখ্যা:** Singular noun-এর শেষে f বা fe থাকলে plural করার সময় f বা fe-এর স্থানে 'v' বসে এবং পরবর্তীতে 'es' যোগ করে plural করতে হয়। সুতরাং 'knife'-এর plural form হবে 'knives'।

## ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা ২০১৯-২০

০১. খাবার লবণের রাসায়নিক সংকেত কোনটি?

ⓚNaCl ⓚHCl

ⓖ $CaSO_4$ ⓘ$Na_2SO_4$

**ব্যাখ্যা:** লবণ হলো খাদ্যে ব্যবহৃত এক প্রকারের দানাদার পদার্থ যার মূল উপাদান হলো সোডিয়াম ক্লোরাইড NaCl। লবণ অনেক জীবাণু ধ্বংসের জন্য উপকারী।

০২. বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা কে?

ⓚজীবনানন্দ দাশ ⓚকাজী নজরুল ইসলাম

ⓖ শামসুর রাহমান ⓘরবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা:** বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা ও সুরকার বিশ্বকপি রবীন্দ্রনাথ ঠাকুর। 'আমার সোনার বাংলা' কবিতার প্রথম ১০টি পত্র বাংলাদেশের জাতীয় সংগীত হিসেবে গৃহীত হয়

১৩ জানুয়ারি ১৯৭২ (ঘোষিত হয় ৩ মার্চ ১৯৭১)। ভারতের জাতীয় সংগীতের রচয়িতাও রবীন্দ্রনাথ ঠাকুর।

০৩. রাতকানা রোগ হয় কোন ভিটামিনের অভাবে?

ক ভিটামিন-ই খ ভিটামিন- বি
গ ভিটামিন- এ ঘ ভিটামিন সি

**ব্যাখ্যা:** ভিটামিন এ-এর অভাবে রাতকানা রোগ হয়। ভিটামিন বি-এর অভাবে বেরিবেরি রোগ হয়। ভিটামিন সি-এর অভাবে স্কার্ভি রোগ হয়। ভিটামিন ই-এর অভাবে প্রজনন ক্ষমতা ব্যাহত হয়।

০৪. মস্তিষ্ক কোন তন্ত্রের অংশ?

ক শ্বসনতন্ত্র খ পেশীতন্ত্র
গ স্নায়ুতন্ত্র ঘ রেচনতন্ত্র

**ব্যাখ্যা:** মস্তিষ্ক হলো স্নায়ুতন্ত্রের অঙ্গ। স্নায়ুতন্ত্রের এককহলো নিউরন। অন্যদিকে রেচনতন্ত্রের সাহায্যে রেচন কাজ সম্পন্ন হয় এবং শ্বাসতন্ত্রের সাহায্যে শ্বাস প্রশ্বাসে কাজ সম্পন্ন হয়।

০৫. পিত্তরস কোথা থেকে নি:সৃত হয়?

ক যকৃত খ অগ্ন্যাশয়
গ লালা গ্রন্থি ঘ পাকস্থলী

**ব্যাখ্যা:** পিত্তরস নি:সৃত হয় যকৃত থেকে। অগ্ন্যাশয় থেকে নির্গত চিনির বিপাক নিয়ন্ত্রণকারী হরমোন ইনসুলিন। লালা- গ্রন্থি থেকে নি:সৃত এনজাইম হলো মস্টেজ।

০৬. আয়োডিনের অভাবে কোন রোগ হয়?

ক ডায়াবেটিস খ গলগন্ড
গ রক্তশূন্যতা ঘ রিকেটস

০৭. $70^0$ কোণের সম্পূরক কোণ কোনটি?

ক $210^0$ খ $20^0$
গ $110^0$ ঘ $200^0$

**ব্যাখ্যা:** আমরা জানি, সম্পূরক কোণ $180^0$। সুতরাং $70^0$ কোণের সম্পূরক কোণ $180^0 – 70^0 = 110^0$।

০৮. সূর্য থেকে পৃথিবীতে কোণ প্রক্রিয়ায় তাপ আসে?

ক বিকিরণ খ পরিচলন
গ পরিবহণ ঘ শোষেণ

**ব্যাখ্যা:**সূর্য থেকে পথিবীতে তাপ আসে বিকিরণ পদ্ধতিতে। যে পদ্ধতিতে তাপ জড় মাধ্যমে সাহায্য ছাড়াই উচ্চ বস্তু থেকে শীতল বস্তুতে সঞ্চলিত হয় তাকে বিকিরণ বলে।

০৯. সাপ শুনতে পায় কোন অঙ্গের মাধ্যমে?

ক কান খ চোখ
গ জিহ্বা ঘ মুখ

১০. যদি $y – 7 = 12$ হয়, তবে $Y + 19 =$ কত?

ক 42 খ 19
গ 28 ঘ 38

**ব্যাখ্যা:** $Y – 7 = 12$
বা, $Y = 12 + 7$
বা, $Y = 19$
সুতরাং, $Y + 19 = 19 + 19 = 38$

১১. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে ছিলেন?

ক নিতুন কুণ্ডু খ জয়নুল আবেদিন
গ কামরুল হাসান ঘ হামিদুর রহমান

**ব্যাখ্যা:** ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণে ২১ ফেব্রুয়ারি ১৯৫৬ কেন্দ্রীয় শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়। ২১ ফেব্রুয়ারি ১৯৬৩ উদ্বোধন করা এ শহিদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

১২. ডেঙ্গু রোগ নিচের কোনটি দিয়ে ছড়ায়?

ক তেলাপোকা খ মশা
গ মাছি ঘ মৌমাছি

**ব্যাখ্যা:** এডিশ মশা ডেঙ্গু জ্বরের জীবাণুবাহী প্রাণী। মাছির মাধ্যমে কালাজ্বর, টাইফয়েড, কলেরা প্রভৃতি ধরনের রোগ হতে পারে।

১৩. The train will leave the station --- 2 PM.

ক on খ by
গ in ঘ at

**ব্যাখ্যা:** নির্দিষ্ট সময়ের পূর্বে atব্যবহৃত হয়।At যোগে বাক্যটির বাংলা; দুইটায় ট্রেনটি স্টেশন ত্যাগ করবে।

১৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হবার নূন্যতম বয়স কত?

ক ৩০ বছর খ ৪৫ বছর
গ ২৫ বছর ঘ ৩৫ বছর

**ব্যাখ্যা:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৪৮ এর ৪ (ক) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার নূন্যতম বয়স ৩৫ বছর।

১৫. মাথাপিছু আয়ের দিক থেকে বাংলাদেশ কি ধরনের দেশ?

ক নিম্ন মাধ্যম আয়ের খ উন্নত আয়ের
গ উচ্চ মাধ্যম আয়ের ঘ নিম্ন আয়ের

**ব্যাখ্যা:**বিশ্বব্যাংকের সংজ্ঞানুযায়ী মাথাপিছু আয়ের দিক থেকে বাংলাদেশ বর্তমানে নিম্ন মধ্যম আয়ের দেশ। ১ জুলাই ২০১৫ বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় অন্তর্ভুক্ত হয়।

১৬. The word ‘genocide’ means-

ক mass grave খ mass gathering
গ mass killing ঘ mass attendance

**ব্যাখ্যা:** Genocide শব্দটির অর্থ গণহত্যা। শব্দটির অর্থ প্রকাশ পায় mass killing দ্বারা।

১৭. “আবার আসিব ফিরে, ধান সিঁড়িটির তীরে”- কোন কবির কবিতা থেকে নেয়া?

ক রবীন্দ্রনাথ ঠাকুর খ গিরিশচন্দ্র সেন
গ জীবনানন্দদাশ ঘ কাজী নজরুল ইসলাম

**ব্যাখ্যা:**জীবনানন্দ দাশের ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থের ‘আবার আসিব ফিরে’ কবিতার প্রথম চরণ- ‘আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে-এই বাংলায়।’ তার রচিত আরেকটি বিখ্যাত চরণ- ‘বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর।’

১৮. মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস ‘একাত্তরের দিনগুলি’-এর রচয়িতা কে?

ক শাহরিয়ার কবির খ আবদুল গাফফার চৌধুরী
গ শওকত ওসমান ঘ জাহানারা ইমাম

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধভিত্তিক স্মৃতিকথা ‘একাত্তরের দিনগুলি’ গ্রন্থের রচয়িতা শহিদ জননী জাহানারা ইমাম। এর গ্রন্থে আমাদের

মহান মুক্তিযুদ্ধের স্মৃতি বিধৃত হয়েছে। মুক্তিযুদ্ধের স্মৃতিকথামূলক আরো দুটি গ্রন্থ 'একাত্তরের ডায়েরি' (সুফিয়া কামাল) ও 'আমি বিজয় দেখেছি' (এম আর আখতার মুকুল)।

১৯. বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র কোথায় অবস্থিত?
ক আশুলিয়া  খ সিদ্ধিরগঞ্জ
গ কাপ্তাই  ঘ ঘোড়াশাল
ব্যাখ্যা: বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎকেন্দ্র রাঙামাটির কাপ্তাইয়ের কর্ণফুলী নদীর ওপর ১৯৬২ সালে স্থাপিত হয়।

২০. 'বিদ্যালয়' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক বিদ্যা + অলয়  খ বিদ্যুৎ + আলয়
গ বিদ্যা + আলয়  ঘ বিদ + আলয়
ব্যাখ্যা: অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়, আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন- বিদ্যা + আলয় = বিদ্যালয়, হিম + আলয় = হিমালয়, মহা + আশয় = মহায়শ ইত্যাদি।

২১। Which one is the superlative form of `Easy'?
ক much more easy  খ easiest
গ more easy  ঘ easier
ব্যাখ্যা: Easy (সহজ)-এর superlative form হলোeasiest।

২২. বৃত্তের সবচেয়ে বড় জ্যা কোনটি?
ক লম্ব  খ ব্যাসাধ
গ ব্যাস  ঘ স্পর্শক
ব্যাখ্যা: বৃত্তের সবচেয়ে বড় জ্যা হলো ব্যাস। যেহেতু বৃত্তের পরিধির যে কোনো দুই বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা বলে। ব্যাস হলো সবচেয়ে বড় জ্যা।

২৩ . "পৃথিবী"শব্দের বিশেষণ কোনটি ?
ক জগৎ  খ নিসর্গ
গ পার্থিব  ঘ নিখিল

২৪. 'সে স্কুলে যায়না বললেই চলে।' Which translation is correct?
ক He never goes to school
খ He hardly goes to school
গ He often goes to school
ঘ He goes to school regularly
ব্যাখ্যা: Hardly অর্থ কদাচিৎ, না বললেই চলে। সুতরাং প্রদত্ত বাক্যটির ইংরেজি অনুবাদ: He hardly goes to school.

২৫. মুজিবনগর কোন জেলায় অবস্থিত?
ক মেহেরপুর  খ রাজবাড়ী
গ যশোর  ঘ ফরিদপুর
ব্যাখ্যা: বাংলাদেশের অস্থায়ী সরকার তথা মজিবনগর সরকার গঠনের স্থান হিসেবে বিখ্যাত মুজিবনগর (তৎকালীন বৈদ্যনাথতলার ভবেরপাড়া) মেহেরপুর জেলায় অবস্থিত।

২৬. ৫% হার সুদে ১০০০ টাকা ১০ বছরে সুদে আসলে কত টাকা হবে?
ক ৯০০  খ ১২০০
গ ১৩২০  ঘ ১৫০০
ব্যাখ্যা: আমরা জানি,
সুদ, I = Pnr
এখানে, আসল, P = ১০০০ টাকা
সুদের হার, r = ৫%
সময়, n = ১০ বছর
সুতরাংI = $১০০ \times ১০ \times \frac{৫}{১০০}$
= ৫০ টাকা
সুদে আসলে = ১০০০ + ৫০০ = ১৫০০ টাকা

২৭. নিচের কোনটি পরিপাকতন্ত্রের অংশ নয়?
ক পাকস্থলী  খ যকৃত
গ বৃক্ক  ঘ অগ্ন্যাশয়
ব্যাখ্যা: পরিপাকতন্ত্রের অংশ নয় বৃক্ক। বৃক্কের গাঠনিক ও কার্যিক একককে নেফ্রন বলে। যকৃত মানবদেহের সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ গ্রন্থি।

২৮. "বন্ধুর"- এর বিপরীত শব্দ কোনটি?
ক উন্থু  খ মসৃণ
গ শত্রু  ঘ কন্টক
ব্যাখ্যা: বিপরীত শব্দ; বন্ধুর-মসৃণ, বন্ধু-শত্রু। কন্টক অর্থ লতাগুলো বা গাছের সূচালো অংশ।

২৯. কোন হরমোনটি ডায়াবেটিস রোগের সাথে সংশ্লিষ্ট?
ক প্রোল্যাকটিন  খ ইনসুলিন
গ থাইরক্সিন  ঘ অ্যাড্রিনালিন
ব্যাখ্যা: ডায়াবেটিস রোগের সাথে সংশ্লিষ্ট ইনসুলিন। অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস নামক এক প্রকার গ্রন্থি থেকে ইনসুলিন নি:সৃত হয়।

৩০. The passive form of "Open the door" is-
ক Do the door be opened
খ The door is opened
গ The door has opened
ঘ Let the door be opned
ব্যাখ্যা:Imperative বাক্যটির passive voice-এর structure হলোlet + ob কে sub + be + verb এর p.p। সুতরাং বাক্যটির passive voice: Let the door be opened.

৩১. ১ ডজন আম ৩৬ টাকায় ক্রয় করে কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?
ক ৫০ টাকা  খ ৬০ টাকা
গ ৪৫ টাকা  ঘ ৪০ টাকা
ব্যাখ্যা:২৫% লাভে,
ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২৫ টাকা
সুতরাং ক্রয়মূল্য ১ টাকা হলে বিক্রয় মুল্য $\frac{১২৫}{১০০}$
সুতরাং ৩৬ টাকা হলে বিক্রয় মূল্য $\frac{১২৫ \times ৩৬}{১০০}$
= ৪৫ টাকা

৩২. এইডস কি কারণে হয়?
(ক) ভাইরাস (খ) বংশগত
(গ) ব্যাকটেরিয়া (ঘ) প্যারাসাইট
ব্যাখ্যা: এইডস রোগের কারণগুলোর মধ্যে সবচেয়ে প্রধান কারণ হলো, অনিরাপদ যৌন সম্পর্ক। বর্তমান পৃথিবীর সবচেয়ে ভয়াবহ রোগ AIDS-এর পূর্ণরূপ Acquired Immune Deficiency Syndrome।

৩৩. কোনো দেশের পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য মোট ভূমির কত শতাংশ বনভূমি প্রয়োজন?
(ক) ৫ **(খ) ২৫**
(গ) ১০ (ঘ) ৫০
ব্যাখ্যা: পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য একটি দেশের মোট আয়তনের ২৫ শতাংশ বনাঞ্চল প্রয়োজন হলেও বাংলাদেশের বনভূমি মোট আয়তনের ১৭.৬২ শতাংশ।

৩৪. মানবদেহের স্বাভাবিক তাপমাত্রা কত?
**(ক) $98.4^0$F** (খ) $100.0^0$F
(গ) $95.6^0$F (ঘ) $92.6^0$F
ব্যাখ্যা: স্বাভাবিক অবস্থায় মানবদেহের তাপমাত্রা $98.4^0$F বা $36.9^0$F। বয়সভেদে এবং অসুস্থ অবস্থায় দেহের তাপমাত্রা কম বা বেশি হয়।

৩৫. বাংলা বর্ণমালায় স্বরবর্ণ কয়টি?
(ক) ১০টি **(খ) ১১টি**
(গ) ১২টি (ঘ) ১৩টি
ব্যাখ্যা: বাংলা বর্ণমালায় মোট বর্ণ ৫০টি। তার মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি।

৩৬. মা ও শিশু স্বাস্থ্যের সেবার প্রতীক নিচের কোনটি?
(ক) দোয়েল পাখি **(খ) সূর্যের হাসি**
(গ) রংধনু (ঘ) শাপলা
ব্যাখ্যা: ১৯৯৮ সাল থেকে ৬৪ জেলায় ৩৯৯টি ক্লিনিক USAID-এর অর্থায়নে সরকারের সহযোগী সংস্থা হিসেবে 'সূর্যের হাসি ক্লিনিক' নামে তৃণমূল মানুষকে স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। এ ক্লিনিকে স্বল্পমূল্যে মাতৃত্ব ও গর্ভকালীন সেবা, শিশু স্বাস্থ্য, বিনামূল্যে টিকাদান কর্মসূচি, পরিবার পরিকল্পনা, ভ্যাক্সিনেশন ইত্যাদি সেবা দিয়ে থাকে।

৩৭. অন্ধজনে দেহ আলো-এখানে 'অন্ধজনে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
(ক) কর্মে সপ্তমী (খ) কর্তৃকারকের শূন্য
**(গ) সম্প্রদানে সপ্তমী** (ঘ) অপাদানে সপ্তমী
ব্যাখ্যা: যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে। যেমন- অন্ধজন দেহ আলো। সৎপাত্রে কন্যা দান কর। এ দুই বাক্যে 'অন্ধজনে' ও 'সৎপাত্রে' সম্প্রদানে সপ্তমী বিভক্তি।

৩৮. 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?
(ক) জায়া-পতি **(খ) দম্পতি**
(গ) স্বামী-স্ত্রী (ঘ) পতি-পত্নী
ব্যাখ্যা: যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্বসমাস বলে। যেমন- জায়া ও পতি = দম্পতি, মাতা ও পিতা = মাতাপিতা, দোয়াত ও কলম = দোয়াত-কলম।

৩৯. রক্তের রং লাল, কারণ রক্ত আছে-
**(ক) হিমোগ্লোবিন** (খ) গ্লুকোজ
(গ) প্রোটিন (ঘ) ভিটামিন
ব্যাখ্যা: রক্তে হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থের উপস্থিতির জন্য রক্তের রং লাল হয়। হিমোগেপ্লাবিন ফুসফুস থেকে অক্সিজেন ($O_2$) গ্রহণ করে কলায় পরিবহন করে এবং কলা হতে কার্বন ডাই-অক্সাইড ($CO_2$) গ্রহণ করে ফুসফুসে পরিবহন করে।

৪০. একজন পূর্ণবয়স্ক মানুষের স্বাভাবিক রক্তচাপ কত?
**(ক) 120/80 mmHg** (খ) 60/40mm Hg
(গ) 70/50mm Hg (ঘ) 160/100mmHg
ব্যাখ্যা: পূর্ণবয়স্ক মানুষের স্বাভাবিক রক্তচাপ 120/80 mm Hg। স্ফিগমোম্যানোমিটার মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র। উক্ত রক্তচাপের জন্য দায়ী অ্যাড্রিনালিন গ্রন্থি।

৪১. দুধ থেকে দই হয় নিচের কোনটির কারণে?
(ক) প্রোটোজোয়া (খ) ভাইরাস
**(গ) ব্যাকটেরিয়া** (ঘ) ছত্রাক
ব্যাখ্যা: দুধ থেকে দই হয় ব্যাকটেরিয়ার কারণে। ব্যাকটেরিয়া একটি এককোষী জীব। এরা আদি কোষী। ব্যাকটেরিয়া জল, স্থল, মাটি, বাতাস সর্বত্র বসবাস করে।

৪২. 'খোদা আপনার মঙ্গল করুন' কি অর্থে ব্যবহার করা হয়েছে?
(ক) বিধান (খ) উপকার
(গ) অপকার **(ঘ) প্রার্থনা**
ব্যাখ্যা: আদেশ, অনুরোধ, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষের ক্রিয়াপদের যে রূপ হয় তাকে অনুজ্ঞা পদ বলে। যেমন- খোদা আপনার মঙ্গল করুন। রোগ হলে ওষুধ খাবে। এ দুই বাক্যে যথাক্রমে প্রার্থনা ও বিধান অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে।

৪৩. Which one is the negative form of 'I always support him.'
(ক) I never support him
(খ) I never against him
**(গ) I am never against him**
(ঘ) I do not support him
ব্যাখ্যা: Always যুক্ত বাক্যকে passive করতে always কে never এবং positive শব্দটিকে negative করতে হবে। সুতরাং বাক্যটির সঠিক negative form হলো I am never against him।

৪৪. My brother has no interest --- music.
(ক) at (খ) for
(গ) with **(ঘ) in**
ব্যাখ্যা: Interest in something অর্থ কোনো কিছুতে আগ্রহ। In যোগে বাক্যটির বাংলা: আমার ভাইয়ের সংগীতে আগ্রহ নেই।

৪৫. Everybody should ---- their parents.
ক look after খ look into
গ look at ঘ look up
ব্যাখ্যা: বাক্যটিকে সঠিক অর্থ প্রদানের জন্য শূন্যস্থানে look after বসবে। look after অর্থ দেখাশুনা করা। Phraseটি যোগে বাক্যটির অর্থ: সবারই উচিত পিতামাতাকে দেখাশুনা করা।

৪৬. $a^m \times a^n = ?$
ক $a^{m-n}$ খ $a^{m+n}$
গ $a^{m/n}$ ঘ a
ব্যাখ্যা: $a^m \times a^n$ [সুতরাং $x^p \times x^q = x^{p+q}$] = $a^{m+n}$

৪৭. বাংলাদেশে 'শহীদ বুদ্ধিজীবী দিবস' পালিত হয় কোন তারিখে?
ক ২১ ফেব্রুয়ারি খ ১৪ ডিসেম্বর
গ ৩ নভেম্বর ঘ ২৬ মার্চ
ব্যাখ্যা:বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে ১৪ ডিসেম্বর ১৯৭১ দেশের বুদ্ধিজীবীদের ওপর ব্যাপক হত্যাকাণ্ড সংগঠিত হয়। আর এ জন্যই ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস হিসেবে পালিত হয়।

৪৮. 'ব্যাঙের সর্দি' অর্থ কি?
ক সম্ভাব্য ঘটনা খ প্রতারণা
গ রোগ বিশেষ ঘ অসম্ভব ঘটনা
ব্যাখ্যা: 'ব্যাঙের সর্দি' বাগধারার অর্থ অসম্ভব ঘটনা। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা: ব্যাঙের আধুলি-সামান্য সম্পদ, হাড় হাভাতে-হতভাগ্য, নেই আঁকড়া-একগুঁয়ে, গোঁফ খেজুরে-নিতান্ত অলস।

৪৯. It ---- since morning.
ক has been raining খ had been raining
গ is raining ঘ is rained
ব্যাখ্যা: Since/for + time যুক্ত বাক্যটি সাধারণত present perfect continuous tense এ হয়। Tense টির গঠন; sub+have/ has+been+verb+ing + since/for + time/ সুতরাং প্রদত্ত শূন্যস্থানে has been raining

৫০. ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এর বর্তমান সভাপতি কে?
ক সৌরভ গাঙ্গুলী খ ব্রিজেশ পাটেল
গ শারদ পাওয়ার ঘ জগমোহন ডালমিয়া
ব্যাখ্যা: ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এর ৩৯তম এবং বর্তমান প্রেসিডেন্ট সৌলভ গাঙ্গুলী। ২০১৯ থেকে তিনি এ দায়িত্ব পালন করছেন।

৫১. কোন ধাতুর উপর আঘাত করলে শব্দ হয় না?
ক অ্যান্টিমনি খ তামা
গ সোনা ঘ লোহা
ব্যাখ্যা: যেসব মৌল রাসায়নিক বন্ধন গঠনকালে সর্বদা ইলেক্ট্রন ত্যাগ করে ক্যাটায়ন উৎপন্ন করে, তাদেরকে ধাতু বলে। অ্যান্টিমনি হলো একটি ভঙ্গুর, রৌপ্য-সাদা চকচকে ধাতুকল্প। এর কাঠিন্য মাত্র ৩০। তাই এটির উপর আঘাত করলে শব্দ হয় না।

৫২. Which one is the English form of 'জাতীয় সঙ্গীত'?
ক National anthem খ National lyric
গ National music ঘ Jatio Songeet
ব্যাখ্যা:জাতীয় সংগীতের ইংরেজি national anthem। আমাদের জাতীয় সংগীতের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

৫৩. অপলাপ শব্দের অর্থ কি?
ক অস্বীকার খ অসদালাপ
গ মিথ্যা ঘ প্রলাপ
ব্যাখ্যা:অপলাপ সংস্কৃত শব্দ; যার অর্থ অস্বীকার।

৫৪. খাবার স্যালাইন-এর উদ্ভাবক প্রতিষ্ঠান কোনটি?
ক আইসিডিডিআর, বি খ ব্র্যাক
গ আইপিএইচ ঘ গণস্বাস্থ্য কেন্দ্র
ব্যাখ্যা: ডায়রিয়া বা কলেরায় ঘন ঘন পাতলা পায়খানার কারণে অতি অল্প সময়ে শরীর থেকে প্রচুর পানি ও লবণ বেরিয়ে যায়। শরীরের এ পানি ও লবণের ঘাটতি পূরণ করার জন্য মুখে গ্রহণযোগ্য লবণ ও গ্লুকোজ মিশ্রিত পানি অর্থাৎ খাবার স্যালাইন উদ্ভাবন করে আইসিডিডিআর. বি।

৫৫. "সে ফল খায়।" Which translation is correct?
ক He eats fruits খ He is eating fruits
গ He will eat fruits ঘ Heate fruits
ব্যাখ্যা:'সে ফল খায়' বাক্যটি সাধারণত বর্তমান কালের উদাহরণ। ইংরেজিতে present indefinite tense এর গঠন হলোsub + verb s/es, sub 3rd person singular হলে + ob। সুতরাং বাক্যটির সঠিক অনুবাদ: He eats fruits।

৫৬. বর্তমানে বাংলাদেশের সরকারি নারী চাকরিজীবীদের মাতৃত্বকালীন ছুটি কত মাস?
ক ৩ মাস খ ২ মাস
গ ৪ মাস ঘ ৬ মাস
ব্যাখ্যা: বর্তমানে বাংলাদেশের সরকারি নারী চাকরিজীবীদের মাতৃত্বকালীন ছুটি ছয় মাস। এ ছুটি একজন নারী তার চাকরি জীবনে ২ বারের বেশি প্রাপ্ত হবেন না। তবে বিনা বেতনে দুয়ের অধিক বার এ ছুটি নেয়া যায়।

৫৭. Find out the synonym of the word 'brittle'.
ক Strong খ Soft
গ Hard ঘ Fragile
ব্যাখ্যা: Brittle এবং fragile অর্থ ঠুনকো; ভঙ্গুর। তাছাড়া strong অর্থ মজবুত, soft অর্থ নরম আর hardঅর্থ কঠিন।

৫৮. 'কৈ মাছের প্রাণ'- বলতে কি বোঝায়?
ক সঠিক জিনিস খ স্বল্পভুক
গ সর্বভুক ঘ দীর্ঘজীবী
ব্যাখ্যা: কৈ মাছের প্রাণ ভাগধারার অর্থ দীর্ঘজীবী বা যা সহজে মরে না। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা; খয়ের খাঁ-চাটুকার, তাসের ঘর ক্ষণস্থায়ী বস্তু, এসপার ওসপার-মীমাংসা, কেউকেটো-সামান্য।

৫৯. রোহিঙ্গাদের কক্সবাজার হতে বাংলাদেশের অন্য কোথায় স্থানান্তরের ব্যবস্থা করা হয়েছে?
ক হাইমচর খ চলনবিল
গ ভাষানচর ঘ কুলিয়ারচর

**ব্যাখ্যা:** মিয়ানমার থেকে আসা বাস্তুচ্যুত রোহিঙ্গাদের কক্সবাজার হতে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার অন্তর্গত মেঘনা নদী ও বঙ্গোপসাগরের মোহনায় জেগে ওঠা ভাষানচরে স্থানান্তরের ব্যবস্থা করা হয়েছে।

৬০. ২১ ফেব্রুয়ারি বাংলা সালের সাধারণত কত তারিখ?
ক ৮ ফাল্গুন | খ ২৫ বৈশাখ
গ ১০ শ্রাবণ | ঘ ১ ফাল্গুন

৬১. রক্তের সর্বজনীন গ্রহীতা হলো-
ক **AB** | খ B
গ O | ঘ A

**ব্যাখ্যা:** রক্তের গ্রুপ চারটি A, B, AB এবং O। সার্বজনীন গ্রহীতা রক্তের গ্রুপ AB। সর্বজনীন দাতা বলা হয় Blood group 'O'।

**৬২. ২০১৯ সালে "ভ্যাকসিন হিরো" পুরস্কার কে পেয়েছেন?**
ক শেখ হাসিনা | খ নরেন্দ্র মোদী
গ অ্যাঞ্জেলা মার্কেল | ঘ রনিল বিক্রমসিংহে

**ব্যাখ্যা:** Global Alliance for Vaccination and Immunization (GAVI) বাংলাদেশের টিকাদান কর্মসূচিতে ব্যাপক সফলতার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ২০১৯ সালে ভ্যাকসিন হিরো পুরস্কার প্রদান করে।

৬৩. All are common gender except-
ক orphan | খ child
গ student | ঘ boy

**ব্যাখ্যা:** কোনো noun দ্বারা পুংবাচক বা স্ত্রীবাচক বোঝালে তা common gender হয়।Orphan, child এবং student হলো common gender-এর উদাহরণ কিন্তু boy হলো (পুংলিঙ্গ) এর উদাহরণ।

৬৪. The Passive form of "He teaches us English" is-
ক English was taught us by him
খ English was teaching us by him
গ English is teaching us by him
ঘ English is taught us by him

**ব্যাখ্যা:** দুটি object যুক্ত present indefinite tenseটির passive voice এর structure: বস্তুবাচক ob টি sub + am/ is/ are + verb এর p.p+ ব্যক্তিবাচক ob+by+sub কে ob। সুতরাং বাক্যটির passive voice: English is taught us by him.

৬৫. Which one is the English form of 'বিজয় দিবস'?
ক Freedom Day | খ Victory day
গ Liberty day | ঘ Independence Day

**ব্যাখ্যা:** 'বিজয় দিবস' এর ইংরেজি হলো Victory Day. আমাদের দেশে বিজয় দিবস হলো ১৬ ডিসেম্বর।

৬৬. পূর্ণবয়স্ক স্বাভাবিক মানুষের হৃৎস্পন্দন সাধারণত মিনিটে কতবার হয়?
ক ৭২ | খ ১৪
গ ৫২ | ঘ ১৪০

**ব্যাখ্যা:** একবার সিস্টোল এবং তার পরবর্তী ডায়াস্টোলকে একত্রে হৃৎস্পন্দন বা হার্টবিট বলে। পূর্ণবয়স্ক মানুষের হৃৎস্পন্দন গড়ে প্রতি মিনিটে ৭২ বার।

৬৭. 'বনস্পতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?
ক বন + স্পতি | খ বন্ + পতি
গ বন: + পতি | ঘ বনস + পতি

**ব্যাখ্যা:** ব্যাকরণের সাধারণ বা বিশেষ কোনো নিয়মানুসারেই যখন কোনো কর্ম ব্যাখ্যা করা যায় না, অথচ তা সংঘটিত হয়, তখন সেই ব্যতিক্রমকে বৈধতা দেয়ার নাম হলো-নিপাতনে সিদ্ধ। কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয় যেমন- বন্+পতি = বনস্পতি, আ+চর্য= আশ্চর্য, বৃহৎ+পত = বৃহস্পতি, ষট্+দশ = ষোড়শ, পর্+পর = পরস্পর, মনস্ + ঈষা = মনীষা ইত্যাদি।

৬৮. একটি ত্রিভুজের দুটি কোণের সমষ্টি $160^0$ হলে, তৃতীয় কোনটির মান কত?
ক $20^0$ | খ $25^0$
গ $40^0$ | ঘ $30^0$

**ব্যাখ্যা:** আমরা জানি ত্রিভুজের তিন কোণের সমষ্টি = $180^0$।
ধরি, তৃতীয় কোণ a
সুতরাং a + $160^0$ + $180^0$
বা, a = $20^0$

৬৯. কোনটি সঠিক শব্দ?
ক আপাদমস্তক | খ আপাদমাস্তক
গ আপদমস্তক | ঘ অপাদমস্তক

**ব্যাখ্যা:** সঠিক বানান আপাদমস্তক; যার অর্থ পা থেকে মাথা পর্যন্ত।

৭০. সম্প্রতি কোন স্যাটেলাইটের মাধ্যমে দেশীয় টেলিভিশন চ্যানেলের বাণিজ্যিক সম্প্রচার শুরু হয়েছে?
ক সোনার বাংলা স্যাটেলাইট | খ বেঙ্গল স্যাটেলাইট- ১
গ বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১ | ঘ বাংলা স্যাটেলাইট

**ব্যাখ্যা:** ১ অক্টোবর ২০১৯ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে দেশের সব টিভি চ্যানেলের বাণিজ্যিক সম্প্রচারের উদ্বোধন করেন।

৭১. Does she go to school? The affirmative form is-
ক She does go to school
খ She go to school
গ She has gone to school
ঘ She goes to school

**ব্যাখ্যা:** Interrogative বাক্যটির affirmative form হলোSub+verb (প্রদত্ত বাক্যের tense অনুযায়ী) + extension।সুতরাং বাক্যটির affirmative form হলো: She goes to school.

৭২. What is the antonym of 'gentle'?
ক modest | খ rude
গ clever | ঘ harsh

**ব্যাখ্যা:** Gentle (অমায়িক; শান্ত) এর বিপরীত শব্দ rude (রূঢ়; অমার্জিত)। Modest অর্থ ভদ্র, clever অর্থ চালাক আর harshঅর্থ কর্কশ; কঠোর।

৭৩. মানুষের হৃৎপিন্ডে কয়টি প্রকোষ্ঠ আছে?
ক ৩টি খ ৬টি
গ ২টি ঘ ৪টি
ব্যাখ্যা: মানুষের হৃৎপিন্ড সম্পূর্ণভাবে চারটি প্রকোষ্ঠে বিভক্ত। উপরের দুটি পাতলা প্রাচীনযুক্ত ডান ও বাম অলিন্দ এবং নিচের দুটি পুরু প্রাচীরযুক্ত ডান ও বাম নিলয়।

৭৪. কোন শ্রেণিতে ২০ জন ছাত্রের বয়সের গড় ১০ বছর। শিক্ষকসহ তাদের বয়সের গড় ১২ বছর হলে উক্ত শিক্ষকের বয়স কত?
ক ৫২ বছর খ ৪২ বছর
গ ৬২ বছর ঘ ৩২ বছর
ব্যাখ্যা: ২০ জন ছাত্রের বয়সের সমষ্টি = ২০×২০ বছর
= ২০০ বছর
শিক্ষকসহ ২০ জন ছাত্রের বয়সের সমষ্টি = ২১×২১ বছর
= ২৫২ বছর
সুতরাং শিক্ষকের বয়স = (২৫২-২০০) বছর
= ৫২ বছর

৭৫. 'বিষাদ সিন্ধু' কার রচনা?
ক ইসমাইল হোসেন সিরাজী খ কায়কোবাদ
গ মোজাম্মেল হক ঘ মীর মশাররফ হোসেন
ব্যাখ্যা: মীর মশাররফ হোসেন রচিত মহাকাব্যধর্মী উপন্যাস 'বিষাদ সিন্ধু'। উপন্যাসটি তিনটি পর্বে বিভক্ত। পর্বগুলো হলো মহরম পর্ব, উদ্ধার পর্ব ও এজিদবধ পর্ব। তার রচিত আরও কয়েকটি গ্রন্থ-রত্নবতী, বসন্তকুমারী, জমিদার দর্পন, উদাসীন পথিকের মনের কথা।

৭৬. জাতির জনক বঙ্গবন্ধুর জন্মদিনে পালিত হয়-
ক শিক্ষা দিবস খ স্বাস্থ্য দিবস
গ নারী দিবস ঘ শিশু দিবস
ব্যাখ্যা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৯০ সালের ১৭ মার্চ জন্মগ্রহণ করেন। জাতির পিতার জন্মদিন বাংলাদেশে জাতীয় শিশু দিবস হিসেবে পালিত হয়।

৭৭. He divided the money ---- two children.
ক among খ in between
গ over ঘ between
ব্যাখ্যা: দুইয়ের মাঝে বোঝাতে between আর দুইয়ের অধিকের মাঝে বোঝাতে among ব্যবহৃত হয়। Betweenযোগে বাক্যটির বাংলা; দুজন ছেলেমেয়ের মাঝে তিনি টাকাটি ভাগ করে দিলেন।

৭৮. What is the time ---- your watch?
ক by খ in
গ with ঘ at
ব্যাখ্যা: By one's watch অর্থ কারো ঘড়ি অনুসারে বা মতে। Byযোগে বাক্যটির বাংলা; তোমার ঘড়িতে কয়টা বাজে?

৭৯. কোন ধরনের খাদ্য পাকস্থলীতে অনেকক্ষণ থাকে?
ক আমিষ খ শর্করা
গ ভিটামিন ঘ স্নেহ
ব্যাখ্যা: কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেন এ চারটি পদার্থের সমন্বয়ে আমিষ গঠিত। উদ্ভিজ ও প্রাণিজ উভয় উৎস থেকেই আমিষ পাওয়া যায়। আমিষ জাতীয় খাদ্য পাকস্থলীতে অনেক্ষণ থাকে।

৮০. মানবদেহে কয়টি অস্থি থাকে?
ক ২১৬ খ ২২৬
গ ৩০৬ ঘ ২০৬
ব্যাখ্যা: মানবদেহে অক্ষীয় উপাঙ্গীয় কঙ্কাল মিলে মোট ২০৬টি অস্থি বা হাড় বিদ্যমান। সর্ববৃহৎ অস্থি ফিমার ও ক্ষুদ্রতম অস্থি স্টেপিস।

৮১। মনের ভাব প্রকাশ করার সবচেয়ে ভলো মাধ্যম কোনটি?
ক ভাষা খ আচরণ
গ চিত্র ঘ ইঙ্গিত
ব্যাখ্যা: মানুষের কণ্ঠনি:সৃত বাক সংকেতের সংগঠনকে ভাষা বলা হয়। অর্থাৎ বাগযন্ত্রের দ্বারা সৃষ্ট অর্থবোধক ধ্বনির সংকেতের সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমই হলো ভাষা। ভাষার মূল উপাদান ধ্বনি।

৮২. মানবদেহে কয়টি বৃক্ক আছে?
ক ১টি খ ৩টি
গ ২টি ঘ ৪টি
ব্যাখ্যা: মানুষের প্রধান রেচন অঙ্গের নাম বৃক্ক (Kidney)। মানুষের উদর গহ্বরের পেছনের দিকে মেরুদন্ডের দু পাশে একটা করে মোট দুটি বৃক্ক অবস্থিত।

৮৩. আয়রণের অভাবে কি হয়?
ক রাতকানা খ বেরিবেরি
গ অ্যানিমিয়া ঘ ম্যারামাস
ব্যাখ্যা: আয়রণের অভাবে অ্যানিমিয়া রোগ হয়। রাকতানা রোগ হয় ভিটামিন এ-এর অভাবে। বেরিবেরি রোগ হয় ভিটামিন বি-এর অভাবে।

৮৪. ১ মাইলে কত কিলোমিটার?
ক ১.৮ খ ১.৬
গ ১.০ ঘ ২.০
ব্যাখ্যা: ১ মাইল = ১.৬ কিলোমিটার।

৮৫. বাক্যের মৌলিক উপাদান কোনটি?
ক ভাষা খ ধ্বনি
গ বর্ণ ঘ শব্দ
ব্যাখ্যা: যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে। বাক্যের মৌলিক উপাদান শব্দ। ভাষার মূল উপাদান ধ্বনি। ধ্বনির লিখিত রূপ বা সাংকেতিক চিহ্নকে বর্ণ বলে।

৮৬. 'অলীক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক অলৌকিক খ অবাস্তব
গ বাস্তব ঘ লৌকিক
ব্যাখ্যা: বিপরীত শব্দ: অলীক-বাস্তব/ সত্য, অলৌকিক।

৮৭. কত জনগোষ্ঠীর জন্য একটি কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠিত হয়েছে?
ক ১৫০০ জন খ ২৫০০০ জন
গ ৬০০০ জন ঘ ১০০০০ জন
ব্যাখ্যা: দেশের গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য বাংলাদেশ সরকার প্রতি ৬,০০০ জন মানুষের জন্য একটি করে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করেছে।

৮৮. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার কোথায় গঠিত হয়েছিল?
ক আগরতলা খ ঢাকা
গ কোলকাতা ঘ মেহেরপুর
ব্যাখ্যা: মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার ভবেরপাড়া (বর্তমান মুজিবনগর) গ্রামে ১৯৭১ সালের ১০ এপ্রিল অস্থায়ী বা মুজিবনগর বা বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়।

৮৯. বাংলাদেশের জাতীয় খেলা কোনটি?
ক কাবাডি খ ক্রিকেট
গ ফুটবল ঘ হকি
ব্যাখ্যা: স্বাধীনতা পূর্বকালের হা-ডু-ডু খেলাকে নাম পরিবর্তন করে কাবাডি করা হয় ১৯৭২ সালে, আর ঐ বছরই কাবাডিকে জাতীয় খেলা হিসেবে ঘোষণা করা হয়।

৯০. $a^2+b^2=7$ এবং $ab=10$ হলে $(a+b)^2=$ কত?
ক 18 খ 70
গ 27 ঘ 3
ব্যাখ্যা: সূত্রানুযায়ী, $(a+b)^2=a^2+b^2+2ab$
এখানে, $a^2+b^2=7$ এবং $ab=10$
সুতরাং $(a+b)^2=7+2\times10=27$

৯১. বাংলাদেশের বৃহত্তম নৃ-গোষ্ঠি কোনটি?
ক চাকমা খ সাঁওতাল
গ গারো ঘ মারমা
ব্যাখ্যা: বাংলাদেশের ৫০টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর মধ্যে বৃহত্তম নৃগোষ্ঠী হলো চাকমা। এরা রাঙামাটি, বান্দরবান, খাগড়াছড়ি ও কক্সবাজার জেলায় বাস করে। আর দ্বিতীয় বৃহত্তম নৃগোষ্ঠী হলো সাঁওতাল।

৯২. বাংলাদেশের এক লক্ষ শিশুর জন্ম দিতে কতজন মা প্রতিবছর মৃত্যুবরণ করেন?
ক ১৭৩ খ ২৭৬
গ ৩৫০ ঘ ৪৫০
ব্যাখ্যা: ২০১৯ সালের বাংলাদেশ ডেমোগ্রাফিক অ্যান্ড হেলথ সার্ভের তথ্য অনুযায়ী বাংলাদেশে এক লক্ষ শিশুর জন্ম দিতে গিয়ে ১৭৩ জন মা প্রতি বছর মারা যান।

৯৩. 'উত্তম' এর সমার্থক শব্দ কোনটি?
ক দীনতা খ বিভু
গ বিকাশ ঘ অগ্রণী
ব্যাখ্যা: 'উত্তরম'-এর সমার্থক শব্দ অগ্রী। উত্তম-এর আরও কয়েকটি সমার্থক শব্দ শ্রেষ্ঠ, সেরা, ভালো, সর্বশ্রেষ্ঠ, অতুলনীয়, উৎকৃষ্ট, প্রকৃষ্ট। দীন-এর সমার্থক শব্দ- দরিদ্র, করুণ, নিঃস্ব, নীচ, অনুদার। বিভু-এর সমার্থক শব্দ আল্লাহ, খোদা, ঈশ্বর, বিধাতা। বিকাশ-এর সমার্থক শব্দ-প্রকাশ, আবির্ভাব, প্রসার, বিস্তার।

৯৪. লেবুর রসে কোন এসিড থাকে?
ক সাইট্রিক-এসিড খ ল্যাকটিক এসিড
গ হাইড্রোক্লোরিক এসিড ঘ সালফিউরিক এসিড
ব্যাখ্যা: লেবুর রসে থাকে সাইট্রিক এসিড। ল্যাকটিক এসিড থাকে দুধে। একটি কক্কাস জাতীয় ব্যাকটেরিয়া দুধে সাধারণ তাপমাত্রায় ল্যাকটিক এসিড তৈরি করে।

৯৫. Correct spelling is-
ক Psykology খ Sycology
গ Sychology ঘ Psychology
ব্যাখ্যা: অপশনগুলোর মাঝে সঠিক বানানযুক্ত শব্দটি হলো Psychology যার অর্থ মনোবিজ্ঞান।

৯৬. বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী এদেশের মানুষের গড় আয়ু কত বছর?
ক ৮১.৬ খ ৫৬.৪
গ ৭১.৬ ঘ ৬৫.৪
ব্যাখ্যা: বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী এ দেশের মানুষের গড় আয়ু ৭১.৬ বছর। আর ২০১৯ অনুযায়ী ৭২.০ বছর।

৯৭. 'অসমাপ্ত আত্মজীবনী' কার রচিত গ্রন্থ?
ক শেরে বাংলা একে ফজলুল হক
খ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
গ হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
ঘ মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
ব্যাখ্যা: 'অসমাপ্ত আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান কর্তৃক রচিত। এটি ১৮ জুন ২০১৩ প্রথম প্রকাশিত হয়। বইটির ভূমিকা লেখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

৯৮. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক সরত খ শড়ত
গ শরত ঘ শরৎ
ব্যাখ্যা: শুদ্ধ বানান শরৎ। আর কয়েকটি গুরুত্বপূর্ণ বানান- সমীচীন, মুহুর্মুহু, মুমূর্ষু, মনীষী, পিপীলিকা, নিশীথিনী, স্বায়ত্তশাসন, বিভীষিকা, অতিথি।

৯৯. মুসলমান নারী জাগরণের পথিকৃত কে?
ক ফয়জুন্নেসা খ সামসুন্নাহার
গ বদরুন্নেসা ঘ বেগম রোকেয়া
ব্যাখ্যা: মুসলিম নারী জাগরণের অগ্রদূত রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০-১৯৩২) রংপুর জেলায় জন্মগ্রহণ করেন। তার রচিত উল্লেখযোগ্য গ্রন্থ; মতিচুর, অবরোধবাসিনী, পদ্মরাগ, সুলতানার স্বপ্ন।

১০০. ইউনেস্কো নিচের কোনটিকে বিশ্ব ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দিয়েছে?
ক সুন্দরবন খ ভাওয়াল
গ সেন্ট মার্টিন ঘ শালবন
ব্যাখ্যা: জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিবিষয়ক সংস্থা ইউনেস্কো ঘোষিত তিনটি বিশ্ব ঐতিহ্য রয়েছে বাংলাদেশে। সেগুলো হলো-সুন্দরবন, ষাট গম্বুজ মসজিদ ও পাহাড়পুর বৌদ্ধ বিহার।

# নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের বিএসসি ইন নার্সিং কোর্সে ভর্তি পরীক্ষা ২০১৯-২০

১. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ স্বীকৃতি দেয় কোন সংস্থা?
(ক) UNICEF (খ) UNFPA
(গ) UNESCO (ঘ) UNEP

ব্যাখ্যা: ১৯৭১ সালের ৭ মার্চ ঢাকার রমনায় অবস্থিত রেসকোর্স ময়দানে (বর্তমান সোহ্‌রাওয়ার্দী উদ্যান) অনুষ্ঠিত জনসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাষণ প্রদান করেন। ১২টি ভাষায় অনুদিত ভাষণটি জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা ইউনেস্কো ৩০ অক্টোবর ২০১৭ বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়।

২। গলগণ্ড হয়-
(ক) লৌহের অভাবে (খ) ক্যালসিয়ামের অভাবে
(গ) আয়োডিনের অভাবে (ঘ) পটাসিয়ামের অভাবে

ব্যাখ্যা: গলগণ্ড হলো আয়োডিনের অভাবজনিত থাইরয়েডগ্রন্থির একটি রোগ। গলগণ্ড দুই ধরনের, যথা- ১. সরল গলগণ্ড ও ২. টক্সিক গলগণ্ড।

৩. বাংলাদেশের সীমান্ত রয়েছে কোন দু'টি দেশের সাথে?
(ক) ভারত ও নেপাল (খ) ভারত ও পাকিস্তান
(গ) ভারত ও চীন (ঘ) ভারত ও মিয়ানমার

ব্যাখ্যা: বাংলাদেশের সাথে সীমান্ত রয়েছে ভারত ও মিয়ানমার এ ২টি দেশের সাথে। বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা ৩২টি। বাংলাদেশের সাথে ভারতের সীমান্তবর্তী জেলা ৩০টি। মিয়ানমারের সাথে সীমান্তবর্তী জেলা ৩টি। ভারত ও মিয়ানমার উভয় দেশের সাথে বাংলাদেশের একমাত্র সীমান্তবর্তী জেলা রাঙামাটি।

৪. চাঁদ-এর সমার্থক শব্দ কোনটি?
(ক) শশী (খ) অর্ক
(গ) অপ (ঘ) ভানু

ব্যাখ্যা: চাঁদ-এর সমার্থক শব্দ শশী। চাঁদ-এর আরও কয়েকটি সমার্থক শব্দ-চন্দ্র, নিশাকর, সুধাকর, ইন্দু, হিমকর, সুধাংশু, সোম, বিধু। অপ-এর সমার্থক শব্দ-জল, পানি, বারি, অম্বু, নীর, উদক, সলিল, তোয়। অর্ক-এর সমার্থক শব্দ-ভানু, সূর্য, রবি, আদিত্য, সবিতা, মিহির, তপন, ভাস্কর, প্রভাকর।

৫. 'শিখা চিরন্তন' কোথায় অবস্থিত?
(ক) সোহরাওয়ার্দী উদ্যান (খ) ষাভার
(গ) বিজয়সরণি (ঘ) রাজারবাগ

ব্যাখ্যা: 'শিখা চিরন্তন' ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত একটি স্মরণ স্থাপনা। ১৯৭১ সালের ৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ স্থানটিতে দাঁড়িয়ে ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ প্রদান করেন।

৬. বাংলাদেশে মাতৃমৃত্যু বেশি হওয়অর সর্বাধিক কারণ কোনটি?
(ক) বাল্যবিবাহ (খ) গর্ভপাত
(গ) পুষ্টিহীনতা (ঘ) রক্তশূন্যতা

৭. The antonym of the word 'Active'-
(ক) alive (খ) industrious
(গ) inactive (ঘ) working

ব্যাখ্যা: Active (সক্রিয়, ক্রিয়াশীল)-এর বিপরীত শব্দ হলোinactive (নিষ্ক্রিয়)। তাছাড়া alive অর্থ জীবন্ত, industrious অর্থ পরিশ্রমী আর workingঅর্থ কাজ করছে এমন; কর্মরত।

৮. ১০ জন বালকের গড় বয়স ১৫ বছর। একজন বেশি হওয়াতে গড় বয়স ১৬ বছর হলো। ১ জন বালকের বয়স কত?
(ক) ২৪ বছর (খ) ২৫ বছর
(গ) ২৩ বছর (ঘ) ২৬ বছর

ব্যাখ্যা:
১০ জন বালকের বয়সের গড় = ১৫ বছর
১০ জন বালকের বয়সের সমষ্টি = (১৫×১০) বছর
= ১৫০ বছর।
১ জন বেশি হওয়াতে, ১১ জন বালকের বয়সের গড় = ১৬ বছর
সুতরাং ১১ জন বালকের বয়সের সমষ্টি = (১৬×১১) বছর
= ১৭৬ বছর
সুতরাং ১ জন বালকের বয়স = (১৭৬-১৫০) বছর
= ২৬ বছর

৯. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৪ গুণ। দৈর্ঘ্য ৮ ফুট হলে ক্ষেত্রফল কত?
(ক) ১৬ (খ) ৩০
(গ) ২৫৬ (ঘ) ২৫

ব্যাখ্যা: দেওয়া আছে, দৈর্ঘ্য = ৮ ফুট
যদি, দৈর্ঘ্য = প্রস্থ×৪
বা, ৮ = প্রস্থ×৪
সুতরাং প্রস্থ = ২
সুতরাং আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = ৮×২ = ১৬ বর্গফুট

১০. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে?
(ক) তুলসী বনের বাঘ (খ) মণিকাঞ্চন যোগ
(গ) বিড়াল তপস্বী (ঘ) বকধার্মিক

ব্যাখ্যা: তুলসী বনের বাঘ, বিড়াল তপস্বী ও বকধার্মিক বাগধারাগুলোর অর্থ ভণ্ড বা ভণ্ডসাধু। মলিকাঞ্চন যোগে বাগধারাটির অর্থ-উপযুক্ত মিলন।

১১. ইনসুলিন নি:সৃত হয়-
(ক) অগ্ন্যাশয়ে (খ) বৃক্কে
(গ) হৃদযন্ত্রে (ঘ) স্নায়ুতে

ব্যাখ্যা: অগ্ন্যাশয় বা প্যানক্রিয়াস একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মিশ্র গ্রন্থি। মানবদেহের অগ্ন্যঅশয়বা প্যানক্রিয়াস নামক গ্রন্থির 'আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স' নামক অংশ হতে রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণকারী হরমোন ইনসুলিন নি:সৃহত হয়। আবার পিটুইটারি গ্ল্যান্ড বা গ্রন্থি হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ অন্ত:ক্ষরা গ্রন্থি।

১২. ভূগোল এর বিশেষণ-
(ক) ভূগোলক (খ) ভৌগোলিক
(গ) ভূচিত্র (ঘ) ভৌমিক

**ব্যাখ্যা:** ভূগোল বিশেষ্যবাচক শব্দের অর্থ পৃথিবীর বিভিন্ন দেশের প্রকৃতি, জলবায়ু, জনসংখ্যা, কৃষিপণ্য প্রভৃতির বিবরণ সংবলিত শাস্ত্র। এর বিশেষণ পদ ভৌগোলিক।

১৩. স্নায়ুতন্ত্রের একক-

ক সেরিব্রাম খ সেরিবলাম
**গ** নিউরন ঘ থ্যালামাস

**ব্যাখ্যা:** স্নায়ুতন্ত্রের একক হলো নিউরন। নিউরন হলো স্নায়ুতন্ত্রের কার্যকরী উপাদান, যা দিয়ে নার্ভ বা স্নায়ু গঠিত। এটি বিভিন্ন উদ্দীপক থেকে গৃহীত উদ্দীপনা মস্তিষ্কে পরিবহন করে এবং মস্তিষ্কের প্রতিক্রিয়া বিভিন্ন অঙ্গে পৌঁছে দেয়। রেচনতন্ত্রের গঠনগত ও কার্যকরী একককে নেফ্রন বলে।

১৪. হিমোগ্লোবিন থাকে-

ক শ্বেত রক্তকণিকায় খ অণুচক্রিকা
গ রক্তরসে **ঘ** লোহিত রক্তকণিকায়

**ব্যাখ্যা:** লোহিত রক্তকণিকার সাইটোপ্লাজরে এক ধরনের লৌহঘটিত প্রোটিন জাতীয় রঞ্জক পদার্থ হলো হিমোগ্লোবিন। এর প্রধান উপাদান আমিষ ও লৌহ। হিমোগ্লোবিনের উপস্থিতির জন্য রক্ত লালহয়। হিমোগ্লোবিনের প্রধানকাজ হচ্ছে অক্সিজেন পরিবহন করা।

১৫. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

ক ৪৮ খ ৫৩
**গ** ৪৯ ঘ ৫০

**ব্যাখ্যা:** ৫৩ হলো মৌলিক সংখ্যা। কারণ ৫৩ সংখ্যাটির ঐ সংখ্যা এবং ১ ছাড়া কোনো উৎপাদক নেই। কিন্তু ৪৮, ৪৯, ৫০ সংখ্যাগুলোর দুইয়ের অধিক উৎপাদক আছে।

১৬. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ দ্বিগুণ করা হলে ক্ষেত্রফল কত গুণ হবে?

ক তিনগুণ খ পাঁচগুণ
**গ** চারগুণ ঘ দ্বিগুণ

**ব্যাখ্যা:** মনে করি, দৈর্ঘ্য $x$ এবং প্রস্থ $y$
সুতরাং ক্ষেত্রফল $=xy$
দৈর্ঘ্য $2x$ এবং প্রস্থ $2y$ হলে
ক্ষেত্রফল $= 2x \times 2y$
$= 4xy$
অতএব, ক্ষেত্রফর চারগুণ হবে।

১৭. $x^0 = ?$

ক 2 খ 3
**গ** 1 ঘ 5

**ব্যাখ্যা:** সূচকের সাধারণ সূত্রানুযায়ী আমরা জানি, $x^0 = 1$

১৮. $x = 2$ হলে $5x = y + 4y = ?$

**ক** 10 খ 8
গ 11 ঘ 6

**ব্যাখ্যা:**
দেওয়া আছে, $x = 2$
$5x = y + 4y$
বা, $5\times2 = y + 4y$
বা, $5y = 10$
সুতরাং $y = 2$
সুতরাং $5x = y + 4y = 5y = 5 \times 2 = 10$

১৯. বাংলাদেশের জাতীয় ফল কী?

**ক** কাঁঠাল খ আম
গ কলা ঘ আনারস

**ব্যাখ্যা:** বাংলাদেশের জাতীয় ফল কাঁঠাল তবে জাতয়ি বৃক্ষ আম গাছ। এছাড়া জাতীয় ফুল, পাখি, মাছ যথাক্রমে- শাপলা, দোয়েল ও ইলিশ মাছ।

২০. সড়ক পরিবহন আইন- ২০১৮ কার্যকর হয় কবে?

ক ১ অক্টোবর ২০১৯ **খ** ১ নভেম্বর ২০১৯
গ ১ ডিসেম্বর ২০১৯ ঘ ১ জানুয়ারি ২০২০

**ব্যাখ্যা:** শিক্ষার্থীদের নিরপদ সড়ক আন্দোলনের পর ২০১৮ সালের ১৯ সেপ্টেম্বর সংসদে সর্বসম্মতিক্রমে পাস হয় 'সড়ক পরিবহন আইন ২০১৮'। ২২ অক্টোবর ২০১৯ আইনটি গেজেট আকারে প্রকশিত হয়। এ গেজেট অনুযায়ী ১ নভেম্বর ২০১৯ আইনটি র্কাকর হয়।

২১. সম্প্রতি চালু হওয়া টাকা লেনদেনের নতুন ই-ওয়ালেট কোনটি?

**ক** ডি মানি খ ব্ল্যাক মানি
গ ই-মানি ঘ গ্রিন মানি

**ব্যাখ্যা:** এখন পর্যন্ত বাংলাদেশে কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন পাওয়া ৩টি পেমেন্ট সার্ভিস প্রোভাইডার (PSP) বা ই-ওয়ালেট সার্ভিস হলো- আইনের সিস্টেম, দি মানি এবং ক্যাশবাবা।

২২. ধাতু বা ক্রিয়ার সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে-

ক ধাতু প্রত্যয় খ শব্দ প্রত্যয়
গ তদ্ধিত প্রত্যয় **ঘ** কৃৎ প্রত্রয়

**ব্যাখ্যা:** ধাতু বা ক্রিয়ার সাথে যে প্রত্যয় যুক্তহয় তাকে বলে কৃৎ প্রত্যয়। যেমন- চল্ + অন্ত = চলন্ত, ডুব্ + অন্ত = ডুবন্ত। অন্যদিকে শব্দের সঙ্গে শেষে) যেসব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদেরকে বলে তদ্ধিত প্রত্যয়। যেমন- বর্ষ + ইক = বার্ষিক, কুসুম + ইত = কুসুমিত।

২৩. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যগ্রন্থ?

ক শেষ লেখা খ শেষ প্রশ্ন
গ শেষকথা ঘ শেষদিন

**ব্যাখ্যা:** বিশ্বকপি রবীন্দ্রনাথ ঠাকুরের সর্বশেষ কাব্যগ্রন্থ 'শেষ লেখা' (১৯৪১)। তার রচিত কয়েকটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ- মানসী, বলাকা, সোনার তরী, বনফুল, চিত্রা, সেঁজুতি, কল্পনা, জন্মদিনে। অন্যদিকে 'শেষপ্রশ্ন' উপন্যাস ও 'শেষকথা' ছোটগল্পের রচয়িতা যথাক্রমে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ও রবীন্দ্রনাথ ঠাকুর।

২৪. সার্চ লাইটে কোন দর্পণ ব্যবহার করা হয়?

ক উত্তল খ অবতল
**গ** সমতল ঘ গোলীয়

**ব্যাখ্যা:** যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে দর্পণ বলে। রূপচর্চা ও দাঁড়ি কাটা; স্টিমারের সার্চ লাইটের প্রতিফলন হিসেবে; চিকিৎসক কর্তৃক নাক, কান ও গলা পর্যবেক্ষণে; নভো-দূরবীক্ষণ ইত্যাদিতে অবতল দর্পণ ব্যবহার করা হয়। অবতল লেন্সের ক্ষমতা ঋণাত্মক।

২৫. ২০১৯ সালের ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন-
ⓚ মাশরাফি বিন মোর্ত্তজা ⓚ তামিম ইকবাল
ⓖ সাকিব আল হাসান ⓖ মুশফিকুর রহিম

ব্যাখ্যা: ২০১৯ সালের ক্রিকেট বিশ্বকাপে বাংলাদেশ দলের অধিনায়ক ছিলেন মাশরাফি বিন মোর্ত্তজা। ১৯৯৯ সালে ৭ম বিশ্বকাপ ক্রিকেটে বাংলাদেশ প্রথম অংশগ্রহণ করে।

২৬. 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থের সম্পাদক কে?
ক শেখ হাসিনা খ শামসুজ্জামান খান
গ সমর মজুমদার ঘ ফকরুল আলম

ব্যাখ্যা: শেখ মুজিবুর রহমানের লেখা 'অসমাপ্ত আত্মজীবনী' শামসুজ্জামান খানের সম্পাদনায় প্রকাশিত হয় ১৮ জুন ২০১২। শাসুজ্জামান খান হলে অধ্যাপক, লোক সংস্কৃতি ও পল্লীসাহিত্য গবেষক এবং বাংলা একাডেমির সভাপতি ও প্রাক্তন মহাপরিচালক।

২৭. ব্রোঞ্জ কোন দুটি ধাতুর সমন্বয়ে গঠিত?
ক তামা ও সিসা খ তামা ও নিকেল
গ কপার ও টিন ঘ তামা ও দস্তা

ব্যাখ্যা: কপার ও টিন মিশিয়ে ব্রোঞ্জ বা কাসা প্রস্তুত করা হয়। তামা ও দস্তা মিশিয়ে পিতল প্রস্তুত করা হয়।

২৮. কয়লার প্রধান উপাদান-
ক গ্রাফাইট খ জিংক
গ কার্বন মনোক্সাইড ঘ কার্বন

ব্যাখ্যা: কয়লার প্রধান উপাদান কার্বন। কার্বন একটি বহুরূপী মৌল। কার্বনের দুটি রূপভেদ হলো হীরক ও গ্রাফাইট।

২৯. কষ্টিক সোডার রাসায়নিক নাম কি?
ক সোডিয়াম হাইড্রোক্সাইড খ সোডিয়াম বাই কার্বনেট
গ ম্যাগনেসিয়াম অক্সাইড ঘ ক্যালসিয়াম কার্বনেট

ব্যাখ্যা: কস্টিক সোডার রাসায়নিক নাম হচ্ছে সোডিয়াম হাইড্রোক্সাইড। এর সংকেত NaOH। কস্টিক সোডার বাণিজ্যিক উৎপাদনের সময় প্রচুর পরিমাণ $Cl_2$ উপজাত হিসেবে উৎপন্ন হয়।

৩০. Nobody believes a liar. Make the sentence interrogative.
ক Who doesn't believe a lair?
খ Who believes a liar?
গ Doeshe believe a liar?
ঘ Who believed a liar?

ব্যাখ্যা: Nobody যুক্ত বাক্যকে nagative করতে nobody-এর স্থলে who+ বাকি অংশ + প্রশ্নবোধক চিহ্ন বসে। সুতরাং বাক্যটির interrogative রূপ হলো; Who believes a lair?

৩১. He has been ill ---- Friday last. Fill in the gap with an appropriate preposition.
ক for খ with
গ since ঘ to

ব্যাখ্যা: নির্দিষ্ট সময়ের পূর্বে since ব্যবহৃত হয়। Sinceযোগে বাক্যটির অর্থ; গত শুক্রবার থেকে সে অসুস্থ।

৩২. ------ your shoes before entering the mosque.
ক Put out খ Put off
গ Put away ঘ Put on

ব্যাখ্যা: বাক্যটিতে সঠিক অর্থ প্রদানের জন্যput off (খুলে রাখা) বসবে। Put off যোগে বাক্যটির অর্থ মসজিদে প্রবেশের পূর্বে আপনার জুতা খুলে রাখুন। তাছাড়াput out অর্থ নিভিয়ে ফেলা; put away অর্থ ছেড়ে দেওয়া আর put onপরিধান করা।

৩৩. সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত কোনটি?
ক চামড়া শিল্প খ **পোশাক শিল্প**
গ মৎস্যসম্পদ ঘ প্রাকৃতিক গ্যাস

ব্যাখ্যা: বাংলাদেশের তৈরি পোশাক শিল্পের যাত্রা শুরু হয় ষাটের দশকে। সত্তরের দশকের শেষের দিকে রপ্তানিমুখী খাত হিসেবে এ শিল্পের উন্নয়ন ঘটতে থাকে। বর্তমানে এটি বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানিমুখী শিল্পখাত। ২০১৯ সালে প্রকাশিত তথ্য অনুযায়ী বৈদেশিক আয়ের প্রায় ৮১% অর্জিত হয় এ শিল্পের মাধ্যমে।

৩৪. পাগলে কিনা বলে। এখানে 'পাগলে' কোন কারকে কোন বিভক্তি?
ক করণে সপ্তমী খ কর্তৃকারকে সপ্তমী
গ কর্মে দ্বিতীয়া ঘ অধিকরণে সপ্তমী

ব্যাখ্যা: বাক্যের কর্তাকেই বলা হয় কর্তৃকারক। অর্থাৎ বাক্যে ক্রিয়াটি যার দ্বারা সম্পাদিত হয় তাকে কর্তৃকারক বলে। যেমন- পাগলে কি না বলে। এখানে 'পাগলে' কর্তৃকারকে সপ্তমী বিভক্তি। ক্রিয়ার সঙ্গেহ কে/ কারা যোগ করে প্রশ্ন করলে উত্তরে কর্তৃকারক পাওয়া যায়।

৩৫. ফরমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণ হলো-
ক ভিনেগার খ ফরমালিন
গ সিলিকন ঘ গ্লিসারল

ব্যাখ্যা: পচন নিবারণে এবং বস্তুর জৈব সংরক্ষণে ব্যবহৃত হয় ফরমালিন। ফরমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণকে ফরমালিন বলে। ভিনেগার হলো এসিটিক এসিডের (৬-১০)% জলীয় দ্রবণ। রেকটিফাইড স্পিরিট হলো ৯৫.৬% ইথাইল অ্যালকোহল ও ৪.৪% পনির সমস্ফুটন মিশ্রণ।

৩৬. ৮০০ টাকায় ক্রয় করে ১০০০ টাকায় বিক্রয় করলে লাভ হয় কত?
ক ২৮% খ ৩০%
গ ২৫% ঘ ৩৫%

৩৭. What kind of noun is 'Hoinesty'?
ক Proper খ Common
গ Abstract ঘ Material

ব্যাখ্যা: যে সকলnounদ্বারা দোষ, গুণ, অবস্থা ও কাজের নাম বোঝঅয় তাদেরকে abstract noun বলে। Nounটি সাধারণত ee, th, ty, ness ইত্যাদি যোগে শেষ হয় সুতরাং honesty হলে abstract nounএর উদাহরণ।

৩৮. Choose the synonym of the word `beautiful'.
ⓚ ugly ⓔ interesting
ⓖ dull ⓖ pretty
ব্যাখ্যা: Beautiful (সুন্দর)-এর একই অর্থবোধক শব্দ হলোpretty (সুশ্রী; সুদৃশ্য)। অন্যদিকে ugly অর্থ কুৎসিত, interesting অর্থ মজার আর dullঅর্থ নিরস।

৩৯. অক্সিজেনসমৃদ্ধ রক্ত পরিবহন করে-
ক ধমনী খ শিরা
গ হৃদযন্ত্র ঘ বৃক্ক
ব্যাখ্যা: যে সব রক্তবাহিকোর মাধ্যমে সাধারণত অক্সিজেন সমৃদ্ধ রক্ত হৃদপিন্ড থেকে সারা দেহে বাহিত হয় তাকে ধমনী বলে। অপরদিকে পালমোনারী শিরা ছাড়া সকলেই $CO_2$সমৃদ্ধ রক্ত পরিবহন করে।

৪০. মানুষের কশেরুকার সংখ্যা-
ক ৩০ টি খ ৩৩টি
গ ৩৬টি ঘ ৪০টি
ব্যাখ্যা: ৩৩টি অনিয়ত আকৃতির অস্থিখন্ড নিয়ে মেরুদন্ড গঠিত। মেরুদন্ডের প্রত্যেকটি অস্থিখন্ডককে কশেরুকা বলে। পরিণত বয়সে শ্রেণিদেশিয় কশেরুকাগুলো একীভূত হয়ে স্যাক্রাম এবং কক্কিজীয় কশেরুকাগুলো কক্কিক্স গঠন করে। ফলে পরিণত বয়সে কশেরুকার সংখ্যা কমে ২৬টি হয়।

৪১. কোন মাধ্যমে শব্দের বেগ বেশি?
ক পানি খ বাতাস
গ শূন্যতায় ঘ ইস্পাতে
ব্যাখ্যা: বিভিন্ন মাধ্যমে শব্দের গতিবেগের ক্রম: কঠিন>তরল>বায়বীয়। ইস্পাত কঠিন পদার্থ তাই ইস্পাতের মধ্য দিয়ে শব্দ সবচেয়ে বেশি বেগে চলে।

৪২. নভো দূরবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন-
ক গ্যালিলিও খ এডিসন
গ টরেসিলি ঘ জর্জ কেলী
ব্যাখ্যা: নভো দূরবীক্ষণ যন্ত্র আবিষ্কার করেন বিজ্ঞানী ম্যালিলিও। তিনি থার্মোমিটারও আবিষ্কার করেন। তাকে গতিবিদ্যার জনক বলা হয়।

**৪৩। 'জজ সাহেব' কোন সমাস?**
ক দ্বন্দ্ব খ কর্মধারয়
গ তৎপুরুষ ঘ বহুব্রীহি
ব্যাখ্যা: যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন- যিনি জজ তিনিই সাহেব = জজ সাহেব, কাঁচা অথচ মিঠা = কাঁচামিঠা, নীল যে পদ্ম = নীলপদ্ম।

৪৪. Independence is synonymous with the word-
ক Management খ Slavery
গ Freedom ঘ Interest
ব্যাখ্যা: Independence আর freedom অর্থ স্বাধীনতা। সুতরাং শব্দ দুটি সমার্থক। তাছাড়া management অর্থ ব্যবস্থাপনা, slavery অর্থ দাসত্ব, interestঅর্থ আগ্রহ।

৪৫. মুক্তিযুদ্ধের অবদানের জন্য প্রদত্ত সর্বোচ্চ খেতাব কোনটি?
ক বীরশ্রেষ্ঠ খ বীরউত্তম
গ বীরবিক্রম ঘ বীরপ্রতীক
ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের বীরত্বপূর্ণ অবদানের জন্য মোট ৬৭৬ জন ব্যক্তিকে বীরশ্রেষ্ঠ, বীরউত্তম, বীরবিক্রম ও বীরপ্রতীক এই ৪ শ্রেণির খেতাব প্রদান করা হয়। এর মধ্যে ৭ জন ব্যক্তিকে সর্বোচ্চ বীরত্ব খেতাব 'বীরশ্রেষ্ঠ' প্রদান করা হয়। ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে ৩ জন সেনাবাহিনী, ২ জন ইপিআর, ১ জন নৌবাহিনী ও ১ জন বিমান বাহিনীর ছিলেন।

৪৬. সার্কের আবহাওয়া অফিস কোথায় অবিস্থত?
ক নয়াদিল্লি খ ঢাকা
গ কলম্বো ঘ কাঠমান্ডু
ব্যাখ্যা: ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত সার্কের আবহাওয়া অফিস বিলুপ্ত হয় ৩১ ডিসেম্বর ২০১৫।

৪৭. প্রাণী কোষে থাকে না-
ক মাইটোকন্ড্রিয়া খ সাইটোপ্লাজম
গ কোষপ্রাচীন ঘ প্রোটোপ্লাজম
ব্যাখ্যা: প্রাণী কোষে কোষপ্রাচীন থাকে না। উদ্ভিদ কোষকে প্রাণী কোষ থেকে সাধারণত আলাদা করা যায় কেবল এ জন্যে যে, উদ্ভিদ কোষে আছে কোষপ্রাচীর ও কেন্দ্রীয় গহ্বর।

৪৮. I was glad to hear your success. Make the sentence complex
ক Hearing your success, I was glad
খ I was glad and heard your success
গ I was glad to hear that you will succeed
ঘ I was glad to hear that you had succeeded
ব্যাখ্যা: Complex বাক্য গঠন করতে that, who, which ইত্যাদি relative pronoun হিসেবে ব্যবহৃত হয়। Thatপূর্ববর্তী clause টিতে was থাকায় পরবর্তী clause টি past perfect-এ হবে।

৪৯. নিচের কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক?
ক মুক্তির গান খ একাত্তরের যীশু
গ নূরলদীনের সারাজীবন ঘ পায়ের আওয়াজ পাওয়া যায়
ব্যাখ্যা: সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়'। মুক্তিযুদ্ধভিত্তিক রচিত আর কয়েকটি নাটক- নরকে লাল গোলাপ (আলাউদ্দিন আল আজাদ), যে অরণ্যে আলো নেই (নীলিমা ইব্রাহীম), কী চাহ শঙ্খচিল (মমতাজউদ্দীন আহমেদ), ফেরী আসছে (রণেশ দাশগুপ্ত)।

৫০. দেশের একমাত্র পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রটি কোথায় অবস্থিত?
ক রূপপুর খ মেঘনা
গ গজারিয়া ঘ আদমজী
ব্যাখ্যা: বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র রূপপুর পারমাণীবক বিদ্যুৎ কেন্দ্রের অবস্থান পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুর নামক স্থানে। ২.৪ গিগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্রটির নির্মাণ কাজ ২০০৯ সালে শুরু হয়েছে যা ২০২৩ সালে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম করবে। এই বিদ্যুৎ কেন্দ্রটি রাশিয়ার রোসাটম স্টেট অ্যাটমিক এলার্জি কর্পোরেশন কর্তৃক নির্মিত হচ্ছে।

৫১. 'জনৈক' শব্দটির সন্ধি বিচ্ছেদ-
ⓚ জন + ইক ⓚ জন + এক
ⓖ জনৈ + এক ⓖ জন + ঈক
ব্যাখ্যা: অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয়ে মিলে ঐ-কার হয়; ঐ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন- জন + এক = জনৈক, সদা + এব = সদৈব, মত + ঐক্য = মতৈক্য, মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য।

৫২. 'নিদাঘ' শব্দে 'নি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক বিশেষ খ নিশ্চয়
গ আতিশয্য ঘ সম্যক
ব্যাখ্যা: বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা- বাংলা (২২টি), তৎসম বা সংস্কৃত (২০টি) ও বিদেশি উপসর্গ। তবে আ, সু, বি, নি-এ চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় উপসর্গেই রয়েছে। 'নিদাঘ' শব্দে 'নি' উপসর্গটি জাতিশয্য অর্থে ব্যবহৃত হয়েছে।

৫৩. 1+2+3+4+5+6+7+8+9+.......19 = ?
ক 180 খ 150
গ 170 ঘ 190
ব্যাখ্যা: n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি = $\frac{n(n+1)}{2}$
$= \frac{19 \times 20}{2}$
= 190

৫৪. কোনটির তরঙ্গ দৈর্ঘ্য বেশি?
ক সবুজ আলো খ লাল আলো
গ বেগুনি আলো ঘ হলুদ আলো
ব্যাখ্যা: সাধারণভাবে যার তরঙ্গ দৈর্ঘ্য কম তার শক্তি অপেক্ষাকৃত বেশি। লাল আলোর তরঙ্গ দৈর্ঘ্য বেশি হওয়ায় এর শক্তি সর্বাপেক্ষা কম।

৫৫. শর্করা পরিপাক হয়ে কিসে পরিণত হয়?
ক মলটোজ খ গ্লাইকোজেন
গ গ্লুকোজ ঘ ল্যাকটেজ
ব্যাখ্যা: লালাগ্রন্থি থেকে নি:সৃত লালারসে টায়ালিন ও মল্টেজ নামে শর্করা বিশ্লেষী এনজাইম পাওয়া যায়। এগুলো জটিল শর্করাকে মল্টোজ এবং সামান্য মল্টোজকে গ্লুকোজে পরিণত করে।

৫৬. বর্জ্য নিষ্কাশন করে-
ক অগ্ন্যাশয় খ ফুসফুস
গ যকৃত ঘ বৃক্ক
ব্যাখ্যা: বৃক্কের গাঠনিক ও কার্যিক একককে নেফ্রন বলে। মানুষের প্রত্যেক বৃক্কে ১০ লক্ষ থেকে ১২ লক্ষ নেফ্রন রয়েছে। বৃক্ক রক্ত থেকে প্রোটিন বিপাকে সৃষ্ট নাইট্রোজেন জাতীয় বর্জ্য নিষ্কাশন করে।

৫৭. একটি বৈদ্যুতিক বাল্বের ফিলামেন্টের রোধ 50 ওহম। এর দুই প্রান্তে বিভব পার্থক্য 200V। এর মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহ চলবে?
ক 4A খ 6A
গ 8A ঘ 10A
ব্যাখ্যা: আমরা জানি,
$I = \frac{V}{R}$
$= \frac{200V}{50\Omega}$
= 4A
সুতরাং I = 4A
এখানে
ফিলামেন্টের রোধ R = 50 Ω
বিভব পার্থক্য V = 200V
তড়িত প্রবাহ I =?

৫৮. বিভব পার্থক্য পরিবর্তন করা হয যার মাধ্যমে?
ক লাউডস্পিকার খ ট্রান্সফরমার
গ মাইক্রোফোন ঘ অ্যামপ্লিফায়ার
ব্যাখ্যা: যে যন্ত্রের সাহায্যে পর্যাবৃত্ত উচ্চবিভবকে নিম্ন বিভসে বা নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তরিত করা যায় তাকে ট্রান্সফরমার বলে। তাড়িত চৌম্বক আবেশের উপর ভিত্তি করে ট্রান্সফরমার প্রধানত ২ প্রকার।

৫৯. কপার সালফেটের বর্ণ কিরূপ?
ক লাল খ হলুদ
গ নীল ঘ সবুজ
ব্যাখ্যা: কপার সালফেট বা কিউপ্রিক সালফেট বা তুঁতে এক প্রকার রাসায়নিক যৌগ। এর রাসায়নিক ফর্মুলা $CuSO_4$। জলের জলযোজনের কারণে ইহার রঙ নীল হয়ে থাকে। কপার সালফেট প্যান্টহাইড্রেট একটি ছত্রাকনাশক।

৬০. কেবল উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে হয়-
ক নিকর খ মালা
গ দাম ঘ বর্গ
ব্যাখ্যা: বাংলা ভাষায় বচন দুই প্রকার। যথা: একবচন ও বহুবচন। কেমন উন্নত প্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত শব্দ হলো- বর্গ, গণ, বৃন্দ, মণ্ডলী প্রভৃতি। অন্যদিকে নিকর, মালা ও দাম শব্দগুলো অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত হয়।

৬১. ৩০ : ১০ এর উত্তর রাশির মান ৯০ হলে পূর্ব রাশির মান কত?
ক ২৭০ খ ২৮০
গ ৩০০ ঘ ৩২০

৬২. বিদ্যুৎ পরিবাহী পদার্থ হলো-
ক কাচ খ সিলিকন
গ রাবার ঘ তামা
ব্যাখ্যা: যেসব পদার্থের ভিতর দিয়ে সহজে তড়িৎ বা বিদ্যুৎ চলাচল করতে পারে তাদেরকে পরিবাহী বলে। যেমন- রূপা, তামা, লোহা ইত্যাদি। যেসব পদার্থের ভিতর দিয়ে তড়িৎ বা বিদ্যুৎ একেবারে চলাচল করতে পারে না তাদেরকে অপরিবাহী পদার্থ বলে। যেমন- রাবার, কাঁচ, কাগজ, রেশম ইত্যাদি।

৬৩. One should not lament ----- the past.
ক with খ for
গ to ঘ of

ব্যাখ্যা:Lament for something অর্থ কোনো কিছুর জন্য বিলাপ করা। Forযোগে বাক্যটির বাংলা: অতীত নিয়ে কারো বিলাপ করা উচিত নয়।

৬৪. কোনটি চৌম্বক পদার্থ?
ⓚলোহা ⓚ সোনা ⓖ তামা ⓖ পিতল
ব্যাখ্যা:যেসব পদার্থ চুম্বক দ্বারা আকৃষ্ট বা বিকৃষ্ট হয় এবং যাদেরকে চুম্বকে পরিণত করা যায় তাদেরকে চৌম্বক পদার্থ বলে। যেমন- লোহা, নিকেল, কোবাল্ট, ইস্পাত ইত্যাদি।

৬৫. ভাষার ক্ষুদ্রতম একক কোনটি?
ক বর্ণ খ ধ্বনি
গ অক্ষর ঘ শব্দ
ব্যাখ্যা:বর্গযন্ত্রের দ্বারাা উচ্চারিত অর্থবোক ধ্বনির সাহায্যে মানুষের মনের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে। ভাষার ক্ষুদ্রতম একক ধ্বনি। ধ্বনির লিখিত রূপ বা সাংকেতিক চিহ্নকে বর্ণ বলে। বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনিগুচ্ছকে অক্ষর বলে।

৬৬. The synonym of the word ‘competent’ is-
ক Circumspect খ Discrete
গ Capable ঘ Prudent
ব্যাখ্যা: Competent (উপযুক্ত; সক্ষম)-এর সমার্থক শব্দ capable (সমর্থ) । তাছাড়া circumsect অর্থ সতর্ক, discrete অর্থ পৃথক আর prudent অর্থ বিচক্ষণ।

৬৭. If were a king-
ক I healped the poor
খ I would help the poor
গ I whould hel the poor
ঘ I would have helped the poor
ব্যাখ্যা:If clasu টি 2nd conditional-এরনিয়ম অনুসরণ করায় result clause টিতে sub+would+verb- এর base form যুক্ত অংশ ব্যবহৃত হবে। সুতরাং সঠিক expression টি হলো: I would help the poor.

৬৮. He is ---- L.LB. Put a suitable article in the gap.
ক an খ the
গ a ঘ no article is required
ব্যাখ্যা: সংক্ষিপ্ত শব্দের প্রথম অক্ষরvowel- এর মতো উচ্চারিত হলে তার পূর্বে an বসে। সুতরাং শূন্যস্থানে anবসবে।

৬৯. You and I ----- good friends. Fill in the gap with the appropriate verb.
ক is খ are
গ was ঘ has
ব্যাখ্যা: প্রদত্ত বাক্যের sub হলো you and I যা plural।সুতরাং you and I কে অনুসরণ করে শূন্যস্থানে plural verb `are’বসবে।

৭০. ৬.০২৩ × ১০<sup>-২৩</sup> দ্বারা কি বুঝায়?
ক অ্যাডোগেড্রোর সংখ্যা খ পরমাণু সংখ্যা
গ অণু সংখ্যা ঘ মৌলিক সংখ্যা

৭১. ড. মুহম্মদ শহীদুল্লাহ মূলত কে ছিলেন?
ক ভাষাবিদ খ সাহিত্যের ইতিহাস রচয়িতা
গ ইসলাম প্রচারক ঘ সমাজ সংস্কারক
ব্যাখ্যা:ভাষাবিদ ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯) পশ্চিমবঙ্গের চব্বিশ পরগণা জেলায় জন্মগ্রহণ করেন। তার রচিত গবেষণা ও ভাষাতত্ত্ব বিষয়ক উল্লেখযোগ্য গ্রন্থ-বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য, বাংরা ভাষার ইতিবৃত্ত, বাংলা ব্যাকরণ। তিনি ১৯৬০ সালে বাংলা একাডেমিতে যোগদান করেন এবং তার সম্পাদনায় রচিত হয় ‘বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান’।

৭২. I might ---- to the movies yesterday.
ক have gone খ will gone
গ gone ঘ be gone
ব্যাখ্যা: অতীত সম্ভাবনা প্রকাশ করতেmight + perfective ব্যবহৃত হয়। সুতরাং শূন্যস্থানে have + verbএর যুক্ত অংশ লাগবে।

৭৩. তেজস্ক্রিয় তীব্রতার একক-
ক কুরি খ বেকেরেল
গ রেডন ঘ রেডিয়াম
ব্যাখ্যা:ফরাসি বিজ্ঞানী হেনরি বেকেরেল (1852-1908) তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন। যে সকল মৌল থেকে তেজস্ক্রিয় রশ্মি নির্গত হয় তাদেরকে তেজস্ক্রিয় মৌল বলে। তেজস্ক্রিয়তার এস. আই একক বেকেরেল (Bq)।

৭৪. বিদ্যুৎ উৎপাদন সবচেয়ে বেশি ব্যবহৃত হয়-
ক কয়লা খ ডিজেল
গ প্রাকৃতিক গ্যাস ঘ অকটেন
ব্যাখ্যা:বিদ্যুৎ উৎপাদনে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় প্রাকৃতিক গ্যাস। প্রাকৃতিক গ্যাসের উপাদানগুলোর মধ্যে মিথেন ৮০-৯০%, ইথেন ১৩%, প্রোপ্রেন ৩%। এছাড়া বিউটেন, ইথিলিন ও নাইট্রোজেন কিছু পরিমাণে থাকে। এ উপাদানগুলোর মধ্যে প্রধান হলো মিথেন।

৭৫. বায়ুমন্ডলের সর্বনিম্ন স্তর কোনটি?
ক আয়ানোস্ফিয়ার খ স্ট্র্যাটোস্ফিয়ার
গ এক্সোস্ফিয়ার ঘ ট্রপোস্ফিয়ার
ব্যাখ্যা:বায়ুমন্ডলের স্তর চারটি। যথা: ট্রপোস্ফিয়ার, স্ট্র্যাটোস্ফিয়ার, মেসোস্ফিয়ার, থার্মোস্ফিয়ার। থার্মোস্ফিয়ার গঠিত আয়ানোস্ফিয়ার, এক্সেস্ফিয়ার ও ম্যাগনিটোস্ফিয়ার নিয়ে। ট্রফোস্ফিয়ার অঞ্চলটি বায়ুমন্ডলের সবচেয়ে নিচের স্তর যা ভূপৃষ্ঠের সাথে লেগে আছে।

৭৬. ‘হেড-মৌলতি’ শব্দটি কোন কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে?
ক ইংরেজি+ফারসি খ তুর্কি+আরবি
গ ইংরেজি+তুর্কি ঘ ইংরেজি+পর্তুগিজ

ব্যাখ্যা: যেসব শব্দ দেশি ও বিদেশি ভাষার সংমিশ্রণে কিংবা দুটি ভাষার দুটি শব্দের মিলনে গঠিত হয়, তাকে মিশ্র শব্দ বলে। যেমন: হেড-মৌলভি (ইংরেজি+ফারসি), হাট-বাজার (বাংলা+ফরাসি), চৌ-হদ্দি (ফারসি+আরবি), পকেট-মার (ইংরেজি+বাংলা)।

৭৭. Find out the singular number from the below options.

ক Mice
খ Tooth
গ Agenda
ঘ Oxen

ব্যাখ্যা: Option গুলোর মাঝে singular number হলোtooth যার plural teeth ।তাছাড়া option-এর বাকি শব্দগুলো হলো plural যাদের singular form হলো যথাক্রমে mouse, agendumএবং Oxen।

৭৮. **উপকারীর উপকার স্বীকার করে যে- এর এক কথায় প্রকাশ-**

ক কৃতজ্ঞ
খ অকৃতজ্ঞ
গ অন্যতম
ঘ কৃতঘ্ন

ব্যাখ্যা: এককথায় প্রকাশ; উপকারীর উপকার স্বীকার করে যে- কৃতজ্ঞ; উপকারীর উপকার স্বীকার করে না যে- অকৃতজ্ঞ, অনেকের মধ্যে একজন-অন্যতম; উপকারীর অপকার করে যে- কৃতঘ্ন।

৭৯. ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পেয়েছেন কে?

ক অমর্ত্য সেন
খ অভিজিৎ ব্যানার্জি
গ গুনার মিরডাল
ঘ পিার হ্যান্ডকে

ব্যাখ্যা: ২০১৯ সালে অর্থনীতিতে নোবেল পেয়েছেন ভারতীয়ী বংশোদ্ভুত মার্কিন অর্থনীতিবিদ অভিজিৎ বিনায়ক ব্যানার্জি, তার স্ত্রী এস্থার দুফলো এবং মাইকেল ক্রেমার। অভিজিত বিনায়ক ব্যানার্জি চতুর্থ বাঙালি নোবেল জয়ী এবং অর্থনীতিতে দ্বিতীয় বাঙালি নোবেলজয়ী।

৮০. 'রিকশা' কোন ভাষার শব্দ?

ক তুর্কি
খ পাঞ্জাবি
গ জাপানি
ঘ গুজরাটি

ব্যাখ্যা: 'রিকশা' জাপানি ভাষার শব্দ। জাপানি ভাষার আরও কয়েকটি শব্দ-হারিকিরি, ক্যারাটে, জুডো, হাসনাহেনা। তুর্কি শব্দ-উজবুজক, সওগত, চাকু, তোপ, বাবা, লাশ, বাবুর্চি, কুলি। গুজরাটি শব্দ- খদ্দর, হরতাল।

৮১. বাংলাকে দ্বিতীয় ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে কোন দেশ?

ক আইভরিকোস্ট
খ সেনেগাল
গ কঙ্গো প্রজাতন্ত্র
ঘ সিয়েরা লিওন

ব্যাখ্যা: জাতিসংঘ শান্তিরক্ষঅ মিশনে বাংলাদেশি শান্তিরক্ষীদের অনন্য অবদানের জন্য বাংলাকে দ্বিতীয় ভাষার মর্যাদা দিয়েছে আফ্রিকার দেশ সিয়েরা লিওন।

৮২. কোনটি তদ্ভব শব্দ?

ক চাঁদ
খ চন্দ্র
গ ধর্ম
ঘ সূর্য

ব্যাখ্যা: যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়াযায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ। যেমন- চাঁদ, হাত, চামার, কামার, কান, মাথা ইত্যাদি। অন্যদিকে চন্দ্র, সূর্য, ধর্ম-তৎসব শব্দ।

৮৩. চপল-এর বিপরীত শব্দ কোনটি?

ক গম্ভীর
খ চালাক
গ ঠাণ্ডা
ঘ সরল

ব্যাখ্যা: বিপরীত শব্দ; চপল- গম্ভীর, চালাক- বোকা, ঠাণ্ডা- গরম, সরল- কুটিল/ বক্র।

৮৪. কোন বাগধারাটি 'হতভাগ্য' অর্থে ব্যবহৃত হয়?

ক উড়নচন্ডী
খ আটকপালে
গ ভুমন্ডির কাক
ঘ ছাপোষা

ব্যাখ্যা: 'হতভাগ্য' অর্থে আটকপালে বাগধারাটি ব্যবহৃত হয়। অন্যদিকে উড়নচন্ডী-অমিতব্যয়ী, ভুশন্ডির কাক- দীর্ঘজীবি, ছাপোষা- অত্যন্ত গরিব।

৮৫. The word `Dangerous' is a/an-

ক Noun
খ Pronoun
গ Adjective
ঘ Verb

ব্যাখ্যা: Ous, al, ive, ate, edইত্যাদি suffix যুক্ত শব্দ সাধারণত adjective হয়ে থাকে। সুতরাং dangerous শব্দটি adjective।

৮৬. What is the passive form of the sentence, 'I know him'?

ক He was known to me
খ He is known by me
গ He is known with me
ঘ He is known to me

ব্যাখ্যা: Know যুক্ত present indefinite tense এর passive voice-এর গঠন: obj কে sub+am/ is/ are + verb এর pp+to+sub কে obj। সুতরাং সঠিক passive voiceহলো: He is known to me.

৮৭. বিশুদ্ধ পানির $P^H$-

ক 6.0
খ 7.0
গ 9.0
ঘ 10.0

ব্যাখ্যা: কোনো দ্রবণের হাইড্রোজেন আয়ন($H^+$) বা হাইড্রোনিয়াম ($H_3O^+$) এর মোলার ঘনমাত্রার ঋণাত্মক বেস 10 লগারিদমকে ঐ দ্রবণের $P^H$বলে। এ $P^H$প্রতীকটি 'Puissance of Hydrogen' অর্থাৎ Power of Hydrogen প্রকাশ করে। বিশুদ্ধ পানিতে $P^H$এর মান 7।

৮৮. প্রোটিন তৈরির কারখানা কোনটি?

ক প্রোটোপ্লাজম
খ সাইটোপ্লাজম
গ রাইবোজোম
ঘ লাইসোজোম

ব্যাখ্যা: কোষের সাইটোপ্লাজমে অবস্থিত ক্ষুদ্র দানাময় 'রাইবোনিউক্লিও প্রোটিন' কণা যা প্রোটিন সংশ্লেষের স্থান হিসেবে কাজ করে তাকে রাইবোজোম বলে। কোষের প্রয়োজনীয় প্রোটিন সংশ্লেষণে প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করা রাইবোজোমের প্রধান কাজ। তাই এগুলোকে কোষের প্রোটিন তৈরির কারখানা বলে।

৮৯. প্রধান বিচারপতি নিয়োগ দেন কে?
ⓚ প্রধানমন্ত্রী ⓚ রাষ্ট্রপতি
ⓖ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ⓖ স্পিকার

ব্যাখ্যা: রাষ্ট্রপতি সংবিধানের ৯৫(১) অনুচ্ছেদ অনুসরে প্রধান বিচারপতি নিয়োগ দেন। ৯৫(১) অনুচ্ছেদ 'প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হইবেন এবং প্রধান বিচারপতির সহিত পরামর্শ করিয়া রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগদান করিবেন।'

৯০. বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক কে?
ⓚ দেবেন্দ্রনাথ সেন ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর
ⓖ মাইকেল মধুসূদন দত্ত ⓖ মোহিতলাল মজুমদার

ব্যাখ্যা: বাংলা সাহিত্যে সনেট রচনার প্রবর্তক মাইকেল মধুসুদন দত্ত। সনেটকে বাংলায় বলা হয় 'চতুর্দশপদী কবিতা'। বাংলা সাহিত্যের প্রথম সনেট বা চতুর্দশপদী কবিতা হলো 'বঙ্গভাষা'।

৯১. ৩৫০ টাকা দরে তিন কেজি মিষ্টি কিনে শতকরা ৪ টাকা হারে ভ্যাট দিলে ভ্যাট দিতে হবে কত?
ⓚ ৪০ টাকা ⓚ ৪১ টাকা
ⓖ ৩৫ টাকা ⓖ ৪২ টাকা

ব্যাখ্যা: ১০০ টাকায় ভ্যাট দিতে হবে ৪ টাকা

১ টাকায় ভ্যাট দিতে হবে = $\frac{৪}{১০০}$ টাকা

৩৫০ টাকায় ভ্যাট দিতে হবে = $\frac{৪ \times ৩৫০}{১০০}$ টাকা

= ১৪ টাকা

তিন কেজি মিষ্টিতে ভ্যাট দিতে হবে = (১৪ × ৩) টাকা

= ৪২ টাকা

৯২. বৈষ্ণব পদাবলির সঙ্গে কোন ভাষা সম্পর্কিত?
ⓚ অধিভাষা ⓚ সংস্কৃত ভাষা
ⓖ সন্ধ্যাভাষা ⓖ ব্রজবুলি

ব্যাখ্যা: মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ সম্পদ বৈষ্ণব পদাবলি। বৈষ্ণব পদাবলির অধিকাংশ পদ রচিত হয়েছে 'ব্রজবুলি' ভাষায়। 'ব্রজবুলি' বাংলা ও মৈথিলি ভাষার মিশ্রণে এক প্রকার কৃত্রিম কবিভাষা। এ ভাষার স্রষ্টা বিদ্যাপতি। চর্যাপদের সাথে সম্পর্কিত ভাষা সন্ধ্যাভাষা।

৯৩. He is rich but honest. What kind of sentence is it?
ⓚ Simple sentence ⓚ Complex senence
ⓖ Compound sentence ⓖ Mixed sentence

ব্যাখ্যা: Compound sentence এ একের অধিক principal clause থাকে এবং clause গুলোand, or, but, yet, so, therefore ইত্যাদি দ্বারা যুক্ত থাকে। প্রদত্ত বাক্যটি but দ্বারা দুটি clause যুক্ত থাকায় বাক্যটি Compound sentence।

৯৪. He is suffering ------ fever.
ⓚ for ⓚ from
ⓖ with ⓖ of

ব্যাখ্যা: Suffer from something অর্থ কিছুতে ভোগা। Fromযোগে বাক্যটির বাংলা: তিনি জ্বরে ভুগছেন।

৯৫. মুক্তিযুদ্ধের সময় ঢাকা কত নাম্বার সেক্টরের অধীনে ছিল?
ⓚ ২নং ⓚ ১নং
ⓖ ৪নং ⓖ ৮নং

ব্যাখ্যা: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সুবিধার জন্য ১১ জুলাই ১৯৭১ বাংলাদেশকে ১১টি সেক্টরে বিভক্ত করা হয়। ঢাকা শহর ছিল ২ নং সেক্টরের অধীন। কিন্তু ঢাকা জেলা ছিল ২ ও ৩ নং সেক্টরের অধীন।

৯৬. আইসোটোপে কোনটি সমান থাকে?
ⓚ নিউটন ⓚ ইলেকট্রন
ⓖ অণু ⓖ প্রোটন

ব্যাখ্যা: যেসব পরমাণুর প্রোটন সংখ্যা সমান, কিন্তু এর সংখ্যা ভিন্ন, যেসব পরমাণুকে পরস্পরের আইসোটোপ বলে। আইসোটোপগুলো একই মৌলের পরমাণু। নিউট্রন সংখ্যার তারতম্যের আইসোটোপ তৈরি হয়।

৯৭. ক্যানসার সৃষ্টি করে-
ⓚ এন্টাসিড ⓚ র‍্যাবিপ্রাজল
ⓖ রেনিটিড ⓖ ইসোমোপ্রাজল

ব্যাখ্যা: ল্যাবরেটরি গবেষণায় বাজারে প্রচলিত কিছু রেনিটিডিন ওষুধের মধ্যে এনডিএম খুব অল্প পরিমাণে পাওয়া গেছে। দীর্ঘদিন নির্দিষ্ট মাত্রায় এ রাসায়নিক যৌগটি গ্রহণ করলে ক্যানসার সৃষ্টি হতে পারে।

৯৮. দৈর্ঘ্যের ক্ষুদ্রতম একক কোনটি?
ⓚ মিটার ⓚ সেন্টিমিটার
ⓖ ফুট ⓖ মাইক্রোমিটার

৯৯. কাঁদুনে গ্যাসের অপর নাম কি?
ⓚ ফসজিন গ্যাস ⓚ ক্লোরোপিকরিন
ⓖ মিথেন ⓖ নাইট্রোজেন গ্যাস

ব্যাখ্যা: যে সকল রাসায়নিক যৌগ বা গ্যাস ব্যহার করলে চোখের জ্বালাপোড়া ও অস্বস্তিক কারণে অশ্রুপাতে সাময়িক অন্ধত্ব সৃষ্টি হয় তাকে কাঁদুনে গ্যাস(tear gas) বলে। এর অন্য নাম ক্লোরোপিকরিন। কাঁদুনে গ্যাসের সংকেত $CCl_3$-$NO_2$।

১০০. It happened long ago.
ⓚ Present Indefinite ⓚ Past Continuous
ⓖ Past Indefinite ⓖ Past Perfect

ব্যাখ্যা: Subject-এরপর verb-এর past form থাকায় বাক্যটি Past Indefinite Tense।

# বিএসসি ইন নার্সিং ভর্তি পরীক্ষা : ২০১৮-২০১৯

১. অপ্রাণিবাচক শব্দের বহুবচন ব্যবহৃত হয় কোনঠি?

Ⓐ গণ Ⓑ বর্গ

Ⓒ বৃন্দ Ⓓদাম

Ans: D

■ব্যাখ্যা:শুধু অপ্রাণিবাচক শব্দের সঙ্গে ব্যবহৃত কতিপয়

| | |
|---|---|
| আবলি | দীপাবলি, গ্রন্থাবলি, গুণাবলি, শব্দবলি, পদাবলি |
| নিকর | কুসুমনিকর, রত্ননিকর |
| দাম | কুসুমদাম, তৃণদাম, লতাদাম, কুন্তলদাম, বিদ্যুদ্দাম |
| মালা | পর্বতমালা, নক্ষত্রমালা, তরঙ্গমালা, মেঘমালা |

২. ক্রিয়ার মূলকে কী বলে?

Ⓐ পদ Ⓑবিভক্তি

Ⓒ ধাতু Ⓓ উপর্সগ

Ans: C

■ব্যাখ্যা:ব্যাকরণিক সজ্ঞা:

| | |
|---|---|
| ধাতু | ক্রিয়ার মূল অংশকে ধাতু বলে। যেমন: √চাল(ধাতু+আ। |
| প্রাতিপদিক | বিভক্তিহনি নাম শব্দকে প্রাতিপাদিক বলে। যেমন: লাজ, ঘর |
| কৃদন্ত | ধাতুর সঙ্গে কৃৎ-প্রত্যয়যোগে যে শব্দ গঠিত হয় তাকে কৃদন্ত শব্দ বলে। √চাল্+অন্ত=চলন্ত (কৃদন্ত শব্দ) |

৩. কোনটি আয়নিকরণ শক্তি বেশি?

Ⓐ কার্বন Ⓑ ফসফরাস

Ⓒ নাইট্রোজেন Ⓓ অক্সিজেন

Ans: C

৪. The singer has been ---for two hours.

Ⓐ Sang ⒷSings

ⒸSinging ⒹSing

Ans: C

■ব্যাখ্যা: Present perfect continuous tense এ have been/hasbeen এর পর $V_1$+ing হয়।

৫. 'মেঘ' বিশেষ্য পদের বিশেষণ রূপ কোনটি?

Ⓐ মেঘালয় Ⓑ মেঘকণা

Ⓒ মেঘলা Ⓓ মেঘম

Ans: C

■ব্যাখ্যা:বিশেষ্য থেকে বিশেষণ পদে রূপান্তর

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|
| রক্ত | রক্তিম | জল | জলীয় |
| উৎকর্ষ | উৎকৃষ্ট | কামনা | কাম্য |

৬. $0.02 \times 0.02 = ?$

Ⓐ0.004 Ⓑ 0.002

Ⓒ 0.0004 Ⓓ 0.04

Ans: C

■ব্যাখ্যা:$0.02 \times 0.02 = 0.0004$

৭. Synonym of 'Domestic'

Ⓐ Free Ⓑ Wild

Ⓒ Tame Ⓓ Animal

Ans: C

■ব্যাখ্যা:Domestic (পারিবারিক, ঘরোয়া) এর সমার্থক শব্দ Tame

৮. খাদ্যের মোট উপাদান কয়টি/

Ⓐ ৪ টি Ⓑ ৩ টি

Ⓒ ৬ টি Ⓓ ২ টি

Ans: C

৯. 'সংঘাত' এর সন্ধিবিচ্ছেদ কোনটি?

Ⓐ সম্ + ঘাত Ⓑ সং + ঘাত

Ⓒ সঙ + ঘাত Ⓓ স + ঘাত

Ans: A

■ব্যাখ্যা:আগে ম্ এবং পরে ক্ থেকে ম্ পর্যন্ত যে কোনো ধ্বনি থাকলে পূবপদের ম্ স্থানে ঐ বর্গের পঞ্চম ধ্বনি হয়। যেমন:

| | |
|---|---|
| সম্ + তাপ = সন্তাপ | সম্ + ধান = সন্ধান |

১০. বলের মাত্রা কোনটি?

Ⓐ $[MLT^{-1}]$ Ⓑ $[MLT^{-2}]$

Ⓒ $[ML^{-2}T^{-2}]$ Ⓓ $[ML^{-1}T^{-2}]$

Ans: B

■ব্যাখ্যা:বল=ভর×ত্বরণ=ভর× $\frac{\text{বেগ}}{\text{সময়}}$

$= \text{ভর} \times \frac{\text{দৈঘ}}{(\text{সময়})^2}$

∴ বল, $[F]=[MLT^{-2}]$

১১. আদর্শ খাদ্য পিরামিডের সবচেয়ে উপরে রয়েছে-

Ⓐ স্নেহ Ⓑ শর্করা

Ⓒ খনিজ লবণ Ⓓ আমিষ

Ans: A

১২. Antonym of 'Oral' is–

Ⓐ Exam Ⓑ spoken
Ⓒ Written Ⓓ Memorise

Ans: C

■ব্যাখ্যা:Oral (মৌখিক) এর বিপরীত শব্দ Written (লিখিত)।

১৩. বাংলাদেশের সংবিধানে মোট কতটি সংশোধনী যোগ করা হয়েছে?

Ⓐ ১৮ টি Ⓑ ১৪ টি
Ⓒ ১৬ ট Ⓓ ১২ টি

Ans:

■ব্যাখ্যা: বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। ১৯৭২ সালে ৪ নভেম্বর বাংলাদেশ গণপরিষদে এই সংবিধান গৃহীত হয় একই বছর ১৬ ডিসেম্বর এটি কার্যকর হয়। বাংলাদেশের সংবিধান মোট ১৭ বার সংশোধন করা হয়।

১৪. 'Everyone Likes Flower'. এর Interrogative Form কী?

Ⓐ Does everyone like flower?
Ⓑ Did everyone like flower?
Ⓒ Who dose not like flower?
Ⓓ Do they like flower

Ans: C

■ব্যাখ্যা:Everyone যুক্ত affirmative sentence কে interrogative করার সময় who does not + verb + noun/pronoun হয়।

১৫. বাংলাদেশে একমাত্র পারমানবিক বিদ্যুত কেন্দ্র কোথায় অবস্থিত?

Ⓐ রূপপুর Ⓑ মহেশখালী
Ⓒ পায়রা Ⓓ রামপাল

Ans: A

■ব্যাখ্যা: বাংলাদেশের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার অর্ন্তগত পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামে অবস্থিত রূপপুর পারমাণবিক বিদ্যুত কেন্দ্র, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ২৪০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র, যা বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র হিসাবে ২০২৩ সালে বিদ্যুৎ উৎপাদন কার্যক্রম শুরু করবে।

১৬. Synonym of 'Sly'–

Ⓐ Foolish Ⓑ Cunning
Ⓒ Fast Ⓓ Coward

Ans: B

■ব্যাখ্যা: Sly (প্রতারণাপূর্ণ) এর সমার্থক শব্দ Cunning

১৭. ১০ জন লোক একটি পুকুর খনন করতে সময় লাগে ১০ দিন, তাহলে ১ জনের জন্য পুকুরটি খনন করতে কত দিন লাগবে?

Ⓐ ১ দিন Ⓑ ১০০ দিন
Ⓒ ১০ দিন Ⓓ ৫০ দিন

Ans: B

■ব্যাখ্যা: ১০ জন লোকের সময় লাগে ১০ দিন
∴ ১ " " " " " " (১০×১০) "
= ১০০ দিন

১৮. 'কি করতে হবে বুঝতে পারে না যে' তাকে কথায় প্রকাশ-

Ⓐ অসম্ভব Ⓑ বোকা
Ⓒ কিংকর্তব্যবিমূঢ় Ⓓ আকাঁড়া

Ans: C

■ব্যাখ্যা: কতিপয় একথায় প্রকাশ: উপস্থিত বুদ্ধি আছে- প্রত্যুৎপন্নমতি, উটের/হস্তীর শাবক- করভ, উচ্চ শব্দ- নির্ঘোষ, উপরতলার ঘর- বালাখানা, উচিতের অভাব- অনৌচিত্য, উপদেশ ছাড়া লব্ধ প্রথম জ্ঞান- উপজ্ঞা, উরস বা বুকে ভর দিয়ে চলে যে উরগ

১৯. ইলেকট্রন ত্যাগ করে ধনাত্মক আয়নে পরিণত হতে যে শক্তি প্রয়োজন হয়, তা হচ্ছে-

Ⓐ তড়িৎ ঋণাত্মকতা Ⓑ আয়নিকরণ শক্তি
Ⓒ আয়নিক পটেনসিয়াল Ⓓ ইলেকট্রন আসক্তি

Ans: B

২০. চলিত ভাষায় কোন ধরনের শব্দের প্রয়োগ বেশি?

Ⓐ বিদেশি Ⓑ তদ্ভব
Ⓒ তৎসম Ⓓ দেশি

Ans: B

চলিত ভাষার কতিপয় বৈশিষ্টি:

| |
|---|
| ক. চলিত রীতি পরিবর্তনশীল |
| খ. এ রীতি তদ্ভব শব্দবহুল। |
| গ. চলিত রীতি সংক্ষিপ্ত ও সহজবোধ্য |
| ঘ. চলিত রীতি বক্তৃতা ও নাটকের সংলাপে উপযোগী। |
| ঙ. সর্বনাম ও ক্রিয়াপদ চরিত রীতিতে পরিবর্তিত ও সহজতর লাভ করে। |

২১. সময়ের সাথে দূরত্বের পরিবর্তনের হারকে বলে-

Ⓐ ত্বরণ Ⓑ সরণ
Ⓒ দ্রুতি Ⓓ বেগ

Ans: D

২২. 'লাহোর প্রস্তাব কে উথাপন করেন?

Ⓐ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
Ⓑ নবাব স্যার সলিমুল্লাহ
Ⓒ শেরে বাংলা এ. কে. ফজলুল হক
Ⓓ মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী

Ans: C

■ব্যাখ্যা: লাহোর প্রস্তাব ভারতীয় উপমহাদেশে বসবাসকারী মুসলিমদের জন্য একটি পৃথক রাষ্ট্রের দাবি জানিয়ে উথাপিত প্রস্তাবনা। ১৯৪০ সালের ২৩ মার্চ পাকিস্তানের লাহরে মুসলিম লীগের সম্মেলনে শেরে বাংলা এ. কে. ফজলুল হক কতৃক প্রস্তবটি উথাপিত হয়।

২৩. কাজের একক কোনটি?
Ⓐ কেলভিন Ⓑ ওয়াট
Ⓒজুল Ⓓনিউটন
Ans: C
■ব্যাখ্যা: S.I পদ্ধতিতে কাজের একক জুল (J)

২৪. 'স্বেচ্ছা'শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐস্ব + ইচ্ছা Ⓑ স + ইচ্ছা
Ⓒ সে + ইচ্ছা Ⓓ সু + ইচ্ছা
Ans: A
■ব্যাখ্যা: অ-কার বা আ-কারের পর ই-কার বা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়। যেমন:

| | |
|---|---|
| দেব + ইন্দ্র = দেবেন্দ্র | গজ + ইন্দ্র = গজেন্দ্র |
| যথা + ইচ্ছা = যথেচ্ছা | শুভ + ইচ্ছা = শুভেচ্ছা |
| মহা + ইন্দ্র = মহেন্দ্র | যথা + ইষ্ট = যথেষ্ট |

২৫. Alas! We lost the game. Here "Alas" is-
Ⓐ Preposition Ⓑ Conjunction
Ⓒ Interjection Ⓓ Verb
Ans: C
■ব্যাখ্যা: মনের হঠাৎ আবেগ. অনুভূতি প্রকাশ করলে তাকে interjectionবলে।

২৬. সাধু ও চলিত ভাষারীতির পার্থক্য কোন পদে বেশি?
Ⓐ বিশেষ্য ও ক্রিয়াপদে Ⓑবিশেষণ ও অব্যয় পদে
Ⓒ ক্রিয়া ও সর্বনাম পদে Ⓓ বিশেষ্য ও বিশেষণ পদে
Ans: C
■ব্যাখ্যা: সাধু ও চলিত ভাষার পার্থক্য নিম্নরূপ:

| সাধু ভাষা | চলিত ভাষা |
|---|---|
| সাধু ভাষা দুরূহ ও তৎসম শব্দবহুল | চলিত ভাষা তভ্রব শব্দবহুল। |
| সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী | চলিত রীতি নাটকের সংলাপ ও বক্তৃতায় উপযোগী। |
| সাধু রীতি অপরিবর্তনীয় | এ রীতি নিয়ত পরিবর্তনশীল |
| এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে | সর্বমান ও ক্রিয়াপদ এ রীতিতে সহজতর রূপ লাভ করে। |

২৭. মানুষের শ্বসনতন্ত্রের সাথে নিচের কোন অঙ্গটি জড়িত-
Ⓐ যকৃৎ Ⓑ পাকস্থলী
Ⓒ হৃদপিণ্ড Ⓓ ফুসফুস
Ans: D
■ব্যাখ্যা: মানবদেহের শ্বসনতন্ত্রের অঙ্গসমূহ:
সম্মুখ নাসারন্ধ্র → ভেস্টিবিউল → নাসা গহবর → পশ্চাৎনাসারন্ধ্র → নাসাগলবিল → স্বরযন্ত্র → শ্বাসনালি বা ট্রাকিয়া → ব্রঙ্কাস → ফুসফুস।

২৮. Antonym of 'Wholesale' is
Ⓐ Discount Ⓑ Sale
Ⓒ Sell Ⓓ Retail
Ans: D
■ব্যাখ্যা:Wholesale (পাইকারি বিক্রয়) এর বিপরীত শব্দ retail (খুচরা বিক্রয়)।

২৯. সবচেয়ে দুর্বল বল কোনটি?
Ⓐ মহাকর্ষ বল Ⓑ তড়িৎ চৌম্বক বল
Ⓒ নিউক্লিয় দুর্বল বল Ⓓ নিউক্লিয় সবল বল
Ans: A
■ব্যাখ্যা: চারটি মৌলিক বলের মধ্যে মহাকর্ষ বর হচ্ছে সবচেয়ে দুর্বল বল এবং ইহা আকর্ষণধর্মী।

৩০. "I have done my homework"এর Nagative Form কী?
Ⓐ I am not doing my homework.
Ⓑ I have not done my homework.
Ⓒ I did not have done my homework.
Ⓓ I shall not do my homework
Ans: B
■ব্যাখ্যা: বাক্যে auxiliary verb থাকলে negative করার সময় এর পর not বসাতে হয়।

৩১. 'মানুষ' কোন বিশেষ্যের উদাহরণ-
Ⓐ ভাববাচক Ⓑ সমষ্টিবাচক
Ⓒ নামবাচক Ⓓ শ্রেণিবাচক
Ans: D
■ব্যাখ্যা: যে পদ দ্বারা কোনো একজাতীয় প্রাণী বা পদার্থের সাধারণ নাম বোঝায়, তাকে জাতিবাচক বা শ্রেণিবাচক বিশেষ্য বলে। যেমন: মানুষ, গরু, পাখি, গাছ, পর্বত, নদী, ইংরেজ।

৩২. নিচের কোনটি অধিক শক্তিশালী এসিড?
Ⓐ $HNO_3$ Ⓑ $H_3PO_4$
Ⓒ $H_2SO_4$ Ⓓ $HClO_4$
Ans: D

৩৩. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

Ⓐ ভিটামিন বি Ⓑ ভিটামি ই

Ⓒ ভিটামিন ডি Ⓓ ভিটামিন এ

Ans: D

■ব্যাখ্যা: কয়েকটি ভিটামিনের অভাব জনিত রোগ:

| ভিটামিনের নাম | রোগের নাম | ভিটামিনের নাম | রোগের নাম |
|---|---|---|---|
| ভিটামিন এ | রাতকানা | ভিটামিন সি | স্কার্ভি |
| ভিটামিন ডি | রিকেঁস | ভিটামিন ই | প্রজনন ক্ষমতা হ্রাস |

৩৪. একটি রাশির প্রকৃত মান ও পরিমাপক্রত মানের পার্থক্যকে বলে–

Ⓐ নিয়মিত ত্রুটি Ⓑ আপেক্ষিক ত্রুটি

Ⓒ পরম ত্রুটি Ⓓ সামগ্রিক ত্রুটি

Ans: C

■ব্যাখ্যা: পরম ত্রুটি = (প্রকৃত মান - পরিমাপ্য মান)।

৩৫. বাক্য মধ্যস্থিত ক্রিয়াপদের সাথে নামপদের সমন্বয়কে কী বলে?

Ⓐ কারক Ⓑ প্রত্যয়

Ⓒ সন্ধি Ⓓ সমাস

Ans: A

■ব্যাখ্যা: √কৃ + ণক্ (অক) = কারক, অর্থ্যাৎ যে করে বা যা ক্রিয়া সম্পাদন করে। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে নামপদের (বিশেষ্য বা সর্বনাম পদের কিংবা বিশেষ্যের অর্থে ব্যবহৃত কোনো পদের) যে সম্বন্ধ থাকে, তাকে কারক বলে। যেমন: ছেলেটি ভালো ফুটবল খেলে।

৩৬. মানবদেহের সবচেয়ে ছোট অস্থি-

Ⓐ স্টেপিস Ⓑ ম্যাক্সিলা

Ⓒ হিউমেরাস Ⓓ স্ক্যাপুলা

Ans: A

■ব্যাখ্যা: মানবদেহের সবচেয়ে ছোট অস্থি স্টেপিস। এটি মানবদেহের মধ্যকর্ণে অবস্থিত একটি ত্রিকোণাকৃতির অস্থি।

৩৭. বাংলাদেশের মানুষের বর্তমান মাথাপিছু আয় কত?

Ⓐ ১০৫১ মার্কিন ডলার Ⓑ ১৩৫১ মার্কিন ডলার

Ⓒ ২৩৫১ মার্কিন ডলার Ⓓ ১৭৫১ মার্কিন ডলার

Ans: D

■ব্যাখ্যা: অর্থনৈতিক সমীক্ষা-২০২২ অনুযায়ী বর্তমান মাথাপিছু আয় ২৮২৪ মার্কিন ডলার।

৩৮. বাংলা সার্চ ইঞ্জিন কোনটি?

Ⓐ পিপীলিকা Ⓑ গুগল

Ⓒ ইয়াহু Ⓓ বিজয়

Ans: A

■ব্যাখ্যা: 'পিপীলিকা' বাংলাদেশে তৈরিকৃত এবং নিয়ন্ত্রিত একটি ইন্টারনেটভিত্তিক অনুসন্ধান ইঞ্জিন্ এটি বাংলাদেশের প্রথম অনুসন্ধান ইঞ্জিন, যেখানে বাংলা এবং ইংরেজি- উভয় ভাষার তথ্য পাওয়ার সুবিধা রয়েছে-

৩৯. পিটুইটারি গ্রন্থি থেকে নিঃসৃত হয় নিচের কোন হরমোন?

Ⓐ গ্যাস্ট্রিন Ⓑ ইনসুলিন

Ⓒ থাইরাক্সিন Ⓓ গ্রোথ হরমোন

Ans: D

■ব্যাখ্যা: **গ্রোথ হরমোন বা বৃদ্ধিপোষক হরমোন (Somatotropic Hormone, STH): সম্মুখ পিটুইটরি গ্রন্থি নিঃসৃত হরমোন। থাইরক্সিন → থাইরয়েড গ্রন্থি, গ্যষ্ট্রিন → পাকস্থলী, ইনসুলিক → অগ্ন্যাশয় নিঃসৃত হরমোন।**

৪০. শিখা পরীক্ষায় ইটের মতো লাল শিখা সৃষ্টি করে কোনটি?

Ⓐ $Ca^{2+}$ Ⓑ $Cu^{2+}$

Ⓒ $K^{+}$ Ⓓ $Na^{+}$

Ans: A

৪১. জালনোট শনাক্তকরণে কোন পদ্ধতি ব্যবহৃত হয়?

Ⓐ UV Ⓑ MRI

Ⓒ DOT Ⓓ NMR

Ans: A

৪২. সম্প্রতি নিচের কোন জেলার ইংরেজি নামের বানান পরিবর্তন করা হয়েছে?

Ⓐ সিলেট Ⓑ কক্সবাজার

Ⓒ চট্টগ্রাম Ⓓ চাঁদপুর

Ans: C

■ব্যাখ্যা: বাংলাদেশের পাঁচ জেলার ইংরেজি বানান পরিবর্তন করা হয়েছে। নতুন নিয়মে চট্টগ্রাম Chattogram , কুমিল্লা Cumilla, বরিশাল Barishal, যশোরJashore ও বগুড়া-Bogura.

৪৩. দেশের কোথায় প্রথম বর্জ্যভিত্তিক বিদ্যুৎকেন্দ্র তৈরি হচ্ছে?

Ⓐ কুমিল্লা Ⓑ নারায়ণগঞ্জ

Ⓒ নোয়াখালী Ⓓ গাজীপুর

Ans: B

■ব্যাখ্যা: দেশের প্রথম বর্জ্যভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নারায়ণগঞ্জে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বর্জ্য দিয়ে তিন থেকে পাঁচ মেগাওয়াটের একটি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করবে পিডিবি।

৪৪. অসম্ভবকে সম্ভব করতে নিপুণা যে-

Ⓐ অঘটন পটিয়সী Ⓑ ঘটন পটিয়সী

Ⓒ অঘটনঘটনপটিয়সী Ⓓ অনন্য পটিয়সী

Ans: C

৪৫. 0, 1, 4 এবং 7 এর গড় কত?

Ⓐ 4 Ⓑ 3
Ⓒ 0 Ⓓ 12

Ans: B

■ব্যাখ্যা: গড়= $\frac{0+1+4+7}{4} = 3$

৪৬. The boy is ashamed __ his poor marks in the exam.

Ⓐ for Ⓑ of
Ⓒ by Ⓓ in

Ans: B

■ব্যাখ্যা: Ashamed of – লজ্জিত।

৪৭. নিচের কোনটি রিডিউসিং সুগার?

Ⓐ গ্লুকোজ Ⓑ গ্লাইকোজেন
৫৫. United Nations Environment Program (UNEP)-এর সদর দপ্তর কোন দেশে অবস্থিত?
(ক) ইতালি (খ) ইন্দোনেশিয়া
(গ) নিউজিল্যান্ড **(ঘ) কেনিয়া**
**ব্যাখ্যা:** ১৯৭২ সালে প্রতিষ্ঠিত জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা United Nations Environment Programme বা UNEP এর সদর দপ্তর কেনিয়ার রাজধানী নাইরোবিতে অবস্থিত।

৫৬. সম্প্রতি কোন আন্তর্জাতিক সংস্থা থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কার লাভ করেন?
(ক) EEA **(খ) UNEP**
(গ) IPCC (ঘ) IUCN
**ব্যাখ্যা:** জাসিংঘের পরিবেশ বিষয়ক সংস্থা UNEP ২০১৫ সালে পলিসি লিডারশিপ ক্যাটাগরিতে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কারে ভূষিত করে।

৫৭. বাংলাদেশের প্রথম টেস্ট সেঞ্চুরিয়ান-
(ক) মেহরাব হোসেন অপি (খ) নাইমুর রহমান দুর্জয়
(গ) আশরাফুল ইসলাম **(ঘ) আমিনুল ইসলাম বুলবুল**
**ব্যাখ্যা:** ২০০০ সালে ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বাংলাদেশের অভিষেক টেস্টে ভারতের বিপক্ষে বাংলাদেশের প্রথম ক্রিকেটার হিসেবে আমিনুল ইসলাম বুলবুল প্রথম সেঞ্চুরি (১৪৫ রান) করেন।

৫৮. 'এনটোমোলজি' কোন বিষয়ের অধ্যয়ন?
(ক) পানি **(খ) কীট-পতঙ্গ**
(গ) সরীসৃপ (ঘ) মাছ

৫৯. সুন্দরবনকে ওয়ার্ল্ড হেরিটেজ-এর অন্তর্ভুক্ত করেছে কোন সংস্থা?
(ক) UNICEF (খ) UNEP
**(গ) UNESCO** (ঘ) UNDP
**ব্যাখ্যা:** জাতিসংঘের শিক্ষা ও সংস্কৃবিষয়ক সংস্থা ইউনেস্কো ১৯৯৭ সালের ৬ ডিসেম্বর সুন্দরবনকে ৭৯৮তম বিশ্ব ঐতিহের অন্তর্ভুক্ত করে।

৬০. বিশ্বকাপ ফুটবলে ব্রাজিল এ পর্যন্ত কতবার চ্যাম্পিয়ন হয়েছে?
(ক) ৩ বার (খ) ৪ বার
**(গ) ৫ বার** (ঘ) ৬ বার
**ব্যাখ্যা:** ১৯৫৮, ১৯৬২, ১৯৭০, ১৯৯৪ এবং ২০০২ সাল মোট পাঁচ বার ব্রাজিল বিশ্বকাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়।

## সাধারণ বিজ্ঞান

৬১. গ্রিনহাউজ ইফেক্টের পরিণতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কি হবে?
(ক) বৃষ্টিপাত কমে যাবে (খ) উত্তাপ বেড়ে যাবে
**(গ) নিম্নভূমি নিমজ্জিত হবে** (ঘ) সাইক্লোনের প্রবণতা বাড়বে
**ব্যাখ্যা:** গ্রিন হাউজ ইফেক্টের পরিণতিতে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির প্রভাবে মেরু অঞ্চলের বরফ গলে যাবে এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেয়ে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী অঞ্চলের অধিকাংশ নিমজ্জিত হবে। গ্রিন হ্যুজ ইফেক্টের জন্য দায়ী গ্যাসসমূহ CFC, $CO_2$, $CH_4$ ইত্যাদি।

৬২. বাংলাদেশের সর্বনিম্ন বৃষ্টিপাতের অঞ্চল-
(ক) লালাখাল **(খ) লালপুর**
(গ) শ্রীমঙ্গল (ঘ) লালমাই

**ব্যাখ্যা:** বাংলাদেশের সর্বনিম্ন বৃষ্টিপাতের অঞ্চল লালপুর (নাটোর) এবং সর্বোচ্চ বৃষ্টিপাতের অঞ্চল লালখান (সিলেট)। বাংলাদেশের গড় বৃষ্টিপাত ২০৩ সেন্টিমিটার।

৬৩. এশিয়ায় প্রলয়ঙ্করী সুনামির উৎস কোথায় ছিল?
ক ভারতের অন্দ্র উপকূলে খ থাইল্যান্ডের ফুকেটে
গ ইন্দোনেশিয়ার বালিতে **ঘ** ইন্দোনেশিয়ার আচেহাতে
**ব্যাখ্যা:** শতাব্দীর ভয়াবহ সুনামি সংঘটিত হয় ২৬ ডিসেম্বর ২০০৪। প্রলয়ঙ্করী সুনামির উপৎসস্থল ছিল ইন্দোনেশিয়ার আচেহতে।

৬৪. ভূমিকম্পের ঝুঁকিতে বাংলাদেশের অবস্থান কিরূপ?
ক প্রবল ঝুঁকিপূর্ণ খ কম ঝুঁকিপূর্ণ
**গ** ক্রমেই ঝুঁকিপূর্ণ হচ্ছে ঘ ভূমিকম্প প্রবণ
**ব্যাখ্যা:** ভূমিকম্পের ফলে ভূমিরূপে ভাঁজ, ফাটল বা ধসের সৃষ্টি হয়, নদীর গতিপথ পাল্টে যায়, সমুদ্রে সনামি হয়। সবচেয়ে ভূকম্পপ্রবণ দেশগুলো হলো- ফিলিপাইন, জাপান, চিলি, অ্যালিউসিয়ান দ্বীপপুঞ্জ, আলাঙকআ ইত্যাদি। ভূমিকম্পের ঝুঁকিতে বাংলাদেশের অবস্থান ক্রমেই ঝুঁকিপূর্ণ হচ্ছে।

৬৫. গ্যাসের চাপ নির্ধারণ যন্ত্র-
ক ব্যারোমিটার খ সিসিমোগ্রাফ
**গ** ম্যানোমিটার ঘ গ্যাসকোমিটার
**ব্যাখ্যা:** বায়ুমন্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র ব্যারোমিটার। ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র সিমোগ্রাফ। গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র ম্যানোমিটার।

৬৬. কোন তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?
ক $0^0C$ খ $10^0C$
**গ** $4^0C$ ঘ $100^0C$
**ব্যাখ্যা:** সাধারণত কোনো বস্তুর তাপমাত্রা হ্রাস করলে এর ঘনত্ব বৃষ্টি পায়। পানির একমাত্র ব্যতিক্রমী প্রসারণ হচ্ছে পানির তাপমাত্রা কমিয়ে ৪° সেন্টিগ্রেড আনলে এ ঘনত্ব সবচেয়ে বেশি হয় এবং ৪° থেকে তাপমাত্রা কমিয়ে আনলে এর ঘনত্ব কমতে থাকে।

৬৭. টেপ রেকর্ডার এবং কম্পিউটারের স্মৃতির ফিতায় কি ধরনের চুম্বক ব্যবহৃত হয়?
**ক** স্থায়ী চুম্বক খ অস্থায়ী চুম্বক
গ সংকর চুম্বক ঘ প্রাকৃতিক চুম্বক
**ব্যাখ্যা:** চৌম্বক ক্ষেত্র অপসারিত হলেও যে কৃত্রিম চুম্বকের চুম্বকেত্ব সহজে বিলুপ্ত হয় না তাকে স্থায়ী চুম্বক বলে। স্থায়ী চুম্বক তৈরিতে ব্যবহৃত হয় ইস্পাত, এলনিকো, সংকর ও ফেরাইট নামক পদার্থ। টেপ রেকর্ডার এবং কম্পিউটারের স্মৃতির ফিতায় স্থায়ী চুম্বক পদার্থ ব্যবহৃত হয়।

৬৮. সোডিয়াম এর একটি পরমাণুতে রয়েছে-
ক ১০টি প্রোটন ও ১৩টি নিউট্রন **খ** ১১টি প্রোটন ও ১২টি নিউট্রন
গ ১২টি প্রোটন ও ১১টি নিউট্রন ঘ ১৩টি প্রোটন ও ১০টি নিউট্রন

৬৯. সিমেন্টে জিপসাম যোগ করা হয় কেন?
ক ঘনত্ব বাড়ানোর জন্য খ ওজন বাড়ানোর জন্য
**গ** দ্রুত জমাট রোধ করার জন্য ঘ দ্রুত জমাট বৃদ্ধি করার জন্য

৭০. মানুষের হৃৎপিন্ডে কয়টি প্রকোষ্ট থাকে?
ক ২টি খ ৩টি
**গ** ৪টি ঘ অসংখ্য
**ব্যাখ্যা:** মানুষের হৃৎপিন্ড ৪টি প্রকোষ্ঠে বিভক্ত। উপরের দুটি পাতলা প্রাচীনযুক্ত ডান ও বাম অলিন্দ এবং নিচের দুটি পুরু প্রাচীরযুক্ত ডান ও বাম নিলয়।

৭১. খাবার সোডার সংতে কোনটি?
ক $Na_2CO_3$ **খ** $NaHCO_3$
গ HCI ঘ $ZnSO_4$
**ব্যাখ্যা:** খাবার সোডার রাসায়নিক সংকেত $NaHCO_3$ (সোডিয়াম বাইকার্বোনেটে)। হাইড্রোক্লোরিক এসিডের সংকেত HCI সোডা অ্যাশ-এর সংকেত হলো $Na_2CO_3$।

৭২. নিচের কোন গাছটি জীবন্ত বেড়া হিসেবে ব্যবহারযোগ্য নয়?
ক ঢোলকলমি খ বাবলা
**গ** গর্জন ঘ নিশিন্দা

৭৩. অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হলো-
**ক** গ্লাইকোজেন খ গ্লুকোজ
গ ফ্রুক্টোজ ঘ সুক্রোজ
**ব্যাখ্যা:** খাদ্য বিভিন্ন এনজাইম দ্বারা পরিপাক হয়ে ক্ষুদ্রতম অংশে পরিণত হয়। এগুলো সাধারণত মনোস্যাকারাইডে পরিণত হয়। উৎপন্ন সুগার পাকস্থলীর বিভিন্ন অঙ্গ দ্বারা পরিশোষিত হয়। অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হলো গ্লাইকোজেন।

৭৪. হৃৎপিন্ডের গতি নির্ণায়ক যন্ত্র-
ক কম্পাস খ স্টেতোস্কোপ
গ গ্যালভানোমিটার **ঘ** কার্ডিওগ্রাফ

৭৫. কোন গ্রহের আকামে বছরে ২ বার সূর্য ওঠে ও ২ বার সূর্য অস্ত যায়?
ক পৃথিবী খ নেপচুন
গ শুক্র ঘ শনি

৭৬. কৃষ্ণকবিবর নামে আখ্যায়িত অঞ্চলের সীমাকে বলে-
ক পূর্ব দিগন্ত খ পশ্চিম দিগন্ত
গ আদিগন্ত **ঘ** ঘটনা দিগন্ত

৭৭. জন্ডিসে আক্রান্ত হয়-
**ক** যকৃত খ কিডনি
গ পাকস্থলী ঘ হৃৎপিন্ড
**ব্যাখ্যা:** জন্ডিস একটি ভাইরাসজনিত রোগ। একে পান্ডুরোগও বলে। হেপাটাইটিস (A, B, C, D, E) ভাইরাস দ্বারা লিভার বা যকৃতের এ রোগটি সংক্রমিত হয়।

৭৮. অতিশক্তিশালী অ্যান্টিবায়োটিক দ্বারা রোগ নিরাময় ব্যবস্থা কি বলে?
ক রেডিওথেরাপি খ আলট্রাসনোগ্রাফি
**গ** কেমোথেরাপি ঘ হাইড্রোথেরাপি

**ব্যাখ্যা:** ক্যান্সার আক্রান্ত কোষ ও জীবাণু ধ্বংস করার জন্য রাসায়নিক ওষুধ বা অতি উচ্চমানের এন্টিবায়োটিকের সাহায্যে য চিকিৎসা করা হয় তাকে কেমোথেরাফি বলে। কেমোথেরাপির জনক হলেন পল এর্হলিক।

৭৯. জোয়ার-ভাটার তেজকটাল কখন হয়?
(ক) অমাবস্যায় (খ) একাদশীতে
(গ) অষ্টমীতে (ঘ) পঞ্চমীতে

**ব্যাখ্যা:** পূর্ণিমা ও অমাবস্যার তিথিতে পৃথিবী, চন্দ্র ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। চন্দ্র ও সূর্যের মিলিত আকর্ষণের জন্য জোয়ারের পানি খুব বেশি ফুলে ওঠে। ফলে প্রবল জোয়ারের সৃষ্টি হয়। একে তেজকটাল বলে।

৮০. লেবুতে কোন এসিড থাকে?
(ক) সাইট্রিক এসিড (খ) অ্যাসকরবিক এসিড
(গ) টারটারিক এসিড (ঘ) এক্সালিক এসিড

**ব্যাখ্যা:** লেবুতে সাইট্রিক ইসিড রয়েছে। কমলালেবু, আমলকীতে অ্যাসকরবিক এসিড রয়েছে। তেঁতুলে টারটারিক এসিড এবং টমাটোতে অক্সালিক এসিড রয়েছে।

৮১. শিশুদের পোলিও রোগের জন্য কয়টি ডোজ টিকা দেয়া হয়?
(ক) ১টি (খ) ২টি
(গ) ৩টি (ঘ) ৪টি

**ব্যাখ্যা:** শিশুদের পোলিও রোগের জন্য ৪ ডোজ টিকা দেয়া হয়। শিশুর জন্মের ৬ সপ্তাহ, ১০ সপ্তাহ, ১৪ সপ্তাহ এবং ৯ মাস পূর্ণ হওয়ার পর পোলিও টিকা দিতে হয়।

৮২. শব্দের গতি কোন মাধ্যমে সবচেয়ে বেশি?
(ক) শূন্য (খ) বায়বীয়
(গ) কঠিন (ঘ) তরল

**ব্যাখ্যা:** কঠিন মাধ্যমে শব্দ সবচেয়ে দ্রুতগতিতে চলে, তরল মাধ্যমে তার চেয়ে ধীরে চলে। বায়বীয় মাধ্যমে শব্দের দ্রুতি (গতি) সবচেয়ে কম এবং শূন্য মাধ্যমে শব্দের গতি শূন্য। শব্দের গতির ক্রম: কঠিন/ তরল/ বায়বীয়।

৮৩. বিড়াল কোন রোগ ছড়ায়?
(ক) হুপিং কফ (খ) ডিপথেরিয়া
(গ) ধনুষ্টংকার (ঘ) ডায়াবেটিস

৮৪. ভিটামিন 'ই' এর অভাবে কোন রোগ হয়?
(ক) বেরিবেরি (খ) স্কার্ভি
(গ) হৃদরোগ (ঘ) বন্ধ্যাত্ব

**ব্যাখ্যা:** ভিটামন 'ই' এর অভাবে বন্ধ্যাত্ব হয়। ভিটামিন 'বি'-এর অভাবে বেরিবেরি রোগ হয়। ভিটামিন 'সি' এর অভাবে স্কার্ভি রোগ হয়।

৮৫. সূক্ষ্ম সময় মাপার যন্ত্র-
(ক) ব্যারোমিটার (খ) ক্রোনোমিটার
(গ) গ্যালভানোমিটার (ঘ) ম্যানোমিটার

**ব্যাখ্যা:** ব্যারোমিটারের সাহায্যে বায়ুমন্ডলের চাপ নির্ণয় করা হয়। ক্রোনোমিটারের সাহায্যে সূক্ষ্ম সময় পরিমাপ করা যায়। গ্যালভানোমিটারের সাহায্যে ক্ষুদ্র মাপের বিদ্যুৎপ্রবাহের অস্তিত্ব নির্নয় করা যায়। ম্যানোমিটারের সাহায্যে গ্যাসের চাপ নির্ণয় করা যায়।

৮৬. একটি বায়ুশূন্য স্থানে একটি পালক ও একটি লোহার বল একত্রে ছেড়ে দিলে-
(ক) উভয়টিই একসাথে পড়বে
(খ) লোহার বলটি আগে পড়বে
(গ) পালকটি আগে পড়বে
(ঘ) আদৌ পড়বে না

৮৭. বাতাসের আর্দ্রতা বাড়লে শব্দের বেগ কেমন হয়?
(ক) বাড়ে (খ) সামান্য কমে
(গ) কমে যায় (ঘ) অপরিবর্তিত থাকে

**ব্যাখ্যা:** শব্দের বেগ বাতাসের চাপের ওপর নির্ভর করে না। তবে বাতাসের ঘনত্বের উপর নির্ভরশীল, যেখানে শব্দের বেগ বাতাসের ঘনত্বের বর্গমূলের ব্যস্তানুপাতিক। তাই বাতাসের আর্দ্রতা থাকলে বাতাসের ঘনত্ব কমে যায়, সে জন্য শব্দের বেগ বেড়ে যায়। তরলে শব্দের বেগ বাতাস থেকে বেশি এবং কঠিন পদার্থের শব্দের বেগ তরল থেকেও বেশি।

৮৮. মহাজাগতিক রশ্মির আবিষ্কারক-
(ক) হেস (খ) আইনস্টাইন
(গ) টলেমি (ঘ) হাবল

**ব্যাখ্যা:** বিজ্ঞানী হেস মাহজাগতিক রশ্মি আবিষ্কারের জন্য ১৯৩৬ সালে নোবেল পুরস্কার পান। মহাশূন্য থেকে আগত রশ্মি বা কণাকে কসমিক রে বা মহাজাগতিক রশ্মি বলে।

৮৯. রাডারে যে তড়িৎ চৌম্বক ব্যবহার করা হয় তার নাম কি?
(ক) গামা রশ্মি (খ) অবলোহিত বিকিরণ
(গ) আলোকে তরঙ্গ (ঘ) মাইক্রোওয়েভ

**ব্যাখ্যা:** রাডার এমন একডিট যন্ত্র যার সাহায্যে রেডিও প্রতিধ্বনির মাধ্যমে দূরবর্তী কোনো বস্তুর উপস্থিতি, দূরত্ব ও দিক নির্ণয় করা যায়। গামা রশ্মি ও মাইক্রোওয়েভ উভয়েরই তরঙ্গ দৈর্ঘ্য ক্ষুদ্র। তবে গামা রাশ্মি তীব্র ভেদনক্ষমতা সম্পন্ন রাডারের মূলনীতি অনুসারে ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যের পালস এন্টেনার মাধ্যমে ছড়িয়ে দেয়া হয় যেন বস্তু থেকে তরঙ্গ প্রতিফলিত হয়ে রাডারের গ্রাহকযন্ত্রে আসে। এজন্য কম ভেদনকষমতা সম্পন্ন মাইক্রোওয়েভ ব্যবহার করা হয়।

৯০. ভারী পানির রাসায়নিক সংকেত-
(ক) $2H_2O_2$ (খ) $H_2O$
(গ) $D_2O$ (ঘ) $HD_2O_2$

**ব্যাখ্যা:** ভারী পানি হচ্ছে পানির একটি রূপভেদ যা পারমাণবিক ভর ২ সংবলিত হইড্রোজের আইসোটোপ ডিউটোরিয়াম দ্বারা গঠিত হয়। ভারী পানি আণবিক সংকেত $D_2O$।

৯১. মঙ্গল গ্রহে অবতরণকারী মহাকাশযানের নাম কি?
(ক) পাথফাইন্ডার (খ) ক্যাসিনি
(গ) সোজার্নার (ঘ) ইয়োগি

**ব্যাখ্যা:** মঙ্গল গ্রহে অবতরণকারী মহাকাশযানের নাম পাথফাইন্ডার। ৪ জুলাই ১৯৯৭ এটি মঙ্গল গ্রহে অবতরণ করে।

৯২. ইউরিয়া সার তৈরিতে কাঁচামাল হিসেবে ব্যবহার করা হয়-
(ক) প্রাকৃতিক গ্যাস (খ) বর্জ্য পদার্থ
(গ) কাঠ (ঘ) বায়োগ্যাস

**ব্যাখ্যা:** ইউরিয়া সার তৈরিতে কাঁচামাল হিসেবে প্রাকৃতিক গ্যাস মিথেন ব্যবার করা হয়।

৯৩. কৃত্রিম জিন আবিষ্কার করেন-
ক হরগোবিন্দ খ বেন প্যায়েনেক
গ হ্যানিম্যান ঘ ক্রিশ্চিয়ান বার্নার্ড

৯৪. স্বার্ণের খাদ বের করতে কোন অ্যাসিড ব্যবহার করা হয়?
ক সাইট্রিক অ্যাসিড খ নাইট্রিক অ্যাসিড
গ হাইড্রোক্লোরিক অ্যাসিড ঘ টারটারিক অ্যাসিড
**ব্যাখ্যা:** নাইট্রিক অ্যাসিড একটি উদ্বায়ী অ্যাসিড। স্বর্ণের ভেজাল নাইট্রিক অ্যাসিডে ($HNO_3$) দ্রবীভূত হয় বিধায় স্বর্ণের খাদ বের করতে নাইট্রিক অ্যাসিড ব্যবহার করা হয়।

৯৫. এক অণু সালফিউরিক অ্যাসিডে কতটি পরমাণু আছে?
ক ৩ খ ৫
গ ৭ ঘ ৯
**ব্যাখ্যা:** সালফিউরিক অ্যাসিডের সংকেত হলো । এক অণু সালফিউরিক অ্যাসিডে হাইড্রোজেনের ২টি, সালফারের ১টি ও অক্সিজেনের ৪টি পরমাণু রয়েছে। অর্থাৎ মোট ৭টি পরমাণু রয়েছে।

৯৬. বায়ুমন্ডলের দ্বিতীয় স্তরটির নাম-
ক ট্রাপোমন্ডল ও খ আয়নোমন্ডল
গ স্ট্রাটোমন্ডল ঘ এক্সোস্ফিয়ার
**ব্যাখ্যা:** বায়ুমন্ডলের প্রধান স্তরগুলোর মধ্যে দ্বিতীয় অবস্থানে রয়েছে স্ট্রাটোমনডল।

৯৭. পারমাণবিক ভর বা ওজন ধারণার প্রবর্তক কে?
ক গাউস খ গে লুস্যাক
গ জন ডাল্টন ঘ ডেকোক্রিটাস

৯৮. হোমিওপ্যাথির আবিষ্কারক হচ্ছেন-
ক উইলিয়াম কনরাড রনজেন খ এসসিএফ হ্যানিমেন
গ চন্দ্রশেখর ভেঙ্কটরমল ঘ আব্দুস সালাম

৯৯. কোন রোগ শরীরের ইমিউনিটি (immunity) নষ্ট হয়?
ক গণোরিয়া খ পারকিনসন
গ ডায়রিয়া ঘ এইডস
**ব্যাখ্যা:** এইডস একটি ভাইরাস ঘটিত রোগ। HIV ভাইরাস সংক্রমণের শেষ ধাপ হচ্ছে AIDS। এইডস রোগের আক্রমণে শরীরের ইমিউনিটি নষ্ট হয়ে যায়। এইডস আক্রান্ত ব্যক্তি অতি সহজেই নিউমোনিয়া, যক্ষা ও ডায়রিয়ায় আক্রান্ত হতে পারে।

১০০. রেডিও আইসোটোপ ব্যবহৃতহয়-
ক কিডনির পাথর গলাতে খ পিত্তপাথর গলাতে
গ গহলগন্ড রোগ নির্ণয় ঘ নতুন পরমাণু তৈরিতে
**ব্যাখ্যা:** তেজস্ক্রিয়তা প্রয়োগের মাধ্যমে রোগ নিরাময় বা রোগের প্রকোপ কমিয়ে রাখার জন্য ব্যবহৃত চিকিৎসা পদ্ধতির নাম রেডিওথেরাপি। রেডিওথেরাপিতে তেজস্ক্রিয় বা রেডিও আইসোটোপ থেকে গামা রশ্মি নির্গত হয়, যা গলগন্ড রোগ নির্ণয়ে ব্যবহৃত হয়।

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় বিএসসি ইন নার্সিং কোর্সের ভর্তি পরীক্ষা- ২০১৮-১৯

### English- 15

1. A philanthropist is a person ------.
a who hates all
b who loves all
c who coopereates with all
d who patronizes all
**Hinits:** Philanthropist (জনহিতৈষী ব্যক্তি) হলো এমন ব্যক্তি যে সকলকে ভালোবেসে। সুতরাং শূন্যস্থানে who loves all বসবে।

2. The verb-form of 'political' is ----
a politicalise b politicalize
c politicise d polititices
**Hinits:** Political (রাজনৈতিক)-এর verb form হলো politicise, যার অর্থ রাজনীতি সচেতন করা বা হওয়া।

3. Fill in the blank: There are ----- parts oif speech in English.
a five b eight
c seven d six
**Hinits:** Parts of speech বা পদ আট প্রকার। যথা: Noun Pronoun, Adjective, Verb, Adverb, Preposition, Conjunction ও Interjection.

4. Coward die ----- before death.
a much time b many time
c enough time d many times
**Hinits:** Coward die many times before death হলো একটি প্রবাদ যার বাংলা- কাপুরুষরা মৃত্যুর আগে অনেকবার মরে।

5. He didn't hurt the people, ----.
a nor did he cheat them
b he didn't cheat them
c he never cheats them
d never he cheat them
**Hinits:** Negative agreement এর ক্ষেত্রে দুটি বাক্যের sub একই হলে structure: nor+positive auxiliary+sub+verb+object। সুতরাং সঠিক expression হলো nor did he cheat them.

6. Sweet ---- the uses of adversity.
a is b are
c had d have
**Hinits:** বাক্যের শুরুতে Adjective আলে verbটি subject-এর পূর্বে বসে এবং verbটি subject অনুযায়ী হয়। প্রদত্ত বাক্যের subject হলো uses। সুতরাং শূন্যস্থান are বসবে।

7. The chemist asserted that ----.
ⓐ he has conducted the test the previous day
ⓑ he conducted the test the previous day
ⓒ he did conduct the text the previous day
ⓓ he had conducted the test the previous day
**Hinits:** That-এর পরবর্তী clause past perfect tense- এ হবে, কারণ বাক্যে theprevious day রয়েছে। Past indefinite tense-কে indirect narration-এ রূপান্তর করলে yesterday the previous day-তে এবং past indefinite tense, past perfect tense-এ রূপান্তরিত হয়।

8. Can you tell me when -----?
ⓐ the train leaves ⓑ does the train leave
ⓒ leaves the train ⓓ does leave the train
**Hinits:** Embedded question-এর ক্ষেত্রে structure wh word+sub+verb। সুতরাং সঠিক option-the train leaves.

9. The verb form of 'necessary' is ----
ⓐ necessity ⓑ necessitate
ⓒ necessitates ⓓ necessarily
**Hinits:** Necessary (জরুরি প্রয়োজন)-এর verb form হলো necessitate (আবশ্যিক/ অপরিহার্য করে তোলা)।

10. Fill in the blank: Give me a pen to write----.
ⓐ with ⓑ in
ⓒ to ⓓ for
**Hinits:** A pen to write with অর্থ লেখার কলম। সুতরাং শুণ্যস্থানে with বসবে। With বসিয়ে বাক্যের বাংলা: আমাকে একটি লেখার কলম দাও।

11. How long ----- English?
ⓐ do you learn ⓑ are you learning
ⓒ you laearn ⓓ have you been learning
**Hinits:** How long যুক্ত interrogative বাক্যটি সাধারণত present parfect tense-এ হয়। Interrogative বাক্যের structure অনুযায়ী শূন্যস্থানে have you been learning বসবে।

12. Many students are reluctant to study basic science, but I wish ----.
ⓐ I can do so ⓑ I could do so
ⓒ I could not do so ⓓ I am able do so
**Hinits:** I wish-এর পর sub আসলে sub-এর পরে could বা would বসে এবং তারপর verb-এর base form বসে। সুতরাং শূন্যস্থানে I could do so বসবে। Could do so যোগে বাক্যটির অর্থ-অনেক ছাত্র-ছাত্রী মৌলিক বিজ্ঞান অধ্যয়নে অনিচ্ছুক কিন্তু আমি যদি করিয়ে নিতে পারতাম।

13. Find out the correct sentence-
ⓐ Rahim acted upon my advice
ⓑ He was accused to theft
ⓒ RAfique is addicted for drinking
ⓓ Students should abide of the rules.
**Hinits:** সঠিক বাক্য হলো Rahim acted upon my advice কারণ act on/ upon somebody's advice অর্থ কারো পরামর্শ অনুসারে কাজ করা।

14. Three-fourths of our work ----- finished.
ⓐ have been ⓑ had
ⓒ **has been** ⓓ were
**Hinits:** Work শব্দটি uncountable noun হওয়ায় verbটি singular হবে। কাজটি কারো দ্বারা শেষ হয় বিধায় বাক্যটি passive voice এ হবে। সুতরাং সঠিক উত্তর had bee।

15. One of the ----- his ability to lecture.
ⓐ greater attribute of a professor is
ⓑ greatest attributes of a professor are
ⓒ great attribute of a professor is
ⓓ greatest attributes of a professor is
**Hinits:** one of the + adjective-এর superlative form + plural noun কিন্তু singular verb ব্যবহৃত হয়। সুতরাং শূন্যস্থানের জন্য যথাযথ expression হলো greatest attributes of a proessor is.

## বাংলা- ১৫

১. 'সংশপ্তক' গ্রন্থের লেখক কে?
ⓚ জহির রায়হান ⓚ সেলিনা হোসেন
ⓖ জীবনানন্দ দাশ ⓖ শহীদুল্লাহ কায়সার
**ব্যাখ্যা:** 'সংশপ্তক' নামক মহাকাব্যিক উপন্যাসটি ঔপন্যাসিক, শহিদ বুদ্ধিজীবি, সাংবাদিক ও সাহিত্যিক শহীদুল্লা কায়সার কর্তৃ রচিত। এছাড়া তার রচিত উপন্যাস: সারেং বৌ, ভ্রমণবৃত্তান্ত; পেশোয়ার থেকে তাসখন্দ, স্মৃতিকথা; রাজবন্দীর রোজনামচা।

২. 'মুখচলা' বাগধারাটি অর্থ কী?
ⓚ অশ্লীল ভাষায় কথা বলা ⓚ নীরবতার পর কথা শুরু করা
ⓖ অসংলগ্ন কথা বলা ⓖ ক্রমাগত বকা
**ব্যাখ্যা:** 'মুখচলা' বাগধারার অর্থ অনর্গল কথা বলা।

৩. বাংলা ভাষার পদ কত প্রকার?
ⓚ তিন ⓚ চার
ⓖ পাঁচ ⓖ ছয়
**ব্যাখ্যা:** বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে পদ বলে। পদ পাঁচ প্রকার। যথা- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

৪. 'লাল নীল দীপাবলী' কার রচনা?
ⓚ হুমায়ুন আহমেদ ⓚ শামসুর রাহমান
ⓖ হুমায়ন আজাদ ⓖ জসীমউদ্দীন

**ব্যাখ্যা:** 'লাল নীল দীপাবলী' গ্রন্থের রচয়িতা হুমায়ুন আজাদ। তার রচিত আরও কয়েকটি বিখ্যাত গ্রন্থ: অলৌকিক ইস্টিমার, ছাপ্পান্ন হাজার বর্গমাইল, নারী, দ্বিতীয় লিঙ্গ ইত্যাদি।

৫. 'মিথ্যা বলার জন্য তোমার পাপ হবে'- কোন ধরনের বাক্য?

ক রূপান্তরকৃত খ যুক্ত গ সরল ঘ যৌগিক

**ব্যাখ্যা:** যে বাক্যে একটি মাত্র কর্তা বা উদ্দেশ্য এবং একটি মাত্রা সমাপিকা ক্রিয়া বা বিধেয় থাকে তাকে সরল বাক্য বলে। যেমন- মিথ্যা বলার জন্য তোমার পাপ হবে।

৬. 'হে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন'। এখানে 'রতন' বলতে কী বোঝানো হয়েছে?

ক টাকা-পয়সা খ খনিজ সম্পদ
গ লোকসংস্কৃতি ঘ সাহিত্য

**ব্যাখ্যা:** মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বঙ্গভাষা' কবিতার প্রথম লাইন-তে বঙ্গ, ভান্ডারে তব বিবিধ রতন-এখানে 'রতন' বলতে বাংলা ভাষায় রচিত সাহিত্যকে বোঝানো হয়েছে।

৭. 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কোন ধরনের রচনা?

ক গল্প খ কবিতা
গ উপন্যাস ঘ নাটক

**ব্যাখ্যা:** 'পায়ের আওয়াজ পাওয়া যায়' মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাটক। এ নাটকটির নাট্যকার সৈয়দ শামসুল হক। তার আরও কয়েকটি নাটক; নুরুলদীনের সারা জীবন, এখানে এখন, গণনায়ক, ঈর্ষা ইত্যাদি।

৮. 'কবর' কবিতায় দাদুর শ্বশুরবাড়ি কোন গাঁয়ে?

ক কদমতলী খ বাদামতলী
গ উজানতলী ঘ পলাশতলী

**ব্যাখ্যা:** বাপের বাড়ি যাইবার কালে কহিত ধরিয়া পা 'আমারে দেখিতে যাইও কিন্তু উজান-তলীর গাঁ।' সুতরাং এখানে থেকে বোঝায় দাদুর শ্বশুরবাড়ি উজানতলী।

৯. কোন শব্দে ভুল বানান রয়েছে?

ক চতুস্পদ খ নিষ্পত্তি
গ বৃহস্পতি ঘ শ্রদ্ধাস্পদ

**ব্যাখ্যা:** বৃহৎ + পতি = বৃহস্পতি-এটি একটি নিপাতনে সিদ্ধ সন্ধিজাত শব্দ।

১০. কোনটি মহাকাব্য?

ক উত্তরাধিকার খ ধূসর পান্ডুলিপি
গ চন্দ্রাবতী ঘ মেঘনাদবধ কাব্য

**ব্যাখ্যা:** মাইকেল মধুসূদন দত্ত রচিত বাংলা সাহিত্যের প্রথম সার্থক মাকাব্য 'মেঘনাদবধ কাব্য'। উত্তরাধিকার, ধূসর পান্ডুলিপি ও চন্দ্রাবতী হলো কাব্যগ্রন্থ। এগুলোর রচয়িতা যথাক্রমে- শহীদ কাদরী, জীবনানন্দ দাশ ও কোরেশী মাগন ঠাকুর।

১১. এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি-বাক্যটি কোন কালের উদাহরণ?

ক ঘটমান বর্তমান খ পুরাঘটিত বর্তমান
গ পুরাঘটিত অতীত ঘ নিত্যবৃত্ত অতীত

**ব্যাখ্যা:** ক্রিয়া পূর্বে শেষ হলে এবং ফল এখনও বর্তমান থাকলে, তাকে পুরাঘটিত বর্তমান কাল বসে। যেমন- বোর আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি, এতক্ষণ আমি অঙ্ক করেছি।

১২. নিচের কোনটি সমার্থক শব্দযোগ দ্বন্দ্ব সমাস?

ক নাক-মুখ খ লাভ-লোকসান
গ দেখা-শোনা ঘ খাতা-পত্র

**ব্যাখ্যা:** যে সমাসে প্রত্যেকটি সমস্যামান পদের অর্থের সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন- হাট-বাজার, ঘর-দুয়ার, কল-খারখঅনা, মোল্লা-মৌলভি, খাতা-পত্র ইত্যাদি।

১৩. নিচের কোন বানানটি শুদ্ধ?

ক নিখুঁত খ প্রতিকুল
গ সুশীল ঘ নিসম্বল

**ব্যাখ্যা:** প্রতিকুল ও নিসম্বল-এর শুদ্ধরূপ প্রতিকূল ও নি:সম্বল। নিখুঁত ও সুশীল দুটোই শুদ্ধ বানান।

১৪. 'গোঁফ খেজুরে' বাগধারাটির অর্থ কি?

ক চাটুকার খ অসাবধান
গ পক্ষপাতিত্ব ঘ নিতান্ত অলস

**ব্যাখ্যা:** 'গোঁফ খেজুরে' বাগধারার অর্থ নিতান্ত অলস। অন্যদিকে খয়ের খাঁ, কাচা ঢিলা ও একচোখা বাগধারার অর্থ যথাক্রমে-চাটুকার, অসাবধান ও পক্ষপাতিত্ব।

১৫. 'খাতক' এর বিপরীততার্থক শব্দ কোনটি?

ক কাতক খ ভেজাল
গ পাইকারি ঘ মহাজন

**ব্যাখ্যা:** খাতক-এর বিপরীতার্থক শব্দ মহাজন। ভেজাল এর বিপরীতার্থক শব্দ = খাঁটি। পাইকারি এর বিপরীতার্থক শব্দ = খুচরা।

## জীববিজ্ঞান- ৩০

১. মাইক্রোস্কোপ আবিষ্কার করেন কে?

ক রবার্ট ব্রাউন খ লিউয়েন হুক
গ ফ্লেমিং ঘ ল্যামার্ক

**ব্যাখ্যা:** যে যন্ত্রের সাহায্যে ক্ষুদ্র বস্তুকে বড় করে দেখা যায় তাকে Microsope বা অণুবীক্ষণ যন্ত্র বলে। নেদারল্যান্ডসের বিজ্ঞানী অ্যান্টনি ভন লিউয়েন হুক Microscope আবিষ্কার করেন।

২. সায়ানো ব্যাকটেরিয়ার উদাহরণ কোনটি?

ক E.coli খ Nostoc
গ Sarcina ঘ Spirillum

**ব্যাখ্যা:** সায়ানোফাইটা বিভগের নীলাভ-সবুজ শৈবালদেরকেই বলা হয় সায়ানেব্যাকটেরিয়া। Nostoc, Anabsena, Aulosira প্রভৃতি সায়ানেব্যাকটেরিয়া মাটিতে ও পানিতে বায়ুমন্ডলের মুক্ত নাইট্রোজেন সংবন্ধন করে ঐসব পরিবেশের উর্বরা শক্তি বাড়িয়ে দেয়।

৩. মাশরুম উদ্ভিদ কোনটি?

ক Phytophura খ Agaricus
গ Saprolegnia ঘ Penicillum

**ব্যাখ্যা:** Agaricus ভিজা মাটিতে, মাঠে ময়দনে বা গোবর, খড় ইত্যাদি পচনশীল জৈব পদার্থের উপর জন্মায়। এরা মৃতজীবী। সাধারণত এদের বায়বীয় অংশ খাড়া হয়ে উপরে বৃদ্ধি পায় এবং পরিণত অবস্থায় অনেকটা ছাগার মত দেখায়। তাই এদেরকে 'ব্যাঙের ছাতা' বলা হয়। এরা 'মশরুম' নামেও পরিচিত।

৪. আরশোলার শ্বাসরুদ্ধ কয় জোড়া?
ক ১০ খ ১১
গ ১২ ঘ ১৩
ব্যাখ্যা: আরশোলার দেহের উভয় পাশে টার্গা ও স্টার্নার মধ্যবর্তী স্থানে পুরা নামক পর্দায় মোট ১০ জোড়া স্পাইরাকল বা শ্বাসরন্ধ্র সারিবদ্ধভাবে অবস্থিত। এর মধ্যে ২ জোড়া বক্ষীয় অঞ্চলে এবং ৮ জোড়া উদর অঞ্চলে অবস্থিত। শ্বাসগ্রহণ ও শ্বাসত্যাগ উভয় প্রক্রিয়াই প্রধানত স্পাইরাকল দিয়ে নিয়ন্ত্রিত হয়।

৫. কোন উদ্ভিদকে বলা হয়?
ক Puccinia খ Riccica
গ Equisetum ঘ Selaginell
ব্যাখ্যা: Equisetum উদ্ভিদ বীরুৎ জাতীয়। দেখতে অনেকটা ঘোড়ার লেজের মতো বলে একে Horsetail উদ্ভিদ বলে। Equisetum-এর অনেক প্রজাতি জলাভূমির ধারে আর্দ্র ও কর্তমাক্ত স্থানে, আবার কিছু প্রজাতি শুকনো পরিবেশে জন্মে।

৬. কোনটি উদ্ভিদের মূল?
ক আদা খ ওলকচু
গ মুলা ঘ হলুদ
ব্যাখ্যা: মূলা উদ্ভিদের মূল সঞ্চয়ী প্রধান মূল ধরনের। মূলা সবজি ও সালাদ হিসেবে এবং কচিপাতা শাক হিসেবে খাওয়া যায়।

৭. সালোকসংশ্লেষণের সময় উলেকট্রন বাহক হিসেবে কাজ করে কোনটি?
ক ক্লোরোফিল খ ATP
গ ADP ঘ সাইটোক্রোম
ব্যাখ্যা: সালোকসংশ্লেষনের সময় ইলেকট্রন বাহক হিসেবে কাজকরে সাইটোক্রোম। সাইটোক্রোম হলো লৌহঘটিত হিম গ্রুপ বিশিষ্ট প্রোটিন। হিম গ্রুপের লৌহ ইলেকট্রন আদান-প্রদান করে।

৮. উদ্ভিদ কোন প্রক্রিয়ায় অতিরিক্ত পানি বাষ্পাকারে ত্যাগ করে?
ক অভিস্রবণ খ প্রস্বেদন
গ সালোক সংশ্লেষণ ঘ ব্যাপন
ব্যাখ্যা: উদ্ভিদ প্রতিনিয়ত তার বিস্তৃত মূলতন্ত্রের মাধ্যমে পানি শোষণ করে সবধরনের জৈবনিক কাজ সম্পাদন করে। এটি একটি অব্যাহত প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয়। প্রোটোপ্লাজম দ্বারা নিয়ন্ত্রিত যে শারীরবৃত্তীয় প্রক্রিয়ায় উদ্ভিদের বায়বীয় অঙ্গের মাধ্যমে প্রয়োজনের অতিরিক্ত পানি দেহাভ্যন্তর থেকে বাষ্পাকারে বাইরে নির্গত হয় তাকে প্রস্বেদন বলে।

৯. শ্বসন প্রক্রিয়ার বাহ্যিক প্রভাবক কোনটি?
ক হাইড্রোজেন খ নাইট্রোজেন
গ অজৈব লবণ ঘ অক্সিজেন
ব্যাখ্যা: শ্বসন এক ধরনের জারণ বিজারণ প্রক্রিয়া। শ্বসন প্রক্রিয়ার বাহ্যিক প্রভাবকসমূহ হলো-পানি, আলো, কার্বন ডাই-অক্সাইড ও অক্সিজেন।

১০. সালোকসংশ্লেষণের জন্য সবুজ উদ্ভিদ বায়ু থেকে কোনটি গ্রহণ করে?
ক কার্বন ডাডাই-অক্সাইড খ অক্সিজেন
গ নাইট্রোজেন ঘ কার্বন মনো অক্সাইড
ব্যাখ্যা: সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় অন্যতম উপাদান হিসেবে ব্যবহৃত হয়।‚সালোকসংশ্লেষণের জন্য সবুজ উদ্ভিদ বায়ু থেকে কার্বন ডাই-অক্সাইড গ্রহণ করে আর অক্সিজেন বায়ুমন্ডলে প্রেরণ করে।

১১. উদ্ভিদ দেহে খাদ্য বিতরণে কোন কলা দায়ী?
ক জাইলেম খ জাইলেম ও ফ্লোয়েম
গ পেরিসাইকেল ঘ ফ্লোয়েম
ব্যাখ্যা: সবুজ অংশে (প্রধানত পাতায়) প্রস্তুতকৃত খাদ্য উদ্ভিদের বিভিন্ন সজীব অংশে পরিবহন করাই ফ্লোয়েম টিস্যুর প্রধান কাজ। এছাড়া এরা খাদ্য সঞ্চয়ও করে থাকে। ফ্লোয়েম টিস্যু একটি অন্যতম জটিল টিস্যু। এ টিস্যু দিয়েই উদ্ভিদের বাকল অংশ গঠিত।

১২. ট্রাকিড ও বেসেল কোন কলার উপাদান?
ক প্যারেনকাইমা খ কোলেনকাইমা
গ জাইলেম ঘ ফ্লোয়েম
ব্যাখ্যা: জাইলেম মন্দের উদ্ভব হয়েছে গ্রিক শব্দ Xylos থেকে যার ইংরেজি প্রতিশব্দ Wood। কাঠ তথা জাইলেমই হলো উদ্ভিদের দৃঢ়তা প্রধানকারী অন্যতম প্রধান অংশ। চার প্রকার উপাদান নিয়ে জাইলেম টিস্যু গঠিত। উপাদানগুলো হলো- ১. ট্রাকিড, ২. ভেসেল বা ট্রাকিয়া, ৩. জাইলেম তন্তু এবং ৪. জাইলেম প্যারেনকাইমা।

১৩. বৃক্ষের বয়স নির্ধারণ করা হয়-
ক শাখা-প্রশাখা দ্বারা খ বর্ষ বলয় দ্বারা
গ বৃক্ষের দৈর্ঘ্য দ্বারা ঘ বৃক্ষের পরিধি দ্বারা
ব্যাখ্যা: শীতকালে উদ্ভিদের বৃদ্ধি রহিত থাকে বলে ক্যাম্বিয়ামের কাজও মোটামুটি বন্ধ থাকে এবং পরবর্তী বসন্তকালে পুনরায়-বড় গর্ভযুক্ত কাঠ সৃষ্টি করে থাকে। প্রতি বছরের বসন্তকালীন কাঠ ও শরৎকালীন কাঠ মিলিতভাবে এক একটি পৃথক বলয় বা রিং সৃষ্টি করে। একে বর্ষ বলয় বলা হয়। একটি বৃক্ষের বর্ষ বলয়ের সংখ্যা গণনা করে ঐ বৃক্ষের আনুমানিক বয়স নির্ণয় করা যায়।

১৪. DNA মডেল কে তৈরি করেন?
ক Watson and Crick খ Strasburger
গ Mandel ঘ Waldeyer
ব্যাখ্যা: রাসায়নিক পদার্থগুলো কিভাবে সজ্জিত থেকে DNA সূত্র গঠন করে সে সম্পর্কে ওয়াটসন ও ক্রিক ১৯৫৩ সালে একটি মডেল প্রদান করেন। এটি হলো DNA ডাবল হেলিক্স মডেল।

১৫. শ্রেণিবিন্যাসের মৌলিক একক কোনটি?
ক গোত্র খ বর্গ
গ শ্রেণি ঘ প্রজাতি
ব্যাখ্যা: শ্রেণিবিন্যাসের মৌলিক একক হলো প্রজাতি। ক্যারোলাস লিনিয়াসকে শ্রেণিবিন্যাসের জনক বলা হয়।

১৬. কোন গাছের বৈজ্ঞানিক নাম?
ক গর্জন খ সেগুন
গ শাল ঘ মেহগুনি

১৭. কোনটি দেহকেষের বিভাজন?
ক মাইটোসিস খ মিয়োসিস
গ অ্যামাইটোসিস ঘ সাইটোকাইনেসিস
ব্যাখ্যা: যে কোষ বিভাজন প্রক্রিয়ায় একটি প্রকৃত কোষের নিউক্লিয়াস ও ক্রোমোসোম উভয়ই একবার করে বিভক্ত হয় তাকে মাইটোসিস বলে। মাইটোসিস প্রাণী ও উদ্ভিদের বিভাজন ক্ষমতাসম্পন্ন দৈহিক কোষে ঘটে থাকে। জীবদেহের সকল অঙ্গ প্রত্যঙ্গ মাইটোসিস প্রক্রিয়ারই ফল।

১৮. নিউক্লিয়াসের আবিষ্কারক কে?
ক রবার্টসন খ রবার্ট হুক
গ রবার্ট ব্রাউন ঘ রবার্ট ডি ভ্যারিস
ব্যাখ্যা: নিউক্লিয়াস কোষের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ যা কোষের বিভিন্ন বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণ করে। তাই নিউক্লিয়াসকে কেষের মস্তিষ্ক বলা হয়। বিজ্ঞানী রবার্ট ব্রাউন ১৮৩১ খ্রিষ্টাব্দে নিউক্লিয়াস আবিষ্কার করেন।

১৯. রক্তের লোহিত কণিকা তৈরি হয়-
ক লোহিত অস্থিমজ্জায় খ তরুণাস্থিতে
গ প্লীহায় ঘ যকৃতে
ব্যাখ্যা: মানবদেহের পরিণত লোহিত রক্তকণিকা ক্ষুদ্র দ্বি-অবতল ও নিউক্লিয়াসবিহীন চাকতির মতো লাল রঙের কোষ। জন্মের পর ২০ বছর বয়স পর্যন্ত দেহের প্রায় সব লম্বা অস্থি অস্থিমজ্জার হিমোসাইটোব্লাস্ট নামক কোষ থেকে এবং জীবনের বাকি সময় নিউমেরাস, ফিমার, স্টার্নাম, কশেরুক, পর্শুকা প্রভৃতি অস্থির শেষ প্রান্ত থেকে লোহিত কণিকা উৎপন্ন হয়।

২০. ধুতুরা কোন গোত্রের উদ্ভিদ?
ক Solanaceae খ Liliaceae
গ Nymphacaccae ঘ Malvaceae
ব্যাখ্যা: গ্রীষ্মপ্রধান এবং শীতপ্রধান উভয় অঞ্চলেই Solanaceae গোত্রের উদ্ভিদ জন্মে থাকে। Solanaceae গোত্রের প্রধান উদ্ভিদসমূহ হলো গোলআলু, বেগুন, টমেটো, তামাক, ধুতুরা, মরিচ, হাসনাহেনা প্রভৃতি।

২১. একটি স্ত্রীজনন মাতৃকোষ থেকে কয়টি ডিম্বাণু সৃষ্টি হয়?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি
ব্যাখ্যা: যে কোষ বিভাজন প্রক্রিয়ায় নতুন সুই কোষের ক্রোমোসোম সংখ্যা মাতৃকোষের ক্রোমোসোম সংখ্যার অর্ধেক হয়ে যায় তাকে মিয়োসিস বলে। মিয়োসিসের প্যাকাইটিন উপ-পর্যায়ে শেষের দিকে বাইভেলেন্টের যে কোনো দুটি নন-সিস্টার ক্রোমাটিড সম্ভবত একই স্থানে ভেঙ্গে গিয়ে পুনরায় একটির সাথে অন্যীটর জোড়া লাগে। ফলে ঐ জোড়ার স্থানে একটি x-আকৃতির অবস্থা সৃষ্টি হয়। দুটি নন-সিস্টার ক্রোমাটিডের x-আকৃতির জোড়া স্থলকে কায়জমা বলে।

২৩. কোন উদ্ভিদটি Mangrove species?
ক পাইন খ বট
গ তেঁতুল ঘ সুন্দরী
ব্যাখ্যা: যেসব উদ্ভিদ স্থায়ীভাবে লবণাক্ত পানিতে বা জোয়ারের সময় লবণাক্ত পানিতে বেড়ে উঠে তাদেরকে ম্যানগ্রোভ উদ্ভিদ বলে। সুন্দরবনের উদ্ভিদ এ ধরনের। ম্যানগ্রোভ জাতীয় উদ্ভিদগুলো হলো- সুন্দরী, পরান, গেওয়া, পশুর, কেঁওড়া, হারগোজা, গোলপাতা ইত্যাদি।

২৪. নিউক্লিয়াসের বিভাজনকে কি বলে?
ক ক্যারিওকাইনেসি খ সাইটোকাইসিস
গ নিউক্লিওকাইনেসিস ঘ ক্রোমিওকাইনেসিস
ব্যাখ্যা: মাইটোসিস শব্দের প্রকৃত অর্থ হচ্ছে নিউক্লিয়াসের বিভাজন। কোষের নিউক্লিয়াসের বিভাজনকে ক্যারিওকাইনেসিস এবং সাইটোপ্লাজমের বিভাজনকে সাইটোকাইনেসিস বলে। নিউক্লিয়াসের এমন বিভাজন প্রথম দেখতে পান শ্লাইখার ১৮৭৯ খ্রিষ্টাব্দে।

২৫. স্নায়ুকোষের প্রলাম্বিত অংশকে কি বলে?
ক স্নায়ু খ স্নায়ুতন্ত্র
গ অ্যাক্সন ঘ ডেনড্রাইট
ব্যাখ্যা: কোষদেহের চারদিক থেকে সৃষ্ট শাখান্বিত ক্ষুদ্র ক্ষুদ্র প্রলম্বিত অংশকে ডেনড্রাইট বলে। এগুলো উদ্দীপনা গ্রহণ করে কোষদেহে পৌঁছে দেয়। ডেনড্রাইটের মধ্যে রাইবোসোম, মসৃণ এন্ডোপ্লাজমিক রেটিকুলাম, নিউরোফিলামেন্ট ইত্যাদি বিস্তৃত থাকে।

২৬. Ascaris কোন পর্বের প্রাণী?
ক Coclenterata খ Platyhelminthes
গ Nematoda ঘ Annelidia
ব্যাখ্যা: Nematada পর্বের প্রাণীদের দেহ নলাকার, দ্বিপার্শ্বীয় প্রতিসম ও দুদিক সুঁচালো। দেহ ইলাস্টিন নির্মিত কিউটিকল-এ আবৃত। এদের অধিকাংশই অন্ত:পরজীবি। এ পর্বের প্রাণীদের উদাহরণ হলো- Ascaris Lumbricoides, Enterobius vermicularis, Wuchereria bancrofti, Loa loa ইত্যাদি।

২৭. মানবদেহে ম্যালেরিয়ার চক্রকে কি বলে?
ক সাইজোগনি খ গ্যামিটগনি
গ স্পোরোগনি ঘ স্পোরোজয়েট
ব্যাখ্যা: মানবদেহে ম্যালেরিয়া জীবাণুর জীবনচক্রের যে অংশ অতিবাহিত হয় তাকে সাইজোগনি চক্র বলে। মানবদেহে অবস্থানকালে জীবাণু সাইজোগনি পদ্ধতিতে অযৌন প্রজনন করে। মানবদেহে সাইজোগনি দুটি পর্যায়ে বিভক্ত। যথা- ১. হেপটিক সাইজোগনি এবং ২. এরিথ্রোসাইটিক সাইজোগনি।

২৮. মানব দেহে ম্যালেরিয়ার জীবাণু প্রবেশের কয়দিন পর জ্বর আসে?
ক একদিন খ দুইদিন
গ তিনদিন ঘ দশদিন

২৯. Hydrea-র কর্ষিকার সংখ্যা কত?
ক ৫-৬টি খ ৫-৭টি
গ ৫-৮টি ঘ ৬-১০টি
ব্যাখ্যা: Hydra-র কর্ষিকার সংখ্যা ৬-১০টি। Hydra মুক্তজীবী। এরা মিঠাপানিতে নিমজ্জিত কঠিন বস্তু এবং লজ

উদ্ভিদের পাতার নিচের তলে সংলগ্ন থেকে নিম্নমুখী হয়ে ঝুলতে থাকে। এরা কর্ষিকার সাহায্যে খাদ্য গ্রহণ করে।

৩০. আরশোলার হৃদযন্ত্র কয় প্রকোষ্ঠ বিশিষ্ট?

ক ৮ খ ১০
**গ ১৩** ঘ ১৫

**ব্যাখ্যা:** আরশোলার হৃদযন্ত্র ১৩ প্রকোষ্ঠ বিশিষ্ট। আরশোলার হৃদযন্ত্র বক্ষের পশ্চাৎপ্রান্ত থেকে উদরের শেষপ্রান্ত পর্যন্ত প্রলম্বিত স্ফীত নলাকার অংশ। প্রথম ৩টি কুঠুরী বক্ষে ও বাকি ১০টি উদরে অবস্থিত।

## পদার্থবিদ্যা- ১৫

১. পড়ন্ত বস্তুর সূত্রানুসারে নিচের কোনটি সঠিক

ক $v \propto t^2$ **খ $v \propto t$**
গ $h \propto t^2$ ঘ $h \propto t$

**ব্যাখ্যা:** খ ও গ দুটি উত্তর সঠিক। পড়ন্ত বস্তু সম্পর্কে গ্যালিলিও তিনটি সূত্র প্রদান করেন। এগুলোকে পড়ন্ত বস্তুর সূত্র বলে। সূত্রগুলো হলো-

- ১ম সূত্র: স্থির অবস্থান থেকে এবং একই উচ্চতা থেকে বিনা বাধায় পড়ন্ত সকল বস্তু সমান সময়ে সমান পথ অতিক্রম করবে।
- ২য় সূত্র: স্থির অবস্থান থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তুর নির্দিষ্ট সময়ে প্রাপ্ত বেগ ঐ সময়ের সমানুপাতিক অর্থাৎ $v \propto t$।
- ৩য় সূত্র: স্থির অবস্থঅন থেকে বিনা বাধায় পড়ন্ত বস্তু নির্দিষ্ট সময়ে যে দূরত্ব অতিক্রম করে তা ঐ সময়ের বর্গে সমানুপাতি অর্থাৎ $h \propto t^2$।

২. $2\Omega$ অন্ত:রোধের ব্যাটারীর প্রান্তদ্বয় $8\Omega$ রোধের সাথে যুক্ত করলে 0.3A প্রবাহ চললে তড়িচ্চালক শক্তি কত?

ক 18V **খ 3V**
গ 13V ঘ 30V

**ব্যাখ্যা:** আমরা জানি,

$$I = \frac{E}{R+r}$$

বা, E = I(R + r)
= 0.3 (8 + 2)
= $0.3 \times 10$
সুতরাং E = 3V
এখানে,
r = $2\Omega$
R = $8\Omega$
I = 0.3A
E = ?

৩. যেকোনো ব্যবস্থায় সম্পন্ন কাজ ও অভ্যন্তরীণ শক্তির পরিবর্তনের সমষ্টি সর্বদা প্রযুক্ত তাপের-

ক সমান খ অর্ধেক
গ দ্বিগুণ ঘ এক-তৃতীয়াংশ

৪. দু'টি সমমানের ভেক্টর বিন্দুতে ক্রিয়াশীল। তারা পরস্পর $240^0$ কোণে ক্রিয়া করে। উহাদের লব্ধির দিক-

ক $180^0$ খ $90^0$
**গ $120^0$** ঘ $240^0$

**ব্যাখ্যা:** আমরা জানি, সমমানের ক্ষেত্রে লব্ধির দিক

$$\theta = \frac{\alpha}{2}$$

বা, $\theta = \frac{240^0}{2}$

সুতরাং $\theta = 120$
এখানে,
$\alpha = 240^0$
$\theta = ?$

৫. একই স্থানে কোন একটি সেকেন্ড দোলকের দৈর্ঘ্য তিন গুণ বৃদ্ধি করা হলে, তার দোলনকাল কত হবে?

ক 1.70 sec খ 1.414 sec
গ 1.71 sec **ঘ 4 sec**

**ব্যাখ্যা:** আমরা জানি

$L_1 = L_1 + 3L_1$
$= 4L_1$

সুতরাং $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{L_2}{L_1}}$

$= \sqrt{4}$
$= T_2 = 2T_1 = 4\text{sec}$

৬. ফারেনহাট স্কেলে তাপমাত্রা $36^0$F হলে সেলসিয়াস স্কেলে তা কত?

ক $20^0$C খ $30^0$C
গ $50^0$C ঘ $10^0$C

**ব্যাখ্যা:** আমরা জানি,

$$\frac{C}{5} = \frac{F-32}{9}$$

$$\Rightarrow \frac{C}{5} = \frac{36-32}{9}$$

$$\Rightarrow \frac{C}{5} = \frac{4}{9}$$

সুতরাং C = $2.22^0$C
এখানে,
F = 36
C = ?

৭. বায়ুতে একটি কাঁচের লেন্সের ফোকাস দূরত্ব 20 cm হলে পানিতে এর ফোকাস দূরত্ব কত? (বায়ুতে কাঁচের প্রতিসরাংক 3/2 এবং পানির প্রতিসরাংক 4/3)

**ক 80 cm** খ 5 cm
গ 90 cm ঘ -70 cm

**ব্যাখ্যাঃ** ধরি, লেন্সের তলদ্বয়ের বক্রতার ব্যাসার্ধ $r_1$ ও $r_2$
আমরা জানি

$$\frac{1}{f_a}=(\mu-1)\left(\frac{1}{r_2}-\frac{1}{r_2}\right)$$

এখানে বায়ুতে,

$$\frac{1}{f_a}=({}_a\mu_g-1)\left(\frac{1}{r_1}-\frac{1}{r_2}\right)$$

$$\frac{1}{f_a}=\left(\frac{3}{2}-1\right)\left(\frac{1}{r_1}-\frac{1}{r_2}\right).....(1)$$

এবং পানিতে,

$$\frac{1}{f_w}=({}_w\mu_g-1)\left(\frac{1}{r_1}-\frac{1}{r_2}\right)$$

$$\frac{1}{f_w}=\left(\frac{9}{8}-1\right)\left(\frac{1}{r_1}-\frac{1}{r_2}\right).....(2)$$

এখন, সমীকরণ $(1)\div(2)$ হতে পাই,

$$\frac{f_w}{f_a}=\frac{\left(\frac{3}{2}-1\right)}{\left(\frac{9}{8}-1\right)}=\frac{\frac{1}{2}}{\frac{1}{8}}$$

$$=\frac{1}{2}\times\frac{8}{1}$$

$= 4$

$$\therefore \frac{f_w}{20}=4$$

$$\therefore f_w=80cm$$

এখানে

$${}_a\mu_g=\frac{3}{2}$$

$${}_a\mu_w=\frac{4}{3}$$

পানি সাপেক্ষে কাচের লেন্সের) প্রতিসরঙ্ক

$${}_w\mu_g=\frac{{}_a\mu_g}{{}_a\mu_w}$$

$$=\frac{3}{2}\times\frac{3}{4}$$

$$=\frac{9}{8}$$

fa = 20cm

fw = ?

৮. কাজের যাত্রা সমীকরণ হলো-

ক $[MLT^{-1}]$    খ $[ML^2T^{-1}]$

**গ** $[ML^2T^{-1}]$    ঘ $[MLT]$

৯. **পৃথিবীর অভিকর্ষীয় ত্বরণ** g = 9.8 $ms^{-2}$ এর ব্যাসার্ধ R = 6400 km হলে, একটি বস্তুর মুক্তি বেগ কত হবে?

ক $10.2 kms^{-1}$    **খ** $11.2 kms^{-1}$

গ $12.0 kms^{-1}$    ঘ $12.2 kms^{-1}$ব

**ব্যাখ্যাঃ** আমরা জানি,

মুক্তিবেগ $v_e=\sqrt{2gR}$

$$=\sqrt{2\times9.8ms^{-2}\times6.4\times10^6m}$$

$$=11200ms^{-1}$$

$$=11.2kms^{-1}$$

এখানে,
পৃথিবীর ব্যাসার্ধ
R = 6400 km
= 64,00,000 m
= $6.4\times10^6$ m
অভিকর্ষজ ত্বরণ,
g = 9.8 $ms^{-2}$
মুক্তি বেগ, $V_e$ =?

১০. ইউরোনিয়ামের অর্ধায়ু কত বছর?

**ক** 450 কোটি    খ 450 বছর

গ 450 লক্ষ    ঘ 500 কোটি

**ব্যাখ্যাঃ** ১ গ্রাম ইউরোনিয়াম পরমাণু বেঙ্গে ঠিক অর্ধেক অর্থাৎ $\frac{1}{2}$ গ্রাম হতে ৪৫০ কোটি বছর সময় লাগে। আরও ৪৫০ কোটি বছর $\frac{1}{2}$ গ্রাম ভেঙ্গে $\frac{1}{4}$ গ্রাম হবে। সুতরাং ইউরেনিয়ামের অর্ধায়ু ৪৫০ কোটি বছর।

১১. দোলন গতির উদাহরণ কোনটি?

ক পৃথিবীর গতি    খ যাঁতার গতি

**গ** সকল দোলকের গতি    ঘ লাটিমের গতি

১২. যে যন্ত্রের সাহায্যে যান্ত্রিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তর হয় তাকে বলে-

ক ট্রান্সফর্মার　খ মোটর
গ ডায়নামো　ঘ পাখা

**ব্যাখ্যা:** ডায়নামো এমন একটি যন্ত্র যা যান্ত্রিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করে। অন্যদিকে ট্রান্সফরমার হলো রূপান্তরক, যা যা উচ্চ বিভবকে নিম্ন বিভবে এবং নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তরিত করে।

১৩. $0^0$C তাপমাত্রার অক্সিজেনের মূল গড় বর্গবেগ কত হবে?

ক 461 $ms^{-1}$　খ 441 $ms^{-1}$
গ 146 $ms^{-1}$　ঘ 416 $ms^{-1}$

**ব্যাখ্যা:** আমরা জানি

$$C = \sqrt{\frac{3RT}{M}}$$

$$= \sqrt{\frac{3\times 8.31\times 273}{0.032}}$$

$$= 461 ms^{-1}$$

সুতরাং $C = 461 ms^{-1}$

এখানে,

সর্বজনীন গ্যাস ধ্রুবক

$$R = 8.31 JK^{-1} mol^{-1}$$

$$T = 273k$$

$$C = ?$$

১৪. একটি লেন্সের ক্ষমতা +2D। ইহার ফোকাস দূরত্ব কত?

ক 0.5 cm　খ 0.5 cm
গ 0.5 m　ঘ 0.05 m

**ব্যাখ্যা:** আমরা জানি,

$$f = \frac{1}{P}$$

$$= \frac{1}{2}$$

$$= 0.5m$$

এখানে, P = 2

f = ?

১৫. একটি রাইফেলের গুলি নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। এরূপ 25টি তক্তা ভেদ করতে হলে এর বেগ কত গুণ হতে হবে?

ক 25 গুণ　খ $\sqrt{5}$ গুণ
গ 5 গুণ　ঘ 10 গুণ

**ব্যাখ্যা:** আমরা জানি,

$$V = \sqrt{n}$$

$$= \sqrt{25}$$

$$= 5$$

$$\therefore V = 5$$

এখানে

$$n = 25$$

$$V = ?$$

**রসায়ন- ১৫**

১. 0.25m HCI-এর 30 ml দ্রবণে HCI এর মোল সংখ্যা কত?

ক 0.0065　খ 0.0085
গ 0.0075　ঘ 0.0095

**ব্যাখ্যা:**
n = SV
= .25×.03
= .0073
এখানে,
n = মোল
v = আয়তন
s = মোলরিটি

২. অম্লরোগে কোন যৌগটি ব্যবহৃত হয়?
ক MgO খ CaO
গ $Ca(OH)_2$ **ঘ $Mg(OH)_2$**
**ব্যাখ্যা:** পাকস্থলীতে খাদ্য হজম করার জন্য হাইড্রোক্লোরিক এসিড প্রয়োজন, যেটি আমাদের পাকস্থলীতে তৈরি হয়। মাত্রাতিরিক্ত চা, কপি-জাতীয় পানীয়, বেশি ভাজা, তেলযুক্ত এবং চর্বিজাতীয় খাবার পাকস্থলীতে অম্লরোগ বাড়িয়ে দেয়। অম্লরোগে $Mg(OH)_2$ ব্যবহৃত হয়।

৩. গ্যালেনার সংকেত কোনটি?
ক ZnS খ NgS
**গ PbS** ঘ $As_2S_3$
**ব্যাখ্যা:** জিংক ব্লেন্ড এর সংকেত- ZnS
ম্যালেনা এর সংকেত- PbS
সিনাবার এর সংকেত- HgS
আর্সেনিক ট্রাইসালফাইড এর সংকেত- $As_2S_3$

৪. নিচের কোনটির ইলেকট্রন বিন্যাস
$1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$
ক N খ P
**গ K** ঘ Ca
**ব্যাখ্যা:** $N(7)-1s^2 2s^2 2p^3$
$P(15)-1s^2 2s^2 2p^6 3s^2 3p^2$
$K(19)-1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$
$Ca(20)-1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^2$

৫. নিচের কোনটি উভয়ধর্মী ধাতব অক্সাইড-
**ক $Al_2O_3$** খ $Na_2O_2$
গ $N_2O$ ঘ MgO
**ব্যাখ্যা:** ধাতুর যে সকল অক্সাইড এসিড ও ক্ষারকের উভয়ের সঙ্গেই বিক্রিয়া করে লবণ ও পানি উৎপন্ন করে তাদের উভয়ধর্মী অক্সইড বলে। যেমন: $Al_2O_2$, ZnO, $SnO_2$, PbO, $PbO_2$ ইত্যাদি।

৬. 'হেমাটাইট' নিচের কোনটির আকরিক?
ক তামা **খ লোহা**
গ ম্যাগনেশিয়াম ঘ পটাশিয়াম
**ব্যাখ্যা:** লৌহের উল্লেখযোগ্য বিভিন্ন আকরিক। যেমন: অনার্দ্র অক্সাইড: ম্যাগনেটাইট- ($Fe_3O_4$)
হিমাটাইট- ($Fe_2O_3$)
সোদক অক্সাইড: ব্রাউন হেমোটাইট বা লিমোটাইট- ($2Fe_2O_33H_2O$) কার্বনেট: সিডারাইট বা স্প্যাথোজ ($FeCO_3$)
সালফাইড: আয়রন পিরাইটস- ($FeS_2$)

৭. জারণ, বিজারণ ও বিরঞ্জন ক্ষমতা আছে এমন একটি গ্যাস হলো-
ক $H_2S$ খ $CI_2$
গ $N_2$ **ঘ $SO_2$**
**ব্যাখ্যা:** জারণ ক্ষমতা: সালফার ডাই অক্সাইডের জারণ ক্ষমতা আছে। যেমন: $SO_2$ হাইড্রোজেন সালফাইডকে জারিত করে সালফারে পরিণত করে।

$$2H_2S + SO_2 = 3S + 2H_2O$$

➢ বিজারণ ক্ষমতা: সালফার ডাই অক্সাইডের বিজারণ ক্ষমতাও আছে। যেমন: এটি জলীয় দ্রবণে ক্লোরিনকে বিজারিত করে হাইড্রোক্লোরিক এসিড গঠন করে।

$$CI_2 + 2H_2O + SO_2 = 2HCI + H_2SO_4$$

➢ বিরঞ্জন ক্ষমতা: পানির উপস্থিতিতে সালফার ডাই অক্সাইড জায়মান হাইড্রোজেন উৎপন্ন করে যা রঙিন বস্তুকে বিজারত করে বিরঞ্জিত করে।

$$SO_2 + 2H_2O = H_2SO_4 + 2[H]$$

রঙিন বস্তু $+[H]$ বর্ণহীন বস্তু

৮. কোনো মৌলকে বুনসেন দ্বীপ বিক্রিয়ার কোন ধাতু ব্যবহৃত হয়?
ক Na খ Ca
**গ Mg** ঘ Cs
**ব্যাখ্যা:** যখন ম্যাগনেসিয়াম ধাতু দহন করে এটি বাতাসের অক্সিজেনের সাথে বিক্রিয়া করে ম্যাগনেসিয়াম অক্সাইড গঠন করে। ম্যাগনেসিয়াম দুইটি ইলেকট্রন অক্সিজেনকে দিয়ে পাউডারের ন্যায় পদার্থ গঠন করে। বুনসেন দীপ বিক্রিয়ায় ম্যাগনেসিয়াম ধাতু ব্যবহৃত হয়।

৯. 1-পেন্টিনের সাথে ক্লোরিনের বিক্রিয়ায় প্রধান উৎপাদন কোনটি-
ক 1-ক্লোরোপেন্টেন খ 2-ক্লোরোপেন্টেন
**গ 1, 1-ড্রাইক্লোরোপেন্টেন** ঘ 1,2-ডাইক্লোরোপেন্টেন
**ব্যাখ্যা:** $CH_3$-$CH_2$-$CH_2$-CH = $CH_2$+$CI_2$→
$CH_3$-$CH_2$-$CH_2$-C = HC
CI CI
1, 2 ডাইক্লোরোপেন্টিন

১০. $27^0C$ তাপমাত্রায় একটি অক্সিজেন অণুর গড় গতিশক্তি কত?
ক $6.21272\times10^{-21}$ J $mol^{-1}$
খ $3.21172\times10^{-2}1$J $mol^{-1}$
**গ $5.21272\times10^{-7}$ J $mol^{-1}$**
ঘ $10.21232\times10^{-20}$ $Jmol^{-1}$
**ব্যাখ্যা:** আমরা জানি, $E_K = \dfrac{K3RT}{2N_A}$ সমীকরণে, R = 8.314 $JK^{-1}$ $mol^{-3}$
T = $27^0C$ = (273 + 27) = 300k এবং NA = $6.022\times10^{23}$ molecules $mol^{-1}$ বসিয়ে পাই,
EK = $\dfrac{3\times8.314\times300k}{2\times6.022\times10^{23}}$
= $6.21272\times10^{-21}$ $Jmol^{-1}$

১১. Proline হচ্ছে এক প্রকার-
ⓚ স্টার্চ ⓛ সেলুলোজ
ⓜ অ্যামাইনো এসিড ⓝ নিউক্লিয়াস
**ব্যাখ্যা:** প্রোলিন অ-পোলার অ্যামাইনো এসিড।

১২. BOD বলতে বুঝায়-
ⓚ Biological Oxygen Demand
ⓛ Biodegradable Oxygen Demand
ⓜ Biochemical Oxygen Demand
ⓝ Biotic Oxygen Demand
**ব্যাখ্যা:** Biochemical Oxygen demand বা Biochemical Oxygen dermand- এর দ্বারা পানিতে জৈব দূষকের পরিমাণ বা মাত্রা নির্ণয় করা হয়।

১৩. এক গ্রাম পানিতে কতটি অণু আছে-
ⓚ $60.23\times10^{23}$ ⓛ $3.345\times10^{21}$
ⓜ $2.9885\times10^{23}$ ⓝ $3.346\times10^{12}$
**ব্যাখ্যা:** 18g এ অণু আছে $6.02\times10^{23}$ টি

সুতরাং 1g এ অণু আছে $\frac{6.023\times10^{23}}{18}$
$= 3.34\times10^{22}$

১৪. কোন মানটি সঠিক নয়?
ⓚ 1 amu = $166056\times10^{-24}$kg
ⓛ অ্যাভাগ্যাড্রোর সংখ্যা, N=$6.023\times10^{23}$
ⓜ 1 Cal = 4.184 Joule
ⓝ ফ্যারাডে ধ্রুবক, F = $9.649\times10^{-27}$kg
**ব্যাখ্যা:** 1 amu = $1.6605\times10^{-27}$kg

১৫. একটি দ্রবণের 5.0 মিলিলিটারে যদি $2.8\times10^{-4}$ গ্রাম ক্যালসিয়াম আয়ন আছে। ppm দ্রবণের ঘনমাত্রা কত?
ⓚ 18 ppm ⓛ 56 ppm
ⓜ $2.8\times10^{-1}$ ppm ⓝ $2.8\times10^{2}$ ppm
**ব্যাখ্যা:** 5 মিলিলিটারে থাকে $2.8\times10^{-4}$ gram = $2.8\times10^{-1}$mg

1 মিলিলিটারে থাকে $\frac{2.8\times10^{-1}}{5}$

সুতরাং 1000 মিলিলিটারে থাকে

$$\frac{2.8\times10^{-1}\times1000}{5}=56\,ppm$$

## সাধারণ জ্ঞান- ১০

১. WHO-এর স্ট্যান্ডার্ড অনুসারে প্রতি লিটার পানিতে আর্সেনিকের সহনীয় মাত্রা কত?
ⓚ 0.05 mg ⓛ 0.01 mg
ⓜ 0.5 mg ⓝ 0.1 mg
**ব্যাখ্যা:** World Health Organization (WHO) এর মান অনুসারে প্রতি লিটার পানিতে ০.০১ মিলিগ্রাম বা ১০ মাইক্রোগ্রাম আর্সেনিক থাকলে সে পানি দূষিত বা পানের অযোগ্য। তবে বাংলাদেশের ক্ষেত্রে WHO কর্তৃক নির্ধারিত মান প্রতি লিটার পানিতে 0.05 মিলিগ্রাম বা ৫০ মাইক্রোগ্রাম।

২. 'সিডর' কোন ভাষার শব্দ?
ⓚ ইংরেজি ⓛ সিংহলি
ⓜ বার্মিজ ⓝ ফরাসি
**ব্যাখ্যা:** ঘূর্ণিঝড় সিডর ১৫ নভেম্বর ২০০৭ বাংলাদেশে আঘাত হানে। সিডর শব্দটি সিংহলি ভাষা। যার অর্থ হলো চোখ।

৩. জাতীয় সংসদে ১নং আসনটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ⓚ কক্সবাজার ⓛ বরগুনা
ⓜ খুলনা ⓝ পঞ্চগড়
**ব্যাখ্যা:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের জাতীয় সংসদের ১নং আসনটি দেশের সর্ব উত্তরের জেলা পঞ্চগড়ে অবস্থিত। এ জেলা তিনটি উপজেলা তেঁতুলিয়া, পঞ্চগড় সদর ও অটোয়ারিকে নিয়ে গঠিত।

৪. গ্রিনহাউজ ইফেক্টের ফলে বাংলাদেশের সবচেয়ে গুরুতর প্রত্যক্ষ কি ক্ষতি হবে?
ⓚ তাপমাত্রা বেড়ে যাবে ⓛ নিম্নভূমি নিমজ্জিত হবে
ⓜ সাইক্লোনের প্রবণতা বেড়ে যাবে ⓝ বৃষ্টিপাত কমে যাবে
**ব্যাখ্যা:** গ্রিনহাউজ ইফেক্টের ফলে বৈশ্বিক তাপমাত্রা বেড়ে গিয়ে মেরু অঞ্চলের বরফ গলে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বাড়িয়ে দিতে পারে। যার ফলে হিসেবে বাংলাদেশের সমুদ্র উপকূলীয় নিম্নভূমিগুলো খুব সহজেই নিমজ্জিত হয়ে যাবে।

৫. বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্রের নাম কি?
ⓚ PSPARRSO ⓛ BSPARSO
ⓜ SPARRSO ⓝ ESPARR SO
**ব্যাখ্যা:** ঢাকার আগরগাঁওয়ে অবস্থিত বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্রের নাম SPARRSO বা Bangladesh Space Research and Renote Sensing Organization।

৬. চট্টগ্রাম অঞ্চলের পাহাড়ি প্রাকৃতিক বনের প্রধান বৃক্ষ-
ⓚ শাল ⓛ সেগুন
ⓜ গর্জন ⓝ মেহগনি
**ব্যাখ্যা:** চট্টগ্রাম অঞ্চলের পাহাড়ি প্রাকৃতিক বনের প্রধান বৃক্ষ হলো সেগুন। মধুপুর ও ভাওয়াল অঞ্চলের বনভূমির প্রধান বৃক্ষ হলো শাল বা গজারি।

৭. Big Bang Theory-এর প্রবক্তা হলেন-
ⓚ আইজ্যাক নিউটন ⓛ স্টিফোন হকিং
ⓜ জর্জ লেটিয়ার ⓝ গ্যালিলিও
**ব্যাখ্যা:** বেলজিয়ামের বিজ্ঞানী জর্জ ল্যামেটার ১৯২৭ সালে প্রদান করেন। তবে এ তত্ত্বের আধুনিক ব্যাখ্যা উপস্থাপন করেন ব্রিটিশ পদার্থ বিজ্ঞানী স্টিফেন হকিং।

৮. বিশ্বের সর্বপ্রথম ইলেক্ট্রনিক কম্পিউটার কোনটি?
ⓚ UINIVAD ⓛ EDVAC
ⓜ IBM ⓝ ENIAC

**ব্যাখ্যা:** বিশ্বের সর্বপ্রথম ইলেকট্রনিক কম্পিউটার হলো ENIAC, যার ওজন ছিল ৩০ টন। এটি চালানোর জন্য ১৩০-১৪০ কিলোওয়াট বিদ্যুৎশক্তির প্রয়োজন হতো।

৯. পৃথিবীর সর্বাধিক দ্বীপপুঞ্জের দেশ-
ক) অস্ট্রেলিয়া খ) ইন্দোনেশিয়া
গ) ফিলিপাইন ঘ) মালয়েশিয়া
**ব্যাখ্যা:** পৃথিবীর সর্বাধিক দ্বীপের দেশ হলো দক্ষিণ-পূর্ব এশিয়া, ভারত ও প্রশান্ত মহাসাগরের মাঝে অবস্থিত দেশ ইন্দোনেশিয়া। ৩৩ প্রদেশে বিভক্ত দেশটি মোট ১৭,৫০৮টি ছোট বড় দ্বীপ নিয়ে গঠিত।

১০. ক্রিকেটের ব্যাট কোন কাঠ দিয়ে তৈরি হয়?
ক) উইলো খ) সেগুন
গ) রাবার ঘ) পাইন

## নার্সিং ও মিডওয়াইফারি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ভর্তি পরীক্ষা- ২০১৭-১৮

১. রামায়নের অনুবাদক নয় কে?
ক) রবীন্দ্র পরেমশ্বর খ) কৃত্তিবাস
গ) নিত্যানন্দ আচার্য ঘ) চন্দ্রাবর্তী
**ব্যাখ্যা:** রামায়ণের অনুবাদক নয় রবীন্দ্র পরমেশ্বর। তিনি মহাভারতের অনুবাদক। তিনি ছাড়াও মহাভারত অনুবাদ করেন শ্রীকর নন্দী, সঞ্জয় ও বিজয় পন্ডিত প্রমুখ।

২. আরাকান রাজসভার কবি ছিলেন?
ক) আলাওল খ) দোনাগাজী
গ) দৌরত উজির বাহরাম খান ঘ) ফকির গরীবুল্লাহ
**ব্যাখ্যা:** কোরেশী মাগন ঠাকুরের পৃষ্ঠপোষকতায় আরাকান বা রোসাদ রাজসভায় বাংলা সাহিত্য চর্চা শুরু করেছিল। আলাওল 'পদ্মাবতী ও সয়ফুলমূলক বদিউজ্জামান' কাব্য দুটি রচনা করেন। আলাওল, দৌলত কাজী, কোরেশী মাগন ঠাকুর আরাকান রাজসভার উল্লেখযোগ্য কবি।

৩. মুক্তিযুদ্ধকেন্দ্রিক উপন্যাস নয় কোনটি?
ক) নীল ময়ুরের যৌবন খ) দুই সৈনিক
গ) রাইফেল রোটি আওরাত ঘ) যাত্রা
**ব্যাখ্যা:** নীল ময়ুরের যৌবন সেলিনা হোসেন কর্তৃক রচিত একটি জনপ্রিয় উপন্যাস। এ উপন্যাসের পটভূমি চর্যাপদের সমসাময়িক বিষয়াবলি।

৪. বাংলা মুদ্রণযন্ত্র আবিষ্কার হয় কোন সালে?
ক) ১৯০০ সালে খ) ১৮০০ সালে
গ) ১৯৫২ সালে ঘ) ১৯৭১ সালে
**ব্যাখ্যা:** বাংলাপিডিয়ার তথ্যমতে সবচেয়ে পুরাতন বাংলা মুদ্রণের নমুনা পাওয়া যায় প্যারিসে ১৬৮২ সালে। ইংরেজ কর্মকর্তা চার্লস উইলকিল ১৭৭৮ সালে হুগলি জেলার উঁচু চুড়ায় ছাপাখানা স্থাপন করেন। ১৮৪৭-৪৮ সালে রংপুরে প্রথম ছাপাখানা বার্তাবহ যন্ত্র প্রতিষ্ঠিত হয়।

৫. চর্যাপদের আবিষ্কারক কে?
ক) হরপ্রসাদ শাস্ত্রী খ) ডক্টর মুহমম্দ শহীদুল্লাহ
গ) ডক্টর সুনীতিকুমার চট্টোপাধ্যায় ঘ) ডক্টর সুকুমার সেন
**ব্যাখ্যা:** ১৯০৭ সালে নেপালের রাজগ্রন্থাগার থেকে হরপ্রসাদ শাস্ত্রী চর্যাপদ আবিষ্কার করেন। চর্যাপদ বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র নিদর্শন।

৬. মধ্যযুদের প্রথম কবি?
ক) বড়ু চন্ডীদাস খ) বিদ্যাপতি
গ) দৌরত কাজী ঘ) চন্ডীদাস
**ব্যাখ্যা:** বড়ু চন্ডীদাস রচিত মধ্যযুগের প্রথম কাব্য শ্রীকৃষ্ণকীর্তন। শ্রীকৃষ্ণকীর্তন কাব্য মোট ১৩ খন্ডে রচিত। এ কাব্যের প্রধান চরিত্র কৃষ্ণ, রাধা ও বড়াই।

৭. কোন জোড়টি 'উর্মি' শব্দের সমার্থক?
ক) তরঙ্গ, তুঙ্গ খ) ঢেউ, পৃথীশ
গ) বীচি, হিল্লোল ঘ) কল্লোল, মনোজ
**ব্যাখ্যা:** উর্মি শব্দের সমার্থক শব্দ হলো বীচি, হিল্লোল, কল্লোল, তরঙ্গ, ঢেউ, লহর ইত্যাদি।

৮. জীবনানন্দ দাশের প্রথম কাব্য কোনটি?
ক) ঝরাপালক খ) রূপসী বাংলা
গ) ধূসর পাডুলিপি ঘ) বনলতা সেন
**ব্যাখ্যা:** রূপসী বাংলার কবি জীবনানন্দ দাশ (১৮৯৯-১৯৫৪)। তার রচিত প্রথম কাব্যগ্রন্থ 'ঝরাপালক' (১৯২৮)।

৯. 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী'র রচয়িতা কে?
ক) মাইকেল মধুসদন দত্ত খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) বিদ্যাপতি
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুরের চন্দ্রনাম ভানুসিংহ ঠাকুর। এই ছদ্ম নাম ব্যবহার করে তিনি তার গীতিকাব্য সংকলন 'ভানুসিংহ ঠাকুরের পদাবলি' রচনা করেন।

১০. বাংলা সাহিত্যে মধ্যযুগের শেষ কবি কে?
ক) বিজয় গুপ্ত খ) মুকুন্দরাম চক্রবর্তী
গ) ভারতচন্দ্র ঘ) কানা হরিদত্ত
**ব্যাখ্যা:** মধ্যযুদের শেষকবি ভারতচন্দ্র রায়গুণাকর। তার কবি প্রতিভার শ্রেষ্ঠ নিদর্শন 'অন্নদামঙ্গল' কাব্য। তাকে মধ্যযুগের শেষ ও শ্রেষ্ঠ কবি বলা হয় মনসামঙ্গলের আদি কবি কানাহরি দত্ত। বাংলা সাহিত্যে সুস্পষ্ট সন-তারিখ যুক্ত মনসামঙ্গল কাব্যের প্রথম রচয়িতা বিজয়গুপ্ত। চন্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি মুকুন্দমার চক্রবর্তী।

১১। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক গ্রন্থ কোনটি?
ক) বেতালপঞ্চবিংশতি খ) সীতার বনবাস
গ) শকুন্তলা ঘ) অতি অল্প হইল
**ব্যাখ্যা:** ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) রচিত মৌলিক গ্রন্থ হলো অতি অল্প হইল। এ গ্রন্থটি ১৮৭৩ সালে প্রকাশিত হয়।

১২. প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোন শব্দজোড়ের বানান শুদ্ধ?
ক) পিপীলিকা, নির্নিমেষ খ) পিপিলিকা, নির্নিমেস

গ) পিপীলিকা, নির্ণিমেষ ঘ) পিপিলিকা, নির্নিমেশ

**ব্যাখ্যা:** বাংলা একাডেমির 'আধুনিক বাংলা অভিধান' অনুযায়ী পিপীলিকা, নির্নিমেষ শব্দ দুটির বানান শুদ্ধ।

১৩. বাংলা ভাষার প্রথম ঔপন্যাসিক কে?

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) প্যারীচাঁদ মিত্র

**ব্যাখ্যা:** বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ প্যারীচাঁদ মিত্রের প্রথম উপন্যাস 'আলালের ঘরের দুলাল' (১৮৫৮)। এটি প্রথমে ধারাবাহিকভাবে 'মাসিক' পত্রিকায় ছাপা হয়। প্রথম বাংলা সার্থক উপন্যাসের রচয়িতা বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়। তার রচিত প্রথম সার্থক উপন্যাস 'দুর্গেশনন্দিনী' (১৮৬৫)।

১৪. সমরেশ বসুর ছদ্মনাম কোনটি?

ক) অনিলা দেবী খ) কালকুট

গ) মজলুম আদিব ঘ) মৈনাক

**ব্যাখ্যা:** বাংলা সাহিত্যের অন্যতম জনপ্রিয় লেখক সমরেশ বসুর ছদ্মনাম কালকুট। অনিলা দেবী ছদ্মনামে শরৎচন্দ্র চট্টোপাধ্যায় লিখতেন। শামসুর রাহমান বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে মজলুম আদিব এবং বিভিন্ন পত্রিকার সম্পাদকীয় ও উপসম্পাদকীয় লিখেছেন সিন্দবাদ, চক্ষুমান, লিপিকার, নেপথ্যে, জনান্তিকে, জৈনাক প্রভৃতি ছদ্মনামে।

১৫. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কোন গ্রন্থটি সরকার বাজেয়াপ্ত করেছিল?

ক) পথের দাবী খ) গৃহদাহ

গ) শ্রীকান্ত ঘ) শেষ প্রশ্ন

১৬. 'শেষের কবিতা' কোন ধরনের রচনা?

ক) নাটক খ) উপন্যাস

গ) ছোটগল্প ঘ) কবিতা

১৭. 'জঙ্গম'- এর বিপরীতার্থক শব্দ কোনটি?

ক) স্থাবর খ) অরণ্য

গ) পর্বত ঘ) সমুদ্র

১৮. 'অক্ষির সমীপে'-এর সংক্ষেপণ হলো?

ক) সমক্ষ খ) প্রত্যক্ষ

গ) নিরপেক্ষ ঘ) পরোক্ষ

**ব্যাখ্যা:** অক্ষির সমীপে সমক্ষ। সরাসরি নয় এমন, বা, দৃষ্টির অগোচর-পরোক্ষ। প্রত্যক্ষ অর্থ দৃষ্ট, চাক্ষুষ।

১৯. কোনটি কাজী নজরুল ইসলামের লেখা উপন্যাস?

ক) চক্রবাক খ) সাম্যবাদী

গ) মৃত্যুক্ষুধা ঘ) আলেয়া

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলামের রচিত দ্বিতীয় উপন্যাস 'মৃত্যুক্ষুধা' (১৯৩০)। ত্রিশাল গ্রমের সাধারণ মানুষের জীবন এবং অসহযোগ আন্দোলনের পটভূমিতে রচিত সামাজিক এ উপন্যাসটি কাজী নজরুল ইসলামের শ্রেষ্ঠ উপন্যাস।

২০. প্রমথ চৌধুরী সম্পাদিত সাময়িকপত্র কোনটি?

ক) ভারতী খ) সবুজপত্র

গ) যুগান্তর ঘ) সওগাত

**ব্যাখ্যা:** প্রমথ চৌধুরী সম্পাদিত সাময়িকপত্র 'সবুজপত্র'। এটি ১৯১৪ সালে প্রকাশিত হয়। সবুজপত্র পত্রিকাকে কেন্দ্র করে বাংলা ভাষায় চলিতরীতির প্রবর্তন ঘটে।

২১. ‘Annex’ শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ⓚ পরিশিষ্ট ⓚ গ্রন্থপঞ্জি
ⓖ ক্রোড়পত্র ⓖ নির্ঘন্ট

২২. Which of the following is a singular number?
ⓚ clifts ⓚ index
ⓖ crises ⓖ mice

২৩. Which wor is the determiner in the sentence “Will it take much time”?
ⓚ will ⓚ take
ⓖ much ⓖ time
**ব্যাখ্যা:** Determiner হচ্ছে noun/ pronoun এর নির্দিষ্টতা, অনির্দিষ্টতা, সংখ্যা বা পরিমাপ নির্দেশক। Option গুলোর মধ্যে ‘will’ হচ্ছে Future Indefinite tense-এর auxiliary verb; much হচ্ছে time এর পরিমাণ নির্দেশক; take হচ্ছে finite + transitive verb এবং time হচ্ছে object + noun। সুতরাং ‘much’ হচ্ছে determiner।

২৪. If a person cannot stop takeing drugs, he or she is-
ⓚ attached to them ⓚ committed to them
ⓖ addicted to them ⓖ devoted to them
**ব্যাখ্যা:** খারাপ কাজে আসক্ত হলে addicted to হয়।

২৫. Dhaka is becoming one of the ---- cities in Asia.
ⓚ more busy ⓚ busy
ⓖ busiest ⓖ most busiest
**ব্যাখ্যা:** busiest, যা busy adjective-এর সঠিক Superlative form.

২৬. Choose the correct indirect speech--- She asked me, ‘Are you happy in your new job?
ⓚ She asked me if I was happy in my new job
ⓚ She asked me if I have been happy in my new job
ⓖ Shek asked me whether I am happy in my new job
ⓖ She asked me if I had been happy in my new job
**ব্যাখ্যা:** যদি Interrogative sentence হয় তাহলে if বসে। Reported Speech-কে Indirect করার সময় Assertive করে দিতে হবে। Reporting Speech past form-এ রয়েছে, সেহেতু Reported Speech-কেও অবশ্যই past form করতে হবে।

২৭. Find out the femianine gender.
ⓚ Duck ⓚ Tutor
ⓖ Bachelor ⓖ Price

২৮. Choose the word correctly spelt.
ⓚ Cellulor ⓚ Cellular
ⓖ Celloulur ⓖ Cellolor

২৯. In the sense of dead body, we may use the word.
ⓚ Corps ⓚ Crops
ⓖ Corps ⓖ Cropse

৩০. Choose the correct senence.
ⓚ Everybody have gone there
ⓚ Everybody are gone there
ⓖ Everybody has gone there
ⓖ Everybody has went thee
**ব্যাখ্যা:** ‘Everybody’ subject টি singular হওয়ায় এর verb form টি অবশ্যই singular হবে।

৩১. Fill up the blank of the following sentence: My mother gave me ----- one taka note.
ⓚ a ⓚ an
ⓖ the ⓖ no article

৩২. The synonym of ‘active’ is ----
ⓚ busy ⓚ passive
ⓖ mature ⓖ averse

৩৩. The opposite word of ‘violence’ is ---
ⓚ discord ⓚ conflict
ⓖ harmony ⓖ sympathy

৩৪. To complete the sentence ‘Call-a doctor’, we need.
ⓚ in ⓚ for
ⓖ at ⓖ by

৩৫. The adjective form of the word ‘agree’ is-
ⓚ agree ⓚ disagree
ⓖ agreeable ⓖ agreement

৩৬. In the sentence ‘copying is prohibited in the examination’. ‘Copying’ is a/an-
ⓚ adjective ⓚ noun
ⓖ adverb ⓖ verb

৩৭. To complete the sentence ‘I was there that time’ we need-
ⓚ in ⓚ by
ⓖ at ⓖ on

৩৮. The drama ‘Macbeth’ was written by-
ⓚ G.B. Shaw ⓚ William Shakespeare
ⓖ Ben Johson ⓖ Christopher Marlowe

৩৯. Which of the following words is not related to ‘crying’?
ⓚ weeping ⓚ screaming
ⓖ stinking ⓖ lamenting

৪০. The phrase ‘out and out’ means—
ⓚ thoroughly ⓚ not at all
ⓖ at the end ⓖ always

৪১. $y = x^4 - e^x + 4\log_a x$ হলে, $\frac{dy}{dx}$ এর মান কত?

ক) $4x^3 - e^x + \frac{4}{x}\log_a x$
খ) $4x^3 - ex + \frac{4}{x}$
**গ) $4x^3 - e^x + \frac{4}{x}\log_a e$**
ঘ) কোনটি নয়

৪২. $f \frac{9}{11x^3}dx$ এর মানকত?

ক) $-\frac{9}{44x^4}+C$
**খ) $-\frac{9}{22x^2}+C$**
গ) $-\frac{9}{11x^2}+C$
ঘ) $\frac{9}{22x^2}+C$

৪৩. $\int_0^{\pi} \tan^2 x dx$ এর মান কত?

ক) $1+\frac{\pi}{4}$ প
**খ) $1-\frac{\pi}{4}$**
**গ) $1+\frac{\pi}{3}$**
ঘ) $1-\frac{\pi}{3}$

৪৪. $f(x)=\sqrt{9-x^2}$ এর মান কত?

ক) $\{x \in R : x > 3\}$
খ) $\{x \in R : x \neq -3\}$
**গ) $\{x \in R : x \neq 3\}$**
**ঘ) $\{x \in R : -3 \leq x \leq 3\}$**

৪৫. -8 , 3 –x – 2 কে পরম মান চিহ্নের সাহায্যে প্রকাশ করলে হবে-

ক) $|8-x|<3$
খ) $|3-x|>-8$
**গ) $|3-x|<-2$**
ঘ) ব$|8-x|>-3$

